✔ **ব্যাখ্যা :** কোন singular indefinite noun এর পূর্বে vowels (a, e, i, o, u) থাকলে তার পূর্বে article 'an' বসে। যেমন : As it was an easy work, I finished it well.
প্রদত্ত প্রশ্নে অনির্দিষ্ট 'easy task' বুঝিয়েছে। তাই এর পূর্বে article 'an' বসেছে।

৭. He is — honest Man. Fill in the blank. [২০২৩৫১]

ক) a খ) an
গ) one ঘ) None **খ**

✔ **ব্যাখ্যা :** কোন word এর প্রথমে consonant থাকলে 'a' হয় কিন্তু এর উচ্চারণ যদি vowel এর মত হয় তবে 'a' না বসে 'an' বসে। যেমন : an honest boy, an heir, an hour, an M.A, an O.C ইত্যাদি। প্রশ্নের বাক্যে 'honest' এর উচ্চারণ vowel এর মত তাই article 'an' বসেছে।

৪৯. Everybody knows that sincerity is — key to success. [২০২৩৬৩]

ⓚ a ⓛ the
ⓜ x ⓝ an **খ**

৪০. কোন বাক্যটি শুদ্ধ? [২০২৪০২]

ⓚ An ant is the intelligent animal
ⓛ A ant is the intelligent animal
ⓜ The ant is an intelligent animal
ⓝ An ant is a intelligent animal **গ**

✔ **ব্যাখ্যা :** প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক বাক্যটি হলো– The ant is an intelligent animal. এর অর্থ– পিঁপড়া একটি বুদ্ধিমান প্রাণী।

১১. He played fool in spending too much money. [২০২৪২৯]

ⓚ the ⓛ of
ⓜ in ⓝ for
ⓞ no word is missing **ক**

✔ **ব্যাখ্যা :** 'Playing the fool' অর্থ– মূর্খতাপূর্ণভাবে বা অবিবেচকের মতো।
প্রদত্ত প্রশ্নের শূন্যস্থানে article 'the' বসালে বাক্যটি সঠিক হবে।

৫৯. David is a European. He comes from — UK. Which article is suitable for the gap? [২০২৪১৬]

ⓚ the ⓛ no article
ⓜ an ⓝ a **ক**

৩. Dhaka is — largest city in the Bangladesh. Fill in the blank- [২০২৩৫১]

ⓚ a ⓛ an
ⓜ to ⓝ the **ঘ**

১১. Ihana is learning to play — piano. [২০২৪২৬]

ⓚ a ⓛ an
ⓜ the ⓝ none **গ**

✔ **ব্যাখ্যা :** কোনো কিছু নির্দিষ্ট করে বোঝালে article 'the' বসে। যেমন– He is very famous to the mass people.
প্রশ্ন প্রদত্ত বাক্যে 'piano' কে নির্দিষ্ট করে দেওয়া আছে। তাই এরপূর্বে article 'the' বসেছে।

২৭. Fill in the gap : She goes to — university [illegible]

ⓚ a ⓛ an
ⓜ the ⓝ no article **ঘ**

✔ **ব্যাখ্যা :** university, water, advice, love, justice এর পূর্বে Article বসে না। যেমন : She attends university in the city.
কিন্তু specific university নাম বোঝালে article 'the' বসে। যেমন : She attends the university of Oxford.

৪৯. — Sandwip is a big island. শূন্যস্থানে কি বসবে? [২০২৩১৮]

ⓚ a ⓛ an
ⓜ the ⓝ No article **ঘ**

✔ **ব্যাখ্যা :** একটিমাত্র দ্বীপ বা পর্বত, অন্তরীপ বা হ্রদের নামের পূর্বে the বসে না।
Sandwip (সন্দ্বীপ) হলো বাংলাদেশের একটি দ্বীপ। তাই এর আগে কোনো article বসবে না।

Determiner

৩১. The word 'little' in the sentence 'There is little hope this case' means —. [২০২৩৬০]

ⓚ there is some hope ⓛ there is ample hope
ⓜ there is no hope ⓝ none of the above **গ**

✔ **ব্যাখ্যা :** Little (adj) খুবই সামান্য বা নেই বললেই চলে। Sentence টির অর্থ হয়– 'এই ব্যাপারে খুবই সামান্য বা আশা নেই বললেই চলে। তাই সঠিক উত্তর হবে 'There is no hope.'

২৪. There is — milk in the glass. [২০২৪১৫]

ⓚ a little ⓛ little
ⓜ much ⓝ more **ক**

২৮. — People can travel abroad. [২০২৪২৩]

ⓚ Few ⓛ Very less
ⓜ Little ⓝ Least **ক**

৩. I have — interest in the matter. [২০২৩৭৭]

ⓚ some ⓛ any
ⓜ none ⓝ no **ঘ**

৪৪. — of what he said was very sensible. [২০২৪১৩; ২০২৪২১]

ⓚ Many ⓛ Much
ⓜ A few ⓝ Few **খ**

৮২. The sum is — easier. শূন্যস্থানে কী বসবে? [২০২৩৭৬]

ⓚ very ⓛ more
ⓜ much ⓝ so **গ**

21 Pronoun

Personal Pronouns

৩৩. Which is a possessive pronoun? [২০২৩১৬]

ⓚ I ⓛ Me
ⓜ Mine ⓝ My **গ**

✔ **ব্যাখ্যা :**

Words	Pronoun names
I	Subjective Pronoun
Me	Objective Pronoun
Mine	Possessive Pronoun
My	Possessive adjective

Possessive pronoun : Mine, yours, Ours, his, hers.

৩৪. Nominative case of 'He' — [২০২৩৬৫]

ⓚ His ⓛ Him
ⓜ He ⓝ None **গ**

✔ **ব্যাখ্যা :** যখন কোন Noun বা Pronoun কর্তারূপে ব্যবহৃত হয় তখন তাকে Nominative case বলে। ইংরেজী গ্রামারে case যাই থাকুক না কেন Noun এর পরিবর্তন হয় না কিন্তু Pronoun এর পরিবর্তন হয়। He eats cahes. এখানে, 'pronoun 'He' 'eats' verb এর subject. Here, 'He' is in the nominative casue. অতপর, 'He' এর nominative case 'He'।

৩৩. Case means in a sentence relationship with — with other word in a sentence. Fill up the blank. [২০২৩৬৫]

ⓚ Only noun ⓛ Noun and Pronoun
ⓜ Adjective ⓝ None of the above **খ**

✔ **ব্যাখ্যা :** cases indicate the grammatical functions of nouns and pronouns according to their relation with rest of the words in a sentence. অর্থাৎ বাক্যে কোন noun বা pronoun এর সাথে অন্যান্য শব্দের যে সম্পর্ক তাকে case বলে।

৩০. Which sentence is correct? [২০২৩২৮]

ⓚ He and I did my best
ⓛ He and I did his best
ⓜ He and I did our best
ⓝ He and I their best **গ**

৩১. Which one is correct? [২০২৩২৮]

ⓚ You, he and I are guilty
ⓛ I, he and you are guilty
ⓜ He, you and I am guilty
ⓝ I, you and he are guilty **ঘ**

৮৬. Which of the following is correct? [২০২৪০৯]

ⓚ You, she and I were guilty
ⓛ I, you and she were guilty
ⓜ She, you and I was guilty
ⓝ I, you and she was guilty **খ**

✔ **ব্যাখ্যা :** যদি বিভিন্ন number বা person এর subject 'and' দ্বারা যুক্ত হয় তাহলে verb টি plural হয়। এবং দোষ বোঝালে যথাক্রমে first person, second person and third person বসে। যেমন– I, you and he have comitted a crime. প্রশ্ন প্রদত্ত বাক্যটি negative অর্থ বহন করে এবং subject গুলো 'and' দ্বারা যুক্ত থাকায় এখানে অপশন (খ) I, you and she were guilty সঠিক বাক্য।

৭৫. It is I who — your teacher. শূন্যস্থানে কী বসবে? [২০২৩৭৮]

ⓚ am ⓛ is
ⓜ were ⓝ be **ক**

✔ **ব্যাখ্যা :** Relative pronoun এর পূর্বে যে antecedent থাকে সেই antecedent অনুযায়ী verb নির্ধারিত হয়। যেমন : It is he who agrees with me.
প্রশ্ন প্রদত্ত বাক্যের relative pronoun 'who' এর পূর্বে first person singular number 'I' থাকায় পরবর্তী clause এর verbটি 'am' হয়েছে।

২৬. It is I who (go) to Chittagong next month. [২০২৪১৯]

ⓚ am going ⓛ is going
ⓜ are going ⓝ going **ক**

Relative Pronouns

৬৬. Choose the correct option : I don't know .... book it is. [২০২৪১০]

ⓚ who's ⓛ who
ⓜ whom ⓝ whose **ঘ**

✔ **ব্যাখ্যা :** কোন ব্যক্তি, বস্তু বা প্রাণীর অধিকারে থাকা বোঝাতে আমরা relative clause এ 'whose ব্যবহার করি। Relative pronoun 'whose' এর পর Sub + Verb বসে। যেমন: John works with that other chap whose name I can't remember.
প্রশ্নপ্রদত্ত বাক্যের শূন্যস্থানে relative Pronoun হিসেবে 'whose' বসালে বাক্যটির অর্থ হয়– এটা কার বই তা আমি জানি না।

২২. Choose the correct sentence — [২০২৩৬৭]

ⓚ It is I who is to blame.
ⓛ It is I who am to blame.
ⓜ It is I who are to blame.
ⓝ It is me who are to blame. **খ**

৬৩. নিচের কোন শব্দটি Relative pronoun? [২০২৩৭৮]

ⓚ That ⓛ There
ⓜ This ⓝ These **ক**

৬. I met a person — I never saw earlier.
[২০২৩৭৭]

ⓚ Who ⓛ that
ⓜ which ⓝ whom **ঘ**

Indefinite Pronoun

৬৩. A major concern among archaeologists today is the preservation of archaeological site, — are threatened by development.
[২০২৩৪৮]

ⓚ of which many ⓛ many of which
ⓜ many of them ⓝ which many **খ**

✔ **ব্যাখ্যা :** 'Many of which' অর্থ– যাদের মধ্যে।
যেমন– The library had a huge selection of book's, many of which were award-winning titles.
প্রশ্ন প্রদত্ত বাক্যে 'Many of which' বসালে বাক্যটি সঠিক হয়। এখানে, 'many of which' archaeological site কে modify করে বাক্যের relative pronoun হিসেবে বসেছে।

৫৬. Indefinite Pronoun এর উদাহরণ কোনটি?
[প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় ধাপ) '২৪]

ⓚ Who ⓛ Mine
ⓜ We ⓝ Several **ঘ**

৩৯. — of the girls has short black hair, — of them have long brown hair.
[২০২৩১৬]

ⓚ Neither, both ⓛ All, neither
ⓜ Both, none ⓝ None, all **ঘ**

২০. Which one is an example of Indefinite Pronoun?
[২০২৩২১]

ⓚ Who ⓛ It
ⓜ Each ⓝ Nobody **ঘ**

Distributive Pronoun

৬৩. [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ There are trees on the both sides of the road.
ⓛ There are trees on both the sides of the road.
ⓜ There are trees, on both side of the road.
ⓝ There are trees on either sides of the road. **খ**

✔ **ব্যাখ্যা :** Both + {the / my, your, etc. / these, those} + plural countable noun

Example :
(i) Both children were born in Italy.
(ii) He has crashed both (of) the cars.
(iii) Both (of) my parents have fair hair.
(iv) You can take both (of) these books back to the library.

Half + {a / the / my, your, etc. / this, that, these, those} + {uncountable noun / plural countable noun / uncountable noun}

Example :
(i) I bought half a kilo of apples yesterday.
(ii) You can have half (of) the cake.
(iii) I've already given you half (of) my money.

All+ {the / my, your, etc. / this, that / these, those} + {uncountable noun / plural countable noun}

Example :
(i) All cheese contains protein.
(ii) All the people in the room were silent.
(iii) I've invited all my friends to the party.
Both এর rule অনুসারে সঠিক উত্তর হবে– There are trees on both the sides of the road.

৩২. Each — a trophy for — achievement.
[২০২৩৩৩]

ⓚ got, his ⓛ has got, his
ⓜ get, their ⓝ get, his **ক**

✔ **ব্যাখ্যা :** Each, every singular countable noun কে নির্দেশ করে। তাই এরপর singular noun ও এর pronoun 'his/her' হয়।
যেমন– Each student has his own opinion.
প্রশ্ন প্রদত্ত বাক্যে 'Each' থাকায় এরপর 'got' ও 'his' হয়েছে।

Reflexive and Emphatic Pronouns


৪২. — wants to expose —. People often hide their fillings.
[২০২৩১৬]

ⓚ Everybody, themselves
ⓛ Somebody, himself
ⓜ Anybody, themselves
ⓝ Nobody, themselves **ঘ**

✔ **ব্যাখ্যা :** 'Nobody' এর reflexive pronoun হিসেবে 'themselves' ব্যবহার করা হয়। যেমন : Nobody did it themselves. বাক্যটিতে বলা হয়েছে 'people often hide their feeling (মানুষজন তাদের অনুভূতিকে লুকিয়ে রাখতে চায়)। তাই, শূন্যস্থানে 'Nobody' এবং 'themselves' বসালে বাক্যটি সঠিক হয়।

22 Adjective

যে Word দ্বারা Noun বা Pronoun এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা বা পরিমাণ বুঝায় তাকে adjective বলে। adjective মূলত দুই ধরনের।



Attributive Adjective : Adjective যখন Noun এর পূর্বে বসে তার Attribute অর্থাৎ, দোষ, গুণ প্রকাশ করে তখন তাকে Attributive Adjective বলে। যেমন : The intelligent girl stood first in the examination. (বুদ্ধিমতী মেয়েটি পরীক্ষায় প্রথম হয়েছিল।)

Predicative Adjective : Adjective যখন verb এরপরে Predicate হিসেবে বসে noun বা pronoun কে qualify করে তখন তাকে **Predicative Adjective** বলে। যেমন :

The girl is very intelligent.
(মেয়েটি বেশ বুদ্ধিমতী)

প্রদত্ত বাক্যে দেখুন Intelligent (Predicative Adjective) girl (noun) কে qualify করে।


But she is very lazy.
(কিন্তু, সে খুব অলস)

এক্ষেত্রে, lazy (Predicative Adjective) She (Pronoun) কে qualify করেছে।

অর্থাৎ, Attributive Adjective শুধুমাত্র Noun কে qualify করতে পারে।

কিন্তু, Predicative Adjective, Noun এবং Pronoun উভয়কেই qualify করতে পারে।

প্রকৃতিগতভাবে Adjective আট প্রকার।



(i) **Proper Adjective :** সাধারণত Proper Noun এর সাথে গঠিত Adjective কে Proper Adjective বলে। যেমন : French, Wines, Turkish tobacco, Indian tea.

(ii) **Adjective of quality :** একজন ব্যক্তি বা বস্তুর quality বুঝানোর Adjective of quality ব্যবহৃত হয়। যেমন :
He is an honset man.
The foolish old crow tried to sing.

(iii) **Adjective of Quantity :** কী পরিমাণ বস্তু রয়েছে তা প্রকাশ করতে Adjective of Quantity ব্যবহৃত হয়। যেমন :
I ate some rice.
He showed much patience.

(iv) **Numeral Adjective :** কতজন Persons অথবা things বুঝানো হয়েছে তা বুঝাতে Numeral Adjective ব্যবহৃত হয়। যেমন : The hand has five fingers.
Few Cats like cold water.

Phenom Publications

All men must die.

- **Numeral Adjective দুই ধরনের।**
  (a) Cardinal Numerals (One, two, three)
  (b) Ordinal Numerals (first, second, third)

(v) Demonstrative Adjective : কোন ব্যক্তি বা বস্তুকে নির্দিষ্ট করার জন্য Demonstrative Adjective ব্যবহৃত হয়। যেমন:
This boy is stronger than Hari.
That boy is industrious.
These mangoes are sour.

(vi) Distributive Adjective : সাধারণত সকলকে বুঝাতে Distributive Adjective ব্যবহৃত হয়। যেমন :
Each boy must take his turn.
Every word of it is false.
Either pen will do.

(vii) Interrogative Adjective : What, Which এবং Whose যখন question জিজ্ঞাসা করতে Noun এর সাথে ব্যবহৃত হয় তখন তাকে Interrogative Adjective বলে। যেমন : Whose book is this?
What manner of man is he?
Which way shall we go?

(viii) Possessive Adjective : অধিকার বা সম্বন্ধসূচক প্রকাশ করতে Possessive Adjective ব্যবহৃত হয়। যেমন :
This is my book. [এখানে my হলো Possessive Adjective]
This book is mine. [এখানে mine হলো Possessive Pronoun]

এছাড়াও আরো দুই ধরনের Adjective রয়েছে।

(1) Emphasizing Adjective : Own এবং very এই শব্দ দুটি Emphasizing Adjective হিসেবে ব্যবহৃত হয়। যেমন :
He was beate at his own game.
Mind your own business.
That is the very thing we want.

(2) Exclamatory Adjective : What কখনো কখনো Exclamatory Adjective হিসেবে ব্যবহৃত হয়। যেমন :
What genius!
What folly!
What an idea!
What a blessing!

Formation of Adjectives

Noun	Adjective
Boy	boyish
Child	Childish
Fool	foolish
Beauty	beautiful
Care	careful
Hope	hopeful
Need	needful

Noun	Adjective
Benefit	beneficial
Education	educational
Devotation	devotional
Health	healthy
Dirt	dirty
Ease	easy
Storm	stormy

Cease	ceaseless
Tire	tireless
Silk	silken
Gold	golden
Cost	costly
Man	manly
King	kingly
Life	lively (লাইভলি)
Man	manly
Miser	miserly
Music	musical
Crime	criminal
Attraction	attractive
Destruction	destructive
Distribution	distributive
Production	productive

Outrage	outrageous
Danger	dangerous
Nerve	nervous
Telegraph	telegraphic
Laugh (হাসি)	laughable
Belief	believable
Desire	desirable
Pardon	Pardonable
Pardon	Pardonable
Office	official
Voice	vocal
People	popular
Hand	handsome
Trouble	troublesome
Quarrel	quarrelsome

Some Adjectives are formed from Verbs

Verb	Adjective
Act	active
Attract	attractive
Detect	detective
Deceive	deceptive
Include	inclusive
Instruct	Instructive
Talk	talkactive
Agree	agreeable
Desire	desirable
Enjoy	enjoyable

Verb	Adjective
Move	movable
Rely	reliable
Add	additional
Edit	editorial
Forget	forgetful
Trust	trustful
Invent	inventive
Prevent	preventive
Advise	advisory
Love	lovely

Some Adjectives are formed from other Adjectives

Adjective	Adjective
Economic	economical
Tragic	tragical
Three	threefold
Whole	wholesome

Adjective	Adjective
Black	blackish
White	whitish
Large	largely
Sick	sickly

Note : A few words with 'ly' ending look like adverbs; but they are really Adjectives : (lovely, sickly, manly, miserly etc.). He is a miserly man. He showed manly behaviour.

১৪. 'Elies talked to her friend.' Here 'her' is — [২০২৩৭৭]

ক Noun খ Pronoun
গ Adjective ঘ Adverb **গ**

৩৪. Which is a possessive adjective? [২০২৩১৬]

ক They খ Them
গ Their ঘ Theirs **গ**

২৬. 'He gave me five books'-In this sentence which is the adjective? [২০২৩৫৬]

ক books খ gave
গ me ঘ five **ঘ**

৫৫. The young man seems very —. [২০২৪১৩; ২০২৪২১]

ক sensible খ sensibly
গ sensiblely ঘ sensitively **ক**

✔ ব্যাখ্যা : Linking verb (be, become, seem, feel, appear) এরপর adverb বসলেও একটি adjective বসবে। যেমন– She seems weak.

প্রশ্ন প্রদত্ত বাক্যে 'seems' থাকায় এরপর adjective 'sensible' হয়েছে।

৩৭. She is studying — for her examination. [২০২৪১৯]

ⓚ hard ⓚ hardly
ⓖ tough ⓖ toughly **ক**

৫২. The incident happened before my — eyes. [২০২৩৮৪]

ⓚ good ⓚ better
ⓖ every ⓖ very **ঘ**

✔ **ব্যাখ্যা :** সাধারণত 'very' adverb হিসেবে ব্যবহৃত হয়। কিন্তু মাঝে মাঝে 'very' adjective হিসেবে ব্যবহৃত হতে পারে। তখন এর অর্থ হয়– সরাসরি, যথার্থ।
যেমন : The incident happened before my very eyes. This means that the person withessed the accident firsthand. (তার চোখের সামনে দুর্ঘটনাটি ঘটেছিল)।

23 Degree of Comparison

Degree of Comparison

সাধারণত Adjective থেকে দুইয়ের মধ্যে তুলনা এবং দুইয়ের বেশির মধ্যে তুলনা বোঝাতে Adjective এর যেরূপ হয় তাকে Degree of Comparison বলে।

Adjective এর তিনটি form বা রূপ হলো :

1. **Positive Degree :** Adjective যখন সাধারণভাবে বসে। যেমন: He is a tall boy.
2. **Comparative Degree :** যখন দু'টি ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা করা হয়। যেমন : Nita is taller than Rima.
3. **Superlative Degree :** যখন দুইয়ের অধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা করা হয়। যেমন : Giraffe is the tallest of all animals.

Rules of Comparison

(i) Most Adjective of One syllable by adding-er and-est :

[সাধারণত এক syllable বিশিষ্ট Adjective থেকে Comparative-এ-er এবং Superlative-এ-est যোগ হয়।]

Positive	Comparative	Superlative
Bold (সাহসী)	bolder	boldest
Cold (ঠাণ্ডা)	Colder	Coldest
*Old (বয়সে বড়ো, পুরাতন)	older	oldest
Old (পারিবারিক সম্পর্কে বড়)	elder	eldest
Clever (চতুর)	cleverer	cleverest
Few (অল্প কয়েকটি)	fewer	fewest
Great (মহান)	greater	greatest
Hard (কঠিন)	harder	hardest
High (উঁচু)	higher	highest
Kind (দয়ালু)	kinder	kindest
Low (নিচু)	lower	lowest
Long (লম্বা)	longer	longest
Poor (দরিদ্র)	poorer	poorest
Rich (ধনী)	richer	richest
Short (বেঁটে, খাটো)	shorter	shortest
Small (ছোট)	smaller	smallest
Strong (বলবান)	stronger	strongest
Soft (নরম)	softer	softest
Sweet (মিষ্টি)	sweeter	sweetest

Positive	Comparative	Superlative
Tall (লম্বা)	taller	tallest
Weak (দুর্বল)	weaker	weakest

Note : Old থেকে সাধারণভাবে বয়সে বড় বা পুরাতন অর্থে Comparative-এ older এবং Superlative এ oldest হয়। কিন্তু পারিবারিক সম্পর্ক থাকলে old থেকে Comparative এ elder এবং Superlative-এ eldest হয়।

(ii) When the positive ends in e, only –r and –st are added.
[Positive-এর শেষে **e** থাকলে শুধু **–r** এবং **–st** যোগ হয়।]

Positive	Comparative	Superlative
Able (সক্ষম)	abler	ablest
Brave (সাহসী)	braver	bravest
Fine (সুন্দর, সরু)	finer	finest
Late (সময় সম্পর্কে পরবর্তী)	later	latest
Late (ক্রম সম্পর্কে পরবর্তী)	latter	last
Large (বড়)	larger	largest
Noble (মহৎ)	nobler	noblest
Pale (বিবর্ণ)	paler	palest
True (সত্য)	truer	truest
Wise (জ্ঞানী)	wiser	wisest
White (সাদা)	White	whitest

Note : সময় সম্পর্কে পরবর্তী হলে later ও latest হয়। যেমন– This is the later/latest edition of the book. কিন্তু ক্রম অর্থাৎ order বা position বোঝালে Latter ও last হয়। Ram and Shyam are two boys; the former is strong in Bengali and the latter in English. Amar is the last boy in the class.

(iii) When the positive ends in a Consonant preceded by a Vowel, the Consonant is doubled before adding –er and –est.
Positive-এর শেষে Consonant এবং তার ঠিক পূর্বে Vowel থাকলে Consonant-টি double করে –er এবং –est যোগ হয়।

Positive	Comparative	Superlative
Big (বড়)	bigger	biggest
Fat (মোটা)	fatter	fattest
Hot (গরম)	hotter	hottest
Mad (পাগল)	madder	maddest
Sad (বিষণ্ন)	sadder	saddest
Thin (পাতলা)	thinner	thinnest

Note : Positive-এর শেষে যদি দুটি consonant থাকে অথবা একটি consonant-এর পূর্বে দুটি Vowel থাকে, তবে consonant-এর দ্বিত্ব হয় না।

Thick	thicker	thickest
Cool	cooler	coolest

(iv) When the positive ends in y, preceded by a consonant, the y is changed into *i* before adding –er and –est. [যখন Positive-এর শেষে y থাকে এবং তার পূর্বে consonant থাকে, তখন y-কে i করে er এবং est যোগ হয়।]

Positive	Comparative	Superlative
Busy (ব্যস্ত)	busier	busiest
Easy (সহজ)	easier	easiest
Dry (শুষ্ক)	drier	driest
Hungry (ক্ষুধী)	hungrier	hungriest

Phenom Publications

Heavy (ভারী)	heavier	heaviest
Holy (পবিত্র)	holier	holiest
Merry (আনন্দিত)	merrier	merriest
Mightly (শক্তিশালী)	mightier (mighter)	mightest
Ugly (কুশ্রী)	uglier	ugliest
Wealthy (সম্পদশালী)	wealtheir	wealthiest

Note : যখন Adjective-এর শেষে y থাকলেও তার পূর্বে Vowel থাকে, তখন y-এর কোনো পরিবর্তন না হয়ে –er এবং –est হয়।

Gay (আনন্দিত)	gayer	gayest
grey (ধূসর)	greyer	greyest

(v) Some Comparatives and Superlatives are not formed from the Positive. [কতকগুলো Comparative এবং Superlative তাদের Positive থেকে আলাদা হয়।]

Positive	Comparative	Superlative
Good (ভালো)	better	best
Bad (মন্দ)	worse	worst
Far (দূর)	farther	farthest
Fore (আরো)	further	furthest
Little (কম)	less	least
Much (বেশি)	more	most
Many (অনেকশ)	more	most

Note : Kolkata is farther from Bombay than patna, (distance)
He made no further remarks, (further = additional)

(vi) Adjectives of two or more than two syllables form the Comparative and the superlative by adding more and most less and least before them. (দুই বা ততোধিক syllable-বিশিষ্ট Adjective-এর Comparative এবং Superlative করতে হলে more এবং most বা less এবং least যোগ করতে হয়।)

Positive	Comparative	Superlative
Beautiful (সুন্দর)	more beautiful	most beautiful
Dutiful (কর্তব্যপরায়ণ)	more dutiful	most dutiful
Careful (যত্নবান)	more careful	most careful
Courageous (সাহসী)	more courageous	most courageous
Difficult (কঠিন)	more difficult	most difficult
Deligent (পরিশ্রমী)	more deligent	most deligent
Important (গুরুত্বপূর্ণ)	more important	most important
Intelligent (বুদ্ধিমান)	more intelligent	most intelligent
Industrious (অধ্যবসায়ী)	more industrious	most industrious
Learned (শিক্ষিত)	more learned	most learned

(vii) There are some Latin Comparatives. (এছাড়া কিছু Latin com-parative আছে) যেমন– Junior, Senior, Inferior, Superior, Minor, Major, Prior, Anterior, Posteriror প্রভৃতি। সাধারণভাবে Comparative-এরপর than বসলেও এই Latin Comparative-গুলোর পর to বসে। এদের positive এবং superlative-এর কোনো form নেই। এই Latin Comparative-গুলোর ব্যবহার দেখো :

I am junior to him. (বয়সে ছোট বা চাকরিতে অধস্তন।)
He is senior to me. (বয়সে বড় বা চাকরিতে ঊর্ধ্বতন।)
Amal is junior to Bimal in age but senior to him in service.
This type of tea is inferior (নিকৃষ্ট) to that

This type of rice is superior (উৎকৃষ্ট) to that.
The Vedas are anterior (পূর্ববর্তী) to Puranas.
This iron age is posterior (পরবর্তী) to the Copper Age.

Positive Degree

৪৩. নিচের কোনটি Positive Degree? [২০২৩৮৫]

ⓚ Deeper ⓛ Richest
ⓜ Bold ⓝ Happier **গ**

Comparative Degree

১৮. 'He is a <u>better</u> worker than I.' Here 'better' is —. [২০২৪০৮]

ⓚ Adverb ⓛ Adjective
ⓜ Noun ⓝ Pronoun **খ**

✔ **ব্যাখ্যা :** Good এর comparative form হলো better. এখানে better worker বলতে তুলনামূলক ভালো কাজ করে তথা শ্রমিক বুঝানো হয়েছে। তাছাড়া, better worker এর ঠিক আগে বসার কারণেও এটি একটি adjective I এর superlative form best.

৫০. The — part of this book is interesting. শূন্যস্থানে কি বসবে? [২০২৩১৮]

ⓚ Latter ⓛ Later
ⓜ Late ⓝ Leter **ক**

✔ **ব্যাখ্যা :** Late এর comparative ও superlative মূলত দু'টি ক্ষেত্রবিশেষে দুই রকম।

Positive	Comparative	Superlative
Late (সময় সম্পর্কে পরবর্তী)	Later	Latest
Late (ক্রম সম্পর্কে পরবর্তী)	Latter	Last

প্রদত্ত বাক্যে একটি বইয়ের পরবর্তী (ক্রম) বুঝিয়েছে। তাই, শূন্যস্থানে later বসবে।

৫২. Which one is the correct sentence? [২০২৩৫৩; ২০২৩৩৪]

ⓚ Robi is taller than me.
ⓛ Robi is taller than I.
ⓜ Robi is taller to me.
ⓝ Robi is taller with I. **খ**

৪৩. He is older than —. [২০২৪১৮]

ⓚ I ⓛ Me
ⓜ Us ⓝ My **ক**

✔ **ব্যাখ্যা :** 'Than' যখন preposition হিসেবে বসে তখন এরপর objective form (me) বসে। কিন্তু adjective এর degree বোঝাতে বাক্যে 'than' conjunction' হিসেবে বসে, তখন এর subject form বসে। যেমন– He is sweeter than I.

২৯. Your shoes are bigger than —. [২০২৪১৯]

ⓚ mine ⓛ my
ⓜ me ⓝ I **ক**

✔ **ব্যাখ্যা :** তুলনা করা হয় সাধারণত সমজাতীয় ব্যক্তি বা বস্তুর মধ্যে। যেমন :

He is more intelligent than I.
That car is more expensive than mine.

প্রশ্নপ্রদত্ত বাক্যের subject 'your shoes' এখানে, 'your shoes' একটি বস্তু আর 'I' একটি ব্যক্তি। তাই বস্তুর সাথে ব্যক্তির তুলনা অযৌক্তিক। এখানে বাক্যটিকে দুটি উপায়ে সঠিক করা যায়। যথা:

Your shoes are bigger than those of I
Your shoes are bigger than mine.

অর্থাৎ শূন্যস্থানে 'I' এর possessive 'mine' বসালে বাক্যটি সঠিক হবে।

৬৫. The sooner you finish your studies, — you will be allowed to play. [২০২৩৪৫]

ⓚ the faster ⓛ the quicker
ⓜ the sooner ⓝ as soon **গ**

৫৩. Worse শব্দটি Adjective এর কোন degree? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় ধাপ) '২৪]

ⓚ Assertive ⓛ Positive
ⓜ Comparative ⓝ Superlative **গ**

২৯. Select the correct sentence: [২০২৩৫৪]

ⓚ The roads of Dhaka is wider than Faridpur.
ⓛ The roads of Dhaka are wider than those of Faridpur.
ⓜ The roads of Dhaka is wider than those of Faridpur.
ⓝ The roads of Dhaka are wider than that of Faripur. **খ**

৪২. নিচের কোনটি Comparative Degree? [২০২৩৮৫]

ⓚ Finest ⓛ Heavy
ⓜ Fat ⓝ More **ঘ**

৩৬. Which object is the comparative form of the objective? [২০২৩৬৯; ২০২৩৩৩]

ⓚ Best ⓛ Worst
ⓜ Bad ⓝ Worse **ঘ**

১. What is the comparative degree of far? [২০২৩২৩]

ⓚ for away ⓛ further
ⓜ farther ⓝ far from **গ**

✔ **ব্যাখ্যা :**

Positive	Comparative	Superlative
For	Farther	Farthest
Fore	Further	Furthest

Superlative Degree

৫৮. What is the superlative degree of 'Little'? [২০২৪১৬]
ক Less খ Least
গ Smallest ঘ Lest **খ**

৪৪. নিচের কোনটি Superlative Degree? [২০২৩৮৫; ২০২৩৭৫]
ক Bitter খ Good
গ Worse ঘ Best **ঘ**

24 Adverbs and Adverbials

১৫. 'I will do it tomorrow'- এ বাক্যে Tomorrow কোন Parts of Speech? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় ধাপ) '২৪]
ক Adverb খ Adjective
গ Noun ঘ Verb **ক**

✔ ব্যাখ্যা : =

২. 'I am very busy.' Here 'very' is — [২০২৩৮০]
ক Adjective খ Noun
গ Adverb ঘ Interjection **গ**

২৮. Man can not live alone. The word 'alone' used here as- [২০২৩৫৬]
ক Adverb খ Pronoun
গ Adjective ঘ Preposition **ক**

১. 'It's too soon to say if he'll survive'. Here 'too' is a/an — [২০২৪০১]
ক verb খ adverb
গ adjective ঘ preposition **খ**

৪০. The dog was running behind. The underlined word is —. [২০২৪৩২]
ক an adverb খ a preposition
গ an adjective ঘ a noun **ক**

৫০. Which 'better' is an adverb? [২০২৪১৪; ২০২৩৭৩]
ক I have a better Plan
খ People are better educated now
গ I expected better of him
ঘ Try to better your lot **গ**

৫৩. Sweetly is a — of sweet. সঠিক উত্তর কোনটি? [২০২৩১৮]
ক Adjective খ Pronoun
গ Derivative ঘ None **গ**

25 Verb

Verb

৫৬. Sentence এর প্রাণ বলা হয় কোনটিকে? [২০২৩২১]
ক Adverb খ Subject
গ Verb ঘ Pronoun **গ**

✔ ব্যাখ্যা : Sentence এর প্রাণ বলা হয় verb কে। English language এ শুধু verb দিয়ে sentence হতে পারে। অন্য কোনো parts of speech দ্বারা যা অসম্ভব। যেমন– Come (আদেশ বুঝাতে); Go (আদেশ বুঝাতে)।

৪৫. ইংরেজি ভাষায় Primary auxiliaries কতটি? [২০২৩১৮]
ক ১২ খ ১৪
গ ১১ ঘ ১৫ **ঘ**

✔ ব্যাখ্যা : ইংরেজিতে Primary auxiliaries ১৫টি আছে। যথা– am, is, are, was, were, be, being, been, have, has, had, having, do, does, did.

৩১. A finite verb does not change with the change of —. [২০২৩১৬]
ক Subject খ Tense

✔ ব্যাখ্যা : Subject, number, tense পরিবর্তনের সাথে সাথে finite verb পরিবর্তন হতে পারে কিন্তু gender পরিবর্তন হলে finite verb পরিবর্তন হয় না।
She works with sincerity
He works with sincerity.

Principal Verb

Intransitive Verb

৪৩. 'I tried to persuade him, but he wouldn't come.' In this sentence the verb 'Come' is — [২০২৪০১]
ক causative খ transitive
গ intransitive ঘ modal **গ**

২২. The girl sings. Here sings is a —. [২০২৪১২]
ক Intransitive verb খ Transitive verb
গ Phrasal verb ঘ Causative verb **ক**

Causative Verb

৯৩. Mr. Rahim had his car — with only BDT 500. [২০২৩৮০]

ⓚ wash ⓛ washing
ⓜ to wash ⓝ washed **ঘ**

৫১. I got my house — [২০২৪১১]

ⓚ have repaired ⓛ to be repaired
ⓜ repaired ⓝ repairing **গ**

✔ **ব্যাখ্যা :** cousitive verb এরপর Doer (সে কাজ করে) থাকলে পরের verbটি infinitive হয়। যেমন : He got kevin to clean the room এবং 'get' এরপর Receiver থাকলে পরের verbটি past participle form এ হয়। যেমন : He got the room cleaned.
প্রদত্ত বাক্যে causitive verb 'got' এরপর receiver 'my house' থাকায় এরপর verb এর v_3 অর্থাৎ repaired হয়েছে। বাক্যটির অর্থ হয়– আমি আমার বাড়িটি মেরামত করিয়ে নিলাম।

Gerund

৩৯. My brother enjoys — computer games. The missing expression is —. [২০২৩১৯; ২০২৩২৪]

ⓚ play ⓛ to play
ⓜ playing ⓝ being played **গ**

✔ **ব্যাখ্যা :** non finite verb হিসেবে এখানে gerund playing ব্যবহৃত হয়েছে। enjoy এরপর non finite verb হিসেবে gerund তথা v + ing বসে।
enjoy ছাড়াও avoid, admit, complete, consider, can't help, delay, deny, discuss, finish, risk, suggest, mind, recommend ইত্যাদি verb এর পর gerund বসে। যেমন, I could not help going there. He is considering not going.

৯৪. 'He enjoyed sleeping in the open air'. Here 'sleeping' is a/an — [২০২৪০১]

ⓚ participle ⓛ gerund
ⓜ verb ⓝ infinitive **খ**

৩৬. Running is a good exercise. Here is 'running' is– [২০২৩৬৪]

ⓚ Participle ⓛ Gerund
ⓜ Adjective ⓝ None **খ**

৫৪. The submarine dipped to avoid — by the enemy plane. [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ see ⓛ seeing
ⓜ being seen ⓝ seen **গ**

✔ **ব্যাখ্যা :** Passive Gerund এর ক্ষেত্রে being + V_3 হয়। যেমন : He enjoy being admired for his talents। প্রশ্নপ্রদত্ত বাক্যের শূন্যস্থানে, being seen হবে। এটি একটি gerund phrase সেখানে 'being' to be verb এর present participle হিসেবে ব্যবহৃত হয়েছে এবং 'seen' see verb এর past participle হিসেবে ব্যবহৃত হয়েছে' এখানে এই gerund phrase টি বাক্যে present participle হিসেবে ব্যবহৃত হয়েছে।

৫৫. In fear of — he escaped elsewhere. [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ arresting ⓛ arrested
ⓜ being arrested ⓝ having arrested **গ**

✔ **ব্যাখ্যা :** Passive gerund এর ক্ষেত্রে being + V_3 হয়। যেমন : Tom is still sad about being slapped in the meeting. প্রশ্ন প্রদত্ত বাক্যের শূন্যস্থানে 'being arrested' হবে। এটি একটি gerund phrase যেখানে 'being' to be verb এর present participle এবং 'arrested' এর arrested verb এর past participle হিসেবে ব্যবহৃত হয়েছে। এখানে এই passive gerund phrase টি বাক্যে participle হিসেবে ব্যবহৃত হয়েছে।

৩৫. Walking is good for health-এ বাক্যে walking শব্দটি– [২০২৪০৯; প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় ধাপ) '২৪]

ⓚ Gerund ⓛ Adverb
ⓜ Verb ⓝ Noun **ক**

Participle

৪২. 'A blooming flower is beautiful to look at.' Here 'blooming' is a/an — [২০২৪০১]

ⓚ infinitive ⓛ gerund
ⓜ participle ⓝ verbal noun **গ**

৫৮. A — stone gather no moss. [২০২৩২১]

ⓚ Rolled ⓛ Roll
ⓜ Rolling ⓝ All of these **গ**

২০. The books — to the library are kept in the storage room. [২০২৩৭১]

ⓚ were given ⓛ given
ⓜ gave ⓝ give **খ**

✔ **ব্যাখ্যা :** একটি simple sentence এ একটি finite verb ছাড়া যদি অন্য একটি verb থাকে তাহলে উক্ত verb টিকে present participle (vi + ing) past participle (v_3) করতে হয়। যেমন: The books given to the library are kept in the storage room.
The man sitting next to me is a teacher.
প্রথম বাক্যটির finite verb 'are'। তাই, দ্বিতীয় verb 'give' কে past participle করা হয়েছে কারণ দেওয়া কাজটি subject নিজেই করতে পারে না। আর দ্বিতীয়

বাক্যের subject 'the man' বসা কাজটি নিজেই করে। তাই এটিকে present participle (vi + ing) করা হয়েছে।

৪৫. Fill in the blank with the correct word : — he lay on the ground groaning. [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ Injured ⓚ Injuring
ⓖ Having injured ⓖ Be injured **ক**

✔ **ব্যাখ্যা :** Being + past participle :
যেমন- Being helped by the killer whales, the whales were able to make a successfull kill.
তাই, সঠিক উত্তর Being injured he lay on the ground groaning. এখানে being উহ্য রাখা হয়েছে।
তাই সঠিক উত্তর হবে (ক) Injured he lay on the ground groaning.

Infinitive

৩২. The girl is trying hard to — weight. [২০২৩৬৮]

ⓚ loose ⓚ lose
ⓖ loss ⓖ lost **খ**

26 Conjunction

২৪. The main objective of a 'conjunction' is —. [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ⓚ To spare ⓚ To connect
ⓖ To improve ⓖ To degrade **খ**

✔ **ব্যাখ্যা :** conjunction এর প্রধান কাজ হলো দুই বা ততোধিক clause কে যুক্ত করা বা connect করা। বাক্যে and, but, or, nor, yet, so, conjunctions হিসেবে ব্যবহৃত হয়।

Rule-1 : After দ্বারা যুক্ত sentence এর ক্ষেত্রে
Structure-1 : Past indefinite + After + Past perfect.
Structure-2 : Future indefinite + after + Present perfect tense.

৭৮. Choose the correct sentence —. [২০২৪১৭]

ⓚ The teacher reached the classroom before the students came
ⓚ The teacher had reached the classroom before the students came
ⓖ The teacher reached the classroom before the students had come
ⓖ The teacher came to the classroom before the students come **খ**

✔ **ব্যাখ্যা :** Past perfect + before + past indefinite
যেমন- She had come back home before it started raining.
প্রদত্ত প্রশ্নের অপশন (খ) সঠিক। কারণ, এই বাক্যে 'before' এর পূর্বে past perfect tense এর পরে past indefinite tense আছে।

২৫. Identify the right tense : My father — before I came? [২০২৪২৩]

ⓚ Would be leaving ⓚ had been leaving
ⓖ had left ⓖ will leave **গ**

Rule-2 : Before দ্বারা যুক্ত sentence এর ক্ষেত্রে
Structure-1 : Past perfect tense + Before + Past indefinite tense.
Structure-2 : Future indefinite/ Perfect + Before + Present indefinite.

২৬. I — breakfast before I started for office? [২০২৩২৮]

ⓚ had ⓚ would have
ⓖ had had ⓖ would taken **গ**

✔ **ব্যাখ্যা :** Past Perfect tense + before + Past Indefinite tense. যেমন : She had left the place before I reached there.
প্রশ্ন প্রদত্ত বাক্যে 'before' এরপর Past Indefinite tense আছে তাই before এর পূর্বে Past Perfect tense অর্থাৎ 'had had' হয়। এখানে প্রথম 'had'টি auxiliary verb এবং দ্বিতীয় 'had'টি main verb.

৭. নিচের কোন বাক্যটি সঠিক? [২০২৪৩১]

ⓚ The teacher reached before the students came.
ⓚ The teacher had reached before the students came.
ⓖ The teacher reached before the students had come.
ⓖ The teacher came to before the students come **খ**

116. Karim — for a new roommate before he finally succeeded. [২০২১৪৮]

ⓚ has been looking ⓚ will be looking
ⓖ has looked ⓖ had been looking **ঘ**

২৩. The sun — we went out for a walk. [২০২৩৫৬]

ⓚ had set and ⓚ set and
ⓖ was setting and ⓖ was set while **খ**

✔ **ব্যাখ্যা :** Conjunction 'and' এর উভয় দিকে একই ধরনের tense ও Clause ব্যবহার করা হয়। যেমন : He went to the market and bought a big fish.
প্রশ্ন প্রদত্ত বাক্যের শূন্যস্থানে 'set and' বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়। এখানে 'and' এরপর Past Indefinite

Tense অর্থাৎ Sub + V_2 + obj. আছে, তাই এর পূর্বে Past Indefinite Tense হয়েছে।

Rule-3 : অতীতকালের দু'টি clause যদি as/ while/ when দ্বারা যুক্ত থাকে তবে তাদের একটিতে Past continuous ও অপরটিতে Past indefinite tense হয়। এক্ষেত্রে একটি কাজ চলাকালে অন্য কাজটি সংঘটিত হয়।

৮২. Find out the correct sentence- [২০২৩৪৫]

ⓚ Crossing the street, a car almost struck us
ⓛ As we crossed the street, a car almost struck us
ⓜ A car almost struck us, when crossing the street
ⓝ Having cross the street, a car almost struck us **খ**

৭. Fill in the blanks with the right form of verb : When I — my dinner, I went to bed. [২০২৩৮৪]

ⓚ have had ⓛ had had
ⓜ had ⓝ have **খ**

✔ **ব্যাখ্যা :** অতীত কালের দুটি ঘটনা যদি clause marker 'when (যখন) দ্বারা যুক্ত হয়, তাহলে উভয় clauseটি simple past tense এ হয়।
simple past tense + when + simple past tense
He was shocked when I told him
প্রশ্ন প্রদত্ত বাক্যের principal clauseটি simple past tense এ থাকায় অপর অংশটি past tense অর্থাৎ, 'had' (খাওয়া) হয়েছে।

Rule-4 : অতীতকালের দু'টি কাজের মধ্যে যেটি আগে সংঘটিত হয় সেটি Past perfect tense আর পরেরটি Past indefinite tense হয়। When এর আগে Past perfect এবং পরে past indefinite হয়।

৭৮. Hardly had the programme began — the audience began chattering. [২০২৩৮১]

ⓚ when ⓛ as
ⓜ after ⓝ than **ক**

Rule-5 : Past indefinite + while + Past continuous
Present indefinite + while + Present continuous

১৭. While UK has earned record revenue this year, — well in exports. [২০২৩৩৭]

ⓚ it still lag ⓛ it still lags
ⓜ it lag still ⓝ it lags still **খ**

✔ **ব্যাখ্যা :** 'Lag' (V) অর্থ– পিছাইয়া পড়া।
যেমন– He always lags behind.
প্রশ্ন প্রদত্ত বাক্যের শূন্যস্থানে it still lags হবে। এখানে, 'it' 3rd person singular number। তাই verb 'lag' এর সাথে 's' যুক্ত হয়েছে। আর still (adv) কখনও verb এর পরে বসে না।

115. Nasima arrived while I — the dinner. [২০২১১৮]

ⓚ would cook ⓛ had cooked
ⓜ cook ⓝ was cooking **ঘ**

✔ **ব্যাখ্যা :** While যুক্ত বাক্যের একটি clause past indefinite হলে অপর clause টি past continuous tense এ হয়। অতএব, শূন্যস্থানে was cooking বসবে।

Rule-6 : অতীতকালের দু'টি কাজ as soon as দ্বারা যুক্ত থাকে তাহলে দু'টি কাজই Past indefinite tense এ হবে।
অথবা, দু'টি ভবিষ্যৎ কালের কাজ when, as soon as, unless, until, in case দ্বারা যুক্ত হলে এদের এরপরে present indefinite এবং পরের অংশটি Future indefinite tense হয়।

৪৭. I shall ring you up as soon as —. [২০২৪১৮; ২০২৪১৩; ২০২৪২১]

ⓚ I will arrive ⓛ I shall arrive
ⓜ I shall arriving ⓝ I arrive **ঘ**

✔ **ব্যাখ্যা :** 'As soon as' যুক্ত sentence এর একটি অংশ future tense এ থাকলে অপর অংশটি present indefinite tense এ হয়।
যেমন– I will inform you as soon as I get the news.

৮৬. When I (complete) reading the stay book, I'll give it to you. [২০২৩৮১]

ⓚ would complete ⓛ have completed
ⓜ will complete ⓝ complete **ঘ**

✔ **ব্যাখ্যা :** When যুক্ত sentence এর subordinate clauseটি present tense এ হলে principal clauseটি future tense এ হয়। যেমন : $\frac{\text{I will ask him}}{\text{principal clause}}$ $\frac{\text{when I see}}{\text{subordinate clause}}$ him.
প্রশ্ন প্রদত্ত বাক্যের principal clause 'I will give it to you' future tense থাকায় subordinate clauseটি present tense অর্থাৎ, 'complete' হয়েছে।

Rule-7 : Present indefinite + As if/ As though + Past indefinite

১১. He behaved as though he — overything. [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ⓚ knows ⓛ knew
ⓜ has known ⓝ had known **ঘ**

৫৫. She proceeded as though I —. [২০২৩২৩]

ⓚ did not speak ⓛ have not spoken
ⓜ had not spoken ⓝ not spoken **গ**

✔ **ব্যাখ্যা :** Present indefinite + As if/ As though + Past past perfect.
যেমন– She spoke as though she had not known anything. প্রশ্ন প্রদত্ত বাক্যটির প্রথম অংশে past

indefinite tense এ থাকায় as though এর পরবর্তী অংশে past perfect tense অর্থাৎ 'had not spoken' হয়েছে।

২৭. He did not give me —. [২০২৪২৩]

ক More advice খ Much advice
গ Many advices ঘ Many advice **খ**

৫১. Karim is tall, — Rahim is taller বাক্যটির শূন্যস্থানে কি হবে? [২০২৪১৮]

ক while খ so
গ but ঘ as **গ**

৩৩. Give her a telephone number to ring ___ she gets lost. [২০২৩৫৭]

ক Whether খ in case
গ unless ঘ perhaps **খ**

৬০. I will write down the phone number — I forget. [প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম ধাপ) '২৩]

ক In case খ if
গ unless ঘ ever through **ক**

৫৮. I walked fast — I should miss the train. [২০২৪০৩]

ক so খ that
গ lest ঘ or **গ**

৫৩. Walk carefully lest —. [২০২৪১১]

ক you will fall খ you should stumble
গ you have fallen ঘ you may fall **খ**

✔ **ব্যাখ্যা :** lest থাকলে subject + should + verb এর base form বসে। তাই সঠিক answer 'খ'।
একইভাবে, Walk fast lest you should miss the train. সাধারণত lest পাছে ভয় হয় অর্থে ব্যবহৃত হয়। অর্থাৎ, এই কাজটি এখন না করলে ক্ষতি বা অন্য কিছু হবার সম্ভাবনা আছে এরকম বুঝাতে lest ব্যবহৃত হয়।

১১. Which of the following sentences is correct? [২০২৩৫২]

ক He disguised himself lest he be recognized.
খ He was disguised lest he should be recognized.
গ He disguised lest he be recongized.
ঘ He disguised himself lest he can be recognized. **খ**

✔ **ব্যাখ্যা :** lest অর্থ– পাছে ভয় আছে। কোন বাক্যে lest থাকলে, তাহলে এরপর subject + should/might + vi হয়। প্রদত্ত অপশনের সঠিক বাক্য– He was disguised lest he should be rcognized.

১২. He ran fast lest he miss the train. [২০২৪২৯]

ক shall খ should
গ will ঘ would
ঙ no word is missing **খ**

২৫. Reza ran fast lest he — the train. [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ক miss খ missed
গ should miss ঘ will miss **গ**

২. Conjunction কোনটি? [২০২৪২৪]

ক The খ is
গ up ঘ and **ঘ**

✔ **ব্যাখ্যা :** যে word দ্বারা একের অধিক clause সংযুক্ত হয় তাকে conjunction বলে। যেমন– and, but, or, no, so, yet.

৩৮. Run fast or you will miss the train: here 'or' is — [২০২৩১৭]

ক adverb খ preposition
গ interjection ঘ conjunction **ঘ**

✔ **ব্যাখ্যা :** Run fast (1st clause) or you will miss the train (2nd clause).
এই clause দু'টির প্রথমটি হলো Run fast (জোড়ে দৌড়াও) যা দ্বারা সম্পূর্ণ অর্থ প্রকাশ করা যায়। যা একটি Imperative sentence। এটি হলো Principal clause। ২য় অংশটি হলো you will miss the train (তুমি ট্রেন মিস করবে) এটি দ্বারাও ১ম clause ছাড়াও সম্পূর্ণ ভাব প্রকাশ করা যায়। তাই ২য় clause টি হলো coordinate clause।
Run fast (Principal clause) or you will miss the train (Coordinate clause)
এবং 'or' দ্বারা এই দুটি clause কে যুক্ত করা হয়েছে। তাই 'or' হলো conjunction।

Rule-8 : Structure-1 : Present indefinite/ Perfect + since + Past indefinite tense.
Structure-2 : Past indefinite tense + since + past perfect tense.

৫০. Which one is correct? [২০২৩৬৩]

ক It is one year since he died.
খ It is one year since he dead.
গ It is one year since he had died.
ঘ It is one year since he had dying. **ক**

৯. The Padma Bridge — over the Padma River is the longest bridge in Bangladesh. [২০২৩৭০]

ক constructed খ was constructed
গ is constructed ঘ which constructed **ঘ**

Rule-9 : ভবিষ্যৎ বুঝাতে until এরপর সাধারণত present indefinite tense হয়। অতীতকাল বুঝাতে until/ till এর Past indefinite tense হয়।

৩৯. He waited until the plane — [২০২৩৬৮]

অথবা, **Fill up : I waited until the plane —** [২০২৩১৭]

ⓚ did not take off ⓚ had taken off
ⓖ had not taken off ⓖ took off **ঘ**

১১. Stay here untill I —. [২০২৪২৪]

ⓚ do not return ⓚ not return
ⓖ return ⓖ should return **গ**

✔ **ব্যাখ্যা :** Until শব্দের অর্থ– যতক্ষণ না পর্যন্ত (up to)। সেহেতু until দ্বারা negative বোধক অর্থ প্রকাশ পায় তাই until দ্বারা যে clause শুরু হয় সে clause এ no বা not বসে না। যেমন : Wait here until rain stops.
প্রশ্নপ্রদত্ত বাক্যে until থাকায় পরবর্তী clauseটি negative হবে না। তাই শূন্যস্থানে 'return' হয়েছে।

২৬. Could you tell me —. [২০২৪০২]

ⓚ Where is he? ⓚ Where was he?
ⓖ Where did he? ⓖ Where he is? **ঘ**

২৫. This is the man ..... bag was stolen. [২০২৪৩৫]

ⓚ Whose ⓚ Who's
ⓖ Whom ⓖ Which **ক**

৪১. The news is — to be true. [২০২৪১৯]

ⓚ so good ⓚ too good
ⓖ good enough ⓖ enough good **খ**

✔ **ব্যাখ্যা :** too .... to বাক্যে negative অর্থ প্রকাশ করে। প্রথম 'too' এরপর সর্বদা adjective বসে। যেমন : The news is too good to be true.

৩০. There is — on the roads today? [২০২৩২০]

ⓚ too many traffic ⓚ very much traffic
ⓖ too much traffic ⓖ few traffic **গ**

✔ **ব্যাখ্যা :** Traffic হলো uncountable noun। তাই এর আগে uncountable determiner হিসেবে much বসবে। সেক্ষেত্রে traffic এর আগে too much বা so much বসালে ঠিক হবে। Option এ too much আগে, তাই too much বসবে।


৫৪. He is going to work in England, — he is learning English. [২০২৪১৮]

ⓚ though ⓚ but
ⓖ it ⓖ so **ঘ**

✔ **ব্যাখ্যা :** Cause and effect relationship বোঝাতে conjunction 'so' ব্যবহার করা হয়।
যেমন– She studied, so she passed the exam.
প্রশ্ন প্রদত্ত বাক্যের প্রথম clause টি cause বোঝায়, তাই পরবর্তী clause এ 'so' বসেছে।

Phenom Publications

27 Preposition




কোনো দিকে গতিশীল অবস্থা– To
কোনো স্থান হতে গতিশীল অবস্থা– From
ভিতর দিয়ে অতিক্রম করা– Through
বাইরে থেকে ভিতরের দিকে গতিশীল– Into
ভিতরে থেকে বাহিরে গতিশীল– Out, Of
ভিতরে স্থিতাবস্থা– In
বাইরের স্থিতাবস্থা– Outside
তল স্পর্শ করে উপরে অবস্থান– On
তল স্পর্শ না করে উপরে গতিশীল অবস্থা– Over
তল স্পর্শ না করে উপরে স্থির অবস্থা– Above
তল স্পর্শ না করে অবিচ্ছিন্নভাবে নিচে অবস্থান– Under
তল স্পর্শ না করে বিচ্ছিন্নভাবে নিচে অবস্থান– Below

About

(i) বিষয়ে : About এর একটি অর্থ হলো– বিষয়ে বা সম্বন্ধে। যেমন– I know every thing about him. (আমি তার সম্বন্ধে সবকিছু জানি।)


(ii) চারদিকে : এর অন্য একটি অর্থ হলো– চারদিকে। অর্থাৎ কোনো কিছুর চারদিকে। নিচের চিত্রটির মাধ্যমে ব্যাপারটা বোঝা যাবে।



এখানে Y হলো একটি বিশেষ বস্তু, স্থান, বা জিনিস। তার চারদিকে ঘিরে অন্য একটি কাজ ঘটছে। যেমন– I wrapped a piece of cloth about my finger. (আমি আমার আঙ্গুলের চারপাশে এক খণ্ড কাপড় জড়ালাম)। (এখানে, about = around)

(iii) প্রায় : About এর আরেকটি অর্থ হলো প্রায় বা কাছাকাছি। যেমন নিচের AB দাগটির দৈর্ঘ, ধরা যাক, 6 ইঞ্চি। CD

দাগটি AB এর চেয়ে সামান্য ছোট। অর্থাৎ প্রায় (about) AB এর মতো।



তাহলে বলা যায়, This stick is about six inches long.

(iv) উপলক্ষে : She came to our house about the matter. (সে এই ঘটনা উপলক্ষে আমাদের বাড়িতে এসেছিল)

At

(i) স্থান : কোন স্থানের নির্দিষ্ট কোন অবস্থানকে বুঝতে at ব্যবহৃত হয়।


চিত্রে Y একটি স্থানের নির্দিষ্ট একটি স্থিরবিন্দু। একে বুঝানোর জন্য at ব্যবহৃত হবে। যেমন সে খুলনায় থাকে – He lives at Khulna.

(ii) সময় : He will come at 5 P.M.

(iii) মূল্য : The chair has been priced at four hundred taka.

(iv) যাত্রা : The car ran at 120 miles per hour.

(v) দিকে : at কখনও কখনও "দিকে" অর্থ প্রকাশ করে।



প্রদত্ত চিত্র থেকে ব্যাপারটি বোঝা যাচ্ছে।

যেমন : The dog ran at the new-comer.
The dog barked (ঘেউ ঘেউ করা) at me.

(vi) দায়িত্ব : Do it at your own cost. (নিজের খরচে এটা কর।)
He did it at his own risk.

২৬. Everyday I get up — 6 o'clock.

[২০২৩৭৫]

ক in খ at
গ of ঘ by **খ**

৫৬. Which one is the incorrect sentence?

[প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় ধাপ) '২৪]

ক Fetch some water for me
খ We are united
গ We reached at home yesterday
ঘ He answered my questions **গ**

✔ **ব্যাখ্যা :** 'Home' এর পূর্বে কোন preposition বসে না। যেমন– He came home a few hours ago. প্রদত্ত অপশনের মধ্যে অপশন (গ) ভুল কারণ 'Home' এরপূর্বে preposition 'at' আছে। বাক্যটির সঠিক রূপ হয়– He reached home yesterday.


By

(i) পাশে : নিচের চিত্রে Y হল একটি বস্তু, তার পাশে আরেকটি বস্তু Z রয়েছে। এদের সহাবস্থান সম্পর্ক বুঝাতে হলে by ব্যবহার করতে হবে।


তাহলে লেখা যায়, Rahim sat by me. (রহিম আমার পাশে বসেছিল।)

(ii) কাছাকাছি সময়ে, নাগাদ : সে পাঁচটা নাগাদ ফিরবে – He will return by 5 P.M.

লক্ষ্য কর, by 5 P.M. বলতে 5 টার আগে যে কোন সময়কে বুঝাতে পারে, তবে তা হবে 5 টার খুব কাছাকাছি। AB রেখা বরাবর সময়কে নির্দেশ করা হলে 5 টার পার্শ্বস্থ m, n, o বিন্দুগুলোর জন্য by 5 P.M. লেখা যায় :



(iv) মাধ্যমে : কর্তা সরাসরি কোন কাজ করবে না, কাজটি পরোক্ষভাবে কৃত হবে এরূপ বুঝাতে by ব্যবহৃত হয়।



চিত্রে দেখা যাচ্ছে Y নিজে না কিনে Z কে দিয়ে একটি জিনিস কেনাচ্ছে। এরূপ ক্ষেত্রে by ব্যবহৃত হয়।

She had her rice bought by her servant.
The work was done by him.
Kill the snake by the stick.

(iv) অনুসারে : Now it is 10 p.m. by my watch
(আমার ঘড়ি অনুসারে এখন রাত দশটা বাজে।)

(v) পরিমাপ : বিশেষ করে প্রস্থের পরিমাপের আগে ঃ

Our dining table is 4 feet by $2\frac{1}{2}$ feet

(vi) শপথ করা : You swore (শপথ করেছিলে) by God (ঈশ্বরের নামে) that you would never tell a lie.

৭২. Mahabub is — the phone right now. [২০২৩৭৯]

ক in খ on
গ at ঘ by **খ**

✔ **ব্যাখ্যা :** ফোনে কথা বলা চলমান বোঝাতে 'On the phone' হয়। যেমন : We were on the phone for 45 minutes. প্রদত্ত বাক্যের শূন্যস্থানে 'on' বসিয়ে অর্থ হয়– মাহবুব ফোনে কথা বলছে এখন।

২৩. Let us discuss the problem.... telephone.

[২০২৩৬১]

ক by খ on
গ over ঘ in **ক**


In

(i) স্থান : In দ্বারা কোন স্থানের মধ্যবর্তী জায়গাকে বুঝানো হয়। যেমন, নিচের চিত্রে Y একটি জায়গার মধ্যে অবস্থিত?



উদাহরণ : I live in Dhaka.
They live in a large (বিশাল) room.

(ii) সময়কাল : কোন নির্দিষ্ট সময়কালের মধ্যে একটি কাজ ঘটে, ঘটেছিল, ঘটবে ইত্যাদি বুঝাতে in ব্যবহৃত হয়। নিচের চিত্রে 4 p.m. থেকে 5 p.m. সময় দেখানো হয়েছে। মোট সময়কাল হল (5 – 4) = 1 ঘণ্টা। এখন একজন লোক যদি 5 p.m. ও 4 p.m. এর মধ্যে আসবে এরূপ ধারণা 4 p.m. এর সময় পোষণ করা হয় তাহলে বলা যায় যে He will come in an hour.



(iii) অবস্থা : He is in good health. The machine is in good condition.

(iv) ক্ষেত্রে : In this case, the shopkeeper is quility, not the customer.

(v) বিবেচনায় : Please do it in my own interest.

১৫. I have a pain — my leg. [২০২৩৭২]

ⓚ in ⓛ on
ⓜ with ⓝ into **ক**

✔ **ব্যাখ্যা :** শরীরের কোন স্থানে ব্যাথা থাকা বোঝাতে preposition 'in' বসে। যেমন : I got a pain in my hands.
প্রদত্ত প্রশ্নের শূন্যস্থানে 'in' বসিয়ে অর্থ হয়– আমার পায়ে ব্যাথা আছে।

৩৫. Which of the following sentence is correct? [২০২৩৫৯]

ⓚ Let's go for walk.
ⓛ Discuss the matter in detail
ⓜ They raised hue and cry.
ⓝ Vegetables is my favourite food. **খ**


✔ **ব্যাখ্যা :** অপশন (ক) ভুল কারণ 'Walk' এর পূর্বে article 'a' হয়। অপশন (গ) ভুল কারণ hue and cry (শোরগোল) phrase এর পূর্বে article 'a' হবে। এখানে অপশন (ঘ) ভুল কারণ 'vegetables' third person plurul number হওয়ায় এর verb 'are' হবে। অপরপক্ষে অপশন (খ) এর বাক্যটি সঠিক। Discuss the matter in detail. এর অর্থ– ব্যাপারটির নিয়ে বিশদভাবে আলোচনা কর।

Of

(i) উদ্ভূত : He came of a good family.
(ii) মালিকানা : This pen is of my sister's.
(iii) উপকরণ : The gold of this ring is pure.
This house is built of brick.
This basket is made of bamboo.
(iv) অভিন্ন সম্পর্ক : City of Dhaka = ঢাকা শহর।
district of Khulna : খুলনা জেলা
(v) বিষয় : I know nothing of (= about) it.
(vi) কারণ : die + of + রোগের নাম বা অন্য কারণে এরূপে ব্যবহৃত হয়,
যেমন : He died of diarrhoea.

On upon

(i) উপরি তলের সংস্পর্শ : যেমন এই চেয়ারে (= চেয়ারের উপরে) বস। sit on this chair. চিত্রের মাধ্যমে নিম্নরূপে দেখানো যায়



Put the book on the table. (টেবিলের উপর বইটি রাখ)

(ii) নির্দিষ্ট দিন বা তারিখ : He will come on the 15th of this month. (আমরা ভাত খেয়ে বাঁচি = আমরা ভাতের উপর নির্ভরশীল হয়ে বাঁচি।)

(iii) অনুসারে : He was forgiven by the teacher on my request.
He took one weak's leave on medical advice.

(iv) পরপরই, ফলস্বরূপ : On reading the letter (চিঠিটি পড়েই), she started weeping.
On receiving this message (সংবাদ), he was very happy.

(v) উপলক্ষ : I thank you on your success.
He came here on the occasion and joined the party.

(vi) বিষয়ে : He wrote a fine book on grammar. (তিনি ব্যাকরণ বিষয়ে বা ব্যাকরণের উপর একটি চমৎকার বই লিখেছিলেন।)
We shall discuss on it latter. (পরে আমরা এ বিষয়ে আলাপ করব।)

৬৯. I could not park the limousine, it is right now — the way. [২০২৩৬৬]

ⓚ on ⓛ in
ⓜ up ⓝ across **ক**

✔ **ব্যাখ্যা :** 'On the way' অর্থ– পথিমধ্যে বা পথে।
যেমন : We will all be having a jolly good munch on the way home. প্রদত্ত প্রশ্নের শূন্যস্থানে 'on' বসালে বাক্যটি সঠিক হয়।

৫৯. There is a coffee shop — the street.

Phenom Publications

[৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) at খ) on
গ) before ঘ) across খ, ঘ

✔ **ব্যাখ্যা :** There is a coffee shop on the street. There is a coffee shop ocross the street.
দুইটাই correct, কেননা প্রথমটিতে রাস্তার যে পাশে লোকটি আছে সে পাশে coffee shop থাকলে on the street হবে। আবার রাস্তার অপর পার্শ্বে বুঝাতে across the street বসে।

১৭. Fill in the blanks with an appropriate preposition : In Bangladesh we drive — the left. [২০২৪২৬]

ক) in খ) on
গ) at ঘ) by খ

২. I put the camera — a tripod so I can take a steady picture. [২০২৪২৯]

ক) by খ) above
গ) in ঘ) on
ঙ) None ঘ


✔ **ব্যাখ্যা :** কোনো কিছুর উপরে রাখা অর্থে preposition 'on' হয়। যেমন– I put my phone on the desk.
প্রদত্ত বাক্য অনুসারে, camera টি tripod এর উপর রাখা হয়েছিল। তাই শূন্যস্থানে preposition 'on' হয়েছে।

To

(i) দিক, দূর থেকে কোন নির্দিষ্ট দিকে : নিচের চিত্রে দেখ একটি কাজ ঘটতে ঘটতে অন্য একটি দিকে অগ্রসর হচ্ছে এরূপ দেখান হয়েছে।

A ——to——→ • Y

যেমন : I am going to Dhaka. (আমি ঢাকা যাচ্ছি।)
বক্তা যখন কথাটি বলছে তখন সে ঢাকা থেকে দূরে – ধরা যাক A বিন্দুতে। সে ঢাকায় পৌছার আগ পর্যন্ত তার বাক্যে to ব্যবহার করতে পারবে। অর্থাৎ ঢাকায় এসে পৌছানোর পর সে আর বলতে পারবে না – "I am going to Dhaka" তখন তাকে বলতে হবে। "I am in Dhaka" চিত্র দিয়ে এই in কে নিম্নরূপ বুঝানো যেতে পারে।



চিত্রের বিন্দু (Y) টিকে বুঝাতে হলে in ব্যবহার করতে হবে। যেমন : I am in a danger. He is in the hall room now.

(ii) অনুযায়ী : I found the place to my liking. (আমি বইটিকে পছন্দসই হিসেবে পেয়েছিলাম = বইটি ছিল আমার পছন্দের অনুযায়ী।)
This food is not to my taste. (এ খাদ্য আমার রুচির অনুগামী নয়।)

(iii) পর্যন্ত : We want to fight to the end of the bottle এই ব্যবহারটি মূলত : (i)-এর মত।

(iv) প্রতি, উদ্দেশ্যে : Send a letter to Rahim.
We invited him to the party. (এই ব্যবহারটিও মূলত (i) এর মত।

(v) পরিণাম : He was sentenced to the jail. (তাকে জেলে পাঠান হল।)
Burn the letter to ashes. (চিঠিটিকে পোড়াতে পোড়াতে ছাই বানিয়ে ফেল।)
Beat the dog to death. (কুকুরটিকে মারতে মারতে মেরে ফেল।)
The dying (মুমূর্ষু) bird was brought back to life.

(vi) অনুপাত : What number is to 10 as 20 is to 40?
(40 এর সাথে 20 এর যে অনুপাত 10 এর সাথে কোন সংখ্যায় সেই অনুপাত?)
Ten to one will he succeed. (সে 10 ভাগের এক ভাগ কৃতকার্য হবে।)

৮৫. Fill in the blank with appropriate preposition: Come — the park with me. [২০২৩২৩]

ক) to খ) in
গ) into ঘ) at ক

✔ **ব্যাখ্যা :** কোনো দিক, দূর থেকে নির্দিষ্ট দিকে বুঝাতে to

A ——To——→ B (A থেকে B এর দিকে)

প্রশ্নে Park এর দিকে আসতে বলা হয়েছে। তাই শূন্যস্থানে to বসবে। শূন্যস্থানে to বসিয়ে বাক্যের অর্থ– আমার সাথে পার্কের দিকে আস।

৬৮. Have you ever been ... Dhaka? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় ধাপ) '২৪]

ক) at খ) to
গ) in ঘ) on খ

$\therefore$ ৩য়, ৪র্থ ও ৫ম সংখ্যাগুলো $(8 + 1) = 9, (9 + 1) = 10$ এবং $(10 + 1) = 11$
$\therefore$ শেষ তিনটি সংখ্যার যোগফল $(9 + 10 + 11) = 30$

৪. দুটি ক্রমিক পূর্ণ সংখ্যা নির্ণয় করুন যাদের বর্গের অন্তর 49 —. [২০২৩২১]

(ক) 21, 22 (খ) 22, 23
(গ) 24, 25 (ঘ) 20, 22 **গ**

✔ **সমাধান :** মনে করি, একটি সংখ্যাটি x
$\therefore$ অপর সংখ্যাটি $= (x + 1)$
শর্তমতে, $(x + 1)^2 - x^2 = 49$
$\Rightarrow x^2 + 2x + 1 - x^2 = 49$
$\Rightarrow 2x = 48$
$\therefore x = 24$
$\therefore$ অপর সংখ্যাটি $(24 + 1) = 25$
$\therefore$ সংখ্যা দুটি 24, 25

৩০. পাঁচটি ধারাবাহিক পূর্ণসংখ্যার গড় হলো 15। সবচেয়ে বড় পূর্ণসংখ্যা কত? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

(ক) 18 (খ) 20
(গ) 22 (ঘ) 24 বিদ্র.

✔ **সমাধান :** পাঁচটি ধারাবাহিক পূর্ণসংখ্যার গড় হলো 15
$\therefore$ মাঝের/৩য় সংখ্যাটি = 15
$\therefore$ সংখ্যাগুলো 13, 14, 15, 16, 17
$\therefore$ সবচেয়ে বড় পূর্ণসংখ্যা 17

১২. পাঁচটি ধারাবাহিক বিজোড় সংখ্যার সমষ্টি সংখ্যাগুলোর গড় অপেক্ষা 260 বেশি। সংখ্যাগুলোর মধ্যে ক্ষুদ্রতম সংখ্যাটি কত? [২০২৪২৩]

(ক) 51 (খ) 71
(গ) 61 (ঘ) 81 **গ**

✔ **সমাধান :** মনে করি, সবচেয়ে ছোট বিজোড় সংখ্যাটি = x
$\therefore$ অপর বিজোড় সংখ্যাগুলো $(x + 2), (x + 4), (x + 6), (x + 8)$
$\therefore$ সংখ্যাগুলোর গড়

$$\frac{x + x + 2 + x + 4 + x + 6 + x + 8}{5} = x + 4$$

শর্তমতে, $5x + 20 = x + 4 + 260$
$\Rightarrow 4x = 244$
$\Rightarrow x = 61$
$\therefore$ সবচেয়ে ক্ষুদ্রতম সংখ্যাটি 61

৫১. তিনটি ক্রমিক বিজোড় সংখ্যার গুণফল সর্বদাই নিচের কোন সংখ্যা দ্বারা বিভাজ্য হবে? [২০২৩৪৩]

(ক) 2 (খ) 3 (গ) 4 (ঘ) 5 **খ**

✔ **সমাধান :** তিনটি ক্রমিক বিজোড় সংখ্যার গুণফল বিজোড় সংখ্যা হবে। যা জোড় সংখ্যা 2, 4 দ্বারা বিভাজিত হবে না।
সংখ্যা তিনটি 1, 3, 5 হলে, $1 \times 3 \times 5 = 15$

$$\frac{15}{3} = 5$$

$$\frac{15}{5} = 3$$

আবার, সংখ্যা তিনটি 3, 5, 7 হলে, $3 \times 5 \times 7 = 105$

$$\frac{105}{3} = 35$$

$$\frac{105}{5} = 21$$

কিন্তু, সংখ্যা তিনটি $-1, 1, 3$ হলে $(-1) \times 1 \times 3 = -3$

$$-\frac{3}{3} = -1$$

$-\frac{3}{5}$ = যা পূর্ণসংখ্যা নয়

অর্থাৎ এক্ষেত্রে বিজোড় সংখ্যাগুলোর গুণফল 3 দ্বারা বিভাজ্য হবে।

৩. 100 হতে বড় দুইটি পূর্ণসংখ্যার যোগফল 300 হলে, সংখ্যা দুইটির অনুপাত কত? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক 1 : 9 খ 2 : 5
গ 2 : 3 ঘ 3 : 5 **গ**

✔ **সমাধান :** যেহেতু 100 হতে বড় দুইটি পূর্ণসংখ্যার যোগফল 300
∴ সংখ্যা দুইটি 100 হতে বড় এবং (300 – 100) = 200 অপেক্ষা ছোট।
∴ সংখ্যা দুইটি হতে পারে 120 এবং 180।
∴ সংখ্যা দুইটির অনুপাত 120 : 180 = 2 : 3

বিভিন্ন ধরনের উপাত্ত হতে সংখ্যা নির্ণয়

৬৩. দুইটি সংখ্যার অনুপাত 5 : 8। উভয়ের সাথে 2 যোগ করলে অনুপাতটি 2 : 3 হয়। সংখ্যা দুইটি কত? [২০২৩১৯; ২০২৩২৪]

ক 7 ও 11 খ 12 ও 18
গ 10 ও 24 ঘ 10 ও 16 **ঘ**

✔ **সমাধান :** মনে করি, একটি সংখ্যা 5x
∴ অপর সংখ্যাটি 8x
শর্তমতে, $\frac{5x+2}{8x+2}=\frac{2}{3}$
$\Rightarrow 16x + 4 = 15x + 6$
$\Rightarrow x = 2$
∴ সংখ্যা দুটি $5 \times 2 = 10$ এবং $8 \times 2 = 16$

২৬. দুটি সংখ্যার যোগফল 80 এবং বিয়োগফল 60 হলে সংখ্যা দুটি কত? [২০২৩৬২]

ক 70, 80 খ 70, 10
গ 70, 20 ঘ 50, 60 **খ**

✔ **সমাধান :** মনে করি, সংখ্যা দুটি x এবং y এবং $x > y$
শর্তমতে, $x + y = 80$ ..... (i)
এবং $x - y = 60$ ..... (ii)
(i) + (ii) $\Rightarrow 2x = 140$
$\therefore x = 70$
(i) $\Rightarrow y = 80 - 70 = 10$
∴ সংখ্যা দুটি 70 এবং 10

৩৯. যদি একটি সংখ্যার দ্বিগুণের সাথে 30 যোগ করা হয়, তাহলে যোগফল ঐ সংখ্যা 4 গুণ হয়। সংখ্যাটির তিনগুণ কত? [২০২৪১৮]

ক 105 খ 45
গ 18 ঘ 20 **খ**

✔ **সমাধান :** মনে করি, সংখ্যাটি x
শর্তমতে, $2x + 3 = 4x$
$\Rightarrow 2x = 30$
$\therefore x = 15$
∴ সংখ্যাটির তিনগুণ $= 3 \times 15 = 45$

৮৮. দুটি সংখ্যার যোগফল, তাদের বিয়োগফলের দ্বিগুণ। সংখ্যা দুটির অনুপাত কত? [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ক 2 : 1 খ 3 : 1
গ 4 : 3 ঘ 3 : 2 **খ**

✔ **সমাধান :** মনে করি, সংখ্যা দুটি x এবং y
শর্তমতে, $x + y = 2(x - y)$
$\Rightarrow x + y = 2x - 2y$
$\Rightarrow x = 3y$
$\Rightarrow \frac{x}{y}=\frac{3}{1}$
$\Rightarrow x : y = 3 : 1$

২৬. তিনটি সংখ্যা জোড়ায় জোড়ায় যোগ করলে যোগফল 20, 27 এবং 23 হয়। সংখ্যা তিনটি কত? [২০২৪১৩; ২০২৪২১]

ক 6, 4 এবং 15 খ 9, 11 এবং 14
গ 10, 8 এবং 17 ঘ 8, 12 এবং 15 **ঘ**

✔ **সমাধান :** মনে করি, সংখ্যা তিনটি যথাক্রমে x, y, z
শর্তমতে, $x + y = 20$ .....(i)
$y + z = 27$ .....(ii)
এবং $z + x = 23$.....(iii)
(i) + (ii) + (iii) $\Rightarrow 2(x + y + z) = 70$
$\Rightarrow x + y + z = 35$.....(iv)
(iv) – (i) $\Rightarrow z = 15$
(iv) – (ii) $\Rightarrow x = 8$
(iv) – (iii) $\Rightarrow y = 12$
∴ সংখ্যা তিনটি 8, 12 এবং 15.

৫৯. 1 থেকে 150 এর মধ্যে কতটি সংখ্যাকে দুটি স্বাভাবিক সংখ্যার বর্গের যোগফল আকারে প্রকাশ করা যায়? [২০২৩৪৩]

ক 35টি খ 41টি
গ 51টি ঘ 55টি **খ**

✔ **সমাধান :** 1 থেকে 150 পর্যন্ত 2, 5, 8, 10, 13, 17, 18, 20, 25, 26, 29, 32, 34, 37, 40, 41, 45, 50, 52, 53, 58, 61, 65, 68, 72, 73, 74, 80, 82, 85, 89, 90, 101, 104, 109, 116, 122, 125, 128, 130, 145 মোট 41টি। সংখ্যাকে দুটি স্বাভাবিক সংখ্যার বর্গের যোগফল আকারে প্রকাশ করা যায়।

ভাগশেষ/অবশিষ্ট বের করা

৩০. যদি x কে 7 দিয়ে ভাগ করা হয়, তবে ভাগশেষ 5 থাকে। যদি 3x কে 7 দিয়ে ভাগ করা হয়, তবে ভাগশেষ কত থাকবে? [২০২৪১৮]

ক 1 খ 3 গ 5 ঘ 4 **ক**

✔ **সমাধান :** মনে করি, x কে 7 দ্বারা ভাগ করলে ভাগফল = a
$\therefore x = 7a + 5$..... (i)
(i) $\times 3 \Rightarrow 3x = 21a + 15$
$\Rightarrow 3x = 21a + 14 + 1$

Phenom Publications

$\Rightarrow 3x = 7(3a + 2) + 1$

$\therefore$ 3x কে 7 দ্বারা ভাগ করলে ভাগশেষ 1 হবে।

৬৯. কোন ক্ষুদ্রতম পূর্ণ বর্গ সংখ্যা 9, 15 এবং 25 দ্বারা বিভাজ্য? [২০২৩৪৩]

ক 81 খ 225 গ 825 ঘ 625 **খ**

✔ **সমাধান :**

$$\begin{array}{r|l} 3 & 9,\ 15,\ 25 \\ \hline 5 & 3,\ 5,\ 25 \\ \hline & 3,\ 1,\ 5 \end{array}$$

$\therefore$ ক্ষুদ্রতম পূর্ণবর্গ সংখ্যাটি $= (3 \times 3) \times (5 \times 5) = 225$

ল.সা.গু. করে সংখ্যা বের করা

২৯. 15, 20, 25 এর ল.সা.গু কত হবে? [২০২৪২৭]

ক 100 খ 200 গ 250 ঘ 300 **ঘ**

✔ **সমাধান :**

$$\begin{array}{r|l} 5 & 15,\ 20,\ 25 \\ \hline & 3,\ 4,\ 5 \end{array}$$

$\therefore$ ল.সা.গু. $= 5 \times 3 \times 4 \times 5 = 300$

১. $\frac{x^2 - x - 30}{x^2 - 36}$ এর লঘিষ্ট রূপ কোনটি? [২০২৩২১]

ক $\frac{x+5}{x+6}$ খ $\frac{x+5}{x-6}$ গ $\frac{x-5}{x+6}$ ঘ $\frac{x-5}{x-6}$ **ক**

✔ **সমাধান :** $\frac{x^2 - x - 30}{x^2 - 36} = \frac{x^2 - 6x + 5x - 30}{x^2 - 6^2}$

$= \frac{x(x-6) + 5(x-6)}{(x+6)(x-6)}$

$= \frac{(x-6)(x+5)}{(x+6)(x-6)}$

$= \frac{x+5}{x+6}$

৬৩. কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে 3 যোগ করলে যোগফল 8, 18, 24 দ্বারা বিভাজ্য হবে? [২০২৩৪৭]

ক 69 খ 89 গ 89 ঘ 45 **ক**

✔ **সমাধান :**

$$\begin{array}{r|l} 2 & 8,\ 18,\ 24 \\ 2 & 4,\ 9,\ 12 \\ 2 & 2,\ 9,\ 6 \\ 3 & 1,\ 9,\ 3 \\ \hline & 1,\ 3,\ 1 \end{array}$$

$\therefore$ ল.সা.গু. $= 2 \times 2 \times 2 \times 3 \times 3 = 72$

$\therefore$ নির্ণেয় লঘিষ্ঠ সংখ্যা $(72 - 3) = 69$

৫৫. কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে 3 যোগ করলে যোগফল 24, 36 ও 48 দ্বারা বিভাজ্য হবে? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় ধাপ) '২৪]

ক 42 খ 141 গ 87 ঘ 104 **খ**

✔ **সমাধান :**

$$\begin{array}{r|l} 2 & 24,\ 36,\ 48 \\ 2 & 12,\ 18,\ 24 \\ 2 & 6,\ 9,\ 12 \\ 3 & 3,\ 9,\ 6 \\ \hline & 1,\ 3,\ 1 \end{array}$$

$\therefore$ ল.সা.গু. $= 2 \times 2 \times 2 \times 3 \times 3 \times 2 = 144$

$\therefore$ নির্ণেয় লঘিষ্ঠ সংখ্যা $(144 - 3) = 141$

৩২. 2, 3, 4 এবং 6 দ্বারা বিভাজ্য কিন্তু 5 দ্বারা বিভাজ্য নয় কোনটি? [২০২৩৪৯]

ক 138 খ 644 গ 1022 ঘ 1428 **ঘ**

✔ **সমাধান :**

$$\begin{array}{r|l} 2 & 2,\ 3,\ 4,\ 6 \\ 3 & 1,\ 3,\ 2,\ 3 \\ \hline & 1,\ 1,\ 2,\ 3 \end{array}$$

$2 \times 3 \times 2 = 12$

$1428 \div 12 = 119$

$1428 \div 5 = 285.5$ (পূর্ণসংখ্যা নয়)

(যা 5 দ্বারা বিভাজ্য নয়)

৯. 1 হতে বড় 1000 এর মধ্যে কতগুলো সংখ্যা আছে যার 16 দ্বারা বিভাজ্য নয়, কিন্তু 30 দ্বারা বিভাজ্য? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক 33 খ 35

গ 37 ঘ 41 **বিদ্র.**

✔ **সমাধান :** $1000 \div 30 = 33.33$

$\therefore$ 1 থেকে 1000 পর্যন্ত 30 দ্বারা বিভাজ্য 33টি সংখ্যা রয়েছে।

$$\begin{array}{r|l} 2 & 16,\ 30 \\ \hline & 8,\ 15 \end{array}$$

$\therefore 2 \times 8 \times 15 = 240$

$1000 \div 240 = 4.17$

$\therefore$ 30 দ্বারা বিভাজ্য কিন্তু 16 দ্বারা বিভাজ্য নয় এমন 4টি সংখ্যা 1 হতে বড় 1000 এর মধ্যে থাকবে।

$\therefore$ 1 হতে বড় 1000 এর মধ্যে 16 দ্বারা বিভাজ্য নয়; কিন্তু 30 দ্বারা বিভাজ্য সংখ্যার সংখ্যা $(33 - 4) = 29$টি।

৫১. ক, খ, গ এর মধ্যে 260 টাকা এরূপে ভাগ করে দাও যেন ক এর অংশের দ্বিগুণ, খ এর অংশের 3 গুণ এবং গ এর অংশের 4 গুণ পরস্পর সমান হয়। [২০২৩২৮]

ক 130, 70, 50, 60 খ 100, 30, 50

গ 120, 80, 60 ঘ 115, 40, 80 **গ**

✔ **সমাধান :** মনে করি,

ক, খ ও গ এর টাকার পরিমাণ যথাক্রমে x, y, z

$\therefore x + y + z = 260$ .... (i)

এবং $2x = 3y = 42$ .... (ii)

(ii) হতে $3y = 2x$

$\Rightarrow y = \frac{2x}{3}$

এবং $4z = 2x \Rightarrow z = \frac{x}{2}$

$\therefore x + \frac{2x}{3} + \frac{x}{2} = 260$

$\Rightarrow \frac{6x + 4x + 3x}{6} = 260$

$\Rightarrow x = \frac{260 \times 6}{13} = 120$

$\therefore y = \frac{2 \times 120}{3} = 80$

$\therefore z = \frac{120}{2} = 60$

$\therefore$ ক, খ ও গ টাকার পরিমাণ যথাক্রমে 120, 80 ও 60

উত্তর : 120, 80 এবং 60

গ.সা.গু. করে সংখ্যা বের করা

৫৩. The ratio of two numbers is 10 and their difference is 18. What is the value of the smallest number? [২০২৩৪৫]

ⓚ 2 ⓚ 5
ⓖ 10 ⓖ 21 **ক**

✔ **সমাধান :** মনে করি,
সংখ্যা দুটি x ও y : $x > y$
শর্তমতে, $\frac{x}{y} = 10$
$\Rightarrow x = 10y$ ... ... (i)
এবং $x - y = 18$
$\Rightarrow 10y - y = 18$
$\Rightarrow 9y = 18$
$\therefore y = 2$
$\therefore$ ছোট সংখ্যাটি 2

বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা

১২. তিন অংকের ক্ষুদ্রতম সংখ্যা কত? [২০২৪৩০]

ⓚ 100 ⓚ 001 ⓖ 111 ⓖ 999 **ক**

৬১. এক অঙ্কের বৃহত্তম সংখ্যা কোনটি? [২০২৪২৪]

ⓚ 1 ⓚ 10 ⓖ 01 ⓖ 9 **ঘ**

৩৬. পাঁচ অংকের বৃহত্তম সংখ্যা হতে পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল কত? [২০২৩১৮]

ⓚ 99900 ⓚ 89999
ⓖ 79999 ⓖ 99999 **খ**

✔ **সমাধান :** পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা 99999
" " ক্ষুদ্রতম " 10000
$\therefore$ বিয়োগফল (99999 – 10000) = 89999

৩৭. 0, 1, 2, 5 দিয়ে গঠিত 4 অংকের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল কত? [২০২৪০৪; ২০২৪০৫]

ⓚ 4185 ⓚ 4575
ⓖ 4265 ⓖ 4365 **ক**

✔ **সমাধান :** 0, 1, 2, 5 দিয়ে গঠিত 4 অংকের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা যথাক্রমে 5210 ও 1025
$\therefore$ বিয়োগফল (5210 – 1025) = 4185

বিভাজ্যতা

৩৩. 36 সংখ্যাটির মোট কতগুলো ভাজক আছে? [২০২৩৩৯]

ⓚ 6টি ⓚ 8টি ⓖ 9টি ⓖ 10টি **গ**

✔ **সমাধান :**

$$\begin{array}{r|l} 2 & 36 \\ \hline 2 & 18 \\ \hline 3 & 9 \\ \hline & 3 \end{array}$$

$\therefore 36 = 2^2 \times 3^2$
$\therefore$ 36 এর ভাজক সংখ্যা হবে
$= (2 + 1) \times (2 + 1)$ টি = ৯টি

৩২. 72 সংখ্যাটির মোট কতটি ভাজক আছে? [২০২৪০৭; ২০২৩৭৭]

ⓚ 9 ⓚ 10 ⓖ 11 ⓖ 12 **ঘ**

✔ **সমাধান :**

$$\begin{array}{r|l} 2 & 72 \\ \hline 2 & 36 \\ \hline 2 & 18 \\ \hline 3 & 9 \\ \hline & 3 \end{array}$$

$\therefore 72 = 2^3 \times 3^2$
$\therefore$ 72 এর ভাজক সংখ্যা হবে $= (3 + 1) \times (2 + 1)$
$= 4 \times 3 = 12$ টি।

৬১. ভাজক 10, ভাগফল 10, ভাগশেষ 1 হলে ভাজ্য কত? [২০২৩২৬]

ⓚ 101 ⓚ 201 ⓖ 99 ⓖ 110 **ক**

✔ **সমাধান :** ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ
$= 10 \times 10 + 1$
$= 100 + 1$
$= 101$

৫৯. নিচের কোন সংখ্যাটি 5 দ্বারা বিভাজ্য? [২০২৪০২]

ⓚ 826 ⓚ 2225 ⓖ 4324 ⓖ 6208 **খ**

✔ **সমাধান :** 5 দ্বারা বিভাজ্য সংখ্যার সর্বশেষ অঙ্ক 0 অথবা 5 হতে হবে।
$\therefore$ 2225 সংখ্যাটি 5 দ্বারা বিভাজ্য।

৬৪. কোন সংখ্যাটি 3 দ্বারা নিঃশেষে বিভাজ্য নয়? [২০২৩৬৯]

ⓚ 126 ⓚ 141 ⓖ 324 ⓖ 139 **ঘ**

✔ **সমাধান :** $324 \div 3 = 108$
$\therefore$ 324 সংখ্যাটি 3 দ্বারা নিঃশেষে বিভাজ্য।

৭২. তিন অংকের বৃহত্তম সংখ্যা হতে কোন লঘিষ্ঠ সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল 6, 12, 18 দ্বারা বিভাজ্য হবে? [২০২৩৩২]

Phenom Publications

ক 20 খ 23 গ 25 ঘ 27 **ঘ**

✔ **সমাধান :** তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা 999

$$\begin{array}{r|l} 2 & 6,\ 12,\ 18 \\ \hline 3 & 3,\ 6,\ 9 \\ \hline & 1,\ 2,\ 3 \end{array}$$

$\therefore$ 6, 12, 18 এর ল.সা.গু. $= 2 \times 3 \times 2 \times 3 = 36$

$999 \div 36 = 27.75$

$\therefore$ বিয়োগ করতে হবে $(999 - 36 \times 27)$

$= 999 - 972 = 27$

৩০. 12 ও 96 এর মধ্যে (এই দুটি সংখ্যাসহ) কয়টি সংখ্যা 4 দ্বারা বিভাজ্য?

ক 21 খ 23

গ 26 ঘ 22 **ঘ**

✔ **সমাধান :** 12 ও 96 এর মধ্যে 4 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলো হবে 12, 16, 20, ... 96

মনে করি, মোট n টি সংখ্যা থাকবে।

$\therefore 96 = 12 + (n - 1)4$

$\Rightarrow 84 = (n - 1)4$

$\Rightarrow n - 1 = 21$

$\therefore n = 22$

পূর্ণবর্গ সংখ্যা

৭৪. যদি a, b, c, d চারটি ক্রমিক স্বাভাবিক সংখ্যা হয় নিচের কোনটি পূর্ণবর্গ সংখ্যা? [২০২৩৩২]

ক abcd + 1 খ abcd

গ ab + cd ঘ abcd − 1 **খ**

✔ **সমাধান :** $a = 1, b = 2, c = 3, d = 4$ হলে,

$abcd + 1 = 1 \times 2 \times 3 \times 4 + 1 = 25 = 5^2$ [যা পূর্ণবর্গসংখ্যা]

৬৩. 125 সংখ্যাকে কত দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণবর্গ সংখ্যা হবে? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় ধাপ) '২৪]

ক 5 খ 6 গ 2 ঘ 3 **ক**

✔ **সমাধান :**

$$\begin{array}{r|l} 5 & 125 \\ \hline 5 & 25 \\ \hline & 5 \end{array}$$

$\therefore 125 = (5 \times 5) \times 5 = 5^2 \times 5^2$

$\therefore$ 125 সংখ্যাকে 5 দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণবর্গ হবে।

৭৮. 6,300 সংখ্যাটিকে কত দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণবর্গ হবে? [প্র. নি. প্র. (প্রভাষক) (কলেজ) '২৪]

ক 2 খ 3 গ 5 ঘ 7 **ঘ**

✔ **সমাধান :**

$$\begin{array}{r|l} 2 & 6300 \\ \hline 2 & 3150 \\ \hline 3 & 1575 \\ \hline 3 & 525 \\ \hline 5 & 175 \\ \hline 5 & 35 \\ \hline & 7 \end{array}$$

$\therefore 6300 = 2^2 \times 3^2 \times 5^2 \times 7^1$

$\therefore$ 6300 সংখ্যাটিকে ৭ দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণবর্গ সংখ্যা হবে।

জটিল সংখ্যা

৫৯. $\sqrt[3]{27} + \sqrt[4]{625} + \sqrt{4} + 1^\circ = ?$ [২০২৪১৯]

ক 11 খ 12

গ 13 ঘ 14 **ক**

✔ **সমাধান :** $\sqrt[3]{27} + \sqrt[4]{625} + \sqrt{4} + 1^\circ$

$= (27)^{\frac{1}{3}} + (625)^{\frac{1}{4}} + (4)^{\frac{1}{2}} + 1^\circ$

$= (3^3)^{\frac{1}{3}} + (5^4)^{\frac{1}{4}} + (2^2)^{\frac{1}{2}} + 1^\circ$

$= 3 + 5 + 2 + 1$

$= 11$

৫৩. i^{-49} **এর মান কত?** [২০২৩৪০]

ক -1 খ i গ 1 ঘ $-i$ **ঘ**

✔ **সমাধান :** $i^{-49} = \frac{1}{i^{49}} = \frac{1}{i^{48}.i} = \frac{1}{(i^2)^{24}.i}$

$= \frac{1}{(-1)^{24}.i}$ [$\because i^2 = -1$]

$= \frac{1}{i} = \frac{i}{i^2} = \frac{i}{-1} = -i$

২ সংখ্যা সম্পর্কিত সমস্যা

সংখ্যার সাধারণ সমস্যা

২৮. 90 কোন সংখ্যার 75%? [২০২৪১৮]

ক 110 খ 120 গ 130 ঘ 140 **খ**

✔ **সমাধান :** মনে করি,

সংখ্যাটি $= x$

$\therefore x$ এর $75\% = 90$

$\Rightarrow x \times \frac{75}{100} = 90$

$\Rightarrow x = 120$

৯৯. 24 সংখ্যাটি কোন সংখ্যার 32% এর সমান? [২০২৩৫৪]

ক 60 খ 65 গ 70 ঘ 75 **ঘ**

✔ **সমাধান :** মনে করি,

Phenom Publications

নির্ণেয় সংখ্যা = x

∴ x এর 32% = 24

$\Rightarrow x \times \frac{32}{100} = 24$

∴ x = 75

২৮. 144 কোন সংখ্যার 40%? [২০২৩৮৫]

ক 350 খ 260 গ 360 ঘ 370 **গ**

✔ **সমাধান :** মনে করি,

নির্ণেয় সংখ্যা = x

∴ x এর 40% = 144

$\Rightarrow x \times \frac{40}{100} = 144$

∴ x = 360

৫১. 38 কোন সংখ্যার 12.5%? [২০২৩২০]

ক 125 খ 256 গ 304 ঘ 190 **গ**

✔ **সমাধান :** মনে করি,

সংখ্যাটি = x

∴ x এর 12.5% = 38

$\Rightarrow x \times \frac{12.5}{100} = 38$

$\Rightarrow x = \frac{38 \times 100}{12.5} = 304$

∴ x = 304

১৮. কোন সংখ্যার 10% হয় 15? [২০২৩২১]

ক 300 খ 150 গ 200 ঘ 250 **খ**

✔ **সমাধান :** মনে করি,

সংখ্যাটি = x

∴ x এর 10% = 15

$\Rightarrow x \times \frac{10}{100} = 15$

$\Rightarrow x = 15 \times \frac{100}{10}$

∴ x = 150

৩৫. কোন সংখ্যার $\frac{4}{7}$ অংশ 80 এর সমান? [২০২৩১৮]

ক 160 খ 120 গ 140 ঘ 220 **গ**

✔ **সমাধান :** মনে করি,

সংখ্যাটি = x

$\therefore x \times \frac{4}{7} = 80$

$\Rightarrow x = \frac{80 \times 7}{4}$

∴ x = 140

৩৮. যদি দুইটি সংখ্যার যোগফল ও গুণফল যথাক্রমে 20 ও 96 হয়, তবে সংখ্যা দুইটির ব্যস্তানুপাতিক যোগফল কত হবে? [২০২৪৩৫]

ক $\frac{1}{3}$ খ $\frac{1}{8}$

গ $\frac{3}{4}$ ঘ $\frac{5}{24}$ **ঘ**

✔ **সমাধান :** মনে করি,

সংখ্যা দুইটি x ও y

∴ x + y = 20 .... (i)

এবং xy = 96 .... (ii)

(i) ÷ (ii) $\Rightarrow \frac{x+y}{xy} = \frac{20}{96}$

$\Rightarrow \frac{x}{xy} + \frac{y}{xy} = \frac{5}{24}$

$\Rightarrow \frac{1}{x} + \frac{1}{y} = \frac{5}{24}$

৪১. একটি সংখ্যাকে 21 দ্বারা গুণ করলে সংখ্যাটি 420 বৃদ্ধি পায়। সংখ্যাটি কত? [২০২৩৩৩]

ক 21 খ 23 গ 24 ঘ 25 **ক**

✔ **সমাধান :** মনে করি,

সংখ্যাটি = x

শর্তমতে,

21x = x + 420

$\Rightarrow 20x = 420$

∴ x = 21

৯. 0.02 এর 5% কত? [২০২৩২১]

ক 0.002 খ 0.003

গ 0.005 ঘ 0.001 **ঘ**

✔ **সমাধান :** 0.02 এর 5% $= 0.02 \times \frac{5}{100} = 0.001$

২৬. 500 এর $12\frac{1}{2}\%$ কত? [২০২৩৩৩]

ক 62.50 খ 65

গ 67.40 ঘ 66 **ক**

✔ **সমাধান :** 500 এর $12\frac{1}{2}\%$ = 500 এর $\frac{25}{2}\%$

$= 500 \times \frac{25}{2 \times 100}$

= 62.5

৭৬. এক বৃদ্ধ দম্পতি ও তাদের সাথে দুই দম্পত্তি প্রত্যেকে একজন করে সন্তানসহ আমার কক্ষে প্রবেশ করল। আমার কক্ষে মোট কতজন লোক হল? [২০২৩৫৪]

ক ৮ খ ৯ গ ১০ ঘ ১২ **খ**

সংখ্যার বিভিন্ন শর্ত হতে সমাধান

৪৩. একটি সংখ্যার 20 শতাংশের 80 শতাংশে যদি 12.8 হয় তবে সংখ্যাটি কত? [২০২৪৩৪]

ক 9 খ 50

Phenom Publications

(গ) 40 (ঘ) 80 **ঘ**

✔ **সমাধান :** মনে করি,

সংখ্যাটি = x

$\therefore x \times \frac{20}{100} \times \frac{80}{100} = 12.8$

$\Rightarrow x = \frac{12.8 \times 100 \times 100}{20 \times 80} = 80$

৫৪. একটি লাঠির মোট দৈর্ঘ্যের 40% এর সাথে 45 মিটার যোগ করলে সম্পূর্ণ লাঠির দৈর্ঘ্য পাওয়া যায়। লাঠিটির দৈর্ঘ্য কত? [শি. নি. প্র. (শিক্ষক) (ফুল) '২৪]

(ক) 65 মিটার (খ) 70 মিটার

(গ) 75 মিটার (ঘ) 80 মিটার **গ**

✔ **সমাধান :** মনে করি,

লাঠির দৈর্ঘ্য = x

শর্তমতে,

x এর 40% + 45 = x

$\Rightarrow \frac{40x}{100} + 45 = x$

$\Rightarrow \frac{2x}{5} + 45 = x$

$\Rightarrow x - \frac{2x}{5} = 45$

$\Rightarrow \frac{3x}{5} = 45$

$\therefore x = 75$ মিটার।

৬২. কোনো সংখ্যার অর্ধেকের সঙ্গে 40 যোগ করলে সংখ্যা 3 গুণ যায়। সংখ্যাটি কত? [২০২৩৬৮]

(ক) 16 (খ) 40 (গ) 90 (ঘ) 20 **ক**

৭৯. কোন সংখ্যার 48% থেকে 48 বিয়োগ করলে বিয়োগফল 48 হবে? [২০২৩৩২]

(ক) 48 (খ) 200

(গ) 96 (ঘ) 100 **খ**

✔ **সমাধান :** মনে করি, সংখ্যাটি = x

শর্তমতে,

x এর 48% − 48 = 48

$\Rightarrow \frac{48x}{100} = 96$

$\Rightarrow x = 200$

৫৭. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে 85 হয়। সংখ্যাটি কত? [২০২৩৬৭]

(ক) 15 (খ) 16 (গ) 17 (ঘ) 18 **গ**

✔ **সমাধান :** মনে করি, সংখ্যাটি = x

শর্তমতে,

3x + 2x = 85

$\Rightarrow 5x = 85$

$\Rightarrow x = 17$

৫৫. কোন সংখ্যার বর্গমূলের সাথে 9 যোগ করলে 4 হবে?

(ক) 36 (খ) 25 (গ) 16 (ঘ) 49

✔ **সমাধান :** মনে করি, সংখ্যাটি = x

শর্তমতে, $\sqrt{x} + 9 = 4^2$

$\Rightarrow \sqrt{x} = 16 - 9 = 7$

$\therefore x = 49$

৬. কোন সংখ্যার $\frac{1}{2}$ অংশের সাথে 6 যোগ করলে সংখ্যা অংশ হবে। সংখ্যাটি কত? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য়

(ক) 36 (খ) 35 (গ) 53 (ঘ) 63

✔ **সমাধান :** মনে করি, সংখ্যাটি = x

শর্তমতে, $\frac{x}{2} + 6 = \frac{2x}{3}$

$\Rightarrow \frac{2x}{3} - \frac{x}{2} = 6$

$\Rightarrow \frac{4x - 3x}{6} = 6$

$\therefore x = 36$

২৪. কোন সংখ্যার 50% এর সাথে 50 যোগ করলে সংখ্যাটিই হয়, তবে সংখ্যাটি কত?

(ক) 50 (খ) 100 (গ) 150 (ঘ) 200

✔ **সমাধান :** মনে করি, সংখ্যাটি = x

শর্তমতে,

x এর 50% + 50 = x

$\Rightarrow x \times \frac{50}{100} + 50 = x$

$\Rightarrow \frac{x}{2} + 50 = x$

$\Rightarrow \frac{x}{2} = 50$

$\therefore x = 100$

১০. কোন সংখ্যার 40% এর সাথে 42 যোগ করলে হবে একই সংখ্যা। সংখ্যাটি কত?

(ক) 80 (খ) 70 (গ) 75 (ঘ) 90

✔ **সমাধান :** মনে করি, সংখ্যাটি = x

শর্তমতে,

x এর 40% + 42 = x

$\Rightarrow \frac{x \times 40}{100} + 42 = x$

$\Rightarrow \frac{2x}{5} + 42 = x$

$\Rightarrow x - \frac{2x}{5} = 42$

Phenom Publications

$\Rightarrow x = \frac{5 \times 42}{3} = 70$

২১. কোনো সংখ্যার 30% থেকে 30 বিয়োগ করলে বিয়োগফল 30 হবে? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় ধাপ) '২৪]

ক 200 খ 3000 গ 250 ঘ 100 **ক**

✔ **সমাধান :** মনে করি, সংখ্যাটি x

শর্তমতে, x এর 30% − 30 = 30

$\Rightarrow x \times \frac{30}{100} = 60$

$\therefore x = 200$

৫১. কোন একটি সংখ্যার 25% যদি ঐ সংখ্যার 30% এর চেয়ে 15 কম হয়, তবে সংখ্যাটি কত? [২০২৩৫০]

ক 25 খ 400 গ 300 ঘ 350 **গ**

✔ **সমাধান :** মনে করি, সংখ্যাটি = x

শর্তমতে,

x এর 30% − x এর 25% = 15

$\Rightarrow \frac{30x}{100} - \frac{25x}{100} = 15$

$\Rightarrow \frac{3x}{10} - \frac{x}{4} = 15$

$\Rightarrow \frac{6x - 5x}{20} = 15$

$\therefore x = 300$

৪৭. কোন সংখ্যার দ্বিগুণের সাথে সংখ্যাটির এক তৃতীয়াংশ যোগ করলে যোগফল 49 হয়। সংখ্যাটি কত? [২০২৪২৫]

ক 16 খ 26 গ 20 ঘ 21 **ঘ**

✔ **সমাধান :** মনে করি, সংখ্যাটি = x

শর্তমতে, $2x + \frac{x}{3} = 49$

$\Rightarrow \frac{6x + x}{3} = 49$

$\Rightarrow 7x = 3 \times 49$

$\therefore x = 21$

৫৮. কোন সংখ্যার চারগুণের সাথে 5 যোগ করলে যোগফল 37 হবে? [২০২৪০২]

ক 8 খ 6 গ 4 ঘ 2 **ক**

✔ **সমাধান :** মনে করি, সংখ্যাটি = x

শর্তমতে, 4x + 5 = 37

$\Rightarrow 4x = 32$

$\therefore x = 8$

সূত্রের সাহায্যে দুটি সংখ্যা নির্ণয়

১৪. When both 38 and 87 is both divided by a certain number, the reminder is 3. What is the number? [২০২৩৪৫]

ক 4 খ 5 গ 7 ঘ 8 **গ**

✔ **সমাধান :** 38 − 3 = 35

87 − 3 = 84

2 | 35, 84

5, 12

$38 = 5 \times 7 + 3$,

$87 = 12 \times 7 + 3$

$\therefore$ নির্ণেয় সংখ্যাটি = 7

২. দুইটি সংখ্যার বর্গের সমষ্টি 181 এবং সংখ্যা দুইটির গুণফল 90 হলে, সংখ্যা দুইটি কত? [২০২৪০৪]

ক 5, 18 খ 10, 9

গ 2, 45 ঘ 6, 15 **খ**

✔ **সমাধান :** মনে করি,

সংখ্যা দুটি x ও y

শর্তমতে,

$x^2 + y^2 = 181$ .... (i)

এবং $xy = 90$ .... (ii)

$\therefore (x + y)^2 = x^2 + y^2 + 2xy$

$= 181 + 2 \times 90$

$= 181 + 180$

$\Rightarrow (x + y)^2 = 361$

$\therefore x + y = 19$ .... (iii)

$\Rightarrow (x - y)^2 = x^2 + y^2 - 2xy$

$= 181 - 2 \times 90$

$= 181 - 180 = 1$

$\therefore x - y = 1$ .... (iv)

(iii) + (iv) $\Rightarrow 2x = 20 \Rightarrow x = 10$

(iii) $\Rightarrow y = 19 - 10 = 9$

$\therefore$ সংখ্যা দুটি 10, 9

৬১. দুইটি সংখ্যার যোগফল 17 এবং গুণফল 72 হলে বড় সংখ্যাটি কত? [২০২৩৪৭]

ক 9 খ কোনটিই নয়

গ 7 ঘ 8 **ক**

✔ **সমাধান :** মনে করি, সংখ্যা দুটি x ও y; x > y

শর্তমতে,

$x + y = 17$ ..... (i)

$xy = 72$ ..... (ii)

$(x - y)^2 = (x + y)^2 - 4xy$

$= (17)^2 - 4 \times 72$

$= 289 - 288$

$\Rightarrow (x - y)^2 = 1$

$\Rightarrow x - y = 1$ ..... (iii)

(i) + (iii) $\Rightarrow 2x = 18$

$\therefore x = 9$

৭. দুটি ধনাত্মক সংখ্যার পার্থক্য 6। এদের বর্গের পার্থক্য 108। সংখ্যা দুইটির যোগফল কত? [২০২৪২০]

ক 6 খ 12 গ 18 ঘ 24 **গ**

✔ **সমাধান :** মনে করি,

সংখ্যা দুটি x ও y; x > y

প্রশ্নমতে, $x - y = 6$ .... (i)

$x^2 - y^2 = 108$

$\Rightarrow (x + y)(x - y) = 108$

$\Rightarrow (x + y) \times 6 = 108$

$\therefore (x + y) = 18$

৪৫. দুটি সংখ্যার সমষ্টি 70 ও অন্তর 10 হলে, বড় সংখ্যাটি কত? [২০২৪১২]

ক 40 খ 35 গ 30 ঘ 44 **ক**

✔ **সমাধান :** মনে করি,

বড় সংখ্যাটি = x

এবং ছোট সংখ্যাটি = y

প্রশ্নমতে,

$x + y = 70$ .... (i)

$x - y = 10$ .... (ii)

(i) + (ii) $\Rightarrow 2x = 80$

$\Rightarrow x = 40$

দুই অঙ্কবিশিষ্ট সংখ্যা

৭৯. দুই অঙ্কের একটি সংখ্যার অঙ্ক দুটি পরস্পর স্থান বিনিময় করলে তাদের মান পূর্ববর্তী মানের চেয়ে 18 কম হয়। সংখ্যাটির অঙ্কদ্বয়ের যোগফল 4 হলে সংখ্যা দুটি কত? [২০২৩৭২]

ক 13, 31 খ 13, 22

গ 31, 22 ঘ কোনোটিই নয় **ক**

✔ **সমাধান :** মনে করি,

একক স্থানীয় অঙ্ক x

এবং দশক স্থানীয় অঙ্ক y

$\therefore$ সংখ্যাটি = 10y + x

শর্তমতে,

$10x + y = 10y + x - 18$

$\Rightarrow 9x - 9y = -18$

$\Rightarrow 9y - 9x = 18$

$\Rightarrow y - x = 2$ .... (i)

এবং $x + y = 4$ .... (ii)

(i) + (ii) $= 2y = 6$

$\Rightarrow y = 3$

(ii) $\Rightarrow x = 4 - 3 = 1$

$\therefore$ সংখ্যাটি $10 \times 3 + 1 = 31$ এবং $31 - 18 = 13$

৪৬. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যাকে অঙ্কদ্বয়ের গুণফল দ্বারা ভাগ করলে ভাগফল 3 হয়। ঐ সংখ্যাটির সাথে 18 যোগ করলে অঙ্কদ্বয় স্থান বিনিময় করে। সংখ্যাটি কত? [২০২৩৩৪]

ক 33 খ 42

গ 24 ঘ কোনটিই নয় **গ**

✔ **সমাধান :** মনে করি,

সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক x

এবং দশক স্থানীয় অঙ্ক y

$\therefore$ সংখ্যাটি = (10y + x)

শর্তমতে, $\frac{10y + x}{xy} = 3$

$\Rightarrow 10y + x = 3xy$

$\Rightarrow 10y = 3xy - x$

$\Rightarrow x = \frac{10y}{3y - 1}$ .... (i)

এবং $10y + x + 18 = 10x + y$

$\Rightarrow 9x - 9y = 18$

$\Rightarrow x - y = 2$

$\Rightarrow \frac{10y}{3y - 1} - y = 2$

$\Rightarrow 10y - 3y^2 + y = 6y - 2$

$\Rightarrow 3y^2 - 4y - y - 2 = 0$

$\Rightarrow 3y^2 - 5y - 2 = 0$

$\Rightarrow 3y^2 - 6y + y - 2 = 0$

$\Rightarrow 3y(y - 2) + 1(y - 2) = 0$

$\Rightarrow (y - 2)(3y + 1) = 0$

$\therefore y = 2$

$\therefore x = \frac{10.2}{3.2 - 1} = 4$

$\therefore$ সংখ্যাটি $= 10 \times 2 + 4 = 24$

৪২. দুই অংকবিশিষ্ট একটি সংখ্যার একক স্থানীয় অংকটি দশক স্থানীয় অংক অপেক্ষ 2 বেশি। অংকদ্বয় স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যাবে তা প্রদত্ত সংখ্যার দ্বিগুণ অপেক্ষা 6 কম হবে। সংখ্যাটি নির্ণয় করুন। [২০২৩২৮]

ক 15 খ 35

গ 24 ঘ 45 **গ**

✔ **সমাধান :** মনে করি,

সংখ্যাটির দশক স্থানীয় অঙ্ক x

$\therefore$ একক " " (x + 2)

$\therefore$ সংখ্যাটি $= 10x + (x + 2) = 11x + 2$

শর্তমতে,

$10(x + 2) + x = 2(11x + 2) - 6$

$\Rightarrow 10x + 20 + x = 22x + 4 - 6$

$\Rightarrow 11x = 22$

$\therefore x = 2$

$\therefore$ সংখ্যাটি $= 11 \times 2 + 2$

$= 22 + 2 = 24$

Phenom Publications

৭২. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার এককের অঙ্ক দশকের অঙ্ক অপেক্ষা 3 বেশি। সংখ্যাটি কত? [২০২৩৭৭]

ক 47 খ 36
গ 25 ঘ 14 বি.দ্র.

✔ **সমাধান :** মনে করি,
সংখ্যাটি দশক স্থানীয় অঙ্ক x
এবং একক " " (x + 3)
∴ সংখ্যাটি = 10x + (x + 3) = 11x + 3
x = 2 হলে সংখ্যাটি 11 × 2 + 3 = 25
x = 4, 3, 1 এর জন্য সংখ্যাগুলো যথাক্রমে 47, 36 এবং 14.
∴ প্রদত্ত শর্তে 47, 36, 25, 14 প্রত্যেকটি সংখ্যাই সঠিক।

২৯. দুই অংকবিশিষ্ট একটি সংখ্যার অংকদ্বয় স্থান বিনিময়ের ফলে 54 বৃদ্ধি পায়। অংক দুটির যোগফল 12 হলে, সংখ্যাটি কত হবে? [২০২৪২১]

ক 39 খ 57
গ 93 ঘ 75 ক

✔ **সমাধান :** মনে করি,
সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক x
এবং দশক " " y
∴ সংখ্যাটি = 10y + x
শর্তমতে,
10x + y = 10y + x + 54
⇒ 9x − 9y = 54
⇒ x − y = 6 .... (i)
এবং x + y = 12 .... (ii)
(i) + (ii) ⇒ 2x = 18
⇒ x = 9
এবং y = 12 − 9 = 3
∴ সংখ্যাটি = 10 × 3 + 9 = 30 + 9 = 39

৫৬. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার দশক স্থানীয় অঙ্ক একক স্থানীয় অঙ্ক থেকে 5 বড়। সংখ্যাটি থেকে অঙ্কদ্বয়ের সমষ্টির 5 গুণ বিয়োগ করলে অঙ্কদ্বয় স্থান বিনিময় করে। সংখ্যাটি কত? [২০২৩৬৫]

ক 16 খ 49 গ 61 ঘ 72 ঘ

✔ **সমাধান :** মনে করি,
সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক = x
এবং দশক " " = (x + 5)
∴ সংখ্যাটি = 10 (x + 5) + x
= 10x + 50 + x
= 11x + 50
শর্তমতে,
11x + 50 − 5 (x + x + 5) = 10x + x + 5
⇒ 11x + 50 − 10x − 25 = 11x + 5
⇒ 10x = 20
∴ x = 2
∴ সংখ্যাটি = 11 × 2 + 50 = 72

১০. দুই অংকবিশিষ্ট সংখ্যার অংকদ্বয়ের অন্তর 4। সংখ্যাটির অংকদ্বয় স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যায়, তার ও মূল সংখ্যার যোগফল 110 হলে সংখ্যাটি কত? [২০২৩৪৪]

ক 62 খ 73 গ 95 ঘ 84 খ

✔ **সমাধান :** মনে করি,
সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক x
∴ দশক " " x + 4
∴ সংখ্যাটি = 10(x + 4) + x
= 10x + 40 + x
= 11x + 40
শর্তমতে,
11x + 40 + 10x + (x + 4) = 110
⇒ 22x = 110 − 44 = 66
⇒ $x = \frac{66}{22} = 3$
∴ সংখ্যাটি 11 × 3 + 40 = 73

৫১. দুই অংকের একটি সংখ্যা ও সংখ্যাদ্বয় স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যায় তার অন্তর 36 হলে, সংখ্যা দুটির অন্তর কত? [২০২৩২৭]

ক 2 খ 4
গ 8 ঘ 12 খ

✔ **সমাধান :** মনে করি,
একক স্থানীয় অঙ্ক x
দশক " " y
∴ সংখ্যাটি = 10y + x
শর্তমতে,
(10y + x) − (10x + y) = 36
⇒ 10y + x − 10x − y = 36
⇒ 9y − 9x = 36
⇒ y − x = 4
∴ x ~ y = 4
∴ সংখ্যা দুটির অন্তর 4.

৩৫. দুই অংকবিশিষ্ট একটি সংখ্যায় একক স্থানীয় অংকের তিন গুণ। দশক স্থানীয় সংখ্যাটি কত? [২০২৪৩১]

ক 39 খ 93 গ 31 ঘ 13 বি.দ্র.

যত বড় তত ছোট

২১. একটি সংখ্যা 506 হতে যত বড় 606 হতে তত ছোট। সংখ্যাটি কত? [২০২৪০৭]

ক 545 খ 556 গ 575 ঘ 578 খ

✔ **সমাধান :** মনে করি,
সংখ্যাটি = x
শর্তমতে,

Phenom Publications

$x - 506 = 606 - x$
$\Rightarrow 2x = 606 + 506$
$\Rightarrow 2x = 1112$
$\therefore x = 556$

৮৪. একটি সংখ্যা 32 থেকে যত বেশি 58 হতে তত কম। সংখ্যাটি কত? [২০২৩২৩]

ক 42 খ 43
গ 44 ঘ 45 **ঘ**

✔ **সমাধান :** মনে করি,
সংখ্যাটি = x
শর্তমতে,
$x - 32 = 58 - x$
$\Rightarrow 2x = 90$
$\therefore x = 45$

৮. একটি সংখ্যা 560 থেকে যত বড় 800 থেকে তত ছোট। সংখ্যাটি কত? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় ধাপ) '২৪]

ক 680 খ 630 গ 655 ঘ 675 **ক**

✔ **সমাধান :** মনে করি,
সংখ্যাটি = x
শর্তমতে,
$x - 560 = 800 - x$
$\Rightarrow 2x = 1360$
$\therefore x = 680$

তিনটি সংখ্যার সমস্যা

১২. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল তাদের যোগফলের ৮ গুণ সংখ্যা তিনটির গড় কত? [২০২৩৪৪]

ক 8 খ 5 গ 4 ঘ 3 **খ**

✔ **সমাধান :** মনে করি,
সংখ্যা তিনটি $x - 1$, x এবং $x + 1$
শর্তমতে,
$(x - 1) . x. (x + 1) = 8 (x - 1 + x + x + 1)$
$\Rightarrow x(x^2 - 1) = 24x$
$\Rightarrow x^2 - 1 = 24$
$\Rightarrow x^2 = 25$
$\therefore x = 5$
$\therefore$ সংখ্যা তিনটি 4, 5, 6
$\therefore$ গড় $= \frac{4 + 5 + 6}{3} = 5$

৩ গ.সা.গু. এবং ল.সা.গু.

গ.সা.গু. নির্ণয়

৩৪. একটি স্কুলের ছাত্রদেরকে ড্রিল করার সময় 8, 10 এবং 12 সারিতে সাজানো যায়, আবার বর্গাকারেও সাজানো যায়। ঐ স্কুলে কমপক্ষে কতজন ছাত্র রয়েছে? [২০২৩৪২]

ক 3,600 খ 2,400
গ 1,200 ঘ 3,000 **ক**

✔ **সমাধান :** $2\overline{|8, 10, 12}$
$2\overline{|4, 5, 6}$
$2, 5, 3$
যেহেতু ছাত্রদেরকে বর্গাকারেও সাজানো যায়। সেহেতু ছাত্রদের সংখ্যা পূর্ণবর্গ হবে।
$\therefore$ ছাত্রসংখ্যা $= (2 \times 2) \times (2 \times 2) \times (5 \times 5) \times (3 \times 3)$
$= 3600$ জন।

৩২. x^3, x^2y, x^2y^2 এর গ.সা.গু– [২০২৪১৮]

ক x^3 খ x^2
গ xy ঘ y^2 **খ**

✔ **সমাধান :**
$x^2\overline{|x^3, x^2y, x^2y^2}$
x, y, y^2
$\therefore$ নির্ণেয় গ.সা.গু. $= x^2$.

৪৬. $\frac{1}{3}$ ও $\frac{1}{5}$ এর গ.সা.গু নিচের কোনটি? [২০২৪১৫]

ক $\frac{1}{30}$ খ $\frac{1}{45}$
গ $\frac{1}{15}$ ঘ কোনটিই নয় **গ**

✔ **সমাধান :** $\frac{1}{3}$ ও $\frac{1}{5}$ এর গ.সা.গু হবে $\frac{\text{লবগুলোর গ.সা.গু}}{\text{হরগুলোর ল.সা.গু}}$
লব 1,1 এর গ.সা.গু. = 1
এবং হর 3 ও 5 এর ল.সা.গু. $= 3 \times 5 = 15$
$\therefore$ গ.সা.গু. $= \frac{1}{15}$

১১. 3, 6, 12, 15 এর গ.সা.গু. কোনটি? [২০২৩৮৫]

ক 6 খ 3 গ 4 ঘ 5 **খ**

✔ **সমাধান :**
$3\overline{|3, 6, 12, 15}$
$1, 2, 4, 5$
$\therefore$ সংখ্যাগুলোর গ.সা.গু = 3

৮৭. $4(a + b)$, $10(a - b)$ এবং $12(a^2 - b^2)$ এর গ.সা.গু কত? [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ক $a - b$ খ $a + b$
গ $12(a^2 - b^2)$ ঘ 2 **ঘ**

✔ **সমাধান :** $4(a+b) = 2 \times 2(a+b)$
$10(a-b) = 2 \times 5(a-b)$
$12(a^2-b^2) = 2 \times 6(a+b)(a-b)$
∴ প্রদত্ত রাশিগুলোর ল.সা.গু. = 2

৩. $(a+b)^2$ ও a^2-b^2 এর গ.সা.গু কত? [২০২৩৩৮]
ক $(a+b)^2(a-b)$ খ a^2-b^2
গ $a+b$ ঘ $a-b$ **গ**

✔ **সমাধান :** $(a+b)^2 = (a+b)(a+b)$
$a^2-b^2 = (a+b)(a-b)$
∴ গ.সা.গু = $(a+b)$

৬০. $18(x+y)^2$, $24(x+y)^2$ এবং $32(x^2-y^2)$ এর গ.সা.গু কোনটি? [শি.নি.প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]
ক $2(x+y)$ খ $x-y$
গ $x+y$ ঘ $2(x-y)$ **ক**

✔ **সমাধান :** $18(x+y)^2 = 2 \times 3 \times 3 \times (x+y) \times (x+y)$
$24(x+y)^2 = 2 \times 2 \times 2 \times 3 \times (x+y) \times (x+y)$
$32(x^2-y^2) = 2 \times 2 \times 2 \times 2 \times 2 \times (x+y)(x-y)$
∴ গ.সা.গু = $2(x+y)$

১১. 39, 52 এর গ.সা.গু কত? [২০২৪৩০]
ক 11 খ 13 গ 15 ঘ 17 **খ**

✔ **সমাধান :**
$13 \overline{)39, 52}$
$3, 4$
∴ নির্ণেয় গ.সা.গু. = 13

৬২. a^2-b^2 ও a^3+b^3 এর গ.সা.গু.– [২০২৩৭২]
ক $a+b$ খ $a-b$ গ a^3+b^3 ঘ a^2-b^2 **ক**

✔ **সমাধান :** $a^2-b^2 = (a+b)(a-b)$
$a^3+b^3 = (a+b)(a^2-ab+b^2)$
∴ গ.সা.গু. = $(a+b)$

১৩. x^2-y^2, x^3-y^3, $x^4+x^2y^2+y^4$ রাশিগুলির গ.সা.গু কত? [২০২৩২১]
ক $x+y$ খ $x-y$ গ 0 ঘ 1 **ঘ**

✔ **সমাধান :** $x^2-y^2 = (x+y)(x-y)$
$x^3-y^3 = (x-y)(x^2+xy+y^2)$
$x^4+x^2y^2+y^4 = (x^2)^2+2.x^2.y^2+(y^2)^2-x^2y^2$
$= (x^2+y^2)^2-(xy)^2$
$= (x^2+y^2+xy)(x^2+y^2-xy)$
$= (x^2+xy+y^2)(x^2-xy+y^2)$
∴ রাশিগুলোর গ.সা.গু. = 1

১০. a^2-b^2, a^3-b^3, $a^4+a^2b^2+b^4$ রাশিগুলোর গ.সা.গু কত? [২০২৩২৫]
ক $a+b$ খ $a-b$ গ 0 ঘ 1 **ঘ**

✔ **সমাধান :** $a^2-b^2 = (a+b)(a-b)$
$a^3-b^3 = (a-b)(a^2+ab+b^2)$
$a^4+a^2b^2+b^4 = (a^2)^2+2.a^2.b^2+(b^2)^2-a^2b^2$
$= (a^2+b^2)^2-a^2b^2$
$= (a^2+ab+b^2)(a^2-ab+b^2)$
∴ রাশিগুলোর গ.সা.গু. = 1

ল.সা.গু. নির্ণয়

২৬. $\frac{5}{7}$ ও $\frac{10}{11}$ এর ল.সা.গু কোনটি? [২০২৪১০]
ক 5 খ 15
গ 10 ঘ 17 **গ**

✔ **সমাধান :** ভগ্নাংশ দুটির লব 5, 10 এর ল.সা.গু. = 10
এবং হর 7, 11 এর গ.সা.গু. = 1
∴ ল.সা.গু. = $\frac{10}{1} = 10$

৭১. $9x^2-25y^2$ এবং $15ax-25ay$ এর ল.সা.গু কত? [২০২৩৪৩]
ক $3x+5y$ খ $3x-5y$
গ $9x^2-25y^2$ ঘ $5a(9x^2-25y^2)$ **ঘ**

✔ **সমাধান :** $9x^2-25y^2 = (3x)^2-(5y)^2$
$= (3x+5y)(3x-5y)$
$15ax-25ay = 5a(3x-5y)$
∴ ল.সা.গু. = $5a(3x+5y)(3x-5y)$
$= 5a(9x^2-25y^2)$

২৩. a^2bc, ab^2c, abc^2 এর ল.সা.গু কোনটি? [২০২৩৪১]
ক abc খ $a^2b^2c^2$
গ 1 ঘ $a^3b^3c^3$ **খ**

✔ **সমাধান :**
$abc \overline{)a^2bc, ab^2c, abc^2}$
a, b, c
∴ ল.সা.গু. = $abc \times a \times b \times c$
$= a^2b^2c^2$

১২. 4, 8, 16, 32 এর ল.সা.গু. কোনটি? [২০২৩৮৫]
ক 28 খ 32 গ 16 ঘ 8 **খ**

✔ **সমাধান :**
$2 \overline{)4, 8, 16, 32}$
$2 \overline{)2, 4, 8, 16}$
$2 \overline{)1, 2, 4, 8}$
$2 \overline{)1, 1, 2, 4}$
$1, 1, 1, 2$
∴ ল.সা.গু. = $2 \times 2 \times 2 \times 2 \times 2 = 32$

৩৪. একটি স্কুলের ছাত্রদেরকে ড্রিল করার সময় 8, 10 এবং 12 সারিতে সাজানো যায়, আবার বর্গাকারেও সাজানো যায়। ঐ স্কুলে কমপক্ষে কতজন ছাত্র রয়েছে? [২০২৩৪২]
ক 3,600 খ 2,400
গ 1,200 ঘ 3,000 **ক**

✔ **সমাধান :** $2 \overline{)8, 10, 12}$
$2 \overline{)4, 5, 6}$

2, 5, 3

যেহেতু ছাত্রদেরকে বর্গাকারেও সাজানো যায়। সেহেতু ছাত্রদের সংখ্যা পূর্ণবর্গ হবে।

∴ ছাত্রসংখ্যা $= (2 \times 2) \times (2 \times 2) \times (5 \times 5) \times (3 \times 3) = 3600$ জন।

দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু. × গ.সা.গু.

৩৯. দুইটি সংখ্যার গুণফল 720। এদের গ.সা.গু 6 হলে ল.সা.গু কত? [২০২৩১৮]

ক 160 খ 100
গ 120 ঘ 140 **গ**

✔ **সমাধান :** দুইটি সংখ্যার গুণফল = ল.সা.গু. × গ.সা.গু.

$\Rightarrow$ ল.সা.গু. $= \frac{720}{6} = 120$

২৮. দুইটি সংখ্যার অনুপাত 5 : 6 এবং তাদের গ.সা.গু 4 হলে ছোট সংখ্যাটি কত? [২০২৩২২]

ক 10 খ 15
গ 25 ঘ 20 **ঘ**

✔ **সমাধান :** দেওয়া আছে,

সংখ্যা দুটির অনুপাত 5 : 6

এবং গ.সা.গু. = 4

∴ ছোট সংখ্যাটি $= 5 \times 4 = 20$

৭৬. দুটি সংখ্যার অনুপাত 5 : 6 এবং তাদের গ.সা.গু 4 হলে সংখ্যা দুটির ল.সা.গু কত? [শি.নি.প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ক 90 খ 110
গ 120 ঘ 130 **গ**

✔ **সমাধান :** দেওয়া আছে,

দুটি সংখ্যার অনুপাত 5 : 6

এবং গ.সা.গু. 4

∴ সংখ্যা দুটি $5 \times 4 = 20$ এবং $6 \times 4 = 24$

$$\begin{array}{r|l} 2 & 20,\ 24 \\ \hline 2 & 10,\ 12 \\ \hline & 5,\ 6 \end{array}$$

∴ সংখ্যা দুটির ল.সা.গু. $= 2 \times 2 \times 5 \times 6 = 120$

৩৯. দুটি সংখ্যার অনুপাত 5 : 6 এবং তাদের গ.সা.গু 8 হলে, ল.সা.গু কত? [২০২৪১৩; ২০২৪২১]

ক 200 খ 224
গ 248 ঘ 240 **ঘ**

✔ **সমাধান :** দুটি সংখ্যার অনুপাত 5 : 6

এবং গ.সা.গু = 8

∴ সংখ্যা দুটি $5 \times 8 = 40$ এবং $6 \times 8 = 48$

$$\begin{array}{r|l} 2 & 40,\ 48 \\ \hline 2 & 20,\ 24 \\ \hline 2 & 10,\ 12 \\ \hline & 5,\ 6 \end{array}$$

∴ সংখ্যা দুটির ল.সা.গু. $= 2 \times 2 \times 2 \times 5 \times 6 = 240$

১৯. দু'টি সংখ্যার গ.সা.গু 15। একটি সংখ্যা 105। সংখ্যা দুটির ল.সা.গু 420। অপর সংখ্যাটি কত? [২০২৪১৪]

ক 55 খ 60
গ 62 ঘ 65 **খ**

✔ **সমাধান :** মনে করি, অপর সংখ্যাটি = x

দুইটি সংখ্যার গুণফল = সংখ্যা দুটি ল.সা.গু. × গ.সা.গু.

$\Rightarrow 105x = 420 \times 15$

$\Rightarrow x = \frac{420 \times 15}{105} = 60$

∴ x = 60

৫৮. দুইটি সংখ্যার গুণফল 1536, সংখ্যা দুইটির ল.সা.গু. 96 হলে, গ.সা.গু. কত? [২০২৩৬৯]

ক 16 খ 24 গ 32 ঘ 12 **ক**

✔ **সমাধান :** আমরা জানি,

দুইটি সংখ্যার গুণফল = সংখ্যা দুটির ল.সা.গু. × গ.সা.গু

$\Rightarrow 1536 = 96 \times$ গ.সা.গু.

$\Rightarrow$ গ.সা.গু $= \frac{1536}{96} = 16$

৪৮. দুটি সংখ্যার গুণফল 120 এবং গ.সা.গু 12 হলে সংখ্যা দুটির ল.সা.গু কত? [২০২৩২৬]

ক 5 খ 10
গ 15 ঘ 20 **খ**

✔ **সমাধান :** দুইটি সংখ্যার গুণফল = সংখ্যা দুটির ল.সা.গু × গ.সা.গু

$\Rightarrow 120 =$ ল.সা.গু. $\times 12$

$\Rightarrow$ ল.সা.গু. $= 10$

৫৪. দুইটি সংখ্যার গুণফল 1536 এবং তাদের গ.সা.গু 16 হলে, সংখ্যা দুইটির ল.সা.গু কত হবে? [২০২৪১৯]

ক 48 খ 60
গ 96 ঘ 108 **গ**

✔ **সমাধান :** দুইটি সংখ্যার গুণফল = সংখ্যা দুটির ল.সা.গু × গ.সা.গু

$\Rightarrow 1536 =$ ল.সা.গু. $\times 16$

$\Rightarrow$ ল.সা.গু. $= \frac{1536}{16} = 96$

৫৮. দুইটি সংখ্যার ল.সা.গু 90 এবং গ.সা.গু 15। একটি সংখ্যা 45 হলে অপরটি কত? [২০২৩৪১]

ক 30 খ 36 গ 60 ঘ 75 **ক**

✔ **সমাধান :** মনে করি,

অপর সংখ্যাটি = x

∴ সংখ্যা দুটির গুণফল = সংখ্যা দুটির ল.সা.গু × গ.সা.গু

$\Rightarrow 45x = 90 \times 15$

$\Rightarrow x = \frac{90 \times 15}{45} = 30$

৫২. দুইটি দলের সদস্য সংখ্যার ল.সা.গু 90 এবং গ.সা.গু 15 হলে, উভয় দলের সদস্য মোট কতজন? [শি.নি.প্র.(শিক্ষক)(স্কুল)'২৪]

ক 65 খ 75
গ 85 ঘ 95 **খ**

✔ **সমাধান :** এখানে, সদস্য সংখ্যার গুণফল
= সদস্য সংখ্যার ল.সা.গু. × গ.সা.গু
$= 90 \times 15$
যেহেতু সদস্য সংখ্যার ল.সা.গু. 90 এবং সদস্য সংখ্যার গ.সা.গু 15
$\therefore$ 15 < যেকোনো দলের সদস্য সংখ্যা < 90

$$\begin{array}{r|l} 15 & 15 \times 30 \\ 2 & 90 \\ \hline & 45 \end{array}$$

$\therefore 15 \times 90 = (15 \times 2) \times 45 = 30 \times 45$
$\therefore$ গ্রুপ দুটিতে 30 এবং 45 জন সদস্য থাকতে পারবে।
$\therefore$ উভয় দলের মোট সদস্য সংখ্যা (30 + 45) জন
= 75 জন।

বাস্তব জীবনে ল.সা.গু.-এর ব্যবহার

৪০. একটি শ্রেণির প্রতি বেঞ্চে 4 জন করে ছাত্র বসলে 3 খানা বেঞ্চ খালি থাকে। কিন্তু প্রতি বেঞ্চে 3 জন করে বসলে 6 জন ছাত্র দাড়িয়ে থাকে। শ্রেণির ছাত্র সংখ্যা কত? [২০২৩৩৬; ২০২৩৪৪; ২০২৩২৮; ২০২৪১৬]

ক 40 জন খ 60 জন গ 45 জন ঘ 48 জন **খ**

✔ **সমাধান :** মনে করি,
শ্রেণিতে মোট xটি বেঞ্চ আছে।
যেহেতু 4 জন করে ছাত্র বসলে 3টি বেঞ্চ খালি থাকে
$\therefore$ মোট ছাত্রসংখ্যা $= 4(x - 3)$
আবার, ২য় ক্ষেত্রে মোট ছাত্রসংখ্যা $= 3x + 6$
শর্তমতে,
$4(x - 3) = 3x + 6$
$\Rightarrow 4x - 12 = 3x + 6$
$\Rightarrow x = 18$
$\therefore$ শ্রেণিতে মোট ছাত্রসংখ্যা $4(x - 3)$
$\Rightarrow 4(18 - 3)$
$\Rightarrow 4 \times 15$
$\Rightarrow 60$
উত্তর: 60 জন।

৭১. একটি পরিবারে, পিতা একটি কেকের $\frac{1}{4}$ অংশ নিয়েছিল যা অন্য সদস্যের প্রত্যেকের প্রাপ্ত কেকের 3 গুণ। পরিবারটির সদস্য সংখ্যা কত? [২০২৩৬৬]

ক 3 খ 7 গ 10 ঘ 12 **গ**

✔ **সমাধান :** মনে করি,
পিতা ব্যতীত পরিবারের সদস্য সংখ্যা y জন
যেহেতু পিতা $\frac{1}{4}$ অংশ কেক নিয়েছিল, তাহলে অন্য সদস্যরা পাবে $\left(1 - \frac{1}{4}\right)$ অংশ $= \frac{3}{4}$ অংশ
$\therefore$ প্রত্যেক সদস্যের প্রাপ্ত অংশ হবে $= \frac{3}{4y}$ অংশ
শর্তমতে,
$\frac{1}{4}$ অংশ $= 3 \times \frac{3}{4y}$ অংশ
$\Rightarrow y = 3 \times 3 = 9$
$\therefore y = 9$
$\therefore$ পরিবারটি পিতাসহ মোট সদস্যসংখ্যা (9 + 1) জন
= 10 জন

৪ ভগ্নাংশ এবং দশমিক সংখ্যা

সরলীকরণ

১৯. $(1101)_2$ এর দশমিক সংখ্যা কত? [২০২৪৩৪]

ক 9 খ 11
গ 12 ঘ 13 **ঘ**

✔ **সমাধান :**
$(1101)_2 = 1 \times 2^3 + 1 \times 2^2 + 0 \times 2^1 + 1 \times 2^0$
$= 8 + 4 + 0 + 1$
$= 13$

২৭. 0.12 + 3.02 + 2.8 = ? [২০২৪২৭]

ক 0.594 খ 59.4
গ 6.04 ঘ 5.94 **ঘ**

✔ **সমাধান :** 0.12 + 3.02 + 2.8 = 5.94

৩. $30 \div \frac{1}{2} + 10$ = কত? [২০২৩২১]

ক 70 খ 60
গ 25 ঘ 30 **ক**

✔ **সমাধান :** $30 \div \frac{1}{2} + 10 = 30 \times 2 + 10 = 70$

৪২. $6(-3)\left(\frac{1}{3}\right)(-0.25)$ = কত? [২০২৩৩৭]

ক 6 খ 4.5
গ 1.5 ঘ − 0.5 **গ**

Phenom Publications

✔ **সমাধান :** $6(-3)\left(\frac{1}{3}\right)(-0.25)$

$= 6(-3)\left(\frac{1}{3}\right)\left(-\frac{1}{4}\right) = \frac{3}{2} = 1.5$

৫২. $\frac{.001}{.1\times.1}$ = কত? [২০২৩৪১]

ⓚ 0.001 ⓚ 0.01
ⓖ 0.1 ⓖ 1 **গ**

✔ **সমাধান :** $\frac{0.001}{0.1\times0.1} = \frac{0.001}{0.01}$

$= \frac{0.001\times1000}{0.01\times1000}$

$= \frac{1}{10} = 0.1$

৯. $0.4 \times 0.02 \times 0.08$ = কত? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম ধাপ) '২৩]

ⓚ 0.00064 ⓚ 0.006404
ⓖ 0.0006 ⓖ 0.0064 **ক**

✔ **সমাধান :** $0.4 \times 0.02 \times 0.08 = 0.008 \times 0.08$
$= 0.00064$

৫. $13\frac{3}{4}\%$ এর সমান– [২০২৪০৩]

ⓚ $\frac{11}{80}$ ⓚ $\frac{11}{20}$ ⓖ $\frac{1}{9}$ ⓖ $\frac{1}{8}$ **ক**

✔ **সমাধান :** $13\frac{3}{4}\% = \frac{55}{4}\% = \frac{55}{4\times100} = \frac{11}{80}$

৮০. $(0.01)^2$ = কত? [২০২৩৭৮]

ⓚ 0.1 ⓚ 0.01 ⓖ 0.001 ⓖ 0.0001 **ঘ**

✔ **সমাধান :** $(0.01)^2 = 0.01 \times 0.01 = 0.0001$

৭৯. 0.02×0.02 = কোনটি? [২০২৩৭৫]

ⓚ 0.0004 ⓚ 0.04 ⓖ 0.004 ⓖ 0.4 **ক**

✔ **সমাধান :** $0.02 \times 0.02 = 0.0004$

৭৫. $0.5 + 0.05 + 0.005 \times 0.5 \times 0.05 \times 0.005$ = কত? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় ধাপ) '২৪]

ⓚ 0.550000625 ⓚ 0.550000525
ⓖ 0.550000425 ⓖ 0.550000325 **ক**

✔ **সমাধান :** $0.5 + 0.05 + 0.005 \times 0.5 \times 0.05 \times 0.005$
$= 0.55 + 0.000000625$
$= 0.550000625$

৩. Which of the following is equal to $\frac{1}{5}$ of 0.02 percent? [২০২৩৪৫]

ⓚ 0.4 ⓚ 0.04
ⓖ 0.004 ⓖ 0.0004 **বিদ্র.**

✔ **সমাধান :** $\frac{1}{5}$ of $0.02\% = \frac{1}{5}\times\frac{0.02}{100} = 0.00004$

৩৫. $8.0001 - 0.1 - 0.1$ = কত? [২০২৩৪৮]

ⓚ 7.0891 ⓚ 7.8001
ⓖ 7.0089 ⓖ 7.7009 **খ**

✔ **সমাধান :** $8.0001 - 0.2 = 8.0001 - 0.2$
$= 7.8001$

২২. 0.001×0.0001 = ? [২০২৩৮৫]

ⓚ 0.00001 ⓚ 0.0000001
ⓖ 0.001 ⓖ 0.0010 **খ**

✔ **সমাধান :** $0.001 \times 0.0001 = 0.0000001$

৯৪. $0.000001 \times \frac{2}{5}$ = ? [২০২৩৭২]

ⓚ 0.000002 ⓚ 0.000004
ⓖ 0.0000004 ⓖ 0.0000005 **গ**

✔ **সমাধান :** $0.000001 \times \frac{2}{5} = 0.000001 \times 0.4$
$= 0.0000004$

২৩. $0.1 \times 0.1 \times 0.1 \times 0.1$ = কত? [২০২৩১৮]

ⓚ 0.001 ⓚ 0.0001
ⓖ 0.0013 ⓖ 1.001 **খ**

✔ **সমাধান :** $0.1 \times 0.1 \times 0.1 \times 0.1 = 0.0001$

৪৩. $0.1 \times 0.01 \times 0.001$ = ? [২০২৪১৬]

ⓚ 1.0001 ⓚ 0.10001
ⓖ 0.001 ⓖ 0.000001 **ঘ**

✔ **সমাধান :** $0.1 \times 0.01 \times 0.001 = 0.000001$

৬৭. $0.2 \times 0.02 \times 0.002$ = কত? [২০২৪৩২]

ⓚ 0.000008 ⓚ 0.00008
ⓖ 0.0000008 ⓖ কোনোটিই নয় **ক**

✔ **সমাধান :** $0.2 \times 0.02 \times 0.002 = 0.000008$

৮. 1 কে দুই ভাগ করলে কত হয়? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম ধাপ) '২৩]

ⓚ 0.50 ⓚ 0.500 ⓖ সবগুলোই ⓖ $\frac{1}{2}$ **গ**

✔ **সমাধান :** $1 \div 2 = 0.5 = -0.500 = \frac{1}{2}$

৪৩. $3 \div 0.125$ = কত? [২০২৩৪১]

ⓚ 30 ⓚ 24 ⓖ 36 ⓖ 42 **খ**

✔ **সমাধান :** $3 \div 0.125 = \frac{3}{0.125} = \frac{3\times1000}{125}$

$= \frac{3000}{125} = 24$

২৩. 0.1, 0.0009, 0.020 এবং 0.001 সংখ্যাগুলোর বৃহত্তম সংখ্যা দ্বারা ক্ষুদ্রতম সংখ্যাকে গুণ করলে গুণফল হবে– [২০২৪১৩; ২০২৪২১]

ⓚ 0.00009 ⓚ 0.0001
ⓖ 0.0018 ⓖ 0.00018 **ক**

✔ **সমাধান :** প্রদত্ত সংখ্যাগুলোর মধ্যে বৃহত্তম সংখ্যা 0.1
এবং ক্ষুদ্রতম " 0.0009
∴ বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার গুণফল (0.1×0.0009)

$= 0.00009$

৭. $0.\dot{2}\dot{8}$ কে $42.\dot{1}\dot{8}$ দ্বারা গুণ করলে গুণফল কত হবে? [২০২৩৪৪]

ⓚ 420.28 ⓚ $72.\dot{3}\dot{2}$

ⓖ $12.\dot{1}\dot{8}\dot{5}$ ⓖ কোনটিই নয় **গ**

✔ **সমাধান :** ধরি,

$x = 0.\dot{2}\dot{8} = 0.2888 \ldots$

$\therefore 1000x = 288.\dot{8}\dot{8} \ldots\ldots\ldots$ (i)

$\therefore 10x = 2.\dot{8} \ldots \ldots \ldots \ldots \ldots$ (ii)

(i) − (ii) $\Rightarrow 990x = 286$

$\Rightarrow x = \frac{286}{990}$

এবং $y = 42.1\dot{8}\dot{8} = 42.1818 \ldots \ldots \ldots$ (i)

$100y = 4218.1\dot{8}\dot{8} \ldots \ldots \ldots \ldots \ldots \ldots \ldots$ (ii)

(ii) − (i) $\Rightarrow 99y = 4176$

$\Rightarrow y = \frac{4176}{99}$

$\therefore 0.\dot{2}\dot{8} \times 42.\dot{1}\dot{8} = \frac{286}{990} \times \frac{4176}{99}$

$= 12.18585 \ldots$

$= 12.1\dot{8}\dot{5}$

৩৯. $x^3 = 0.001$ হলে x^2 এর মান কত? [২০২৩৩৯]

ⓚ 100 ⓚ 10 ⓖ $\frac{1}{10}$ ⓖ $\frac{1}{100}$ **ঘ**

✔ **সমাধান :** $x^3 = 0.001$

$\Rightarrow x^3 = \frac{1}{1000} = \frac{1}{10^3}$

$\Rightarrow x = \frac{1}{10}$

$\Rightarrow x^2 = \frac{1}{100}$

ক্ষুদ্রতম ভগ্নাংশ বের করা

৫০. কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম? [২০২৩২০]

ⓚ $\frac{5}{6}$ ⓚ $\frac{12}{15}$

ⓖ $\frac{11}{14}$ ⓖ $\frac{17}{21}$ **গ**

✔ **সমাধান :**

$\frac{5}{6} \nwarrow\!\!\nearrow \frac{12}{11} \Rightarrow 75 > 72 \therefore \frac{12}{15}$ ছোট

$\frac{12}{15} \nwarrow\!\!\nearrow \frac{11}{14} \Rightarrow 168 > 165 \therefore \frac{11}{14}$ ছোট

$\frac{11}{14} \nwarrow\!\!\nearrow \frac{17}{21} \Rightarrow 231 > 238 \therefore \frac{11}{14}$ ছোট

$\therefore$ নির্ণেয় ক্ষুদ্রতম ভগ্নাংশ $\frac{11}{14}$।

৪১. কোন সংখ্যাটি ক্ষুদ্রতম? [২০২৩৬০]

ⓚ $\frac{1}{7}$ ⓚ $\frac{3}{14}$ ⓖ $\frac{7}{42}$ ⓖ $\frac{3}{28}$ **ঘ**

✔ **সমাধান :**

$\frac{1}{7} \nwarrow\!\!\nearrow \frac{3}{14} \Rightarrow 14 < 21 \therefore \frac{1}{7}$ ছোট

$\frac{1}{7} \nwarrow\!\!\nearrow \frac{7}{42} \Rightarrow 42 < 49 \therefore \frac{1}{7}$ ছোট

$\frac{1}{7} \nwarrow\!\!\nearrow \frac{3}{28} \Rightarrow 28 < 21 \therefore \frac{3}{28}$ ছোট

$\therefore$ ক্ষুদ্রতম সংখ্যাটি $\frac{3}{28}$

১. নিচের কোন ভগ্নাংশটি $\frac{2}{3}$ হতে বড়?

[৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪: ২০২৩৬৮; ২০২৪১৬]

ⓚ $\frac{33}{50}$ ⓚ $\frac{8}{11}$

ⓖ $\frac{3}{5}$ ⓖ $\frac{13}{27}$ **খ**

✔ **সমাধান :**

$\frac{2}{3} \nwarrow\!\!\nearrow \frac{33}{50} \Rightarrow 100 > 99 \therefore \frac{2}{3} > \frac{33}{50}$

$\frac{2}{3} \nwarrow\!\!\nearrow \frac{8}{11} \Rightarrow 22 > 24 \therefore \frac{2}{3} < \frac{8}{11} \Rightarrow \frac{8}{11} > \frac{2}{3}$

$\frac{2}{3} \nwarrow\!\!\nearrow \frac{3}{5} \Rightarrow 10 > 9 \therefore \frac{2}{3} > \frac{3}{5}$

$\frac{2}{3} \nwarrow\!\!\nearrow \frac{13}{27} \Rightarrow 54 > 39 \therefore \frac{2}{3} > \frac{13}{27}$

$\therefore \frac{8}{11}$ ভগ্নাংশটি $\frac{2}{3}$ হতে বড়।

বৃহত্তম ভগ্নাংশ বের করা

৪৪. নিচের কোনটি সবচেয়ে বড়? [২০২৪১৫]

ⓚ 87% ⓚ 0.85 ⓖ $\frac{8}{9}$ ⓖ $\frac{4}{5}$ **গ**

✔ **সমাধান :** $87\% = \frac{87}{100} = 0.87$

$\frac{8}{9} = 0.889$

$\frac{4}{5} = 0.8$

এখানে,

$0.889 > 0.87 > 0.85 > 0.8$

$\Rightarrow \frac{8}{9} > 87 > 0.85 > \frac{4}{5}$

$\therefore \frac{8}{9}$ সবচেয়ে বড়।

Phenom Publications

৬৩. নিচের কোন সংখ্যাটি বৃহত্তম? [২০২৪১৭; ২০২৪৩১]

ⓚ $\frac{6}{11}$ ⓛ $\frac{8}{14}$ ⓜ $\frac{3}{5}$ ⓝ $\frac{5}{8}$ **ঘ**

✔ **সমাধান :**

$\frac{6}{11} \times \frac{8}{14} \Rightarrow 84 < 88 \therefore \frac{8}{14} > \frac{6}{11}$

$\frac{8}{14} \times \frac{3}{5} \Rightarrow 40 < 42 \therefore \frac{3}{5} > \frac{8}{14}$

$\frac{3}{5} \times \frac{5}{8} \Rightarrow 24 < 25 \therefore \frac{5}{8} > \frac{3}{5}$

$\therefore \frac{5}{8}$ ভগ্নাংশটি বৃহত্তম।

৬২. সবচেয়ে বড় সংখ্যা কোনটি? [২০২৪২৪]

ⓚ 0.009 ⓛ 0.0002
ⓜ 0.0008 ⓝ 0.004 **ক**

✔ **সমাধান :** $0.009 > 0.004 > 0.008 > 0.002$
$\therefore$ 0.009 সবচেয়ে বড় সংখ্যা।

১৫. নিচের কোনটি বৃহত্তম? [২০২৩৫১]

ⓚ $\frac{1}{2}$ ⓛ $\frac{4}{5}$ ⓜ $\frac{5}{7}$ ⓝ $\frac{4}{9}$ **খ**

✔ **সমাধান :** $\frac{1}{2} \times \frac{4}{5} \Rightarrow 5 < 8 \therefore \frac{4}{5} > \frac{1}{2}$

$\frac{4}{5} \times \frac{5}{7} \Rightarrow 28 > 25 \therefore \frac{4}{5} > \frac{5}{7}$

$\frac{4}{5} \times \frac{4}{9} \Rightarrow 36 > 20 \therefore \frac{4}{5} > \frac{4}{9}$

$\frac{4}{5}$ বৃহত্তম।

৬৯. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম? [২০২৩৬৭]

ⓚ $\frac{15}{17}$ ⓛ $\frac{11}{15}$ ⓜ $\frac{75}{83}$ ⓝ $\frac{10}{11}$ **ঘ**

✔ **সমাধান :** $\frac{15}{17} \times \frac{11}{15} \Rightarrow 225 > 187 \therefore \frac{15}{17} > \frac{11}{15}$

$\frac{15}{17} \times \frac{75}{83} \Rightarrow 1245 > 1275 \therefore \frac{75}{83} > \frac{15}{17}$

$\frac{75}{83} \times \frac{10}{11} \Rightarrow 825 > 830 \therefore \frac{10}{11} > \frac{75}{83}$

$\therefore \frac{10}{11}$ বৃহত্তম ভগ্নাংশ।

৫৪. ভগ্নাংশগুলোর মধ্যে কোন ভগ্নাংশ যুগল সমতুল্য? [২০২৪০২]

ⓚ $\frac{7}{10}, \frac{3}{10}$ ⓛ $\frac{3}{10}, \frac{14}{20}$ ⓜ $\frac{7}{10}, \frac{14}{20}$ ⓝ $\frac{3}{10}, \frac{9}{20}$ **গ**

✔ **সমাধান :** $\frac{14}{20}$

$\frac{14}{20} = \frac{7}{10}$

$\therefore \frac{7}{10}, \frac{14}{20}$ সমতুল্য ভগ্নাংশ।

৩৫. কোনটি বড়? [২০২৩২৬]

ⓚ 0.01 ⓛ 0.001 ⓜ 0.0001 ⓝ 0.1 **ঘ**

✔ **সমাধান :** $0.1 > 0.01 > 0.001 > 0.0001$

৬২. কোন ভগ্নাংশটির মান সবচেয়ে বড়? [২০২৩৬৪]

ⓚ $\frac{3}{10}$ ⓛ $\frac{2}{5}$ ⓜ $\frac{4}{15}$ ⓝ $\frac{7}{20}$ **খ**

✔ **সমাধান :** $\frac{3}{10} \times \frac{2}{5} \Rightarrow 15 < 20 \therefore \frac{3}{10} < \frac{2}{5}$

$\frac{2}{5} \times \frac{4}{15} \Rightarrow 30 > 20 \therefore \frac{2}{5} > \frac{4}{15}$

$\frac{2}{5} \times \frac{7}{20} \Rightarrow 40 > 35 \therefore \frac{2}{5} > \frac{7}{20}$

$\therefore \frac{2}{5}$ বৃহত্তম ভগ্নাংশ।

২১. কোন ভগ্নাংশটির মান বড়? [২০২৩৪১]

ⓚ $\frac{3}{7}$ ⓛ $\frac{3}{13}$ ⓜ $\frac{3}{5}$ ⓝ $\frac{3}{17}$ **গ**

✔ **সমাধান :** $\frac{3}{7} \times \frac{3}{13} \Rightarrow 39 > 21 \therefore \frac{3}{7} > \frac{3}{13}$

$\frac{3}{7} \times \frac{3}{5} \Rightarrow 15 < 21 \therefore \frac{3}{5} > \frac{3}{7}$

$\frac{3}{5} \times \frac{3}{17} \Rightarrow 51 < 15 \therefore \frac{3}{5} > \frac{3}{17}$

$\therefore \frac{3}{5}$ ভগ্নাংশটির মান বড়।

ভগ্নাংশের লব ও হর সংক্রান্ত সমস্যা

৫৭. যে ভগ্নাংশের হর ও লব উভয়ই পূর্ণসংখ্যা তাকে কী বলে? [২০২৪০২]

ⓚ জটিল ভগ্নাংশ ⓛ সরল ভগ্নাংশ
ⓜ মিশ্র ভগ্নাংশ ⓝ প্রকৃত ভগ্নাংশ **খ**

✔ **সমাধান :** সরল ভগ্নাংশ।

৪১. একটি প্রকৃত ভগ্নাংশের হর লব অপেক্ষা 4 বেশি। ভগ্নাংশটি বর্গ করলে যে ভগ্নাংশ পাওয়া যায় তার হর লব অপেক্ষা 40 বেশি। ভগ্নাংশটি কত? [২০২৩২৮]

ⓚ $\frac{3}{5}$ ⓛ $\frac{5}{9}$
ⓜ $\frac{3}{7}$ ⓝ $\frac{5}{3}$ **গ**

✔ **সমাধান :** মনে করি,
ভগ্নাংশটির লব ...

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{x}{x+4}$

ভগ্নাংশটির বর্গ $= \left(\frac{x}{x+4}\right)^2 = \frac{x^2}{x^2+8x+16}$

শর্তমতে,

$x^2 + 8x + 16 = x^2 + 40$

$\Rightarrow 8x = 24$

$\therefore x = 3$

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{3}{3+4} = \frac{3}{7}$

৩২. একটি ভগ্নাংশের লব ও হর উভয় থেকে 1 বিয়োগ করলে ভগ্নাংশটি $\frac{2}{3}$ হয়। কিন্তু লব ও হর উভয়ের সাথে 1 যোগ করলে ভগ্নাংশটি $\frac{3}{4}$ হয়। ভগ্নাংশটি কত? [২০২৩৮০]

ⓚ $\frac{5}{7}$ ⓛ $\frac{7}{9}$ ⓜ $\frac{3}{4}$ ⓝ $\frac{4}{5}$ **ক**

✔ **সমাধান :** মনে করি,

ভগ্নাংশটির লব $= x$

এবং ভগ্নাংশটির হর $= y$

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{x}{y}$

শর্তমতে,

$\frac{x-1}{y-1} = \frac{2}{3}$

$\Rightarrow 3x - 3 = 2y - 2$

$\Rightarrow 3x - 2y = 1$ .... (i)

এবং $\frac{x+1}{y+1} = \frac{3}{4}$

$\Rightarrow 4x + 4 = 3y + 3$

$\Rightarrow 4x - 3y = 1$ .... (ii)

(i) $\times 3$ − (ii) $\times 2 \Rightarrow$ $9x - 6y = 3$

$8x - 6y = 2$

$\therefore x = 5$

$\therefore 3 \times 5 - 2y = 1$

$\Rightarrow 15 - 1 = 2y$

$\therefore y = 7$

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{5}{7}$

২৫. কোন প্রকৃত ভগ্নাংশের লব ও হরের যোগফল 14 এবং বিয়োগফল 8 হলে ভগ্নাংশটি নিচের কোনটি? [২০২৩৫৮]

ⓚ $\frac{5}{1}$ ⓛ $\frac{1}{5}$ ⓜ $\frac{3}{11}$ ⓝ $\frac{11}{3}$ **গ**

✔ **সমাধান :** মনে করি,

ভগ্নাংশটির লব $= x$

এবং " হর y

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{x}{y} : y > x$ [প্রকৃত ভগ্নাংশ]

শর্তমতে,

$x + y = 14$ ....(i)

$y - x = 8$ ....(ii)

(i) + (ii) $\Rightarrow 2y = 22$

$\Rightarrow y = 11$

$\therefore x = 14 - 11 = 3$

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{3}{11}$

বিবিধ সমস্যা

৬৯. একটি বাঁশের $\frac{1}{4}$ অংশ কাদায়, $\frac{3}{5}$ অংশ পানিতে এবং অবশিষ্ট 3 মিটার পানির উপরে আছে। বাঁশটির দৈর্ঘ্য কত? [২০২৩৫২]

ⓚ 16 মিটার ⓛ 12 মিটার

ⓜ 20 মিটার ⓝ 15 মিটার **গ**

✔ **সমাধান :** কাদায় ও পানিতে আছে $= \left(\frac{1}{4} + \frac{3}{5}\right)$ অংশ

$= \frac{5+12}{20}$ অংশ

$= \frac{17}{20}$ অংশ

$\therefore$ পানির উপরে আছে $\left(1 - \frac{17}{20}\right)$ অংশ $= \frac{3}{20}$ অংশ

$\therefore$ বাঁশটির $\frac{3}{20}$ অংশ $= 3$ মিটার

$\therefore$ " ১/সম্পূর্ণ " $= \frac{20 \times 3}{3}$ মিটার

$= 20$ মিটার

$\therefore$ বাঁশটির দৈর্ঘ্য $= 20$ মিটার

৭. কোনো সম্পত্তির $\frac{1}{2}$ অংশের মূল্য 1,6000 টাকা হলে, ঐ সম্পত্তির $\frac{1}{8}$ অংশের মূল্যের চার গুণ কত? [২০২৩৮১]

ⓚ 4,000 ⓛ 2,000

ⓜ 1,600 ⓝ 800 **ক**

✔ **সমাধান :** সম্পত্তির $\frac{1}{2}$ অংশের মূল্য 16000 টাকা

$\therefore$ " 1/সম্পূর্ণ " " (16000×2) টাকা

$\therefore$ " $\frac{1}{8}$ " " $\left(16000 \times 2 \times \frac{1}{8}\right)$ টাকা

$= 4000$ টাকা

Phenom Publications

৫ বর্গ এবং বর্গমূল

মান নির্ণয়

৪০. $\sqrt{0.00000625}$ = কত? [২০২৩৩৭]

ক 0.0025 খ 0.00025
গ 0.000025 ঘ 0.000625 **ক**

✔ সমাধান : $\sqrt{0.00000625} = \sqrt{\frac{625}{100000000}}$
$= \frac{25}{10000}$
$= 0.0025$

৩০. $\sqrt{225}$ is equal to ... ... [২০২৪০৭]

ক 11 খ 13 গ 15 ঘ 17 **গ**

✔ সমাধান : $\sqrt{225} = \sqrt{15 \times 15} = 15$

৬২. 0.1 এর বর্গমূল কত? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম ধাপ) '২৩]

ক 0.1 খ 0.01
গ 0.25 ঘ 0.31 **ঘ**

✔ সমাধান : 0.1 এর বর্গমূল $= \sqrt{0.1} = 0.31$

৪২. 0.0001 এর বর্গমূল কত? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম ধাপ) '২৩]

ক 0.001 খ 1 গ 0.1 ঘ 0.01 **ঘ**

✔ সমাধান : 0.0001 এর বর্গমূল $= \sqrt{0.001}$
$= \sqrt{0.01 \times 0.01}$
$= 0.01$

৬৪. $\frac{289}{361}$ এর বর্গমূল কত? [২০২৩৪৩]

ক $\frac{19}{13}$ খ $\frac{19}{17}$ গ $\frac{29}{27}$ ঘ $\frac{17}{19}$ **ঘ**

✔ সমাধান : $\frac{289}{361}$ এর বর্গমূল $= \sqrt{\frac{289}{361}}$
$= \sqrt{\frac{17 \times 17}{19 \times 19}} = \frac{17}{19}$

৩১. $\sqrt{1.2}$ এর বর্গমূল– [২০২৪১৮]

ক $\frac{\sqrt{30}}{5}$ খ $\frac{30}{\sqrt{5}}$
গ $\sqrt{6}$ ঘ কোনটিই নয় **ক**

✔ সমাধান : 1.2 এর বর্গমূল $= \sqrt{1.2} = 1.095$
$\frac{\sqrt{30}}{5} = 1.095$
$\therefore \sqrt{1.2} = \frac{\sqrt{30}}{5}$

২৯. 625 এর বর্গমূল কত? [২০২৩২৬]

ক 15 খ 25 গ 35 ঘ 45 **খ**

✔ সমাধান : 625 এর বর্গমূল $= \sqrt{625}$
$= \sqrt{25 \times 25}$
$= 25$

৪১. 289 এর বর্গমূল কত? [২০২৩৫৫]

ক 13 খ 14 গ 17 ঘ 19 **গ**

✔ সমাধান : 289 এর বর্গমূল $= \sqrt{289}$
$= \sqrt{17 \times 17}$
$= 17$

৬ গড়

সরাসরি গড় নির্ণয়

ক বিরামপুর, দিনাজপুর খ ঘোড়াঘাট, দিনাজপুর
গ হাকিমপুর, দিনাজপুর ঘ পাঁচবিবি, জয়পুরহাট **গ**

✔ **ব্যাখ্যা :** ভারত-বাংলাদেশ সীমান্তে দিনাজপুর জেলার হাকিমপুরে অবস্থিত হিলিস্থলবন্দর। এটি দেশের দ্বিতীয় বৃহত্তম স্থল বন্দর। দিনাজপুর জেলার অন্য আর একটি স্থল বন্দর 'বিরল'। দেশের সর্বশেষ ২৫তম স্থলবন্দর মুজিবনগর স্থল বন্দর মেহেরপুরে অবস্থিত।

১৯. বুড়িমারি স্থল বন্দর কোন জেলায় অবস্থিত? [২০২৩২৭]

ক কুড়িগ্রাম খ রংপুর
গ লালমনিরহাট ঘ চাপাইনবাবগঞ্জ **গ**

✔ **ব্যাখ্যা :** লালমনিরহাটের পাটগ্রামে বুড়িমারী স্থলবন্দর অবস্থিত। এর ভারতীয় অংশ চেংড়াবান্ধা, পশ্চিমবঙ্গ। ভারত, ভুটান এবং নেপালের সাথে স্থল পথে মালামাল আমদানী রপ্তানির সুবিধার জন্য বুড়িমারী এলাকার জিরো পয়েন্টে এই বন্দরটি ১৯৮৮ সালে চালু করা হয়।

বাংলাদেশের নদী বন্দর, সমুদ্র বন্দর ও বিমান বন্দর

২৮. শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের তৃতীয় টার্মিনাল নকশাকার কে? [২০২৪০৬; ২০২৩৭৬]

ক নাথানিয়েল ডানহাম খ রবার্ট বাউপি
গ রোহানি বাহারিন ঘ বোরহান রব্বানী **গ**

✔ **ব্যাখ্যা :** সিঙ্গাপুরের নাগরিক বিশ্বখ্যাত স্থপতি রোহানি বাহারিন তৃতীয় টার্মিনালের নকশাকার। ৭ অক্টোবর ২০২৩ সালে উদ্বোধন করা হয়।

২৯. হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের নির্মাণ কাজ উদ্বোধন করা হয় কবে? [২০২৩৭৯]

ক ২৮ ডিসেম্বর, ২০১৯ খ ৩০ ডিসেম্বর, ২০১৯
গ ১৩ ফেব্রুয়ারি, ২০২০ ঘ ২ মার্চ, ২০২০ **খ**

✔ **ব্যাখ্যা :** শাহ আমানত বিমানবন্দর চট্টগ্রামের IATA (International Air Transport Association) কোড CGP (Controlled Goods Programme) যা আন্তর্জাতিক পণ্য আমদানি রপ্তানির জন্য ব্যবহৃত একটি নিবন্ধন পদ্ধতি।

৩০. শাহ আমানত বিমানবন্দর, চট্টগ্রাম এর IATA কোড কী? [২০২৪১৮]

ক CGP খ CTG গ SAC ঘ CSA **ক**

৩১. কক্সবাজারের বিমানবন্দরে কত ফুট দৈর্ঘ্যের রানওয়ে তৈরি করা হচ্ছে? [২০২৪২৪]

ক ৯,৫০০ খ ১২,২০০
গ ১০,৭০০ ঘ ১১,৩০০ **ক**

✔ **ব্যাখ্যা :** বিমানবন্দরের রানওয়ের দৈর্ঘ্য ৬৭৯০ ফুট থেকে বাড়িয়ে এটিকে ৯৫০০ ফুট এবং প্রস্থ ১৫০ থেকে বাড়িয়ে ২০০ ফুটে উন্নতি করা হয়। এটি দেশের দীর্ঘতম বিমান রানওয়ে।

৩৪. পায়রা বন্দরের কার্যক্রম কত সালে শুরু হয়? [২০২৩২৭]

ক ২০১২ ইং খ ২০১৩ ইং
গ ২০১৪ ইং ঘ ২০১৫ ইং **খ**

৩৫. পায়রা বন্দর কর্তৃপক্ষের বর্তমান চেয়ারম্যানের নাম কি? [২০২৩২৭]

ক রিয়াল এডমিরাল এম সোহাইল।
খ রিয়াল এডমিরাল গোলাম সাদেক।
গ রিয়াল এডমিরাল এম শাহজাহান।
ঘ রিয়াল এডমিরাল শরিফ আজাদ। **খ**

✔ **ব্যাখ্যা :** দেশের তৃতীয় বৃহত্তম সমুদ্রবন্দর পায়রা সমুদ্র বন্দরের বর্তমান চেয়ারম্যান রিয়ার এডমিরাল গোলাম সাদেক। পটুয়াখালীর কলাপাড়া উপজেলায় রামনাবদে চ্যানেল সংলগ্ন আন্দারমানিক নদীর পারের টিয়াখালী ইউনিয়নের ইটবাড়িয়ায় অবস্থিত পায়রা সমুদ্রবন্দর স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের একমাত্র সমুদ্র বন্দর। যা ২০১৬ সালে কার্যক্রম শুরু করে।

৪৭. মাতারবাড়ী তাপ বিদ্যুৎ কেন্দ্র কত মেগাওয়াটের? [২০২৩৮৩]

ক ৯০০ খ ১,১৫০ গ ১,২০০ ঘ ১,৩২০ **গ**

✔ **ব্যাখ্যা :** কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় ১৬শ একর জমিতে নির্মিত হয়েছে মাতারবাড়ি বিদ্যুৎ প্রকল্প। এ প্রকল্পের দুটি ইউনিট প্রতিটি ৬শ মেগাওয়াট করে মোট ১২শ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা সম্পন্ন।

রেল ও সড়ক যোগাযোগ

৫৮. ঢাকা-কক্সবাজার রুটে বাণিজ্যিক ট্রেন চলাচল এ বছরে কত তারিখে শুরু হতে যাচ্ছে? [২০২৩৭৯]

ক ২৭ নভেম্বর খ ৩০ নভেম্বর
গ ১ ডিসেম্বর ঘ ৪ ডিসেম্বর **গ**

✔ **ব্যাখ্যা :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১১ নভেম্বর ২০২৩ সালে ঢাকা-কক্সবাজার রেললাইন উদ্বোধন করেন। গত ১ ডিসেম্বর ২০২৩ সালে বাণিজ্যিকভাবে যাত্রী পরিবহন শুরু হয় এই পথে।

৫৯. প্রশাসনিক কাজের সুবিধার্থে বাংলাদেশ রেলওয়েকে কয়টি অঞ্চলে ভাগ করা হয়েছে? [২০২৩৪১]

ক ১ খ ২ গ ৩ ঘ ৪ **খ**

✔ **ব্যাখ্যা :** প্রশাসনিক কাজের, সুবিধার্থে বাংলাদেশ রেলওয়ের পরিচালনা অঞ্চল দুইটি অংশে ভাগ করা হয়েছে, একটি অংশ যমুনা নদীর পূর্ব পাশে পূর্বাঞ্চল রেলওয়ে (চট্টগ্রাম) এবং অপরটি যুমনার নদীর পশ্চিম পাশে পশ্চিমাঞ্চল রেলওয়ে (রাজশাহী)।

৬১. ঢাকা (কমলাপুর) রেল স্টেশনের স্থপতি কে? [২০২৪১৫]

ক এফ আর খান খ মাজহারুল ইসলাম
গ বব বুই ঘ লুই আইকান **গ**

✔ **ব্যাখ্যা :** কমলাপুর রেলওয়ে স্টেশনের স্থপতি ছিলেন দুজন : ড্যানিয়েল ডানহাম ও বব বুই। দেশের সর্ববৃহৎ এ স্টেশন সংলগ্ন এলাকায় দেশের প্রথম অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো।

অন্যান্য

৭৭. বিশ্বের কোন দেশের সাথে বাংলাদেশের টেলিযোগাযোগ নেই? [২০২৩৪০]

ক ইসরাইল খ তাইওয়ান
গ আফগানিস্তান ঘ জর্ডান **ক**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের সাথে টেলিকমিউনিকেশন ও কুটনৈতিক কোন সম্পর্কই নেই ইসরায়েলের। (বাংলাদেশের সাথে কুটনৈতিক সম্পর্ক নেই তবে বাণিজ্যিক সম্পর্ক আছে তাইয়ানের)। বাংলাদেশ ইসরাইলকে দেশ হিসেবে স্বীকৃতি দেয়নি এমনকি ২০২১ সালের পূর্বে পাসপোর্টে "এই পাসপোর্ট ইসরায়েল ছাড়া বিশ্বের সব দেশে প্রযোজ্য" কথাটি লেখাছিল।

৭৮. চ্যানেল-২৪ এ দেশে প্রথমবারের মতো কৃত্রিম বুদ্ধিমত্তার সংবাদ পাঠিকার নাম কী? [২০২৩৬৬; ২০২৩৫৩]

ক নীলাঞ্জনা খ অপরাজিতা
গ জয়ীতা ঘ মেরীনা অ্যাডমিরাল **খ**

✔ **ব্যাখ্যা :** দেশের ইতিহাসে প্রথমবারের মতো কৃত্রিম বুদ্ধিমত্তার সংবাদ পাঠিকাকে দিয়ে সংবাদ উপস্থাপন করেন বেসরকারী টেলিভিশন 'চ্যানেল ২৪'। ১৯ জুলাই ২০২৩ সংবাদ উপস্থাপন করা কৃত্রিম বুদ্ধিমত্তার এ পাঠিকার নাম 'অপরাজিতা'।

৮০. বাংলাদেশের ডাক বিভাগের সার্কেল কয়টি? [২০২৩২১]

ক ৪টি খ ৫টি গ ৬টি ঘ ৭টি **খ**

✔ **ব্যাখ্যা :** সমগ্র বাংলাদেশ পাঁচটি ডাক অঞ্চলে বিভক্ত এবং প্রতি অঞ্চলের প্রধান একজন পোস্টমাস্টার জেনারেল। বাংলাদেশে ডাক বিভাগের প্রধান কর্মকর্তার পদবি– মহাপরিচালক উল্লেখ্য, ১৯৮৫ সালের ২২ ডিসেম্বর থেকে বাংলাদেশের ডাক কোড ব্যবস্থা চালু হয়।

৮৩. BRTC কত সালে প্রতিষ্ঠিত হয়? [২০২৪৩০]

ক ১৯৬১ খ ১৯৬২ গ ১৯৬৩ ঘ ১৯৬৪ **ক**

✔ **ব্যাখ্যা :** Bangladesh Road Transport Corporation (BRTC) বাংলাদেশের সড়ক পরিবহন ও যাতায়াত ব্যবস্থার উন্নয়ন এবং নিয়ন্ত্রণের দায়িত্বে নিয়োজিত যোগাযোগ মন্ত্রণালয়ের অধীনস্থ রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থা। যা ১৯৬১ সালে প্রতিষ্ঠিত।

৮৪. বাংলাদেশের সবচেয়ে বড় রাবার ড্যাম নির্মাণ করা হয়েছে কোন জেলায়? [২০২৩৫৩]

ক নাটোর খ পঞ্চগড় গ চাঁপাইনবাবগঞ্জ ঘ দিনাজপুর **গ**

✔ **ব্যাখ্যা :** দেশের সবচেয়ে বড় ও দক্ষিণ এশিয়ার ১০ম বৃহত্তম রাবার ড্যাম নির্মাণ করা হয়েছে চাঁপাইনবাবগঞ্জে। ভারত থেকে প্রবেশ করে পদ্মা নদীর সঙ্গে সংযোগ হওয়া মহানন্দা নদীতে জেলা শহরের রেহাইচর এলাকায় বীরশ্রেষ্ঠ শহীদ

২৩ বিজ্ঞান ও যোগাযোগ প্রযুক্তি

স্যাটেলাইট

০২. **বঙ্গবন্ধু-১ কীসের নাম?** [২০২৩৮৩]
ক টেলিফোন সংস্থা খ মোবাইল কোম্পানি
গ স্যাটেলাইট ঘ কোনোটিই নয় **গ**

✔ **ব্যাখ্যা :** বঙ্গবন্ধু-১ বাংলাদেশের প্রথম ভূস্থির যোগাযোগ ও সম্প্রচার উপগ্রহ। এটি ২০১৮ সালের ১১ মে (বাংলাদেশ সময় ২২ মে) মার্কিন যুক্তরাষ্ট্রের কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়। এর মধ্য দিয়ে ৫৭ম দেশ হিসেবে নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় যোগ হয় বাংলাদেশ। এর আয়ুষ্কাল ১৫ বছর।

১২. **বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা হয় কোন স্থান থেকে?** [২০২৩৪৭]
ক ফ্লোরিডা খ টেক্সাস গ ক্যালিফোর্নিয়া ঘ নিউইয়র্ক **ক**

✔ **ব্যাখ্যা :** মহাকাশ ফালকন-৯ এর সাহায্যে ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়। বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট প্রকল্প আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন সংস্থার (ITU) 'রিকগনিশন অফ এক্সিলেন্স' পুরস্কার পেয়েছে।

১৫. **কোন দেশের সহায়তায় 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' উৎক্ষেপণ করা হবে?** [২০২৩৭৬]
ক যুক্তরাজ্য খ ফ্রান্স গ যুক্তরাষ্ট্র ঘ চীন **বিদ্র.**

✔ **ব্যাখ্যা :** রাশিয়ার মহাকাশবিষয়ক রাষ্ট্রীয় প্রতিষ্ঠান গ্লাভকসমসের সঙ্গে স্যাটেলাইট তৈরি ও উক্ষেপণ বিষয়ে সহযোগিতা স্মরক সইয়ের মধ্য দিয়ে আর্থ অবজারভেটরি ক্যাটাগরির বঙ্গবন্ধু-২ স্যাটালাইটটির নির্মাণ পর্ব শুরু হচ্ছে। স্যাটালাইটির লাইফটাইম হবে ১৮ বছর। তবে ফ্রান্স এবং চীন ও এর নির্মাণে আগ্রহ প্রকাশ করেছিল।

১৬. **'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' কোন দেশ থেকে উৎক্ষেপণ করা হয়?** [২০২৩৪৯]
ক রাশিয়া খ ফ্রান্স গ যুক্তরাজ্য ঘ যুক্তরাষ্ট্র **ঘ**

✔ **ব্যাখ্যা :** যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যের কেনেডি স্পেস সেন্টার থেকে ২০১৮ সালের মে মাসে উৎক্ষেপণ করা হয় বাংলাদেশের প্রথম স্যাটেলাইট 'বঙ্গবন্ধু-১'।

১৭. **বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা হয় কোন নভোকাশ কেন্দ্র থেকে?** [২০২৪১৯]
ক থেলিস এলেনিয়া খ কেনেডি স্পেস সেন্টার
গ ওয়ালপ আইল্যান্ড ফ্লাইট ফ্যাসিলিটি
ঘ মোহাতে স্পেস এন্ড এয়ারপোর্ট **খ**

১৮. **বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর নির্মাতা প্রতিষ্ঠানের নাম কী?** [২০২৩২০]
ক থ্যালাস এ্যলেনিয়া খ স্পেস এক্স
গ নাসা ঘ স্পটনিক **ক**

ভূ-উপগ্রহ কেন্দ্র

২৬. **বাংলাদেশের কোন প্রতিষ্ঠান মহাকাশ নিয়ে গবেষণা করে থাকে?** [২০২৩৮৪]
ক বাংলাদেশ বিজ্ঞান জাদুঘর খ বিসিএসআইআর
গ স্পার্সো ঘ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ **গ**

২৭. **মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন সংস্থা (স্পারসো) কোন মন্ত্রণালয়ের অধীনে?** [২০২৩৮১]
ক নৌ-পরিবহন মন্ত্রণালয়
খ বেসামরিক বিমান চলাচল মন্ত্রণালয়
গ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ঘ প্রতিরক্ষা মন্ত্রণালয় **ঘ**

২৮. **বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান কোন মন্ত্রণালয়ের অধীন?** [প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় ধাপ) '২৪]
ক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
খ ডাক, তার ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
গ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়
ঘ প্রতিরক্ষা মন্ত্রণালয় **ঘ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো) বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি সরকারি স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান। এটি ঢাকা শহরের আগারগাঁওয়ে অবস্থিত।

৩০. **'বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর' কোন মন্ত্রণালয়ের অধীন?** [২০২৩৫২]
ক প্রতিরক্ষা মন্ত্রণালয়
খ প্রধানমন্ত্রীর কার্যালয়
গ বিজ্ঞান ও প্রযুক্তি
ঘ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় **ক**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধনে একটি সংস্থা, যা দেশে আবহাওয়া বিষয়ক কার্যক্রম পরিচালনা করে।

সাবমেরিন ক্যাবল

৪২. **দেশের প্রথম সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন কোথায় অবস্থিত?** [২০২৩৪৮]
ক ঝিলংজা, কক্সবাজার খ কুয়াকাটা, পটুয়াখালী
গ ইনানী, কক্সবাজার ঘ পায়রা পটুয়াখালী **ক**

✔ **ব্যাখ্যা :** দেশের প্রথম সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং সেন্টার SEA-ME0-WE-4 -এর সাথে বাংলাদেশ ২০০৬ সালে যুক্ত হয়। BSCPLC সাবমেরিন ক্যাবল ব্যান্ডউডথ এর মূল সেবাদানকারী এবং পরিচালনাকারী প্রতিষ্ঠান।

৪৩. **বাংলাদেশের দ্বিতীয় সাবমেরিন কেবল ল্যান্ডিং স্টেশন কোথায়?** [২০২৩২১]

ক ঝিলংজা (কক্সবাজার) খ দুবলারচর (খুলনা)
গ কুয়াকাটা (পটুয়াখালী) ঘ পারকি (চট্টগ্রাম) **গ**

✔ **ব্যাখ্যা :** পটুয়াখালীর কুয়াকাটায় অবস্থিত বাংলাদেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন। আন্তর্জাতিক সাবমেরিন কেবল কনসোটিয়াম SEA-ME-WE-5 এর আওতাধীন ১৯টি দেশের সাথে এটি সংযুক্ত। ২০১৭ সালে চালু হওয়া এ ল্যান্ডিং স্টেশনটির সেবা প্রদানকারী সংস্থা BSCCL।

ডিজিটাল ব্যবস্থা

৫৮. **পুলিশী সাহায্য পাওয়ার শর্টকোড কোনটি?** [প্র. নি. প্র. (প্রভাষক) (কলেজ) '২৪]

ক ১০৬ খ ৩৩৩ গ ৯৯৯ ঘ ১২১ **গ**

✔ **ব্যাখ্যা :** ৯৯৯ এটি দেশের জাতীয় জরুরি সেবা নম্বর। যেকোন দুর্ঘটনার মুখোমুখি হলে পুলিশ, ফায়ার সার্ভিস ও অ্যাম্বুলেন্স সেবা কিংবা এ সংক্রান্ত তথ্য বিনামূল্যে এ কল সেন্টার থেকে সেবা পাওয়া যায়।

২৪ স্বাস্থ্যসেবা

১৬. **'সবুজ ছাতা' কীসের প্রতীক?** [২০২৩৬৮]

ক পারিবারিক স্বাস্থ্যসেবা খ পারিবারিক সেবা
গ বিশ্ব ভ্রমণ ঘ রেল ভ্রমণ **ক**

✔ **ব্যাখ্যা :** সবুজ ছাতা স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রের একটি প্রতীক, যেখানে বিশেষ করে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হয়। বাংলাদেশ সরকার ১৯৯৮ সালে সবুজ ছাতা প্রতীকের প্রচলন শুরু করে।

২৫ শিক্ষাব্যবস্থা

শিক্ষাব্যবস্থা

১০০. **প্রাথমিক স্তরে পরিমার্জিত জাতীয় শিক্ষাক্রমে মূল বৈশিষ্ট্য কোনটি?** [প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম ধাপ) '২৩]

ক যোগ্যতাভিত্তিক খ দক্ষতাভিত্তিক
গ উদ্দেশ্যভিত্তিক ঘ বয়স কাঠামোভিত্তিক **ক**

✔ **ব্যাখ্যা :** শিক্ষার্থীদের জ্ঞান, দক্ষতা, যোগ্যতা, দ্রুত অনুধাবন, বিশ্লেষণ, পরিবর্তনশীল পৃথিবীতে মানিয়ে নিতে, মূল্যবোধ ও সক্ষমতা বাড়াতে যোগ্যতাভিত্তিক জাতীয় শিক্ষাক্রমের মূল ভিত্তি তৈরি করা হয়েছে।

২৬ নারী ও শিশু

নারী

০৮. **দেশের প্রথম নারী উপাচার্য কে?** [২০২৪১৩; ২০২৪২১]

ক আনোয়ারা বেগম খ ফারজানা ইসলাম
গ খালেদা একরাম ঘ সাদেকা হালিম **খ**

✔ **ব্যাখ্যা :** জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞানের অধ্যাপক ড. ফারজানা ইসলাম দেশের প্রথম নারী উপাচার্য। ২০১৪ সালে তিনি নিয়োগ প্রাপ্ত হন। উল্লেখ্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী উপাচার্য ড. সাদেকা হালিম।

২৭ উপজাতি

উপজাতিদের বসবাস ও কৃষি ব্যবস্থা

০২. **'বাওয়ালী' কারা?** [২০২৪৩২]

ক বাউল সম্প্রদায় খ ভাওয়াল অঞ্চলের বাসিন্দা
গ সুন্দরবনের গোলপাতা সংগ্রহকারী
ঘ চট্টগ্রামের বলী খেলোয়াড় **গ**

✔ **ব্যাখ্যা :** সুন্দরবন থেকে বন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত গোলপাতা সংগ্রহকারীদের বলা হয় বাওয়ালা।

০৪. **বাংলাদেশে যে ক্ষুদ্র জাতিসত্তা সিলেট জেলায় বাস করে না–** [২০২৩৫৫]

ক খাসিয়া খ পাঙন
গ মণিপুরি ঘ তঞ্চঙ্গ্যা **ঘ**

✔ **ব্যাখ্যা :** তঞ্চঙ্গ্যা পার্বত্য চট্টগ্রামে বসবাসকারী একটি উপজাতি জনগোষ্ঠী। উপজাতি জনগোষ্ঠীর জনসংখ্যার দিক থেকে এদের স্থান ৫ম। তঞ্চঙ্গ্যা নারীদের পরিধেয় পোশাককে পেরোইন (থামী) বলে।

০৬. **রাখাইন উপজাতির অধিক বাস কোন জেলায়?** [২০২৩৮১; ২০২৩৭৩]

ক পটুয়াখালি জেলায় খ রাঙামাটি জেলায়
গ বরিশাল জেলায় ঘ কক্সবাজার জেলায় **ঘ**

✔ **ব্যাখ্যা :** রাখাইন বাংলাদেশ ও মিয়ানমারের একটি জনগোষ্ঠির নাম। এরা আরাকানি ও মগ নামেও পরিচিত।

Phenom Publications

উপকূলীয় জেলা কক্সবাজার, পটুয়াখালী ও বরগুনা এদের বসবাস। বৌদ্ধ ধর্মালম্বী ও জনগোষ্ঠির প্রধান উৎসব 'জলকেলি'।

১৪. **'ওয়ানগালা' উৎসব কাদের?** [২০২৩১৯; ২০২৩২৪; শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ক) কুকিদের খ) গারোদের
গ) চাকমাদের ঘ) মারমাদের **খ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের বৃহত্তম ময়মনসিংহ অঞ্চলে বসবাসকারী গারো জাতির লোকদের প্রধান ধর্মীয় ও সামাজিক উৎসব 'ওয়ানগালা' এটি ওয়াল্না নামেও পরিচিত। এটি সূর্য দেবতা 'সালজং' এর সম্মানে উদযাপিত। এরা প্রধানত খ্রিষ্ঠ ধর্মালম্বী।

১৯. **কোন ক্ষুদ্র জাতিসত্ত্বা চট্টগ্রাম অঞ্চলের বাইরে বসবাস করে?** [২০২৪৩২]

ক) চাকমা খ) ত্রিপুরা
গ) হাজং ঘ) মারমা **গ**

✔ **ব্যাখ্যা :** হাজং উপজাতি প্রধানত গারো পাহাড়কে কেন্দ্র করে ময়মনসিংহ, নেত্রকোণা এবং বৃহত্তর সিলেট অঞ্চলে বসবাস করে। বিখ্যাত কুমুদিনী হাজং টংক আন্দোলনের নেত্রী ছিলেন।

ধর্ম ও উৎসব

২৮. **মারমাদের সবচেয়ে বড় উৎসবের নাম কী?** [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) বিজু খ) রাশ গ) সাংগ্রাই ঘ) বাউশু **গ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উপজাতি জনগোষ্ঠী মারমাদের প্রধান উৎসব 'সাংগ্রাই'। প্রতি বচর ১৩ থেকে ১৫ এপ্রিল ৩ দিন এটি পালিত হয়। সাংগ্রাই উৎসবের প্রধান আকর্ষণ 'পানি খেলা'। এরা প্রধানত বৌদ্ধ ধর্মালম্বী। মারমারা অতীতে মগ নামে পরিচিত ছিল।

পরিবার

৩৮. **বর্ণিত বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃগোষ্ঠী মাতৃতান্ত্রিক?** [২০২৪০১]

ক) গারো খ) হাজং গ) ত্রিপুরা ঘ) চাকমা **ক**

✔ **ব্যাখ্যা :** নিজেদের 'মান্দি' বলে পরিচয় দেওয়া গারো উপজাতির পরিবার মাতৃতান্ত্রিক। 'মান্দি' অর্থ মানুষ। খ্রিষ্ট ধর্মাবলম্বী এ উপজাতির আদি ধর্ম 'সাংসারেক'। 'আচিক' তাদের ভাষার নাম।

৪০. **বাংলাদেশে মাতৃপ্রধান উপজাতি কারা?** [২০২৪২৯; ২০২৩৬৯; ২০২৩৬১]

ক) চাকমা খ) খুমি গ) মুরং ঘ) খাসিয়া
ঙ) কোনটিই নয় **ঘ**

✔ **ব্যাখ্যা :** বৃহত্তর সিলেট অঞ্চলে বসবাসরত খাসিয়া সম্প্রদায় মাতৃতান্ত্রিক পরিবার ব্যবস্থা বিদ্যমান। এ সম্প্রদায় সাতটি উপ-উপজাতিতে শ্রেণীবদ্ধ। যা সম্মিলিতভাবে 'সাত কুঁড়ে ঘরের শিশু' নামেও পরিচিত। খাসিয়া সম্প্রদায় প্রধানত খিষ্ট ধর্মাবলম্বী।

৪১. **মাতৃপ্রধান পরিবার ব্যবস্থার প্রচলন কোন জাতিসত্তায় রয়েছে?** [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) গারো খ) সাওতাল গ) মনিপুর ঘ) চাকমা **ক**

৪৪. **পরিবার গঠনের পূর্বশর্ত কোনটি?** [২০২৩১৬]

ক) মূল্যবোধ খ) বিবাহ
গ) নিয়মনীতি ঘ) আত্মীয়তা **খ**

✔ **ব্যাখ্যা :** বিবাহ হলো একটি সামাজিক চুক্তি। যার মাধ্যমে নারী-পুরুষের সম্পর্কের বৈধতা পায় এবং পরিবার গঠনের আনুষ্ঠানিকতা শুরু হয়। এটি আদিকাল থেকে চলে আসা একটি চিরাচরিত প্রথা।

উপজাতি জাদুঘর ও সাংস্কৃতিক কেন্দ্র

৪৫. **জাতীয় বিজ্ঞান যাদুঘর কোথায় অবস্থিত?** [২০২৩৩৫]

ক) ঢাকার বিজয়নগরে খ) ঢাকার সেগুনবাগিচায়
গ) ঢাকার আগারগাঁয়ে ঘ) ঢাকার লালবাগে **গ**

✔ **ব্যাখ্যা :** ১৯৬৫ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশের একমাত্র বিজ্ঞান জাদুঘর ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত। জাদুঘরের ছাদে ১৯৯০ সালে দেশের প্রথম মান মন্দির স্থাপন করা হয়।

৪৬. **মুক্তিযুদ্ধ যাদুঘর কোথায়?** [২০২৪৩২]

ক) খুলনা খ) চট্টগ্রাম
গ) রাজশাহী ঘ) ঢাকা **ঘ**

✔ **ব্যাখ্যা :** ১৯৯৬ সালের ২২ মার্চ প্রতিষ্ঠিত বাংলাদেশের একমাত্র মুক্তিযুদ্ধভিত্তিক জাদুঘরটি ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত। পূর্বে এটি ঢাকার সেগুনবাগিচায় ছিল। উল্লেখ্য, 'গণহত্যা জাদুঘর'টি খুলনায় অবস্থিত।

Phenom Publications

২৮ শিল্প, ব্যাংক ও অর্থনীতি

অর্থব্যবস্থা

০৮. **Income Tax নিচের কোনটির সাথে সম্পর্কিত?** [২০২৪২২]

ক) IAS-7 খ) IAS-9
গ) IAS-12 ঘ) IAS-13 **গ**

✔ **ব্যাখ্যা :** International Accounting Standards (IAS) হলো অর্থনৈতিক ভাষার কিছু নিয়ম কানুন। যা বিভিন্ন সংস্থা সাংকেতিক ভাষা রূপে ব্যবহার করে। IAS-12 দ্বারা Income Tax বুঝায়।

০৯. **'ট্যাক্স হলিডে' নীতির উদ্দেশ্য হলো–** [২০২৩৭১]

ক) কর পরিশোধে উৎসাহিত করা
খ) কর পরিশোধের জন্য দিন ধার্য করা
গ) নির্দিষ্ট সময় পর্যন্ত কর মওকুফ করা

(ঘ) কর মেলার আয়োজন করা **ক**

১৪. ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ কোন মন্ত্রণালয়ের আওতাভুক্ত? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

(ক) পরিকল্পনা (খ) শিল্প (গ) বাণিজ্য (ঘ) অর্থ **গ**

✔ **ব্যাখ্যা :** Trading corporation of Bangladesh-TCB বাজারমূল্য স্থিতিশীল রাখতে নির্দিষ্ট কিছু নিত্য প্রয়োজনীয় পণ্যের আপদকালীন মজুদ (বাফার স্টক) গড়ে তুলে সাশ্রয়ী মূল্যে নিম্নআয়ের মানুষের মাঝে সরবরাহ করা।

১৫. জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কোন মন্ত্রণালয়ের আওতাধীন? [২০২৪১০; ২০২৪২৩]

(ক) বাণিজ্য মন্ত্রণালয় (খ) শিল্প মন্ত্রণালয়
(গ) খাদ্য মন্ত্রণালয় (ঘ) আইন মন্ত্রণালয় **ক**

✔ **ব্যাখ্যা :** ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী গঠিত 'জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর' বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন। উল্লেখ্য, ভোক্তা অধিকার নিয়ে কাজ করে বেসরকারি সংস্থা কনজ্যুমারস আসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)।

১৭. বাংলাদেশ সরকারের বৈদেশিক অর্থায়ন সংক্রান্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের কোন বিভাগ দায়িত্ব পালন করে?
[প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় ধাপ) '২৪]

(ক) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (খ) পরিকল্পনা বিভাগ
(গ) অর্থ বিভাগ (ঘ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ **ঘ**

✔ **ব্যাখ্যা :** অর্থমন্ত্রণালয়ের চারটি বিভাগ (অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ) এর অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বাংলাদেশ সরকারের বৈদেশিক অর্থায়ন সংক্রান্ত বিষয়ের দায়িত্ব পালন করে থাকে। যা পূর্বে 'বহিঃসম্পদ বিভাগ' নামে পরিচিত ছিল। উল্লেখ্য, বাজেট নিয়ে কাজ করে অর্থ বিভাগ।

২০. অর্থনীতিতে অদৃশ্য হাতের প্রবক্তা কে? [২০২৪২২]

(ক) এল রবিন্স (খ) স্যামুয়েলসন
(গ) কৌটিলা (ঘ) অ্যাডাম স্মিথ **ঘ**

✔ **ব্যাখ্যা :** অদৃশ্য হাত হলো মুক্তবাজার অর্থনীতির একটি ধারণা যেখানে পণ্যের মূল্য সরকার বা কোন ব্যক্তির দ্বারা নিয়ন্ত্রিত না হয়ে চাহিদা এবং যোগানের ভিত্তিতে নির্ধারিত হয়। আঠার শতকের স্কটিশ দার্শনিক এবং অর্থনীতিবিদ এডাম স্মিথ তার এই 'ওয়েলথ অব নেশন' (১৭৭৬) এ শব্দটি প্রথম ব্যবহার করেন।

২১. কোনো দ্রব্যের দাম পরিবর্তনের হার যদি চাহিদার পরিবর্তনের হার অপেক্ষা বেশি হয়, তাকে কী বলে? [২০২৩৭১]

(ক) অস্থিতিস্থাপক চাহিদা (খ) স্থিতিস্থাপক চাহিদা
(গ) শূন্য স্থিতিস্থাপক (ঘ) অসীম স্থিতিস্থাপক **খ**

✔ **ব্যাখ্যা :** স্থিতিস্থাপক চাহিদা মতবাদের সর্বপ্রথম প্রচলন করেন আলফ্রেড মার্শাল। তার মতে, দামের পরিবর্তনের ফলে চাহিদা যে দ্রুততা বা ধীরতার সাথে পরিবর্তিত হয়, তাকে স্থিতিস্থাপকতা বলে। $e(R) = \frac{dQ/Q}{dP/P}$, এখানে, dQ/Q হলো চাহিদার পরিবর্তনের হার এবং dP/P হলো দামের পরিবর্তনের হার।

ব্যাংক ও বীমা

২২. বাংলাদেশের বর্তমানে মোট কত ধরনের ব্যাংক নোট প্রচলিত আছে? [২০২৩৭৬; ২০২৩২৭]

(ক) ৫টি (খ) ৬টি (গ) ৭টি (ঘ) ৮টি **গ**

২৩. একটি বৈধ চেকের মেয়াদ কত? [২০২৩২৭]

(ক) ৬ মাস (খ) ১৫ দিন (গ) ১ মাস (ঘ) ২ মাস **ক**

২৪. কোনটি বাংলাদেশের সবচেয়ে পুরনো বিদেশি ব্যাংক (Foreign Bank)? [২০২৩৩৯]

(ক) ব্যাংক অব সিলন (খ) সিটি ব্যাংক এন.এ
(গ) এইচএসবিসি (ঘ) স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক **ঘ**

✔ **ব্যাখ্যা :** স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক বাংলাদেশের প্রথম বিদেশি ব্যাংক। এটি বাংলাদেশের প্রাচীনতম (১৯০৫) এবং বৃহত্তম বিদেশী ব্যাংক। ১৯৯৪ সালে দেশে প্রথম ATM সেবা চালু করেন ব্যাংকটি।

২৫. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংকের কাজ নয়? [২০২৩৭৬; ২০২৩২৭]

(ক) ঋণ নিয়ন্ত্রণ (খ) মুদ্রা প্রচলন
(গ) সরকারের আর্থিক পরামর্শ দাতা (ঘ) আমানত সংগ্রহ **ঘ**

✔ **ব্যাখ্যা :** মুদ্রা ও নোট প্রচলন, মুদ্রানীতি প্রণয়ন, বৈদেশিক মুদ্রার বিনিময়, বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ, মানি লন্ডারিং প্রতিরোধ ইত্যাদি কাজ করে থাকেন দেশের কেন্দ্রীয় ব্যাংক বাংলাদেশ ব্যাংক। প্রধান কার্যালয়সহ কেন্দ্রীয় ব্যাংকটির রয়েছে মোট ১০টি শাখা। ৯ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষাদ দ্বারা ব্যাংকটি পরিচালিত হয়। উল্লেখ্য, আমানত সংগ্রহ বাণিজ্যিক ব্যাংকের কাজ।

২৬. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংক নয়? [২০২৩৭৬; ২০২৩২৭]

(ক) আরব বাংলাদেশ ব্যাংক (খ) বাংলাদেশ শিল্প ব্যাংক
(গ) ইসলামী ব্যাংক (ঘ) HSBC **খ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশ শিল্প ব্যাংক (BSB) একটি সরকারি বা রাষ্ট্রায়ত্ত ব্যাংক। এটি বাণিজ্যিক ব্যাংক নয়। উল্লেখ্য, Hongkong and sharghai Banking corporation (HSBC) লন্ডনভিত্তিক একটি আন্তর্জাতিক ব্যাংক।

২৭. কোনটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক নয়? [২০২৪০১]

(ক) পূবালী ব্যাংক (খ) অগ্রণী ব্যাংক
(গ) জনতা ব্যাংক (ঘ) রূপালী ব্যাংক **ক**

✔ **ব্যাখ্যা :** পূর্বালী ব্যাংক বাংলাদেশের একটি স্বায়ত্তশাসিত বাণিজ্যিক ব্যাংক। শাখা ও কর্মকাণ্ডের বিচারে সরকারি মালিকানাধীন ব্যাংকগুলোর পরেই এটি বাংলাদেশের বৃহত্তম ব্যাংক।

২৮. নিম্নের কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়? [২০২৪০৪; ২০২৪০৫]

(ক) আমানত গ্রহণ (খ) নোট ছাপানো
(গ) ঋণদান (ঘ) মুনাফা অর্জন **খ**

✔ **ব্যাখ্যা :** জনগণের আমানত গ্রহণ, ব্যবসায় ঋণ বিতরণ, জনগণ ও ব্যবসায়কে আর্থিকে পরিসেবা প্রদান, বৈদেশিক মুদ্রার প্রচলন, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড সরবরাহ ইত্যাদি বাণিজ্যিক ব্যাংকের কাজ। বিহিত মুদ্রার প্রচলন, নোট ছাপানো এগুলো কেন্দ্রীয় ব্যাংকের কাজ।

৩১. বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নর কে? [২০২৩৭৮; ২০২৩৭৬; ২০২৩২৭]

ⓚ মোহাম্মদ ফরাস উদ্দিন ⓚ আব্দুর রউফ তালুকদার
ⓖ লুৎফর রহমান সরকার ⓖ খোরশেদ আলম **বিদ্র.**

✔ **ব্যাখ্যা :** বর্তমানে আহসান এইচ মুনসুর (১৩ আগস্ট, ২০২৪) থেকে বাংলাদেশ ব্যাংকের ১৪তম গভর্নর হিসেবে দায়িত্ব পালন করছেন। উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংকের প্রথম গর্ভনর এ.এন.এম হামিদুল্লাহ।

৩৫. দেশের তফসিলি ব্যাংকের সংখ্যা কত? [২০২৪১১]

ⓚ ৬৩ ⓚ ৬১ ⓖ ৬২ ⓖ ৬৩ **খ**

৩৭. সোনালী ব্যাংকের বর্তমান নাম কী? [২০২৩৭৮]

ⓚ সোনালী ব্যাংক লিমিটেড ⓚ সোনালী ব্যাংক পিএলসি
ⓖ দি সোনালী ব্যাংক ⓖ সোনালী ব্যাংক বাংলাদেশ লিমিটেড **খ**

✔ **ব্যাখ্যা :** সোনালী ব্যাংক বাংলাদেশের বৃহত্তম রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক। ১৯৭২ সালে এ ব্যাংক 'সোনালী ব্যাংক' নামে যাত্রা শুরু করে। ২০০৭ সালে এর নাম পরিবর্তন করে হয় 'সোনালী ব্যাংক লিমিটেড'। ২৮ ফেব্রুয়ারি ২০২৩ সালে পুনরায় এ ব্যাংকের নাম হয় 'সোনালী ব্যাংক পাবলিক লিমিটেড কোম্পানি' (SBPLC)।

৪৭. E-banking এর সমার্থক কোনটি? [২০২৩২৭; ২০২৩৭৬]

ⓚ Tele Banking
ⓚ Easy Banking
ⓖ Automated Banking
ⓖ Internet Banking **ঘ**

✔ **ব্যাখ্যা :** অনলাইন ব্যাংকিং ইন্টারনেট ব্যাংকিং, ই-ব্যাংকিং, ভার্চুয়াল ব্যাংকিং ইত্যাদি নামে পরিচিত। উল্লেখ্য, বাংলাদেশে প্রথম টেলি ব্যাংকিং চালু করে স্টান্ডার্ড চার্টার্ড ব্যাংক।

৪৮. Letter of credit ইস্যু করে– [২০২৩৫২]

ⓚ বাংলাদেশ ব্যাংক ⓚ আমদানিকারকের ব্যাংক
ⓖ রপ্তানিকারকের ব্যাংক ⓖ আইএমএফ **খ**

✔ **ব্যাখ্যা :** Letter of credit (LC) হলো আমদানিকারকের পক্ষে এবং রপ্তানিকারকের অনুকূলে আমদানিকৃত পণ্যের মূল্য পরিশোধের নিশ্চয়তা প্রদান করে। আমদানিকারকের ব্যাংক যে পত্র ইস্যু করে তাকে প্রত্যয়পত্র বা এলসি বলে।

৫৩. IDRA কী? [২০২৩৭১]

ⓚ অভ্যন্তরীণ গ্রামীণ উন্নয়ন কর্তৃপক্ষ
ⓚ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ⓖ আন্তর্জাতিক গ্রামীণ উন্নয়ন কর্তৃপক্ষ
ⓖ আন্তর্জাতিক তথ্য নিয়ন্ত্রণ সংস্থা **খ**

✔ **ব্যাখ্যা :** Insurance Development & Regulatory Authority (IDRA) হলো বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ। যা অর্থমন্ত্রণালয়ের 'আর্থিক প্রতিষ্ঠান বিভাগ'-এর আওতাধীন। বীমা আইন, ২০১০ অনুযায়ী বাংলাদেশ বীমা কোম্পানিসমূহ নিয়ন্ত্রিত হয়। ১ মার্চ ১৯৬০ সালে পাকিস্তানের আলফা ইনস্যুরেন্স কোম্পানিতে যোগ দেন বঙ্গবন্ধু। এজন্য ১ মার্চ জাতীয় বীমা দিবস হিসেবে পালিত হয়।

মুদ্রাব্যবস্থা

৫৮. একটি দেশের উচ্চ মুদ্রাস্ফীতির সময় নিচের কোনটি ঘটে না– [২০২৩৭৬; ২০২৩২৭]

ⓚ বেকারের হার বাড়ে ⓚ মূল্যস্তর বাড়ে
ⓖ অর্থের মূল্য কমে ⓖ অর্থের সরবরাহ বাড়ে **ক**

✔ **ব্যাখ্যা :** মুদ্রাস্ফীতি বলতে বুঝায় পন্য ও সেবার দাম বেড়ে যাওয়াকে। যা সাধারণত অতিরিক্ত মুদ্রা সরবরাহের কারণে। মুদ্রাস্ফীতির সময় অর্থনীতির খারাপ দিকগুলো দেখা দেয়। তবে অনেক সময় মুদ্রাস্ফীতির ফলে বিনিয়োগ বাড়ে। ফলে কর্মসংস্থানের সৃষ্টি হয়।

মুদ্রা

৬৮. সর্বনিম্ন মূল্যমানের ব্যাংক নোট– [২০২৪২৫]

ⓚ ১ টাকা ⓚ ২ টাকা ⓖ ৫ টাকা ⓖ ১০ টাকা **ঘ**

✔ **ব্যাখ্যা :** সরকারি নোট হলো সরকার কর্তৃক প্রচলিত মুদ্রা যা অর্থ মন্ত্রণালয় ইস্যু করে। এ ধরনের নোটে অর্থ সচিবের স্বাক্ষর থাকে। সরকারি নোট ৩টি ১, ২ ও ৫ টাকা। অন্যদিকে ব্যাংক নোট ইস্যু করে কেন্দ্রীয় ব্যাংক যাতে গভর্নরের স্বাক্ষর থাকে। ব্যাংক নোট মোট ৭টি, সর্বনিম্ন মূল্য মানের ব্যাংক নোট-১০ টাকা।

৬৯. ১ টাকা ও ২ টাকার নোটকে কী বলা হয়? [২০২৩৭৬]

ⓚ ব্যাংক নোট ⓚ গভর্নমেন্ট নোট
ⓖ সরকারি নোট ⓖ সাচিবিক নোট **গ**

✔ **ব্যাখ্যা :** দেশে সরকারী বেসরকারি মিলিয়ে বর্তমানে ১০টি নোট প্রচলিত আছে। ১, ২, ৫ টাকা এগুলো সরকারী নোট। ১৯৭২ সালের ৪ মার্চ বাংলাদেশ সরকার ১ টাকার মুদ্রা বের করে।

৭৭. বাংলাদেশের পাঁচ টাকার নোটে কোন মসজিদের ছবি আছে? [২০২৪০১]

ⓚ বাঘা মসজিদ ⓚ ষাট গম্বুজ মসজিদ
ⓖ ছোট ⓖ কুসুম্বা মসজিদ **ঘ**

✔ **ব্যাখ্যা :** ৫ টাকার নোটে রয়েছে– নওগাঁর কুসুম্বা মসজিদের ছবি।
১০ টাকার নোটে রয়েছে– বায়তুল মুকাররম মসজিদের ছবি।
২০ টাকার নোটে রয়েছে– ষাটগম্বুজ মসজিদের ছবি।
১০০ টাকার নোটে রয়েছে– ঢাকার তারা মসিজদের ছবি।

পুঁজিবাজার

৭৯. বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নাম– [২০২৩৭৬]

Phenom Publications

(গ) বিএসইসি (ঘ) এসবিসি **গ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের স্টক এক্সচেঞ্জ ২টি। ঢাকা স্টক এক্সচেঞ্জ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ। শেয়ার বাজারের উভয় স্টক এক্সচেঞ্জই নিয়ন্ত্রিত হয় Bangladesh Securities and exchanges commissions BSEC নামক সংস্থা দ্বারা। যা ৮ জুন ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত।

৮১. ঢাকা স্টক এক্সচেঞ্জ প্রথম প্রতিষ্ঠার তারিখ কত? [২০২৩৩৯]

(ক) ২৮ এপ্রিল, ১৯৫৪ (খ) ২৯ এপ্রিল, ১৯৫৫
(গ) ২৮ এপ্রিল, ১৯৫৯ (ঘ) ২৬ এপ্রিল, ১৯৫৪ **ক**

✔ **ব্যাখ্যা :** ২৮ এপ্রিল ১৯৫৪ সালে ইস্ট পাকিস্তান স্টক এক্সচেঞ্জ অ্যাসোসিয়েশন লি. নামে প্রথম অন্তর্ভুক্ত হয় ঢাকা স্টক এক্সচেঞ্জ। ১৯৫৬ সালে আনুষ্ঠানিকভাবে ব্যবসা শুরু করে। ১৩ মে ১৯৬৪ সালে এর নাম পরিবর্তন করে রাখা হয়। ঢাকা স্টক এক্সচেঞ্জ লি.

৮৬. কোনটি পুঁজি সংগ্রহের বহিঃউৎস নয়? [২০২৪০৫]

(ক) ব্যাংক ঋণ (খ) শেয়ার ইস্যু
(গ) ঋণপত্র ইস্যু (ঘ) বন্ধকী ঋণ **খ**

✔ **ব্যাখ্যা :** শেয়ার হলো কোম্পানির মালিকানা। এটি অর্থায়নের অভ্যন্তর।

৮৭. IPO কোনটির সংক্ষিপ্ত রূপ? [২০২৩২৭]

(ক) Initial Public Offering
(খ) Initial Public Order
(গ) International Policy Ordinance
(ঘ) Internal Policy **ক**

রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা

৯০. ইপিজেড নেই কোথায়? [২০২৩৪৫]

(ক) কুমিল্লা (খ) মংলা (গ) ইশ্বরদী (ঘ) রাজশাহী **ঘ**

✔ **ব্যাখ্যা :** ২টি বেসরকারীসহ মোট ১০টি ইপিজেড রয়েছে সারা দেশে। চট্টগ্রাম ইপিজেড বাংলাদেশের প্রথম ইপিজেড যা ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত।

৯১. দেশের নবম ইপিজেড কোন জেলায় স্থাপিত হবে? [২০২৪০৮]

(ক) বরগুনা (খ) রাজবাড়ী
(গ) পটুয়াখালী (ঘ) রাজশাহী **গ**

৯৩. বাংলাদেশের প্রথম ইপিজেড কোথায় অবস্থিত? [২০২৩৭৯]

(ক) সাভার (খ) মংলা (গ) হালিশহর (ঘ) পাকশি **গ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের ৮টি সরকারী ইপিজেডের মধ্যে প্রথম এবং প্রধান ইপিজেডটি ১৯৮৩ সালে চট্টগ্রামের হালিশহরে প্রতিষ্ঠিত হয়। সর্বশেষ ইপিজেড কর্ণফুলী ইপিজেড যা চটট্টগ্রামে প্রতিষ্ঠিত।

৯৬. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চলের সংক্ষিপ্ত রূপ কোনটি? [২০২৪০৫; ২০২৪০৪; ২০২৩২৭]

(গ) BEZA (ঘ) BAZA **গ**

✔ **ব্যাখ্যা :** Bangladesh Economic Zone Authority (BEZA) হলো প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতাধীন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চলের উন্নয়নে গঠিত একটি সরকারী প্রতিষ্ঠান। যা ২০১০ সালে প্রতিষ্ঠিত। সারাদেশে ১০০টি অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে বেজা।

৯৭. বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর কোথায় অবস্থিত? [২০২৩১০]

(ক) মিরসরাই (খ) নারায়নগঞ্জ
(গ) সাভার (ঘ) মংলা **ক**

৯৮. বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগরটি কোন জেলায় অবস্থিত? [২০২৪০৪; ২০২৪০৫]

(ক) ফেনী (খ) কক্সবাজার
(গ) চট্টগ্রাম (ঘ) (ক) এবং (গ) **ঘ**

✔ **ব্যাখ্যা :** চট্টগ্রামের মীরসরাই, সীতাকুন্ড এবং ফেনীর সোনাগাজী এলাকা জুড়ে বিস্তৃত বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগরটি ৩ ধাপে বাস্তবায়নের পরিকল্পনা নেয়া হয়েছে। যা বেজার আওতাধীন।

অন্যান্য

১০৭. RTGS is a — [২০২৩৭৩]

(ক) Payment system
(খ) Airlines company
(গ) Insurance system
(ঘ) An anti-virus software **ক**

✔ **ব্যাখ্যা :** RTGS-Real-time gross settlement হলো– একটি বিশেষায়িত তহবিল স্থানান্তর ব্যবস্থা যার মাধ্যমে এক ব্যাংক থেকে অন্য ব্যাংকে তাৎক্ষণিক বা প্রকৃত সময়ে তহবিল স্থানান্তর করা যায়। 'রিয়েল টাইম' বা প্রকৃত সময় বলতে বুঝায় এখানে লেনদেন সম্পূর্ণ হতে কোন নির্দিষ্ট সময় অপেক্ষা করতে হয় না বরং লেনদেন প্রক্রিয়া করার সাথে সাথেই সম্পূর্ণ হয়।

১০৮. FID এর পূর্ণরূপ কী? [২০২৩৭৩]

(ক) Financial Institutions Division
(খ) Foreign Investor Department
(গ) Fire Investigation Department
(ঘ) উপরের কোনোটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বা FID হলো বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের একটি বিভাগ, যা সমস্ত রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং স্টক এক্সচেঞ্জ পরিচালনার দায়িত্বে নিয়োজিত।

সম্পদ

২৯ কৃষিজ সম্পদ ও ম্যাস

ধান

০২. বাংলাদেশের আবাদী জমির কতটুকুতে ধানের চাষ হয়? [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]
ক ৫০% খ ৬০% গ ৭০% ঘ ৮০% **গ**

০৪. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের উদ্ভাবিত মোট ধানের জাত কতটি? [২০২৩৪৪]
ক ৭৭টি খ ৮৯টি গ ১০৫টি ঘ ১১৩টি **ঘ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) ১৯৭০ থেকে ২০২৩ সাল পর্যন্ত ৮টি হাইব্রিড ও ১০৫টি ইনব্রিডসহ মোট ১১৩ জাতের ধান উদ্ভাবন করেছে। জানুয়ারী ২০২৪ পর্যন্ত ব্রি উদ্ভাবিত সর্বমোট ধানের জাতের সংখ্যা ১১৫টি। গাজীপুর জেলার জয়দেবপুরে সংস্থাটির সদর দপ্তর।

১৫. বাংলাদেশের রুটির ঝুড়ি বলা হয় কোন জেলাকে? [২০২৩৫৪]
ক বরিশাল খ রাজশাহী
গ যশোর ঘ দিনাজপুর **ঘ**

১৬. বিজ্ঞানী ড. আবেদ চৌধুরী কর্তৃক আবিষ্কৃত বিভিন্ন মৌসুমে একগাছ হতে পাঁচ প্রকারের ধান চাষের পদ্ধতিটি হচ্ছে– [২০২৩৮৪]
ক পঞ্চমুখি খ পঞ্চব্রীহি
গ পঞ্চশীলা ঘ পঞ্চপান্ড **খ**

পাট

২২. সবচেয়ে বেশি লিচু উৎপন্ন হয় কোন জেলায়? [২০২৩৩৮]
ক যশোর খ ময়মনসিংহ
গ ফরিদপুর ঘ দিনাজপুর **ঘ**

✔ **ব্যাখ্যা :** সবচেয়ে বেশি লিচু উৎপন্ন হয় দিনাজপুরে তবে পাবনা, নাটরসহ আরো কিছু জেলা লিচু উৎপাদনে র জন্য বিখ্যাত। উল্লেখ্য, বাংলাদেশ লিচু উৎপাদন বিশ্বে ২য়।

চা

৩৩. নিচের কোন জায়গায় চা নিলাম কেন্দ্র রয়েছে? [২০২৪১৬]
ক চট্টগ্রাম খ মৌলভীবাজার
গ পঞ্চগড় ঘ উপরের সবগুলো **ঘ**

✔ **ব্যাখ্যা :** দেশে বর্তমানে তিনটি আন্তর্জাতিক চা নিলাম কেন্দ্র রয়েছে। সমুদ্রপথে আন্তর্জাতিক বাজারে চা রপ্তানির সুবিধার্থে ১৯৪৯ সালে বন্দর নগরী চট্টগ্রামে দেশের প্রথম আন্তর্জাতিক চা নিলাম কেন্দ্র স্থাপন করা হয়। ৮ ডিসেম্বর, ২০১৭ সালে চায়ের রাজধানী মৌলভীবাজারে দ্বিতীয় আন্তর্জাতিক চা নিলাম কেন্দ্র স্থাপন করা হয়। ৩য় ও সর্বশেষ নিলাম কেন্দ্রটি পঞ্চগড়ে যা ২ সেপ্টেম্বর, ২০২৩ সালে উদ্ভাবন করা হয়। দেশের চা জাদুঘর মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গলে অবস্থিত।

৩৪. দেশের তৃতীয় চা নিলাম কেন্দ্র কোথায় অবস্থিত? [২০২৩৭৭]
ক শ্রীমঙ্গল খ সিলেট গ পঞ্চগড় ঘ বান্দরবান **গ**

৩৫. উত্তরবঙ্গের কোন জেলায় প্রথম চা চাষ শুরু হয়? [২০২৩৫৫]
ক ঠাকুরগাঁও খ পঞ্চগড় গ দিনাজপুর ঘ রংপুর **খ**

মৎস্য

৪১. বাংলাদেশের অভ্যন্তরীণ উন্মুক্ত জলাশয়ে মৎস্য উৎপাদনে ২০২২ সালে বিশ্বে কততম স্থান অধিকার করে? [২০২৪১৯]
ক ১ম খ ২য় গ ৩য় ঘ ৪র্থ **গ**

✔ **ব্যাখ্যা :** FAO-এর ২০২২ সালের প্রতিবেদনে উন্মুক্ত জলাশয়ে মৎস্য উৎপাদনে বাংলাদেশের অবস্থান ছিল ৩য়। তবে ২০২৪ সালের রিপোর্ট অনুযায়ী চীনকে টপকে বাংলাদেশ এখন ২য়। শীর্ষে রয়েছে ভারত।

৪৩. কত সেন্টিমিটারের নিম্নের ইলিশকে জাটকা বলে? [২০২৩৮৪]
ক ২৩ সে.মি. খ ৩২ সে.মি.
গ ২৫ সে.মি. ঘ ২৭ সে.মি. **গ**

✔ **ব্যাখ্যা :** মৎস্য সংরক্ষণ আইন, ১৯৫০ (সংশোধিত ২০১৪) অনুসারে, ২৫ সেমি. (১০ ইঞ্চি) কম দৈর্ঘ্যের ছোট ইলিশ জাটকা হিসেবে গণ্য হবে। তবে রুই, কাতলা, মৃগেল, কালবাউশ, ও ঘনিয়ার ক্ষেত্রে এ পরিমাপ ২৩ সেমি.।

৪৭. নিচের কোনটি বাংলাদেশে 'হোয়াইট গোল্ড' নামে পরিচিত? [২০২৩৪২]
ক গলদা চিংড়ি খ মৎস্য
গ পোশাক শিল্প ঘ ঔষধ **ক**

✔ **ব্যাখ্যা :** ৭০ এর দশক থেকে বিশ্বের বিভিন্ন দেশে চিংড়ি রপ্তানি হচ্ছে। বাংলাদেশের সমুদ্র তীরবর্তী সবচেয়ে বড় অর্থনৈতিক কর্মকাণ্ড চিংড়ি চাষ। চিংড়ি রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা আয় হওয়ায় এটি white gold (সাদা সোনা) হিসেবে অধিক পরিচিত। উল্লেখ্য, বাগদা চিংড়ি 'ব্লাক টাইগার' নামেও পরিচিত।

৪৯. বাংলাদেশের প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র কোথায় অবস্থিত? [২০২৩৬১]
ক হালদা খ শীতলক্ষ্যা গ মেঘনা ঘ পদ্মা **ক**

✔ **ব্যাখ্যা :** হালদা নদী বাংলাদেশের পূর্ব পাহাড়ি অঞ্চলের খাগড়াছড়ি ও চট্টগ্রাম জেলার একটি নদী। এর উৎপত্তি পার্বত্য চট্টগ্রামের বাটনাতলী পাহাড় হতে ১০৬ কি.মি. দৈর্ঘ্য বিশিষ্ট নদীটি বাংলাদেশ তথা এশিয়ার সর্ববৃহৎ প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র। বা 'বঙ্গবন্ধু মৎস্য হেরিডেজ' হিসেবে ঘোষণা করা হয়েছে।

৫০. বাংলাদেশের জলসীমায় উৎপত্তি ও সমাপ্তি হয়েছে কোন নদীর? [২০২৪০১; ২০২৪৩৩]
ক মেঘনা খ পদ্মা গ যমুনা ঘ হালদা **ঘ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের অভ্যন্তরে উৎপত্তি ও সমাপ্তি নদী হালদা। পার্বত্য চট্টগ্রামের বাটনাতলী পাহাড় হতে উৎপত্তি হয়ে চট্টগ্রামের কালুরঘাটের নিকটে কর্ণফুলী নদীতে মিলিত হয়েছে।

৫১. মিঠা পানির মাছ উৎপাদনে বাংলাদেশের অবস্থান কততম? [২০২৩৫৭]

ক দ্বিতীয় খ তৃতীয় গ চতুর্থ ঘ পঞ্চম **খ**

জলার ঈশ্বরদীতে অবস্থিত। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৭৩ সালে।

বাংলাদেশের কৃষি

৬১. বাংলাদেশের কৃষিভিত্তিক ইপিজেড কোথায় অবস্থিত? [২০২৩৮০]

ক ঢাকা খ চট্টগ্রাম
গ বরিশাল ঘ নীলফামারী **ঘ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের একমাত্র কৃষিভিত্তিক ইপিজেড উত্তরা ইপিজেড যা নীলফামারী জেলার সঙ্গলশীতে অবস্থিত।

৬৩. বাংলাদেশে মোট আবাদযোগ্য জমির পরিমাণ– [২০২৩৬০]

ক ২ কোটি ৪০ লক্ষ একর
খ ২ কোটি ৫০ লক্ষ একর
গ ২ কোটি ২৫ লক্ষ একর
ঘ ২ কোটি ২১ লক্ষ একর **গ**

✔ **ব্যাখ্যা :** সর্বশেষ কৃষি পরিসংখ্যান অনুযায়ী মোট আবাদযোগ্য জমির পরিমাণ ৮৮.২৯ হেক্টর যা প্রায় ২.১৮ কোটি একরের সমান। মাথাপিছু আবাদী জমি ০.১৫ একর।

৭৩. বাংলাদেশের একমাত্র লোকশিল্প জাদুঘর কোথায় অবস্থিত? [২০২৩৩৬]

ক সোনারগাঁয়ে খ ঢাকার শাহবাগে
গ বগুড়ার মহাস্থানগড়ে ঘ কোনটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের একমাত্র লোকশিল্প জাদুঘরটি নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁওয়ে অবস্থিত। শিল্পাচার্য জয়নুল আবেদীন ১৯৭৫ সালে পানাম নগরীতে এটি প্রতিষ্ঠা করেন।

৮০. ফাইটোস্যানিটারি সার্টিফিকেট কোন কাজে ব্যবহৃত হয়? [২০২৩৩২]

ক টিকা প্রদান খ আমদানি-রপ্তানি
গ জৈবসার উৎপাদন ঘ পশু-পালন **খ**

✔ **ব্যাখ্যা :** কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন উদ্ভিদ সংগনিরোধ উইংয়ের অটোমেশন কার্যক্রম শুরু হয়েছে। অটোমেশন প্রক্রিয়ার অধীনে রয়েছে পণ্যের জন্য ইম্পোর্ট পারমিট সার্টিফিকেট, ফাইটো স্যানিটারি সার্টিফিকেট, রিলিজ অর্ডার সার্টিফিকেট, অ্যানকোরেজ সার্টিফিকেট সম্পর্কিত সব কার্যক্রম। অটোমেশন প্রক্রিয়ারন মাধ্যমে গ্রাহক অনলাইনেই এসব সার্টিফিকেটের জন্য আবেদন এবং সার্টিফিকেট সংগ্রহ করতে পারবে। ২৪ ফেব্রুয়ারি ২০২১ সালে যুক্তরাষ্ট্র এবং থাইল্যান্ডের সহায়তায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এটি চালু করে।

প্রাণিসম্পদ

৮১. ২০২২-২৩ অর্থবছরে জিডিপিতে কোন খাতের অবদান সবচেয়ে বেশি? [২০২৩৮৩]

ক সেবা খ শিল্প গ শিক্ষা ঘ কৃষি **ক**

আম

৯৫. ডি-নাইন কোন ফসলের একটি জাতের নাম? [২০২৩৭১]

ক আম খ পেয়ারা গ পেঁপে ঘ লিচু **গ**

অন্যান্য

১০৫. কোন শ্রেণির ভূমিতে ফসল জন্মায় না? [২০২৪১৯]

ক পতিত খ অনুর্বর গ বন্ধ্যা ঘ উষর **ঘ**

✔ **ব্যাখ্যা :** অনাবাদী জমি হলো– পতিত, ফলস উৎপন্নের জন্য কম উপযোগী অনুর্বর, আর ফসল উৎপাদনের জন্য সম্পূর্ণ অনুপযোগী উষর। উষর ভূমিতে ফসল জন্মায় না।

৩০ খনিজ সম্পদ

গ্যাসক্ষেত্র

০২. বাংলাদেশের ২৯তম গ্যাসক্ষেত্র কোথায় অবস্থিত? [২০২৪২০]

ক ভোলা, সদর খ ছাতক, সুনামগঞ্জ
গ রশিদপুর, হবিগঞ্জ ঘ জকিগঞ্জ, সিলেট **ক**

✔ **ব্যাখ্যা :** দেশের সর্বশেষ আবিষ্কৃত গ্যাসক্ষেত্র ইলিশা। এটি ভোলায় অবস্থিত দেশের ২৯তম গ্যাসক্ষেত্র। প্রথম গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়েছিল ১৯৫৫ সালে সিলেটের হরিপুরে এবং প্রথম গ্যাস উত্তোলন শুরু হয় ১৯৫৭ সালে। বাংলাদেশের সবচেয়ে বড় গ্যাসক্ষেত্র হলো তিতাস গ্যাসফিল্ড।

কয়লা খনি

২২. সিলেট জেলার হরিপুরে নিচের কোন খনিজটি পাওয়া যায়? [২০২৪২৯]

ক প্রাকৃতিক গ্যাস খ কয়লা
ঙ কোনটিই নয় **গ**

✔ **ব্যাখ্যা :** সিলেট জেলার হরিপুরে প্রাকৃতিক গ্যাস এবং খনিজ তেল উভয়ই পাওয়া যায়। ১৯৫৫ সালে এখানে প্রথম গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয় এবং ১৯৫৭ সালে গ্যাস উত্তলন শুরু হয়। হরিপুরেই ১১৮৫ সালে খনিজ তেলক্ষেত্র আবিষ্কৃত হয়। প্রশ্নটি ত্রুটিপূর্ণ।

২৯. বাংলাদেশ কোন দেশ থেকে সবচেয়ে বেশি কয়লা আমদানি করে? [২০২৪০৬]

ক চীন খ ইন্দোনেশিয়া
গ অস্ট্রেলিয়া ঘ ভারত **খ**

✔ **ব্যাখ্যা :** বৈশ্বিক কয়লা উৎপাদন শীর্ষ স্থানে রয়েছে চীন এবং দ্বিতীয় স্থানে ভারত। তবে ইন্দোনেশিয়া ও দক্ষিণ আফ্রিকার কয়লার মান উন্নত। তাই ইন্দোনেশিয়া থেকে সবচেয়ে বেশি

তেলক্ষেত্র

৩৩. কোনটিকে Fossile Fuel বলা হয়? [২০২৩৮৩]
ⓚ কয়লা ⓛ খনিজ তেল
ⓜ প্রাকৃতিক গ্যাস ⓝ সবগুলো সঠিক **ঘ**

✔ **ব্যাখ্যা :** জীবাশ্ম জ্বালানী হলো– প্রাকৃতিকভাবে পৃথিবীর ভূত্বকের মধ্যে মৃত গাছপালা, প্রাণীর দেহাবশেষ থেকে তৈরি উপাদান যা জ্বালানী হিসেবে ব্যবহৃত হয়। যেমন– কয়লা, প্রাকৃতিক গ্যাস, তেল ইত্যাদি।

চীনামাটি

৩৫. বাংলাদেশের কোন জেলায় চুনাপাথর পাওয়া যায়? [২০২৩৮৪]
ⓚ ঢাকা ⓛ সিলেট
ⓜ দিনাজপুর ⓝ রাঙামাটি **খ**

৩৬. 'দিবর দিঘী' কোন উপজেলায় অবস্থিত? [২০২৩৫০]
ⓚ বিলাইছড়ি ⓛ গলাচিপা
ⓜ পত্নীতলা ⓝ আদমদিঘী **গ**

✔ **ব্যাখ্যা :** দিবর দিঘী নওগাঁ জেলা পত্নীতলা উপজেলার দিবর ইউনিয়নের অবস্থিত একটি প্রাচীন ঐতিহাসিক দীঘি। এটি পাল আমলে খনন করা হয়। দিঘীর মধ্যে 'দিব্যক জয়স্তম্ভ' টি খ্রিস্টপূর্ব তৃতীয় শতকে নির্মিত।

৩১ শক্তি সম্পদ

বিদ্যুৎকেন্দ্র

০১. ঢাকা শহরে প্রথম বিদ্যুৎ ব্যবহৃত হয় কত সালে? [২০২৩৬৬; ২০২৩৫৩; ২০২৩৩৪]
ⓚ ১৯০১ ⓛ ১৯০৫
ⓜ ১৯৪৫ ⓝ ১৯৫২ **ক**

✔ **ব্যাখ্যা :** ১৯০১ সালের ৭ ডিসেম্বর মি. বোল্টন নামে জনৈক ব্রিটিশ নাগরিক আহসান মঞ্জিলে সুইচ টিপে প্রথম বিদ্যুৎ সরবরাহের সূচনা করেন। পরবর্তীতে নবাব আহসান উল্লাহ অর্থানুকূল্যে ঢাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে বিদ্যুৎ সরবরাহ করা হয়।

০২. দেশে মোট বিদ্যুৎ কেন্দ্রের সংখ্যা কতটি? [২০২৪১১]
ⓚ ১৫০ ⓛ ১৫২ ⓜ ১৫৪ ⓝ ১৫৬ **খ**

✔ **ব্যাখ্যা :** বর্তমানে দেশে ১৫৩টি বিদ্যুৎকেন্দ্র রয়েছে। তবে পূর্ণ সক্ষমতা নিয়ে চলছে ৪৯টি। দেশে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা রয়েছে প্রায় ৩০ হাজার মেগাওয়াট। সর্বোচ্চ উৎপাদন হয়েছে ১৬ হাজার ৫০০ মেগাওয়াট।

০৪. বিদ্যুৎ আবিষ্কারের সাথে কোন শিল্প বিপ্লবের সম্পর্ক রয়েছে? [২০২৩৩৪]
ⓚ ৪র্থ শিল্প বিপ্লব ⓛ ১ম শিল্প বিপ্লব
ⓜ ৩য় শিল্প বিপ্লব ⓝ ২য় শিল্প বিপ্লব **ঘ**

✔ **ব্যাখ্যা : প্রথম শিল্প বিপ্লব ঘটেছিল (১৭৮৪) বাষ্পীয় ইঞ্জিন আবিষ্কারের মাধ্যমে। দ্বিতীয় শিল্প বিপ্লবের ফসল বিদ্যুৎ আবিষ্কার (১৮৭০)। ১৯৬৯ সালে ইন্টারনেট আবিষ্কারের মাধ্যমে শুরু হয় ৩য় শিল্প বিপ্লব। ৪র্থ শিল্পবিপ্লবের কারিগর হিসেবে এআইকে ভাবা হচ্ছে।**

০৫. সম্প্রতি IEEFA বাংলাদেশে প্রাথমিকভাবে প্রচলিত যে জীবাশ্ম জ্বালানি বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা প্রকাশ করেছে তার সম্ভাব্য রেঞ্জ কী? [২০২৩৭১]
ⓚ 1700-3400 MW ⓛ 2000-5000 MW
ⓜ 3400-4000 MW ⓝ 3600-3200 MW **ক**

০৬. বাংলাদেশে কোন উৎস থেকে বেশি বিদ্যুৎ উৎপাদিত হয়? [২০২৩৭৬]
অথবা, বাংলাদেশে কোন ধরনের জ্বালানি থেকে বেশি বিদ্যুৎ উৎপাদিত হয়? [২০২৪২০]
ⓚ তেল ⓛ জল ⓜ বায়ু ⓝ গ্যাস **ঘ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশে প্রাকৃতিক গ্যাস সহজলভ্য হওয়ায় এটি হয়ে দাঁড়ায় বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রধান মাধ্যম।

০৭. বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদনের প্রধান জ্বালানি কী? [২০২৩৭৪]
ⓚ তেল ⓛ গ্যাস ⓜ কয়লা ⓝ সৌরশক্তি **ক**

০৯. বর্তমানে বাংলাদেশের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা কত মেগাওয়াট? [২০২৩৩৪]
ⓚ ২৫৭০০ ⓛ ২৪৫০০ ⓜ ২৫৬০০ ⓝ ২৬০০০ বি.ব্র.

✔ **ব্যাখ্যা :** সরকারি, বেসরকারি ও যৌথ বিদ্যুৎ কেন্দ্র মিলিয়ে বর্তমানে ২৯ হাজার ৭২৭ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা রয়েছে। তবে চলতি বছর (২০২৪) শেষে সক্ষমতা বেড়ে ৩০ হাজার মেগাওয়াট ছাড়াবে।

১০. বাংলাদেশের সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন কত মেগাওয়াট? [২০২৪০৩]
ⓚ ২০,৭৮০ মেগাওয়াট ⓛ ১৫,৬৪৮ মেগাওয়াট
ⓜ ২৪,৭৮৫ মেগাওয়াট ⓝ ১৮,২৫০ মেগাওয়াট **খ**

১১. বর্তমানে বাংলাদেশের সবচেয়ে বড় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র কোনটি? [২০২৪০৬]
ⓚ পায়রা ⓛ ঘোড়াশাল
ⓜ রূপপুর ⓝ বড়পুকুরিয়া **ক**

✔ **ব্যাখ্যা :** দেশের সর্ববৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্র পটুয়াখালী জেলার পায়রাতে, কয়লাভিত্তিক ৩ তাপবিদ্যুৎ কেন্দ্রটির বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১৩২০ মেগাওয়াট।

১২. কাপ্তাই জলবিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা কত মেগাওয়াট? [২০২৩৩৪;]
ⓚ ৩৩০ ⓛ ২৩০ ⓜ ২৬০ ⓝ ২৫০ **খ**

✔ **ব্যাখ্যা :** ১৯৬২ সালে রাঙামাটি জেলার কাপ্তাই উপজেলার কর্ণফুলী নদীর উপর নির্মিত বাংলাদেশের একমাত্র জলবিদ্যুৎ কেন্দ্র। এর বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২৩০ মেগাওয়াট।

১৩. বাংলাদেশে বিদ্যুৎ বিতরণকারী প্রতিষ্ঠান কয়টি? [২০২৪২২; ২০২৩৭৫; ২০২৪১২]

ক ৫ খ ৭ গ ৬ ঘ ৮ **গ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশ বিদ্যুৎ বিভাগের অধীনে বাংলাদেশে মোট ৬টি প্রতিষ্ঠান বিদ্যুৎ বিতরণ করে থাকে। এর মধ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি) প্রায় ৮০% বিদ্যুৎ সংযোগ দিয়েছে। বাকি ২০% গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দিয়েছে ৫টি বিদ্যুৎ বিতরণকারী সংস্থা।

১৪. বাংলাদেশের সাথে জলবিদ্যুৎ খাতে ত্রিপক্ষীয় সহযোগিতায় প্রতিশ্রুতিবদ্ধ দেশ কোনগুলো? [২০২৩৭১]

ক রাশিয়া ও চীন খ জাপান ও ভারত
গ দক্ষিণ কোরিয়া ও জাপান ঘ ভারত ও ভুটান **ঘ**

✔ **ব্যাখ্যা :** জলবিদ্যুৎ খাতে ত্রিপক্ষীয় চুক্তি : গত 'জুন-২০২৪' মাসে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা দু'বার ভারত সফর করেন। ৭-৯ জুন, ২০২৪ তারিখ নরেন্দ্র মোদির ভারতের ৩য় বারের মত সাবেক প্রধানমন্ত্রীর শপথ অনুষ্ঠানে যোগ দিতে। পরের বার পূর্ব-নির্ধারিত দ্বিপাক্ষিক বৈঠকে যোগ দিতে ২১-২২ জুন, ২০২৪ তারিখ সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারত সফর করেন। তার ভারতে অবস্থানকালে (৭-৯) জুন ২০২৪ ভুটানের প্রধানমন্ত্রী দাশো শেরিং তোবগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে সৌজন্য সাক্ষাত করেন। উক্ত সাক্ষাতকালে বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী তার ভুটানি সমকক্ষকে বলেন যে, ভুটান থেকে ভারতের ভূখণ্ড দিয়ে জলবিদ্যুৎ রফতানির জন্য একটি ত্রিপক্ষীয় চুক্তি প্রয়োজন এবং বিষয়টি এরই মধ্যে ভারতের নজরে আনা হয়েছে।

১৭. দেশের বৃহত্তম সৌর বিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত? [২০২৩৭৬]

ক টেকনাফ, কক্সবাজার খ মংলা, বাগেরহাট
গ সুন্দরগঞ্জ, গাইবান্ধা ঘ কাপ্তাই, রাঙামাটি **গ**

✔ **ব্যাখ্যা :** গাইবান্ধা জেলার, সুন্দরগঞ্জ উপজেলার তারাপুর ইউনিয়নের তিস্তার চরে ৬৫০ একক জমির উপর তিস্তা পাওয়ার প্ল্যান্ট' নামে ২০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সক্ষম দেশের সর্ববৃহৎ সৌরবিদ্যুৎ কেন্দ্রটি তৈরি করেছে বেক্সিমকো পাওয়ার কোম্পানি লিমিটেড।

১৮. বর্তমানে বাংলাদেশের বৃহৎ বিদ্যুৎ কেন্দ্র কোনটি? [২০২৩৭৮]
অথবা, **দেশে উৎপাদনে আসা সবচেয়ে বড় বিদ্যুৎ কেন্দ্র কোনটি?** [২০২৩৩৪]

ক পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র
খ বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র
গ মাতারবাড়ী তাপবিদ্যুৎ কেন্দ্র
ঘ রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্র **ক**

✔ **ব্যাখ্যা :** পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার পায়রায় নির্মিত বিদ্যুৎ কেন্দ্রটি দেশের সর্ববৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্র। এর দুটি ইউনিট ৬শ ৬০ করে মোট ১৩২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে সক্ষম। কয়লাভিত্তিক প্রকল্পের ক্ষয়ক্ষতি কমিয়ে পরিবেশ বান্ধব করতে আলট্রা সুপার ক্রিটিক্যাল প্রযুক্তি ব্যবহার করা হয়েছে বিদ্যুৎ কেন্দ্রটিতে।

২০. বাংলাদেশের বৃহত্তম তাপ বিদ্যুৎ কেন্দ্র কোনটি? [২০২৩৩৯]

ক ভেড়ামারা খ আশুগঞ্জ
গ সিদ্ধিরগঞ্জ ঘ গোয়ালপাড়া **ক**

✔ **ব্যাখ্যা :** পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র চালু হওয়ায় পূর্বে ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্রটি ছিল দেশের সর্ববৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্র। বর্তমানে এটির উৎপাদন বন্ধ রয়েছে।

২১. রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা কত? [২০২৩৭৬; ২০২৩৬১; ২০২৩৩৪]

ক ২০২০ মেগাওয়াট খ ১৩২০ মেগাওয়াট
গ ১১১০ মেগাওয়াট ঘ ১০২০ মেগাওয়াট **খ**

✔ **ব্যাখ্যা :** ভারত, বাংলাদেশের যৌথ উদ্যোগে বাগেরহাটের রামপালে নির্মিত হচ্ছে কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্র। সুন্দরবনের কোল ঘেষে নির্মিত এ বিদ্যুৎ কেন্দ্রটির উৎপাদন ক্ষমতা ১৩২০ MW.

২৩. পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্রে ব্যবহৃত কয়লা আমদানি করা হয় কোন দেশ থেকে? [২০২৩৩৪]

ক ইন্দোনেশিয়া খ ভারত
গ ব্রাজিল ঘ বেলজিয়াম **ক**

✔ **ব্যাখ্যা :** ১৩২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে ১১ থেকে ১২ হাজার টনের বেশি কয়লা প্রয়োজন হয় বিদ্যুৎ কেন্দ্রটিতে। যা ইন্দোনেশিয়া থেকে আমদানি করা হয়।

২৫. বর্তমানে কত শতাংশ জনগোষ্ঠী বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত? [২০২৩৩৪]

ক ১০০% খ ৯৯%
গ ৯৮% ঘ ৯৫% **ক**

✔ **ব্যাখ্যা :** বর্তমানে দেশে শতভাগ মানুষ বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত। দেশে শত ভাগ বিদ্যুতায়নের প্রতিশ্রুতি দিয়ে ২০০৯ সালে ক্ষমতায় আসে বর্তমান সরকার। তখন ৪৭% মানুষ বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত ছিল। ১৩ বছর পর ৫৩% বাড়িয়ে সরকার ১০০ ভাগ বিদ্যুৎতায়নের প্রতিশ্রুতি পূরণ করেছে।

২৭. চট্টগ্রামের বাঁশখালিতে বেসরকারি খাতে নির্মিত দেশের সবচেয়ে বড় বিদ্যুৎ কেন্দ্র এসএস পাওয়ার প্ল্যান্টের প্রকৃত উৎপাদন ক্ষমতা কত মেঃওঃ? [২০২৩৩৪]

ক ১৩২০ খ ১২৪০ গ ১৩৫০ ঘ ১২৬০ **ক**

✔ **ব্যাখ্যা :** চট্টগ্রামের বাঁশখালীতে এস আলম গ্রুপের উদ্যোগে নির্মিত হয়েছে বেসরকারি খাতের সবচেয়ে বড় বিদ্যুৎকেন্দ্র। কয়লাভিত্তিক এ বিদ্যুৎ প্রকল্পে সুপার ক্রিটিক্যাল প্রযুক্তি ব্যবহারের কারণে পরিবেশ দূষণের সম্ভাবনা নেই।

৩০. বাংলাদেশের রূপপুর পারমাণবিক প্রকল্পের সহায়তাকারী দেশ কোনটি? [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]
অথবা, **রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র কোন দেশের সহায়তায় তৈরি হচ্ছে?** [২০২৪৩২] [২০২৪১২]

ক ভারত খ চীন গ রাশিয়া ঘ যুক্তরাষ্ট্র **গ**

✔ **ব্যাখ্যা :** পাবনায় ঈশ্বরদীর রূপপুরে নির্মিতব্য পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রটি রাশিয়ার রোমাটোম স্টেট অ্যাটসিক এনার্জি কর্পোরেশনের সহযোগিতায় নির্মিত। ২৪০০ মেগাওয়াট বিদ্যুৎ

উৎপাদনে সক্ষম এ স্থাপনাটির দুইটি ইউনিটের প্রথম ইউনিট থেকে চলতি বছরে (২০২৪) বিদ্যুৎ ব্যবহারের কথা রয়েছে।

৩৩. দেশের প্রথম বায়ু বিদ্যুৎ কেন্দ্র কোন জেলায় অবস্থিত? [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ক ফেনী খ কক্সবাজার
গ চাঁদপুর ঘ পটুয়াখালী **ক**

✔ **ব্যাখ্যা :** দেশের প্রথম বায়ু বিদ্যুৎ কেন্দ্র ফেনীর সোনাগাজীতে নির্মিত হয়েছে।

৩৪. বাংলাদেশের সর্ববৃহৎ বায়ু বিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত? [প্র. নি. প্র. (প্রভাষক) (কলেজ) '২৪]

ক কক্সবাজার খ নোয়াখালী
গ বরগুনা ঘ ভোলা **ক**

✔ **ব্যাখ্যা :** কক্সবাজারের খুরুশকুলে বেসরকারী উদ্যোগে নির্মিত হয়েছে দেশের সর্ববৃহৎ বায়ু বিদ্যুৎ কেন্দ্র। এর উৎপাদন সক্ষমতা ৬০ মেগাওয়াট।

৩৭. কোন দেশের সাথে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি সবচাইতে বেশি? [২০২৩৭৬]

ক সৌদি আরব খ জাপান
গ যুক্তরাষ্ট্র ঘ চীন **ঘ**

✔ **ব্যাখ্যা :** টাকার অংকে বাংলাদেশ সবচেয়ে বেশি আমদানী করে চীন থেকে। বিপরীতে রপ্তানি করে কম ফলে চীনের সাথে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি সবচেয়ে বেশি। ২০২২-২৩ অর্থবছরে চীনের সাথে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি সাড়ে ১৫ হাজার মিলিয়ন ডলার।

৩৮. বাংলাদেশে পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র কোথায় নির্মিত হচ্ছে? [২০২৩৫১]

ক পায়রা খ রামপাল
গ মাতারবাড়ী ঘ রুপপুর **ঘ**

৩৯. রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা কত? [২০২৩৩৪]

ক ১০০০ মে: ও: খ ১২০০ মে: ও:
গ ১৩২০ মে: ও: ঘ ২৪০০ মে: ও: **ঘ**

✔ **ব্যাখ্যা :** রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের দুটি উইনিটের ১২০০ করে মোট ২৪০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে সক্ষম। ৬০ বছর মেয়াদী এ বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিট চলতি বছরেই কার্যক্রম শুরু করবে।

৪০. রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মাধ্যমে বাংলাদেশ কততম দেশ হিসেবে বিশ্ব পরমাণু ক্লাবে যুক্ত হয়? [২০২৩৩৪]

ক ৩২ তম খ ৩৫ তম
গ ৪১ তম ঘ ২৩ তম **ক**

৪৩. রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পটি পাবনা জেলার কোন উপজেলায়? [২০২৩২১]

ক ভাঙ্গুরা খ ফরিদপুর
গ ঈশ্বরদী ঘ সুজানগর **গ**

✔ **ব্যাখ্যা :** পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার পাকশীর পদ্মা নদীর তীর রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র অবস্থিত। যা বাংলাদেশের সরকারের সবচেয়ে ব্যয়বহুল প্রকল্প।

৩২ শিল্পে সম্পদ

সার কারখানা

০৭. দেশে ইউরিয়া সারের চাহিদা কত? [২০২৩৭৭]

ক ১০ লাখ টন খ ১৫ লাখ টন
গ ২৬ লাখ টন ঘ ৬০ লাখ টন **গ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশনের তথ্য অনুযায়ী, বাংলাদেশ প্রতিবছর সাড়ে ২৬ লাখ টন ইউরিয়া সারের প্রয়োজন হয়। বাংলাদেশে উৎপাদন হয় মাত্র ১০ লাখ টন। উল্লেখ্য, টিএসপি সারের প্রয়োজন হয় সাড়ে সাত লক্ষ টন।

পোশাক শিল্প

১৮. Sustainable development goals অর্জনের নির্ধারিত বছর [২০২৩২৭]

ক ২০২৫ খ ২০৩০ গ ২০৩৫ ঘ ২০৪০ **খ**

✔ **ব্যাখ্যা :** Sustainable development goals (SDG) অর্জনের বছর ২০৩০ সাল, যা ২০১৬ সাল থেকে শুরু হয়েছে। এতে মোট ১৭টি লক্ষ্য ও ১৬৯টি অভিষ্ট নির্ধারণ করা হয়েছে।

Phenom Publications

বাংলাদেশের সংস্কৃতি ও শিল্পেকলা

৩৩ সংস্কৃতি ও শিল্পেকলা

চিত্রকর্ম

১০. 'শিশু স্বর্গ' এর প্রতিষ্ঠাতা কে? [২০২৩৫৪]

ক জয়নুল আবেদীন খ এস এম সুলতান
গ কামরুল হাসান ঘ রফিকুন্নবী **খ**

✔ **ব্যাখ্যা :** বিখ্যাত চিত্রশিল্পি এসএম সুলতান নড়াইলের চিত্রা নদীর পাড়ে গড়ে তুলেছিলেন শিশু স্বর্গ। শিশুদের জন্য তিনি নন্দনকানন ও চারুপীঠ নামে আরও দুটি প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন। হত্যাযজ্ঞ ও চরদখল তার দুটি বিখ্যাত চিত্র।

আঞ্চলিক সংগীত

২২. বাংলা গানের মরমী সাধক ও লোক সংগীত রচয়িতার মধ্যে কে সিলেট অঞ্চলের নয়? [২০২৩৪৫]

ক হাসন রাজা খ রাধারমণ দত্ত
গ শাহ আব্দুল করিম ঘ কালা শাহ **বিদ্র.**

✔ **ব্যাখ্যা :** প্রশ্নটি ত্রুটিপূর্ণ। প্রশ্নে উল্লেখিত সবাই সিলেট অঞ্চলের (সুনামগঞ্জ)। এরা সবাই ছিলেন মরমী সাধক ও লোক সংগীতের রচয়ীতা।

২৩. টপ্পা এক ধরনের– [২০২৪৩৫]

ক নাচের মুদ্রা খ গান গ খেলা ঘ বাদ্যযন্ত্র **খ**

✔ **ব্যাখ্যা :** টপ্পা গান কলকাতা অঞ্চলের একটি লৌকিক গান। এটি পাঞ্জাব অঞ্চলের মূলগানের সাথে মিল থাকলেও বাংলায় এটি রাগাশ্রয়ী গান হিসেবে পরিচিত। অষ্টদশ শত কের শেষভাগে পাঞ্জাব অঞ্চলের প্রচলন হওয়া এ টপ্পা গানের উদ্ভাবক রামনিধি গুপ্ত (নিধু বাবু)

৩৪ বাংলাদেশের প্রত্নস্থল

ঐতিহাসিক স্থান ও নিদর্শন

০১. কোনটি প্রত্নতাত্ত্বিক স্থান নয়– [২০২৩৫৮]

অথবা, কোনটি প্রত্নতাত্ত্বিক স্থান হিসেবে স্বীকৃত নয়? [২০২৩৫৯]

ক ময়নামতি খ পাহাড়পুর
গ মহাস্থানগড় ঘ সুন্দরবন **ঘ**

✔ **ব্যাখ্যা :** কুমিল্লার ময়নামতি, নওগাঁর পাহাড়পুর বৌদ্ধ সাম্রাজ্যের ঐতিহাসিক নিদর্শন। মহাস্থানগড় বাংলাদেশের সর্বপ্রাচীন সভ্যতা কেন্দ্র। সুন্দরবন বঙ্গোপসাগর উপকূলবর্তী বিশ্বের সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন।

০৪. উয়ারী বটেশ্বর কী কারণে বিখ্যাত? [২০২৩৮০; ২০১৭০৪]

ক বাণিজ্য কেন্দ্র খ নতুন খনিজ সম্পদ প্রাপ্তি
গ প্রত্নতাত্ত্বিক খনন ঘ সাহিত্য চর্চা কেন্দ্র **গ**

০৮. 'বৈরাগীর ভিটা' অবস্থিত– [২০২৩১৯; ২০২৩২৪]

ক ময়নামতি খ বগুড়া
গ মহাস্থানগড় ঘ আনন্দ বিহার **গ**

✔ **ব্যাখ্যা :** বগুড়া জেলার করতোয়া নদীর তীরে ঐতিহাসিক নিদর্শন মহাস্থানগড়ের দুর্গ নগরীর প্রাচীরের দক্ষিণে অবস্থিত বৈরাগীর ভিটা।

১১. সম্প্রতি কোন স্থানকে সার্কের সাংস্কৃতিক রাজধানী হিসেবে নির্ধারণ করা হয়? [২০২১২০]

ক ইলোরা অজন্তা, ভারত
খ মহেঞ্জদারো-হরপ্পো, ভারত
গ মহাস্থানগড়, বাংলাদেশ
ঘ কোনোটিই নয় **গ**

✔ **ব্যাখ্যা :** সম্প্রতি বাংলাদেশের প্রাচীনতম জনপদ বগুড়ার মহাস্থানগড়কে সার্কের সাংস্কৃতিক রাজধানী হিসেবে ঘোষণা করা হয়। ২১ জানুয়ারি ২০১৭ থেকে এ ঘোষণা কার্যকর হয়।

২৭. ঢাকা শহরের প্রধান মুঘল স্থাপত্য কোনটি? [২০২৩২২]

ক বর্ধমান হাউস খ লালবাগ
গ আহসান মঞ্জিল ঘ বড় কাটরা **খ**

✔ **ব্যাখ্যা :** বুড়িগঙ্গা নদীর তীরে ঢাকার লালবাগে লালবাগ কেল্লা অবস্থিত। যা ঢাকা শহরের প্রধান মোঘল স্থাপত্য। সম্রাট আওরঙ্গজেবের তৃতীয় পুত্র শাহজাদা মুহাম্মদ আজম ১৬৭৮ সালে এটির নির্মাণ কাজ শুরু করেন। শায়েস্তা খান অসমাপ্ত কাজ শেষ করেন।

২৮. লালবাগের কেল্লা কোন আমলে প্রতিষ্ঠিত? [২০২৪৩০]

ক সুলতানি আমল খ প্রাচীন আমল
গ বৃটিশ আমল ঘ মোগল আমল **ঘ**

✔ **ব্যাখ্যা :** মধ্যযুগের মোঘল সম্রাট আওরঙ্গ জেবের পুত্র শাহজাদা মুহাম্মদ আজমের তত্ত্বাবধানে এটি নির্মিত হয়। এখানে শায়েস্তা খানের কন্যা পরীবিবির (ইরান দুখত) এর কবর রয়েছে।

বাংলাদেশের প্রাচীন ও বিখ্যাত মসজিদ

৪৩. সাত গম্বুজ মসজিদ ঢাকার কোথায় অবস্থিত? [২০২৩৫৪]

ক গোরান খ পুরাতন ঢাকা
গ আরমানিটোলা ঘ মোহাম্মদপুর **ঘ**

Phenom Publications

✔ **ব্যাখ্যা :** সাত গম্বুজ মসজিদ ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত। ১৬৮০ সালে মুঘল শায়েস্তা খার পুত্র উমিদ খাঁ মসজিদটি নির্মাণ করেন।

৪৫. বাগেরহাট খান জাহান আলী প্রতিষ্ঠিত মসজিদটি কত গম্বুজবিশিষ্ট? [২০২৪৩৩]

ক আশি খ একাশি গ ষাট ঘ চৌষট্টি **খ**

✔ **ব্যাখ্যা :** পঞ্চদশ শতকে সুলতানি আমলে খান জাহান আলী কর্তৃক নির্মিত ষাট গম্বুজ মসজিদটির গম্বুজের সংখ্যা ৮১টি। মধ্যযুগের সবচেয়ে বড় এ স্থাপনাটি বিশ্ব ঐতিহ্যের অংশ।

৪৬. কে "ষাট গম্বুজ" মসজিদ নির্মাণ করেন? [২০২৩৪২]

ক হযরত আমানত শাহ খ বায়োজিদ বোস্তামী
গ পীর খান জাহান আলী ঘ সুফি শাহ মখদুম **গ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের বাগেরহাটের স্থানীয় শাসক এবং মুসলিম ধর্ম প্রচারক খান জাহান আলী যিনি 'উলুঘ খান', 'খান-ই-আজম' নামে পরিচিত পঞ্চদশ শতকে ষাট গম্বুজ মসজিদটি নির্মাণ করেন।

৫১. রামপাল বিদ্যুৎ কেন্দ্রটি কোন জেলায় অবস্থিত? [২০২৪০৬]

ক বাগেরহাট খ সাতক্ষীরা
গ খুলনা ঘ যশোর **ক**

✔ **ব্যাখ্যা :** বাগেরহাট জেলার রামপালে অবস্থিত একটি কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র। সুন্দরবন থেকে ১৪ কি.মি. উত্তরে পশুর নদীর তীর ভারত-বাংলাদেশের যৌগ উদ্যোগে এটি নির্মিত।

৬৫. 'ঢাকা গেট' কে নির্মাণ করেন? [২০২৪১৪]

ক শায়েস্তা খান খ মীর জুমলা
গ ইসলাম খান ঘ খিজির হায়াত **খ**

✔ **ব্যাখ্যা :** মগ জলদস্যুদের হাত থেকে রক্ষা পেতে বুড়িগঙ্গা নদীর তীরে ১৭ শতকে মুঘল সুবাদার মীর জুমলা ঢাকা গেট নির্মাণ করে। এটি মীর জুমলা গেট, রমনা গেট নামেও পরিচিত।

প্রাচীন বৌদ্ধবিহার

৬৯. বাংলাদেশের কোন মসজিদকে ইউনেস্কো "বিশ্ব ঐতিহ্যবাহী স্থান" ঘোষণা করেছে? [২০২৩৪৯]

ক কুসুম্বা মসজিদ খ ষাট গম্বুজ মসজিদ
গ আতিয়া জামে মসজিদ ঘ ছোট সোনা মসজিদ **খ**

✔ **ব্যাখ্যা :** সুলতানী আমলে নির্মিত, বাগেরহাটে অবস্থিত ষাটগম্বুজ মসজিদটি ১৯৮৫ সালে UNESCO ৩২১ তম বিশ্ব ঐতিহ্য হিসেবে ঘোষণা করে।

৭৫. পাহাড়পুরের 'সোমপুর মহাবিহার' বাংলার কোন শাসন আমলের স্থাপত্য কীর্তির নিদর্শন? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক মৌর্য খ পাল গ গুপ্ত ঘ চন্দ্র **খ**

✔ **ব্যাখ্যা :** পালবংশের দ্বিতীয় রাজা শ্রী ধর্মপাল দেব অষ্টম শতকের শেষের দিকে বা নবম শতকে সোমপুর মহাবিহারটি নির্মাণ করেন। ১৮৭৯ সালে স্যার আলেকজাণ্ডার কানিংহাম এই বিশাল স্থাপনাটি আবিষ্কার করেন।

৮৫. শালবন বিহার কোন রাজবংশের কীর্তি?

[প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় ধাপ) '২৪]

ক পাল খ চন্দ্র গ দেব ঘ রাঢ় **গ**

✔ **ব্যাখ্যা :** কুমিল্লা জেলার লালমাই-ময়নামতি প্রত্নস্থলের অংশ শালবন বৌদ্ধ বিহার। যা খৃষ্টীয় সপ্তম শতাব্দীর শেষ থেকে অষ্টম শতাব্দীর প্রথম ভাগে দেব বংশের চতুর্থ রাজা শ্রীভবদেব এ বৌদ্ধ বিহারটি নির্মাণ করেন।

৩৫ জাদুঘর

০৯. ১৯৭১ : গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর কোথায় অবস্থিত? [২০২৪২৩]

ক আগারগাঁও, ঢাকা খ সাউথ সেন্ট্রাল রোড, খুলনা
গ সোহরাওয়ার্দী উদ্যান, ঢাকা ঘ কাজলা, রাজশাহী **খ**

১০. ১৯৭১ গণহত্যা নির্যাতন আর্কাইভ ও জাদুঘর কোথায় অবস্থিত? [২০২৩৮২]

ক রাজশাহী খ খুলনা গ চট্টগ্রাম ঘ ঢাকা **খ**

✔ **ব্যাখ্যা :** চুকনগরে ১৯৭১ সালে সবচেয়ে বড় ও নৃশংস গণহত্যাটি চালিয়েছিল পাকিস্তানি বাহিনী। এর স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুনতাসীর মামুনের উৎসাহে ২০১৪ সালে খুলনা নগরীর সাউথ সেন্ট্রাল রোডে স্থাপন করা হয় এশিয়ার প্রথম গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর।

১৬. বাংলাদেশের সর্ববৃহৎ গণহত্যাটি কোথায় হয়? [প্র. নি. প্র. (প্রভাষক) (কলেজ) '২৪]

ক আসামদিয়া খ মোহাম্মদপুর বিধবা পল্লী
গ চুকনগর ঘ রায়ের বাজার **গ**

✔ **ব্যাখ্যা :** ১৯৭১ সালের ২০ মে খুলনায় ডুমুরিয়া উপজেলার চুকনগরে পাকিস্তান হানাদার বাহিনী মুক্তিযুদ্ধের ইতিহাসে সর্ববৃহৎ গণহত্যাটি পরিচালিত করে।

৩৬ ভাস্কর্য

০২. 'স্বাধীনতা সংগ্রাম' ভাস্কর্যটি কার অমর কীর্তি? [২০২৩২২]

ক হামিদুজ্জামান খান খ নভেরা আহমেদ
গ শামীম শিকদার ঘ মৃণাল হক **গ**

✔ **ব্যাখ্যা :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুলার রোডে স্বাধীনতা সংগ্রাম ভাস্কর্যটি বাঙালি জাতির গৌরবোজ্জ্বল সংগ্রামের ইতিহাসকে ধারণ করে নির্মিত বাংলাদেশের সবচেয়ে বড় ভাস্কর্য। শামীম শিকদার এই ভাস্কর্যটির নির্মাতা।

১১. ৭ মার্চ ভবন কোথায় অবস্থিত? [২০২৩৭২]

✔ **ব্যাখ্যা :** তোরাবোরা পাহাড় আফগানিস্তানের পূর্বাঞ্চলে অবস্থিত। পাহাড়টি বিভিন্ন গুহায় পরিপূর্ণ। এটি যুদ্ধের জন্য কৌশলগত গুরুত্বপূর্ণ একটি পাহাড়। আফগান সোভিয়েত যুদ্ধের জন্য পাহাড়টি বিশেষভাবে পরিচিত। ২০০১ সালে যুক্তরাষ্ট্রের টুইন টাওয়ারে সন্ত্রাসী হামলার পর ওসামা বিন লাদেন উক্ত পাহাড়টিতে লুকিয়ে আছেন এই অভিযোগে যুক্তরাষ্ট্র পাহাড়টির উপর ব্যাপক বোমা হামলা করে।

সৌদি আরব

১৪০. 'দাহনা' কোন দেশের মরুভূমি? [২০২৩৩৯]

ক ইরাক খ সৌদি আরব
গ ইয়েমেন ঘ ইরান **খ**

✔ **ব্যাখ্যা :** দাহনা মরুভূমিটি সৌদিআরবে অবস্থিত। এটি বালুকাময় ভূখণ্ডের একটি করিডোর যা উত্তরে আন-নাফুদ মরুভূমিকে দক্ষিণে রুব আল-খালি মরুভূমির সাথে সংযুক্ত করেছে। আল দাহনা মরুভূমি অনুভূমিকভাবে ছড়িয়ে থাকা উচু বালির টিলা দিয়ে গঠিত। এটি একটি শুষ্ক মরুভূমি।

১৪১. জাতীয় পতাকা কখনো অর্ধনমিত হয় না কোন দেশে? [২০২৩৩০]

ক যুক্তরাষ্ট্র ও কানাডা খ ব্রাজিল ও ইতালি
গ সৌদি আরব ও ইরান ঘ ফ্রান্স ও গ্রীস **গ**

ইসরাইল

১৪৭. বেলফোর ঘোষণা কোন রাষ্ট্র প্রতিষ্ঠার সাথে সম্পর্কিত? [২০২৪০১]

ক ভারত খ পাকিস্তান
গ ইসরাইল ঘ যুক্তরাষ্ট্র **গ**

ফিলিস্তিন

১৫০. ওয়েস্ট ব্যাংক কি? [২০২৩৬৩]

ক একটি ব্যাংকের নাম
খ একটি নদীর নাম
গ একটি স্থানের নাম
ঘ একটি আর্থিক প্রতিষ্ঠানের নাম **গ**

✔ **ব্যাখ্যা :** ওয়েস্ট ব্যাংক বা পশ্চিম তীর ফিলিস্তিনের একটি ভূখণ্ড। এটি জর্দান নদীর পশ্চিম তীরে অবস্থিত হওয়ায় এই স্থানটিকে ওয়েস্ট ব্যাংক বা পশ্চিম তীর বলা হয়। বর্তমানে ফিলিস্তিন এই পশ্চিম তীর ও গাজা ভূখণ্ড নিয়ে গঠিত। পশ্চিম তীর নিয়ন্ত্রণ করে আল-ফাতাহ নামক সংগঠন এবং গাজা নিয়ন্ত্রণ করে হামাস।

১৫২. PLO (পিএলও) কখন গঠিত হয়? [২০২৩৬১]

ক ১৯৬৪ সালে খ ১৯৬৫ সালে

(গ) ১৯৬৬ সালে (ঘ) ১৯৬৭ সালে **ক**

তুরস্ক

১৬১. 'এশিয়া মাইনর' বলা হয় কোন দেশকে? [২০২৩৫৯]

(ক) মিয়ানমার (খ) ভিয়েতনাম
(গ) সিঙ্গাপুর (ঘ) তুরস্ক **ঘ**

✔ **ব্যাখ্যা :** তুরস্কের আনাতোলিয়া অংশটি এশিয়া মাইনর নামে পরিচিত। আনাতোলিয়া বা এশিয়া মাইনর পশ্চিম এশিয়ার একটি উপদ্বীপ। তুরস্কের বেশিরভাগ অঞ্চল এই উপদ্বীপেই অবস্থিত। এই আনাতোনিয়া বা এশিয়া মাইনর ইউরোপ ও এশিয়া অংশের মিলনস্থল। এটি এশিয়া মহাদেশের পশ্চিমের স্থান। এশিয়া মাইনরের উত্তরে কৃষ্ণসাগর পশ্চিমে এজিয়ান সাগর অবস্থিত।

১৬৫. কোন দেশটি দুই মহাদেশে অবস্থিত? [২০২৪৩০]

(ক) তুরস্ক (খ) গ্রিস (গ) মিশর (ঘ) চীন **ক, গ**

✔ **ব্যাখ্যা :** প্রশ্নে উল্লেখিত তুরস্ক ও মিশর দেশ দুটিই দুই মহাদেশে অবস্থিত। তুরস্ক ইউরোপ ও এশিয়া মহাদেশে অবস্থিত তাই দেশটিকে ইউরেশিয়া বলা হয়। তুরস্কের ইস্তাম্বুল শহরটি মূলত দুই মহাদেশে পড়েছে। অপরদিকে মিশর এশিয়া ও আফ্রিকা মহাদেশে অবস্থিত। তাই মিশরকে আফ্রো-এশিয়া বলা হয়। মূলত মিশরের সিনাই উপত্যাকা অঞ্চলটি এশিয়া মহাদেশে পড়েছে।

তাজিকিস্তান

১৭১. এশিয়ার বৃহত্তম মসজিদ কোন দেশে অবস্থিত? [২০২৪০৭]

(ক) পাকিস্তান (খ) ওমান
(গ) তাজিকিস্তান (ঘ) উজবেকিস্তান **গ**

৫ ইউরোপ

স্ক্যান্ডিনেভিয়ান দেশ

০২. স্ক্যান্ডিনেভিয়ান দেশ নয় কোনটি? [২০২৩৮২]

(ক) নরওয়ে (খ) ইতালি
(গ) ফিনল্যান্ড (ঘ) ডেনমার্ক **খ**

০৩. নিচের কোনটি স্ক্যান্ডিনেভিয়ান রাষ্ট্র নয়? [২০২৪১৫]

(ক) জার্মানি (খ) নরওয়ে
(গ) ডেনমার্ক (ঘ) সুইডেন **ক**

০৬. নিচের কোনটি স্ক্যান্ডিনেভিয়ান দেশ? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম ধাপ) '২৩]

(ক) ফিনল্যান্ড (খ) ইংল্যান্ড
(গ) পোল্যান্ড (ঘ) নেদারল্যান্ড **ক**

১০. 'ট্রাফালগার স্কয়ার' কোথায় অবস্থিত? [২০২৩৫০; ২০২৩৩৫]

(ক) নিউইয়র্ক (খ) প্যারিস (গ) বেইজিং (ঘ) লন্ডন **ঘ**

বলকান রাষ্ট্র

১৫. কোনটি বলকান রাষ্ট্র নয়? [২০২৪১৪]

(ক) বসনিয়া (খ) ডেনমার্ক
(গ) আলবেনিয়া (ঘ) সার্বিয়া **খ**

রাশিয়া

২২. রাশিয়াতে প্রেসিডেন্ট কত বছরের জন্য নির্বাচিত হন? [২০২৪২৪]

(ক) ৩ (খ) ৪ (গ) ৫ (ঘ) ৬ **ঘ**

২৫. আয়তনের দিক দিয়ে পৃথিবীর ক্ষুদ্রতম দেশ কোনটি? [২০২৩৬১; ২০২৪০৯; ২০২৪২৬]

(ক) নরওয়ে (খ) চিলি
(গ) ঘানা (ঘ) ভ্যাটিকান সিটি **ঘ**

✔ **ব্যাখ্যা :** আয়তন ও জনসংখ্যায় পৃথিবীর ক্ষুদ্রতম দেশ ভ্যাটিকান সিটি। দেশটি ইতালির রোম শহরের মধ্যে অবস্থিত। দেশটির আয়তন (.৪৪) বর্গ কি.মি.। ভ্যাটিকান মূলত খ্রিষ্টান ক্যাথলিক সম্প্রদায়ের একটি ধর্মীয় রাষ্ট্র ব্যবস্থা।

২৬. পৃথিবীর বৃহত্তম মহাদেশ কোনটি? [২০২৩৫৪]

(ক) আফ্রিকা (খ) ইউরোপ
(গ) উত্তর আমেরিকা (ঘ) এশিয়া **ঘ**

২৭. আয়তনের দিক থেকে বিশ্বের ক্ষুদ্রতম মহাদেশ কোনটি? [২০২৩৫৮]

(ক) এশিয়া (খ) আফ্রিকা
(গ) অস্ট্রেলিয়া (ঘ) আমেরিকা **গ**

২৮. কোনটি আয়তনের দিক দিয়ে বৃহত্তম মুসলিমপ্রধান দেশ? [২০২৩২১]

(ক) সৌদি আরব (খ) ইন্দোনেশিয়া
(গ) কাজাখস্তান (ঘ) পাকিস্তান **গ**

✔ **ব্যাখ্যা :** আয়তনের দিক দিয়ে মুসলিম বিশ্বের বৃহত্তম দেশ কাজাখস্তান। দেশটি মধ্য এশিয়া অঞ্চলে অবস্থিত। অপরদিকে জনসংখ্যায় মুসলিম বিশ্বের বৃহত্তম দেশ ইন্দোনেশিয়া। দক্ষিণ পূর্ব এশিয়া অঞ্চলে অবস্থিত ইন্দোনেশিয়া পৃথিবীর সর্বাধিক স্বাধীন দ্বীপ রাষ্ট্র।

৩০. 'ক্রেমলিন' কোথায় অবস্থিত? [২০২৩৫৭]

(ক) বেইজিং (খ) মস্কো (গ) লন্ডন (ঘ) নেপাল **খ**

✔ **ব্যাখ্যা :** ক্রেমলিন মস্কোতে অবস্থিত। এটি রাশিয়ার প্রেসিডেন্ট এর সরকারি বাসভবন। এটি একটি সুরক্ষিত স্থাপনা। ভবনটির দক্ষিণে মস্কোভা নদী, পূর্বদিকে রেড স্কয়ার অবস্থিত। ১৪৯২-১৪৯৫ সালের মধ্যে এটি নির্মিত হয়।

ইতালি

৩৯. জনপ্রিয় ফাস্টফুড 'পিৎজা'র উৎপত্তি হয়েছে কোন দেশে? [২০২৩৬৬]

(ক) ইতালি (খ) জাপান (গ) চীন (ঘ) আমেরিকা **ক**

✔ **ব্যাখ্যা :** বিশ্বের অন্যতম জনপ্রিয় একটি খাবার পিৎজা। এটি একটি ইতালীয় খাবার। ইতালির নাপলি শহর থেকে এই খাবারের উৎপত্তি হয়েছে। পরবর্তীতে সারাবিশ্বে এই

খাবারটি ছড়িয়ে পড়ে এবং ব্যাপক জনপ্রিয়তা লাভ করে। পিৎজা তৈরি হয় মূলত গোলাকৃতি ও মোটা রুটির উপর চিজের প্রলেপ দিয়ে।

৪৪. নৌ-বীমা সর্বপ্রথম চালু হয় কোন দেশে? [২০২৪২২]

ক) গ্রিস খ) ইতালি গ) ইংল্যান্ড ঘ) ফ্রান্স **খ**

✔ **ব্যাখ্যা :** বিশ্বের প্রথম নৌ-বীমা চালু হয় ইতালিতে। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে সর্বপ্রথম নৌ-বীমা প্রচলন শুরু হয়। নৌ-বীমা দিয়ে যাত্রা শুরু হলেও পরবর্তী সময়ে বিভিন্ন প্রকার বীমার জন্ম হয়। বর্তমানে জীবন বীমা ও সাধারণ বীমা বহুল প্রচলিত। সাধারণ বীমার মধ্যে অন্যতম হচ্ছে নৌ-বীমা, অগ্নি-বীমা, দায় বীমা। জীবন বীমার উদ্ভব ঘটে ইংল্যান্ডে।

ফ্রান্স

৫২. ফরাসি বিপ্লবকে অনুপ্রাণিত করেন নিম্নের কোন লেখকদ্বয়? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় ধাপ) '২৪]

ক) সেক্সপিয়ার ও ইলিয়াট
খ) সেক্সপিয়ার ও ভলতেয়ার
গ) রুশো ও ভলতেয়ার
ঘ) প্লেটো ও এরিস্টটল **গ**

✔ **ব্যাখ্যা :** ১৭৮৯ সালের ১৪ জুলাই বাস্তিল দুর্গ পতনের মধ্য দিয়ে ফরাসি বিপ্লব শুরু হয়। দুজন ফরাসি দার্শনিকের লিখনি ফরাসি বিপ্লবকে অনুপ্রাণিত করেছিলো। এরা হলেন দার্শনিক জ্য জ্যাগ রুশো ও ভলতেয়ার। ফরাসি বিপ্লবের যে জনপ্রিয় শ্লোগান সাম্য, স্বাধীনতা ও ভ্রাতৃত্ব, এর প্রণেতা ছিলেন রুশো। Social contract নামক রুশোর একটি বিখ্যাত বই রয়েছে। বইটিতে তার সেই বিখ্যাত উক্তি Man is born Free but every where he is in chains উল্লেখ রয়েছে।

৫৪. নেপোলিয়ান বোনাপার্টের জন্মস্থান কোথায়? [২০২৩২১]

ক) কর্সিকা খ) ক্রিমিয়া
গ) ভার্জিনিয়া ঘ) সিসিলি **ক**

✔ **ব্যাখ্যা :** নেপোলিয়ন বোনা পার্ট ছিলেন ফ্রান্সের বিখ্যাত সেনাপতি ও সম্রাট। ১৭৬৯ সালে ভূমধ্যসাগরের কর্সিকা দ্বীপে জন্মগ্রহণ করেন। তাকে ফরাসি বিপ্লবের শিশু বলা হয়। কর্সিকা দ্বীপটি এক সময় ইতালির জেনোয়া অঞ্চলের অন্তর্গত ছিলো। দ্বীপটি বর্তমানে ফ্রান্সের নিয়ন্ত্রণে রয়েছে। প্রশ্নে উল্লেখিত সিসিলি দ্বীপটিও ভূমধ্যসাগরে অবস্থিত। এটি ইতালির নিয়ন্ত্রণে রয়েছে এবং সালফারের জন্য বিখ্যাত। উল্লেখ্য ২০১৪ সালে রাশিয়া ইউক্রেন থেকে ক্রিমিয়া অঞ্চলটি দখল করে নেয়।

যুক্তরাজ্য

৬১. কোন দেশের সাধারণ আইন চিরাচরিত রীতি ও প্রথা নির্ভর? [২০২৩২৫]

ক) মার্কিন যুক্তরাষ্ট্র খ) যুক্তরাজ্য
গ) গ্রিস ঘ) ফ্রান্স **খ**

৮০. শিল্প বিপ্লব সংঘটিত হয় কত শতাব্দীতে? [২০২৪২২]

ক) ষষ্ঠদশ খ) সপ্তদশ
গ) অষ্টাদশ ঘ) ঊনবিংশ **গ**

৮২. বিশ্বের প্রথম কেন্দ্রীয় ব্যাংক কোনটি? [২০২৩২৭]

ক) ব্যাংক অব ভেনিস খ) ব্যাংক অব ইংল্যান্ড
গ) ব্যাংক অব বার্সিলোনা ঘ) কানাডা **খ**

গ্রিস

৮৮. রাষ্ট্র গঠনের মূল উপাদান কয়টি? [২০২৩১৬]

ক) ৪ খ) ৩ গ) ৫ ঘ) ৬ **ক**

✔ **ব্যাখ্যা :** রাষ্ট্র গঠনের মূল উপাদান চারটি। (১) ভূ-খণ্ড (২) জনসমষ্টি (৩) সরকার ও (৪) সার্বভৌমত্ব। এর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হচ্ছে সার্বভৌমত্ব। সার্বভৌমত্ব ছাড়া কোনো রাষ্ট্রকে কল্পনা করা যায় না। উল্লেখিত চারটি উপাদান ছাড়াও আরো একটি উপাদানকে গুরুত্ব দেয়া হচ্ছে। সেটি হলো আন্তর্জাতিক স্বীকৃতি। অর্থাৎ অন্যান্য স্বাধীন সার্বভৌম রাষ্ট্র কর্তৃক স্বীকৃতি। এই স্বীকৃতি আবার দুই ধরনের হয়। একটি আইনগত স্বীকৃতি। আরেকটি কার্যত স্বীকৃতি।

নেদারল্যান্ড

৯৫. 'টিউলিপ' এর দেশ কোনটি? [২০২৪২৫]

ক) থাইল্যান্ড খ) সুইজারল্যান্ড
গ) ফিনল্যান্ড ঘ) নেদারল্যান্ড **ঘ**

৬ উত্তর আমেরিকা

যুক্তরাষ্ট্র (USA)

১২. মার্কিন নৌবাহিনীর প্রথম নারী প্রধানের নাম কী?

ক) এ্যাডমিরাল লুসি ব্রাউন
খ) অ্যাডমিরাল লিসা ফ্রানচেত্তি
গ) অ্যাডমিরাল সামিরা ফ্রাউ
ঘ) অ্যাডমিরাল জোলি ক্লে **খ**

১১. ASME এর পূর্ণরূপ [illegible]

ক) Asian Society of Mechanical Engineers
খ) Americans Society of Mechanical Engineers
গ) Americal Society for Mechanical Engineers
ঘ) American Society of Mechanical Engineers. **ঘ**

ইতিহাস ও স্বাধীনতা সংগ্রাম

২৩. প্রথম বিশ্বযুদ্ধের সময় আমেরিকার প্রেসিডেন্ট কে ছিলেন? [২০২৪০৫]

(গ) উড্রো উইলসন (ঘ) লিংকন **গ**

✔ **ব্যাখ্যা :** প্রথম বিশ্বযুদ্ধের (১৯১৪-১৯১৮) সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ছিলেন ড. উড্রোউইলসন। তিনি যুক্তরাষ্ট্রের ২৮তম প্রেসিডেন্ট ছিলেন। উড্রোউইলসন প্রথম বিশ্বযুদ্ধের পর বিশ্ব শান্তি ও নিরাপত্তার জন্য ১৪ দফা ঘোষণা করেছিলেন এবং তিনি জাতিপুঞ্জের উদ্যোক্তা ছিলেন। ১৯১৯ সালে তিনি শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। তার শাসনামলে ১৯২০ সালে যুক্তরাষ্ট্রের নারীরা ভোটাধিকার লাভ করে।

প্রেসিডেন্ট

৪৫. জো বাইডেন কততম মার্কিন প্রেসিডেন্ট হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন? [২০২৩৭২]

(ক) ৪৬তম (খ) ৪৪তম (গ) ৪৭তম (ঘ) ৪৮তম **ক**

৪৯. মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম নারী কৃষ্ণাঙ্গ ভাইস প্রেসিডেন্ট কে? [২০২৩৬৬]

(ক) জিল জোনস (খ) কমলা হ্যারিস
(গ) নোয়া রিক (ঘ) ন্যান্সি পেলোসী **খ**

✔ **ব্যাখ্যা :** যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম নারী ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। তিনি যুক্তরাষ্ট্রের ডেমোক্রেটিক পার্টির একজন সদস্য। তার মা শ্যামলা গোপালান একজন ভারতীয় ছিলেন। কমলা হ্যারিস ২০১১ থেকে ২০১৭ সাল পর্যন্ত ক্যালিফোর্নিয়ার অ্যাটার্নি জেনারেল এবং ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত সিনেটর হিসেবে কাজ করেন।
তিনি যুক্তরাষ্ট্রের ৪৯তম ভাইস প্রেসিডেন্ট। উল্লেখ্য যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্টকে রানিং মেট বলা হয়।

পতাকা, সংবিধান, আইনসভা, ও সরকার ব্যবস্থা

৫৭. মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদের সদস্য সংখ্যা হচ্ছে- [২০২৩৫৯]

(ক) ৪২৫ জন (খ) ৪৩৫ জন
(গ) ৪৮০ জন (ঘ) ৫৩৫ জন **খ**

নির্বাচন

৬৪. এ বছর মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি নির্বাচন কত তারিখে অনুষ্ঠিত হবে? [২০২৪১৩; ২০২৪২১]

(ক) ৩ নভেম্বর (খ) ৪ নভেম্বর
(গ) ৫ নভেম্বর (ঘ) ৭ নভেম্বর **গ**

✔ **ব্যাখ্যা :** প্রতি চার বছর পরপর যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়। এ বছর ২০২৪ সালের ৫ নভেম্বর যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে। এটি যুক্তরাষ্ট্রের ৬০তম নির্বাচন। যুক্তরাষ্ট্র হচ্ছে রাষ্ট্রপতি শাসিত একটি গণতান্ত্রিক রাষ্ট্র। প্রেসিডেন্ট ইলেক্টোরাল কলেজের ভোটে নির্বাচিত হন। মোট ইলেক্টোরাল কলেজ ৫৩৮টি। এর মধ্যে প্রেসিডেন্ট নির্বাচনের জন্য দরকার সর্বনিম্ন ২৭০টি ইলেক্ট্রোরাল ভোট।

৭৪. মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা সদর দপ্তর 'পেন্টাগন' কোথায় অবস্থিত? [২০২৩৭২]

(ক) নিউইয়র্ক (খ) ফ্লোরিডা
(গ) শিকাগো (ঘ) ভার্জিনিয়া **ঘ**

মেক্সিকো

৮০. নিকারাগুয়া কোন মহাদেশের অন্তর্গত? [২০২৩২১]

(ক) ইউরোপ (খ) আফ্রিকা
(গ) উত্তর আমেরিকা (ঘ) দক্ষিণ আমেরিকা **গ**

✔ **ব্যাখ্যা :** নিকারাগুয়া উত্তর আমেরিকা মহাদেশের অন্তর্গত মধ্য আমেরিকা অঞ্চলের একটি দেশ। উত্তর আমেরিকা মহাদেশের স্বাধীন দেশ ২৩টি। এর মধ্যে মধ্য আমেরিকা অঞ্চলে ৭টি দেশ রয়েছে। দেশগুলো হচ্ছে– নিকারাগুয়া, বেলিজ, গুয়েতে মালা, এলসালভেদর, পানামা, কোস্টারিকা এবং হন্ডুরাস । নিকারাগুয়া দেশটি স্পেন এর উপনিবেশ ছিলো। দেশটির রাজধানী ও বৃহত্তম শহর মানাগুয়া।

কিউবা

৮৩. 'The Strategic Victory' গ্রন্থের লেখক কে? [২০২৩৩০]

(ক) বিল ক্লিনটন (খ) অরুন্ধতী রায়
(গ) রুশো (ঘ) ফিদেল ক্যাস্ট্রো **ঘ**

✔ **ব্যাখ্যা :** ফিদেল ক্যাস্ট্রো ছিলেন কিউবার বিপ্লবী নেতা ও সাবেক প্রেসিডেন্ট। ১৯৫৯ সালে তিনি কিউবায় সমাজতন্ত্র প্রতিষ্ঠা করেন। "The Strategic Victory" তার লেখা বিখ্যাত বই। অপরদিকে বিল ক্লিনটন ছিলেন যুক্তরাষ্ট্রের ৪২তম প্রেসিডেন্ট তার বিখ্যাত আত্মজীবনীমূলক বই "মাই লাইফ"। ফরাসি দার্শনিক রুশোর বিখ্যাত বই "Social Conhact" ভারতীয় লেখিকা অরুন্ধতী রায় এর লেখা বিখ্যাত বই "দ্য গড অব স্মল থিংস"।

৮৪. কোন চুক্তি অনুযায়ী যুক্তরাষ্ট্র কিউবা থেকে বিখ্যাত 'গুয়ানতানামো বে' কারাগার নিয়ে নেয়? [২০২৩৭১]

(ক) Treaty of Caribbean
(খ) Cape Town Treaty
(গ) Platt Amendment
(ঘ) Treaty of Bern **গ**

✔ **ব্যাখ্যা :** "গুয়ানতানামো বে" যুক্তরাষ্ট্রের একটি সামরিক কারাগার। এটি কিউবায় অবস্থিত। ১৯০১ সালে আর্মি অ্যাপ্রোপ্রিয়েশন বিলের অংশ হিসেবে প্ল্যাট সংশোধনী (Platt Amendment) পাস হয়। এটি মূলত স্প্যানিশ আমেরিকান যুদ্ধের শেষে কিউবায় মার্কিন সৈন্যদের প্রত্যাহারের জন্য সাতটি শর্ত। এর আলোকে ১৯০৩ সালে কিউবান আমেরিকান চুক্তি হয়। এই চুক্তির আলোকে "গুয়ানতানামো বে" এর উপর যুক্তরাষ্ট্রের ইজারা বা লিজ প্রতিষ্ঠা হয়।

৭ দক্ষিণ আমেরিকা

সাধারণ তথ্য (লাতিন আমেরিকা)

০১. 'হ্যান্ডিয়ের মিলেই' কোন দেশের প্রেসিডেন্ট? [২০২৩৮৩]
ক নাউরু খ মালদ্বীপ
গ আর্জেন্টিনা ঘ লাইবেরিয়া **গ**

০৭. কোনটি ক্যারিবিয়ান রাষ্ট্র নয়? [২০২৪১৯]
ক ডোমিনিকা খ জ্যামাইকা
গ পুয়ের্তোরিকো ঘ বার্বাডোস **গ**

✔ **ব্যাখ্যা :** ক্যারিবিয়ান সাগরে অবস্থিত ১৩টি স্বাধীন দ্বীপ রাষ্ট্রকে ক্যারিবিয়ান রাষ্ট্র বলা হয়। এই রাষ্ট্রগুলো ওয়েস্ট ইন্ডিজ নামেও পরিচিত। রাষ্ট্রগুলো হচ্ছে–
(১) বার্বাডোজ; (২) বারমুডা; (৩) বাহামাস; (৪) কিউবা; (৫) হাইতি; (৬) গ্রানাডা; (৭) জ্যামাইকা; (৮) ডোমিনিকা; (৯) ডোমিনিকান প্রজাতন্ত্র; (১০) ত্রিনিদাদ এন্ড টোবাগো; (১১) সেন্ট লুসিয়া; (১২) সেন্ট ভিনসেন্ট; (১৩) সেন্ট কিটস এন্ড নেভিস।

১১. কোনটি লাতিন আমেরিকার দেশ? [২০২৪৩০]
ক কানাডা খ কলম্বিয়া
গ কাতার ঘ জাপান **খ**

১৩. **Which tribe endures as one of the last indigenous bastion found deep within the Amazon Rainforest?** [২০২৩৬৪]
ক Piripkura খ Yanomami
গ Cinta Larga ঘ Chiquitano **ক**

৮ আফ্রিকা

আফ্রিকার বিভিন্ন অঞ্চল (উত্তর, পূর্ব, আফ্রিকার শিং, মধ্য আমেরিকা, পশ্চিম আফ্রিকা ও দক্ষিণ আফ্রিকা)

০১. কোনটি আফ্রিকা মহাদেশভুক্ত দেশ নয়? [২০২৩৫৯]
ক তিউনিসিয়া খ আলজেরিয়া
গ আলবেনিয়া ঘ নাইজেরিয়া **গ**

✔ **ব্যাখ্যা :** আলবেনিয়া ইউরোপ মহাদেশের একটি দেশ। তিউনেশিয়া, আলজেরিয়া এবং নাইজেরিয়া আফ্রিকা মহাদেশের দেশ। আফ্রিকা মহাদেশ বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মহাদেশ। এ মহাদেশের ৫৪টি স্বাধীন দেশ রয়েছে। আয়তনে আফ্রিকা মহাদেশের বৃহত্তম দেশ আলজেরিয়া এবং জনসংখ্যায় বৃহত্তম দেশ নাইজেরিয়া।

০২. কোন দেশটি আফ্রিকা মহাদেশে অবস্থিত? [২০২৪২৯]
ক ইথিওপিয়া খ চিলি
গ বেলজিয়াম ঘ আর্জেন্টিনা
ঙ কোনটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** প্রশ্নে উল্লেখিত দেশগুলোর মধ্যে ইথিওপিয়া আফ্রিকা মহাদেশে অবস্থিত। চিলি ও আর্জেন্টিনা দক্ষিণ আমেরিকার দেশ এবং বেলজিয়াম ইউরোপ মহাদেশে অবস্থিত। ইথিওপিয়া আফ্রিকা মহাদেশের একটি আলোচিত দেশ। দেশটির রাজধানী আদ্দিস আবাবা। যেখানে আফ্রিকান ইউনিয়নের সদর দপ্তর অবস্থিত।

০৩. পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাদেশ কোনটি? [২০২৩২৮]
ক এশিয়া খ আফ্রিকা
গ ইউরোপ ঘ আমেরিকা **খ**

০৫. সোমালিয়া কোন মহাদেশে অবস্থিত? [২০২৪২৭]
ক উত্তর আমেরিকা খ এশিয়া
গ ইউরোপ ঘ আফ্রিকা **ঘ**

✔ **ব্যাখ্যা :** সোমালিয়া আফ্রিকা মহাদেশের একটি দেশ। এটি আফ্রিকার পূর্বাঞ্চলে অবস্থিত। দেশটি হর্ন অব আফ্রিকার অন্তর্ভুক্ত। সোমালিয়ার রাজধানী ও বৃহত্তম শহর মোগাদিসু। বর্তমানে সোমালিয়া জলদস্যুতার কারণে বিশ্বে আলোচিত। আল শাবাব নামে সোমালিয়ার একটি আলোচিত গেরিলা সংগঠন রয়েছে।

১১. কোন দেশটি এশিয়া মহাদেশের অন্তর্ভুক্ত নয়? [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]
ক সিরিয়া খ লিবিয়া
গ ইরাক ঘ জর্দান **খ**

✔ **ব্যাখ্যা :** প্রশ্নে উল্লেখিত সিরিয়া, ইরাক ও জর্দান এশিয়া মহাদেশে অবস্থিত। অপরদিকে লিবিয়া আফ্রিকা মহাদেশে অবস্থিত। লিবিয়া উত্তর আফ্রিকার একটি দেশ। লিবিয়া ইতালির উপনিবেশ ছিলো। ত্রিপোলি লিবিয়ার বৃহত্তম শহর ও রাজধানী। দেশটির বেশির ভাগ অংশ জুড়ে রয়েছে সাহারা মরুভূমি। লিবিয়া খনিজ তেল সমৃদ্ধ একটি দেশ।

দক্ষিণ আফ্রিকা

১৫. দক্ষিণ আফ্রিকার শেষ শ্বেতাঙ্গ প্রেসিডেন্ট কে ছিলেন? [২০২৩৫২]
ক ডি. ক্লার্ক খ পিটার বোথা
গ ড. মালান ঘ ফরস্টার **ক**

✔ **ব্যাখ্যা :** দক্ষিণ আফ্রিকার সর্বশেষ শ্বেতাঙ্গ প্রেসিডেন্ট ছিলেন ফ্রেডেরিক উইলেম ডি ক্লার্ক। তিনি ১৯৮৯ থেকে ১৯৯৪ সাল পর্যন্ত দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট ছিলেন। এরপর ১৯৯৪ সালে কৃষ্ণাঙ্গ নেতা নেলসন ম্যান্ডেলা দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট নির্বাচিত হন।
উল্লেখ্য দক্ষিণ আফ্রিকায় ৩৪২ বছর শ্বেতাঙ্গ শাসন ছিলো। ১৯৯৪ সালে শ্বেতাঙ্গ শাসনের অবসান ঘটে। এর আগে ১৯৯২ সালে দক্ষিণ আফ্রিকায় বর্ণবাদ নীতির অবসান ঘটে। তাই ডি ক্লার্ক দক্ষিণ আফ্রিকার সর্বশেষ শ্বেতাঙ্গ শাসক

ছিলেন। ১৯৯৩ সালে নেলসন ম্যান্ডেলা এবং ডি ক্লার্ককে শান্তিতে নোবেল পুরস্কার দেয়া হয়।

২১. 'Long Walk to Freedom' কার আত্মজীবনী? [২০২৩১৯; ২০২৩২৪]

ⓚ ইন্দিরা গান্ধী ⓚ বিল ক্লিনটন
ⓖ নেলসন ম্যান্ডেলা ⓖ কৈলাস সত্যার্থী **গ**

সেনেগাল

৩৯. পশ্চিম আফ্রিকার দেশ নাইজার এর রাজধানী কোনটি? [২০২৩৫৭]

ⓚ নিয়ামে ⓚ ওয়াগাডায়গোও
ⓖ আবুজা ⓖ বামাকো **ক**

৯ ওশেনিয়া

০৯. 'সলোমন দীপপুঞ্জ' কোন মহাসাগরে অবস্থিত? [২০২৩৬১]

ⓚ আটলান্টিক মহাসাগর ⓚ ভারত মহাসাগর
ⓖ আর্কটিক মহাসাগর ⓖ প্রশান্ত মহাসাগর **ঘ**

১০. 'পালাউ' দেশটি কোন মহাদেশে অবস্থিত? শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ⓚ এশিয়া ⓚ ইউরোপ ⓖ আফ্রিকা ⓖ ওশেনিয়া **ঘ**

✔ **ব্যাখ্যা :** পালাউ ওশেনিয়া মহাদেশের মাইক্রোনেশিয়া অঞ্চলের অন্তর্গত একটি স্বাধীন দ্বীপ রাষ্ট্র। দেশটি পশ্চিম প্রশান্ত মহাসাগরে অবস্থিত। ১৯৯৪ সালে দেশটি জাতিসংঘ ট্রাস্ট এলাকা হতে মুক্ত হয়ে একটি স্বশাসিত রাষ্ট্রে পরিণত হয়। পালাউ রাষ্ট্রপতি শাসিত একটি নির্দলীয় গণতান্ত্রিক দেশ। দেশটির অর্থনীতির মূল চালিকা শক্তি হচ্ছে পর্যটন, সামুদ্রিক মৎস্যশিকার ও কৃষি।

১১ পৃথিবীর গুরুত্বপূর্ণ স্থান, রাজধানী

এশিয়া

০২. নিউজিল্যান্ডের রাজধানী– [২০২৩৭২]

ⓚ অকল্যান্ড ⓚ আমস্টারডাম
ⓖ ওয়েলিংটন ⓖ ম্যানিলা **গ**

০৩. দুশানবে কোন দেশের রাজধানী? [২০২৩৩৯]

ⓚ উজবেকিস্তান ⓚ কিরগিজস্তান
ⓖ কাজাকিস্তান ⓖ তাজিকিস্তান **ঘ**

১৮. 'গোল্ডেন ট্রায়াংগল' কোন এলাকা নিয়ে গঠিত? [২০২৩৬১]

ⓚ আফগানিস্তান, পাকিস্তান ও ইরান
ⓚ মিয়ানমার, থাইল্যান্ড ও কম্বোডিয়া
ⓖ কম্বোডিয়া, থাইল্যান্ড ও লাওস
ⓖ মিয়ানমার, থাইল্যান্ড ও লাওস **ঘ**

ইউরোপ

২২. 'লিবসন' কোন দেশের রাজধানী? [২০২৪০৪]

ⓚ ইউক্রেন ⓚ ইসরাইল ⓖ পর্তুগাল ⓖ ফ্রান্স **গ**

আফ্রিকা

৫২. মোজাম্বিকের রাজধানীর নাম কী? [২০২৩২১]

ⓚ উলানবাটোর ⓚ মাপুতো
ⓖ বন্দরসেরি বেগোয়ান ⓖ জাগরেব **খ**

পাপুয়া নিউগিনি	পোর্টমোসাবি

১৩ উপনিবেশবাদ

০৮. হংকং চীনের সাথে একীভূত হয় কত সালে? [২০২৪০৯]

ⓚ ১৯৯৬ ⓚ ১৯৯৭ ⓖ ১৯৯৮ ⓖ ১৯৯৯ **খ**

✔ **ব্যাখ্যা :** হংকং একসময় ব্রিটেনের উপনিবেশ ছিলো। ১৯৯৭ সালের ১ জুলাই এটি চীনের অন্তর্ভুক্ত হয়। হংকং বর্তমানে চীনের একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল। উল্লেখ্য ১৮৪২ সালে চীন ও ব্রিটেনের মধ্যে স্বাক্ষরিত নানকিং চুক্তি অনুযায়ী হংকং ব্রিটিশ উপনিবেশে পরিণত হয়। ১৯৯৭ সালে হংকং চীনের সাথে একীভূত হওয়ার ফলে চীন হংকং এর পুঁজিবাদী অর্থনীতি চলমান রাখতে "একদেশ দুই নীতি" পদ্ধতি চালু করে। যা ২০৪৭ সাল পর্যন্ত হংকং এ চালু থাকবে।

Phenom Publications

১৪ মুদ্রা

০১. মিয়ানমারের মুদ্রার নাম কী? [২০২৩৭৮]
ক কিপ খ রুপিয়া গ রিংগিত ঘ কিয়াট **ঘ**

০৩. ব্রাজিলের মুদ্রার নাম কী? [২০২৪২৪]
ক লিরা খ পাউন্ড গ পেসো ঘ রিয়াল **ঘ**

০৮. চীনের মুদ্রার নাম কী? [২০২৪০৮]
ক ডলার খ ইউয়ান গ রুপি ঘ ইয়েন **খ**

২২. মালদ্বীপের প্রধান ভাষা কোনটি? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় ধাপ) '২৪]
ক দিভেহী খ মালয় গ আরবী ঘ হিন্দি **ক**

২৮. ফিলিপাইনের মুদ্রার নাম– [২০২৩৮১]
ক লিরা খ ডং গ পেসো ঘ ইডেন **গ**

৩৩. ইউরোপীয় ইউনিয়নে ব্যবহৃত মুদ্রার নাম কী? [২০২৪০১]
ক ইউরো খ ডলার গ পাউন্ড ঘ ইয়েন **ক**

৩৪. ফ্রান্সের মুদ্রার নাম– [২০২৩৩৩]
ক ফ্রাংক খ ইউরো গ ডলার ঘ পাউন্ড **খ**

১৫ রাষ্ট্রপ্রধান

০৮. শ্রীলংকার বর্তমান প্রধানমন্ত্রীর নাম কী? [২০২৩৬৬]
ক রনিল বিক্রমাসিংহে খ মাহিন্দ্রা রাজাপাকসে
গ জয় প্রেমাদাসা ঘ শ্রীকান্ত বিজয়সেনা **বিদ্র.**

২৫. কমনওয়েলথভুক্ত কোন দেশ আয়তনে সবচেয়ে বড়? [২০২৩৭২]
ক অস্ট্রেলিয়া খ ভারত
গ কানাডা ঘ দক্ষিণ আফ্রিকা **গ**

১৬ পার্লামেন্ট

০৭. 'লয়া জিরগা' হলো– [২০২৩৪০]
ক মুসলমানদের একটি পবিত্র স্থান
খ ইহুদিদের একটি ধর্মীয় প্রতিষ্ঠান
গ আফগানিস্তানের শাসনকার্য পরিচালনার জন্য বায়োজ্যেষ্ঠদের পরিষদ
ঘ তিব্বতের আধ্যাত্মিক নেতা **গ**

১৭ সমুদ্র বন্দর

আন্তর্জাতিক সমুদ্র বন্দর

০২. কোন দেশের সমুদ্র বন্দর নেই? [২০২৪৩২]
ক পাকিস্তান খ আফগানিস্তান
গ তুরস্ক ঘ ভারত **খ**

✔ **ব্যাখ্যা :** আফগানিস্তান একটি স্থল বেষ্টিত দেশ। তাই আফগানিস্তানে কোনো সমুদ্র বন্দর নেই। আফগানিস্তানের সাথে ৬টি দেশের স্থল সীমান্ত রয়েছে। হেরাত, কান্দাহার, গজনী, আফগানিস্তানের বিখ্যাত শহর। কাবুল দেশটির বৃহত্তম শহর ও রাজধানী।

০৩. পৃথিবীর সবচেয়ে বড় সমুদ্র বন্দর কোনটি? [২০২৩২৭]
ক চট্টগ্রাম খ সাংহাই গ সিঙ্গাপুর ঘ মায়ামি **খ**

✔ **ব্যাখ্যা :** সাংহাই চীনের একটি গুরুত্বপূর্ণ সমুদ্রবন্দর। এটি কার্গো ওঠা-নামার ভিত্তিতে বর্তমান বিশ্বের সবচেয়ে বড় সমুদ্রবন্দর। সাংহাই একটি বিশ্বমানের শহর ও বন্দর। এটি পর্যটকদের কাছে একটি আকর্ষণীয় স্থান। অপরদিকে প্রমোদ-জাহাজ ধারনের দিক থেকে যুক্তরাষ্ট্রের মায়ামি সমুদ্রবন্দর পৃথিবীর বৃহত্তম।

১৮ বিমানবন্দর

০২. পৃথিবীর বৃহত্তম বিমানবন্দর– [২০২৪২৬]
ক কিং ফাহাদ খ ডেনভার
গ ড্যালাস ঘ ইস্তাম্বুল **ক**

০৭. 'ব্ল্যাক বক্স' যন্ত্রটি নিচের কোনটিতে ব্যবহৃত হয়? [২০২৩১৮]
ক কম্পিউটার খ মোবাইল
গ জাহাজ ঘ বিমান **ঘ**

✔ **ব্যাখ্যা :** ব্ল্যাকবক্স হচ্ছে বিমানের রক্ষিত ফ্লাইট ডাটা রেকর্ডার। এটি মূলত একটি ইলেকট্রনিক্স রেকর্ডিং ডিভাইস, যেখানে বিমানের সমস্ত তথ্য সংরক্ষিত থাকে। ব্ল্যাক বক্স থেকে বিমানের দুর্ঘটনার কারণ জানা যায়। ব্ল্যাক বক্সে দুই ধরনের তথ্য সংরক্ষিত থাকে। একটি ফ্লাইট ডাটা রেকর্ডার অপরটি ককপিট ভয়েস রেকর্ডার।

Phenom Publications

আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তঃরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক

১৯ যুদ্ধ-বিরোধ ও বিপ্লব

আরব-ইসরাইল যুদ্ধ (১৯৪৮, ১৯৫৬, ১৯৬৭, ১৯৭৩)

২৮. আরব-ইসরাইল যুদ্ধ হয় কত সালে? [২০২৩৮১]

ক ১৯৬৫ সালে খ ১৯৬৬ সালে
গ ১৯৬৭ সালে ঘ ১৯৬৮ সালে **গ**

চীনের বিপ্লব (১৯১১-১৯১২, সমাজতান্ত্রিক বিপ্লব-১৯৪৯, সাংস্কৃতিক বিপ্লব-১৯৬৬-১৯৭৬)

৪১. সাংস্কৃতিক বিপ্লব কোথায় সংঘটিত হয়? [২০২৩২১]

ক জার্মানী খ জাপান গ চীন ঘ মঙ্গোলিয়া **গ**

ইরানের ইসলামি বিপ্লব (১৯৭৯)

৪৭. 'অপারেশন সার্চ সোর্ড' কোন দুটি দেশের যুদ্ধে সম্পর্কিত? [২০২৩৭১]

ক রাশিয়া-ইউক্রেন যুদ্ধ খ ইরান-ইরাক যুদ্ধ
গ চীন-জাপান যুদ্ধ ঘ ইসরাইল-ফিলিস্তিন যুদ্ধ **খ**

২৩ চুক্তি ও সনদ

ম্যাগনাকার্টা (১২১৫)

০৩. ঐতিহাসিক 'ম্যাগনাকার্টা' সনদ কত সালে স্বাক্ষরিত হয়? [২০২৩৬১]

ক ১৩১৫ সালে খ ১২১৫ সালে
গ ১৮১৫ সালে ঘ ১২১৬ সালে **খ**

ওয়েস্টফ্যালিয়া চুক্তি (১৬৪৮)

০৫. কোন চুক্তির মাধ্যমে প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তি ঘটে? [২০২৩৩২]

ক ভিয়েনা চুক্তি খ প্যারিস শান্তি চুক্তি
গ ভার্সাই চুক্তি ঘ ইয়াল্টা চুক্তি **গ**

০৬. সর্বপ্রথম কোন দেশে রাজনৈতিক দলের উদ্ভব ঘটে? [২০২৪০৯]

ক ইংল্যান্ড খ মার্কিন যুক্তরাষ্ট্র
গ ফ্রান্স ঘ গ্রীস **ক**

✔ **ব্যাখ্যা :** বিশ্বে সর্বপ্রথম রাজনৈতিক দলের উদ্ভব ঘটে ইংল্যান্ডে। রাজনৈতিক দল ছাড়া গণতন্ত্র প্রতিষ্ঠা সম্ভব নয়। যদিও পৃথিবীতে গণতন্ত্রের সূচনা ঘটে প্রাচীন গ্রিসে। তবে পৃথিবীর প্রাচীনতম সংসদীয় গণতন্ত্রের যাত্রা শুরু হয় ইংল্যান্ডে। ১৬৮৮ সালে গৌরবময় বিপ্লবের ফলে ইংল্যান্ডে সংসদীয় গণতন্ত্রের প্রচলন ঘটে। ইংল্যান্ডের হুইগস দলটিকে প্রথম আধুনিক রাজনৈতিক দল হিসাবে চিহ্নিত করা হয়।

উত্তর আটলান্টিক চুক্তি (১৯৪৯)

১৬. উত্তর আটলান্টিক চুক্তির কত নম্বর ধারায় যৌথ নিরাপত্তার ধারণাটি ব্যক্ত হয়েছে? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক আর্টিকেল ২ খ আর্টিকেল ৩
গ আর্টিকেল ৪ ঘ আর্টিকেল ৫ **ঘ**

✔ **ব্যাখ্যা :** উত্তর আটলান্টিক চুক্তি সংস্থা বা ন্যাটো (NATO-North Atlantic Treaty organization) একটি সামরিক জোট। এটি মূলত যুক্তরাষ্ট্রের নেতৃত্বে স্নায়ু যুদ্ধকালীন সময় গঠিত হয়। ন্যাটো জোটের আর্টিকেল ৫এ যৌথ নিরাপত্তার বিষয়টি উল্লেখ রয়েছে। উক্ত ধারায় বলা হয়েছে যে, ন্যাটোর কোনো সদস্য যদি সশস্ত্র আক্রমণের শিকার হয় তবে এতে জোটের প্রতিটি সদস্য আক্রমণের শিকার হিসেবে বিবেচনা করবে এবং সকলে মিলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ক্যাম্প ডেভিড চুক্তি (১৯৭৮)

২৯. ইসরাইল ও প্যালেস্টাইন মুক্তিসংস্থা পারস্পরিক স্বীকৃতি দলিলে স্বাক্ষর করে কবে? [২০২৩৮০]

ক ১০ সেপ্টেম্বর, ৯৩ খ ১১ সেপ্টেম্বর, ৯৪
গ ১২ সেপ্টেম্বর, ৯৫ ঘ ১৩ সেপ্টেম্বর, ৯৬ **বিদ্র.**

ITLOS (১৯৮২)

৩০. জাতিসংঘ সমুদ্র আইন কত সালে স্বাক্ষরিত হয়েছিল? [২০২৪৩৩]

ক ১৯৭৯ সালে খ ১৯৮২ সালে
গ ১৯৮৩ সালে ঘ ১৯৯৮ সালে **খ**

শেনজেন চুক্তি (১৯৮৫)

৩২. সেনজেন চুক্তি হচ্ছে– [২০২৩৬৩]

ক বাণিজ্য চুক্তি
খ কর হ্রাস করা চুক্তি
গ অবাধ চলাচল সংক্রান্ত চুক্তি
ঘ কোনোটিই নয় **গ**

START-1 (১৯৯১) ও START-2 (১৯৯৩)

৪০. 'START-2' কী? [২০২৩৩০]

ক বাণিজ্য সংক্রান্ত চুক্তি
খ কৌশলগত অস্ত্র হ্রাস সংক্রান্ত চুক্তি
গ রাশিয়া-ইউক্রেন যুদ্ধে ব্যবহৃত ক্ষেপণাস্ত্র
ঘ কোনোটিই নয় **খ**

CTBT (১৯৯৬)

৪৮. CTBT এর পূর্ণরূপ কী? [২০২৩১৯; ২০২৩২৪]

ক Complete Test Ban Treaty.
খ Comprehensive Nuclear Test Ban Treaty.
গ Chemical Test Bank Treaty.
ঘ Chlorine Test Bank Treaty. **খ**

মদিনা সনদ

৫৬. কোন সালকে ভিত্তি করে হিজরী সাল গণনা শুরু হয়? [২০২৩৬৬]
ক ৬২৪ খ্রি. খ ৬২৮ খ্রি.
গ ৬২২ খ্রি. ঘ ৬৩২ খ্রি. **গ**

✔ **ব্যাখ্যা :** ৬২২ খ্রিস্টাব্দ থেকে হিজরী সাল গণনা শুরু হয়। হিজরী সনটি মহানবী হযরত মুহাম্মদ (সা.) এর হিজরতের সাথে জড়িত। ৬২২ খ্রিস্টাব্দে হযরত মুহাম্মদ (সা.) ও তার সাহাবিরা মক্কা ছেড়ে মদিনা শহরে চলে যান বা দেশান্তরিত হন। এই ঘটনাটি ইসলামে হিজরত নামে পরিচিত। ইসলামের দ্বিতীয় খলিফা হযরত ওমর ইবনুল খাত্তাব (রা.) হিজরী সন চালু করেন। হিজরী সন ইসলামি চন্দ্র পঞ্জিকা অনুসারে গণনা করা হয়।

৫৯. **Green Money বলা হয় কোন মুদ্রাকে?** [২০২৩৩৯]
ক ডলার খ ইউরো গ পাউন্ড ঘ ইয়েন **ক**

RCEP (২০২০)

৬৩. **আন্তর্জাতিক রাজনীতিতে Modus vivendi বলতে কী বোঝায়?** [২০২৩৭১]
ক যুদ্ধের দেশ খ অস্থায়ী চুক্তি
গ শরণার্থী শিবির ঘ স্বার্থ হাসিল **খ**

৬৪. **আন্তর্জাতিক রাজনীতিতে LOI-এর পূর্ণরূপ কী?** [২০২৩৭১]
ক Letter of Intent
খ Letter of Identification
গ Letter of Inspection
ঘ Letter of Impact **ক**

৬৫. **'Vienna convention on diplomatic relations' কত সালে কার্যকর হয়?** [২০২৪১০]
ক ১৯৬১ সালে খ ১৯৬২ সালে
গ ১৯৬৪ সালে ঘ ১৯৬৯ সালে **গ**

২৪ গেরিলা ও বিপ্লবী সংগঠন, কারাগার

০২. **হিজবুল্লাহ কোন দেশভিত্তিক সংগঠন?** [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]
ক জর্ডান খ ফিলিস্তিন গ মিশর ঘ লেবানন **ঘ**

০৩. **হুতি মুভমেন্ট প্রথম কখন শুরু হয়?** [২০২৪২৩]
ক ১৯৯০ সালে উত্তর ইয়েমেন থেকে
খ ১৯৯৯ সালে দক্ষিণ ইয়েমেন থেকে
গ ১৯৯০ সালে ইরাক থেকে
ঘ ১৯৮৮ সালে উত্তর ইয়েমেন থেকে **ক**

২৫ গোয়েন্দা সংস্থা

০৪. **'মোসাদ' এর সদর দপ্তর কোথায় অবস্থিত?** [২০২৩৪৯]
ক বে-এরশেভা খ জেরুজালেম
গ হাইফা ঘ তেল আবিব **ঘ**

✔ **ব্যাখ্যা :** মোসাদ ইসরাইলের জাতীয় গোয়েন্দা সংস্থা। এর সদর দপ্তর ইসরাইলের রাজধানী তেল আবিব শহরে অবস্থিত। ১৯৪৯ সালে মোসাদ গঠিত হয়। মোসাদ সরাসরি তাদের কাজের জন্য ইসরাইলের প্রধানমন্ত্রীর কাছে জবাবদিহি করে। এটি ইসরাইলের সীমান্তের বাইরে বিভিন্ন দেশে গোয়েন্দা তৎপরতায় নিয়োজিত। মোসাদ ছাড়াও আমান ও শিন বেত নামক ইসরাইলের গোয়েন্দা সংস্থা রয়েছে।

০৬. **SIS কোন দেশের গোয়েন্দা সংস্থার নাম?** [২০২৩৪২]
ক পাকিস্তান খ আমেরিকা
গ রাশিয়া ঘ যুক্তরাজ্য **ঘ**

✔ **ব্যাখ্যা :** SIS – Secret Intelligence service বা MI6 হচ্ছে যুক্তরাজ্যের একটি গোয়েন্দা সংস্থা। ১৯০৯ সালে এটি গঠিত হয় এর সদর দপ্তর লন্ডনে অবস্থিত। অপরদিকে পাকিস্তানের একটি গোয়েন্দা সংস্থার নাম (ISI – Inter services Intelligence)।

০৭. **ASIO কোন দেশের গোয়েন্দা সংস্থা?** [২০২৩৪৯]
ক অস্ট্রিয়া খ অস্ট্রেলিয়া
গ আর্মেনিয়া ঘ আর্জেন্টিনা **খ**

✔ **ব্যাখ্যা :** ASIO – Australian security Intelligence organization হচ্ছে অস্ট্রেলিয়ার জাতীয় নিরাপত্তা ও গোয়েন্দা সংস্থা। ১৯৪৯ সালে এটি গঠিত হয়। অস্ট্রেলিয়ার রাজধানী ক্যানবেরায় গোয়েন্দা সংস্থাটির সদর দপ্তর অবস্থিত।

০৮. **ইসরাইলের গোয়েন্দা সংস্থার নাম কী?** [প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম ধাপ) '২৩]
ক আইএসআই খ মোসাদ
গ র ঘ কেজিবি **খ**

১১. **ফ্রান্সের গোয়েন্দা সংস্থার নাম কী?** [২০২৩৩০]
ক DGSE খ FSEG
গ DGFI ঘ FGSE **ক**

✔ **ব্যাখ্যা :** DGSE হচ্ছে ফ্রান্সের জাতীয় গোয়েন্দা সংস্থা। এর পূর্ণরূপ হচ্ছে (DGSE – Directorate General for External security)। এটি ১৯৮২ সালে প্রতিষ্ঠিত হয়। সংস্থাটির সদর দপ্তর ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থিত।

আন্তর্জাতিক সংগঠনসমূহ

২৬ আন্তর্জাতিক সংগঠন

জাতিসংঘ

জাতিসংঘ প্রতিষ্ঠা

২৭. জাতিসংঘের দাপ্তরিক ভাষা নয় কোনটি? [২০২৪২০]

ক রুশ খ ফরাসি গ পর্তুগিজ ঘ আরবি **গ**

জাতিসংঘের ৬টি অঙ্গসংগঠন

৩৯. আইএমএফ এর সদর দপ্তর কোথায়? [২০২৩৪৭]

ক ওয়াশিংটন খ মস্কো
গ লন্ডন ঘ জেনেভা **ক**

৪৩. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের মোট সদস্য সংখ্যা কত? [২০২৩৭২; ২০২৩৫৯; ২০২৩৬১]

ক ৫ খ ১০ গ ১৫ ঘ ২০ **গ**

৫৩. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের মোট অস্থায়ী সদস্য সংখ্যা- [২০২৩৪০]

ক ৯ খ ১০ গ ১২ ঘ ১৫ **খ**

৬২. জাতিসংঘের নিরাপত্তা পরিষদে সর্বাধিক ভেটো প্রদানকারী দেশ কোনটি? [২০২৪১৮]

ক যুক্তরাষ্ট্র খ রাশিয়া গ ফ্রান্স ঘ চীন **খ**

✔ **ব্যাখ্যা :** জাতিসংঘের নিরাপত্তা পরিষদে সর্বাধিক ভেটো প্রদানকারী দেশ যুক্তরাষ্ট্র। নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী সদস্যরাষ্ট্রের হাতে ভেটো প্রদানের ক্ষমতা রয়েছে। ১৯৪৫ সালে অনুষ্ঠিত ইয়াল্টা সম্মেলনে ভেটো প্রদানের ক্ষমতা দেয়া হয়। সে হিসেবে যুক্তরাষ্ট্র, রাশিয়া, ব্রিটেন, ফ্রান্স ও চীনের হাতে ভেটো প্রদানের ক্ষমতা রয়েছে। ভেটো অর্থ আমি মানিনা। এই ভেটো ক্ষমতা ব্যবহারের মাধ্যমে যে কোন একটি দেশ নিরাপত্তা পরিষদের গৃহীত যে কোন ধরনের প্রস্তাব গ্রহণ বা বিরোধিতা করতে পারে।

জাতিসংঘের মহাসচিববৃন্দ

আর্ন্তজাতিক আদালত সমূহ

৭৫. আন্তর্জাতিক আদালতের (International Court of Justice) সভাপতির মেয়াদ কত বৎসর? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক ২ বৎসর খ ৩ বৎসর
গ ৬ বৎসর ঘ ৯ বৎসর **খ**

৭৬. আন্তর্জাতিক সালিশী আদালত কোথায় অবস্থিত? [২০২৪২৯]

ক জেনেভায় খ লন্ডনে
গ প্যারিসে ঘ হেগে
ঙ কোনটিই নয় **ঘ**

MDG, SDG

৯১. Sustainable Development Goals (SDGs) এর উদ্ভাবক প্রতিষ্ঠান– [২০২৪৩৫]

ক UNDP খ UN গ WB ঘ IMF **খ**

✔ **ব্যাখ্যা :** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বা Sustainable Development Goals এর উদ্ভাবক প্রতিষ্ঠান জাতিসংঘ। ২০১৫ সালে জাতিসংঘ টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে, এবং ২০৩০ সালের মধ্যে লক্ষ্যমাত্রাগুলো পরিপূর্ণ করার সময়সীমা দেয়া হয়। জাতিসংঘের সংস্থা UNDP টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রাগুলো অর্জনের জন্য বিশেষ ভূমিকা পালন করছে। উল্লেখ্য এর পূর্বে জাতিসংঘ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা বা Millennium Development Goal বা MDG বাস্তবায়ন করেছে।

৯৩. 'Leaving no one behind'— কোনটির মূলনীতি? [২০২৩৬৭]

ক এমডিজি খ ডেল্টা প্ল্যান
গ এসডিজি ঘ রূপকল্প-২০২১ **গ**

✔ **ব্যাখ্যা :** "Leaving no one behind" বা "কাউকে পিছনে না ফেলে" হচ্ছে এসডিজির একটি মূলনীতি। এটি মূলত টেকসই উন্নয়নের জন্য দারিদ্র্য দূরীকরণ ও বৈষম্য কমাতে জাতিসংঘের সকল সদস্য রাষ্ট্রের অঙ্গীকার। এর মূল বক্তব্য হচ্ছে, 'Leaving No one Behind : Equality and NON-Discrimination at Heart of sustainable Development. এর লক্ষ্য শুধু দারিদ্র ও ক্ষুধা দূর করাই নয়, বরং সকল ধরনের বৈষম্যের বিরুদ্ধে লড়াই করা, শান্তিপূর্ণ, ন্যায্য এবং অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠন, লিঙ্গ সমতা এবং নারীর ক্ষমতায়নসহ সকল মানবাধিকার রক্ষা করা।

১০০. এসডিজির (SDGs) ১৭টি লক্ষ্যের মধ্যে 'সাশ্রয়ী ও দূষণমুক্ত জ্বালানি' কত তম লক্ষ্য? [২০২৩৫৩]

অথবা, **(SDGs) এসডিজির ১৭টি লক্ষ্যের মধ্যে 'সাশ্রয়ী ও দূষণমুক্ত জ্বালানী লক্ষ্যমাত্রা কত নং এ আছে?** [২০২৩৩৪]

ক ৬ খ ৮ গ ৭ ঘ ৯ **গ**

১০১. টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা কয়টি? [২০২৩১৬; শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ক ১৮টি খ ২০টি গ ১৭টি ঘ ১৬টি **গ**

১০২. SDG জাতিসংঘের কততম সাধারণ পরিষদে গৃহীত হয়? [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ক ৫৫ তম খ ৭০ তম
গ ৭২ তম ঘ ৭৩ তম **খ**

✔ **ব্যাখ্যা :** ২০১৫ সালে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭০তম অধিবেশনে এসডিজি গৃহীত হয়। উক্ত অধিবেশনে ২৫ থেকে ২৭ সেপ্টেম্বর টেকসই উন্নয়ন বিষয়ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। প্রতিবছর সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার সাধারণ পরিষদে নিয়মিত অধিবেশন অনুষ্ঠিত হয়। সে হিসেবে ২০১৫ সালের অধিবেশনটি ছিলো ৭০তম।

উল্লেখ্য ১৯৪৬ সালে জাতিসংঘের সাধারণ পরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়েছিল।

১০৩. **Sustainable Development Goals (SDGs) এর সাথে নিচের কোন বিষয়টি প্রত্যক্ষভাবে জড়িত?** [২০২৩৪৫]

ক ভিশন' ৪১ খ ২০৩০ এজেন্ডা
গ পঞ্চবার্ষিকী পরিকল্পনা ঘ ভিশন' ২১ **খ**

১০৭. **SDG 13 is directly related with–** [২০২৩৪৫]

ক Poverty খ Climate change
গ Gender ঘ Hunger **খ**

✔ **ব্যাখ্যা :** United nations কর্তৃক climate change প্রতিরোধের জন্য ২০১৫ সালে নেয়া goals যা climate change প্রতিরোধের জন্য কাজ করে।

১১৪. **SDG Target-এ Maternal Morality rate কত শতাংশ কমবে?** [২০২৪০১]

ক < 70% খ < 80%
গ < 90% ঘ < 100% **ক**

✔ **ব্যাখ্যা :** এসডিজির ১৭টি গোলের মধ্যে তৃতীয় লক্ষ্য বা গোলে সুস্বাস্থ্য এবং সুস্থতা সম্পর্কিত বিষয়টি উল্লেখ রয়েছে। এর মধ্যে ৩.১ লক্ষ্যে মাতৃমৃত্যু হ্রাসের বিষয়টি বর্ণিত হয়েছে। এতে বলা হয়েছে ২০৩০ সালের মধ্যে বিশ্বব্যাপী মাতৃমৃত্যুর অনুপাত প্রতি ১০০০০০ জীবিত জন্মে ৭০ এর নিচে কমিয়ে আনা। মাতৃমৃত্যুর অনুপাত বলতে প্রতি ১০০০০০ জীবিত জন্মের ৪২ দিনের মধ্যে গর্ভাবস্থা সম্পর্কিত কারণে মারা যাওয়া মহিলার সংখ্যা বোঝায়।

১১৫. **'২০৩০ সালের মধ্যে বিশ্বের দরিদ্র নারী, পুরুষ ও শিশুর সংখ্যা অর্ধেক কমিয়ে আনতে হবে'– এটি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার কোন অভীষ্ট লক্ষ্য?** [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক টার্গেট ১-১ খ টার্গেট ১-২
গ টার্গেট ১-৩ ঘ টার্গেট ১-৪ **খ**

✔ **ব্যাখ্যা :** এসডিজির ১ নম্বর গোলে সর্বত্র সব ধরনের দারিদ্র্যের অবসানের কথা বলা হয়েছে।

টার্গেট ১.১ – ২০৩০ সালের মধ্যে সর্বত্র সকল মানুষের জন্য চরম দারিদ্র্যের সম্পূর্ণ অবসান।

টার্গেট ১.২ – যেকোন ধরনের দারিদ্র্যের মধ্যে বসবাসকারী সকল বয়সের নারী, পুরুষ ও শিশুর সংখ্যা ২০৩০ সালের মধ্যে কমপক্ষে অর্ধেকে নামিয়ে আনা।

টার্গেট ১.৩ – ন্যূনতম সামাজিক নিরাপত্তা সুবিধার নিশ্চয়তাসহ সকলের জন্য জাতীয়ভাবে উপযুক্ত সামাজিক সুরক্ষা ব্যবস্থা এবং ২০৩০ সালের মধ্যে দরিদ্র ও অরক্ষিত জনগোষ্ঠীর বড় অংশকে এ ব্যবস্থার আওতায় নিয়ে আসা।

নারী সম্মেলন

১১৬. **জাতিসংঘের চতুর্থ নারী সম্মেলন অনুষ্ঠিত হয়-** [২০২৩৪০]

ক নিউইয়র্ক-১৯৯০ খ নয়াদিল্লি-১৯৯০
গ বেইজিং-১৯৯৫ ঘ ঢাকা-১৯৯৫ **গ**

✔ **ব্যাখ্যা :** জাতিসংঘের চতুর্থ নারী সম্মেলন ১৯৯৫ সালের ৪ থেকে ১৫ সেপ্টেম্বর চীনের রাজধানী বেইজিং এ অনুষ্ঠিত হয়। সম্মেলনটি পুরো নাম হচ্ছে দ্য ফোর্থ ওয়ার্ল্ড কনফারেন্স অন উইমেন : অ্যাকশন ফর ইকুয়ালিটি ডেভেলপমেন্ট এন্ড পিস। এটি বেইজিং প্ল্যাটফর্ম ফর অ্যাকশন নামেও পরিচিত। উক্ত সম্মেলনে ১২টি কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়। এই সম্মেলনটি নারীর ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

জাতিসংঘের উন্নয়নমূলক সংস্থা

সাধারণ তথ্য

ILO

১২৭. **'আন্তর্জাতিক শ্রম সংস্থা' কোন সালে গঠিত হয়?** [২০২৪০৫]

ক ১৯১৫ খ ১৯১৯ গ ১৯৪৫ ঘ ১৯৭১ **খ**

১২৮. **আর্ন্তজাতিক শ্রম সংস্থার সংক্ষিপ্ত রূপ কোনটি?** [২০২৩৫৮]

ক IDA খ IFC গ IMF ঘ ILO **ঘ**

UNESCO

১৩২. **কোনটি UNESCO World Heritage Site নয়?** [২০২৩৫৬]

ক পাহাড়পুর বৌদ্ধবিহার খ টাঙ্গুয়ার হাওড়
গ ষাট গম্বুজ মসজিদ ঘ সুন্দরবন **খ**

✔ **ব্যাখ্যা :** ইউনেস্কো কর্তৃক ঘোষিত বাংলাদেশে ওয়ার্ল্ড হেরিটেজ সাইট তিনটি। এর মধ্যে দুটি সাংস্কৃতিক হেরিটেজ এবং একটি প্রাকৃতিক হেরিটেজ। সাংস্কৃতিক বা কালচারাল হেরিটেজ দুটি হচ্ছে বাগেরহাটের ষাট গম্বুজ মসজিদ এবং নওগার পাহাড়পুর বা সোমপুর বিহার। ইউনেস্কো কর্তৃক স্বীকৃত বাংলাদেশের একমাত্র প্রাকৃতিক হেরিটেজ হচ্ছে সুন্দরবন। ১৯৯৭ সালের ৬ ডিসেম্বর ইউনেস্কো সুন্দরবনকে বিশ্বের ৭৯৮ তম ওয়ার্ল্ড হেরিটেজ ঘোষণা করে।

১৩৩. **আন্তর্জাতিক কোন সংস্থা সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্যের অংশ হিসেবে ঘোষণা করে?** [২০২৩৬১]

ক UNICEF খ UNDP
গ UNESCO ঘ ILO **গ**

১৩৪. **নিচের কোনটি বাংলাদেশের UNESCO স্বীকৃত World Heritage স্থান নয়?** [২০২৪০২]

ক চলনবিল খ ষাট গম্বুজ মসজিদ
গ পাহাড়পুর বৌদ্ধ বিহার ঘ সুন্দরবন **ক**

১৩৫. **কোনটি ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইটের অর্ন্তভূক্ত নয়?** [২০২৩৪৫]

ক ষাট গম্বুজ মসজিদ খ পাহাড়পুর বৌদ্ধ বিহার
গ সুন্দরবন ঘ হাকালুকি হাওর **ঘ**

১৪০. **Which organization urged to ban the worldwide use of smartphones in schools in order to curtail classroom disruption and encourage better learning outcomes?** [২০২৩৬৪]

ক United Nations খ UNESCO
গ UNICEF ঘ None **খ**

ICAO

১৪৩. International Civil Aviation Organization প্রতিষ্ঠিত হয় কত সালে? [২০২৪১৩; ২০২৪২১]

ক ১৯৪৫ খ ১৯৪৭ গ ১৯৫০ ঘ ১৯৬১ **খ**

IOM

১৪৮. আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (IOM) এর সদর দপ্তর কোথায়? [২০২৩৮০]

ক বাসেল, সুইজারল্যান্ড খ ব্রাসেলস, বেলজিয়াম
গ ব্রাসিলিয়া, ব্রাজিল ঘ জেনেভা, সুইজারল্যান্ড **ঘ**

IAEA

১৪৯. চীনকে বিশ্বের প্রথম বাণিজ্যিক ছোট চুল্লী(SMR)স্থাপনের অনুমতি প্রদান করে– [২০২৩৫৩]

ক IAEA খ OPEC
গ GazProm ঘ UNPCC **ক**

UNCTAD

১৫৫. জাতিসংঘের কোন সংস্থা বার্ষিক বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন প্রকাশ করে? [২০২৩৭১]

ক WTO খ MIGA
গ World Bank ঘ UNCTAD **ঘ**

UNDP

১৫৯. বিশ্ব মানব উন্নয়ন সূচক (HDI) প্রকাশ করে কোন সংস্থা? [২০২৩৫৩]

ক World Bank খ ADB
গ UNDP ঘ JICA **গ**

UNEP

১৬৮. জাতিসংঘের সংস্থা IPCC এর পূর্ণরূপ কোনটি? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় ধাপ) '২৪]

ক International Public Committee for Climate Change
খ International Panel on Climate Change
গ Intergovernmental Panel on Climate Change
ঘ Intragovernmental Panel on Climate Change **গ**

✔ **ব্যাখ্যা :** IPCC – Intergovernmental panel on climate change. এটি জলবায়ু পরিবর্তন নিয়ে গবেষণাধর্মী জাতিসংঘের একটি প্রতিষ্ঠান। ১৯৮৮ সালে জাতিসংঘের পরিবেশ কর্মসূচি বা ইউএনইপি এবং বিশ্ব আবহাওয়া সংস্থা ডব্লিউএমও এর উদ্যোগে IPCC প্রতিষ্ঠিত হয়। এই প্রতিষ্ঠানটি ২০০৭ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে। IPCC এর প্রধান কাজ হচ্ছে বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের উপর গবেষণা ও রিপোর্ট প্রদান।

আঞ্চলিক জোট

ইউরোপীয় ইউনিয়ন (EU)-1993

১৭৩. World Trade Organization, WTO এর সর্বশেষ সদস্য দেশ কোনটি? [২০২৩৮১]

ক সৌদি আরব খ কেপভার্দে
গ রাশিয়া ঘ নেপাল **বিদ**

আফ্রিকান ইউনিয়ন (AU)

SAARC

২১৬. SAARC এর ১৪তম মহাসচিব হিসেবে নিয়োগ লাভ করেন কোন দেশের কূটনীতিক? [২০২৩২৭]

ক ভারত খ পাকিস্তান
গ শ্রীলংকা ঘ বাংলাদেশ **গ**

✔ **ব্যাখ্যা :** সার্ক এর ১৪তম মহাসচিব ছিলেন শ্রীলংকার কূটনীতিক এসালা ওয়েরাকুন। তবে সার্কের বর্তমান মহাসচিব বাংলাদেশী কূটনীতিক গোলাম সারওয়ার। তিনি সার্কের ১৫তম মহাসচিব। ২০২৩ সালের মার্চ মাস থেকে তিনি সার্কের মহাসচিবের দায়িত্বে রয়েছেন। সার্কের প্রথম মহাসচিব ছিলেন বাংলাদেশের আবুল আহসান। সার্ক দক্ষিণ এশিয়ার একটি আঞ্চলিক সহযোগী সংগঠন। দক্ষিণ এশিয়ার ৮টি দেশ সার্কের সদস্য।

Shanghai Fire

২১৭. ১৯৯৬ সালে গঠিত 'Shanghai Fire' এর অন্তর্ভুক্ত দেশগুলো ছিল– [২০২৩৭১]

ক চীন, জাপান, তাইওয়ান, রাশিয়া, দক্ষিণ কোরিয়া
খ চীন, মালয়েশিয়া, থাইল্যান্ড, মিয়ানমার, ভিয়েতনাম
গ চীন, রাশিয়া, কাজাখস্তান, কিরগিজস্তান, তাজিকিস্তান
ঘ চীন, ইরান, ইরাক, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া **গ**

ASEAN

২২৬. নিচের কোন দেশটি আসিয়ান দেশভুক্ত নয়? [২০২৩৫৭]

ক লাওস খ হংকং
গ ভিয়েতনাম ঘ কম্বোডিয়া **খ**

অর্থনৈতিক ও বাণিজ্যিক প্রতিষ্ঠান

World Bank

২৩৯. বিশ্বব্যাংক কবে বাংলাদেশকে নিম্ন-মধ্যম আয়ের দেশ হিসেবে তালিকাভুক্ত করে? [২০২৩৫৭]

ক ১ জুন, ২০১৪ খ ১ জুন, ২০১৫
গ ১ জুলাই, ২০১৬ ঘ ১ জুলাই, ২০১৫ **ঘ**

✔ **ব্যাখ্যা :** ২০১৫ সালের ১ জুলাই বিশ্ব ব্যাংক বাংলাদেশকে নিম্ন-মধ্যম আয়ের দেশ হিসেবে তালিকাভুক্ত করে। বিশ্ব ব্যাংক মূলত সদস্য দেশগুলোকে উচ্চ আয়, মধ্যম আয় এবং নিম্ন আয়ের দেশ এই তিন শ্রেণিতে ভাগ করে থাকে। তবে মধ্যম আয়ের তালিকাকে আবার দুই ভাগে ভাগ করে। একটি উচ্চ মধ্যম আয়ের দেশ। অপরটি নিম্ন মধ্যম আয়ের দেশ। বাংলাদেশ ছিলো নিম্ন আয়ের দেশ, তাই ২০১৫ সালের ১ জুলাই বাংলাদেশকে নিম্ন আয়ের তালিকা থেকে নিম্ন মধ্যম আয়ের দেশের তালিকাভুক্ত করে।

২৪৩. কোনটি বিশ্বব্যাংকের অঙ্গসংগঠন নয়? [২০২৩৬১]

ক IBRD খ IFC
গ IFAD ঘ MIGA **গ**

✔ **ব্যাখ্যা :** বিশ্ব ব্যাংকের অঙ্গপ্রতিষ্ঠানগুলো হচ্ছে IBRD, IFC, IDA, ICSID এবং MIGA। IFAD বিশ্বব্যাংকের অঙ্গসংগঠন নয়। এটি জাতিসংঘের একটি প্রতিষ্ঠান। IFAD এর পূর্ণরূপ হচ্ছে– International Fund For Agricultural Development. এর সদর দপ্তর ইতালির রোমে অবস্থিত। এছাড়াও WFP এবং FAO এর সদর দপ্তর রোমে অবস্থিত।

২৪৪. বিশ্ব ব্যাংকের সদর দপ্তর কোথায়? [২০২৩২৯]

ক নিউ ইয়র্ক খ লন্ডন
গ মায়ামী ঘ ওয়াশিংটন ডিসি **ঘ**

২৪৮. IBRD সংস্থাটি অন্য কী নামে পরিচিত? [২০২৩২৭]

ক World Bank
খ IMF
গ AIIB
ঘ World Development Bank **ক**

✔ **ব্যাখ্যা :** বিশ্ব ব্যাংকের অফিসিয়াল নাম IBRD – International Bank For Reconstruction and Development. অর্থাৎ পূর্ণগঠন ও উন্নয়নের জন্য আন্তর্জাতিক ব্যাংক। ১৯৪৪ সালে অনুষ্ঠিত ব্রিটন উডস সম্মেলনে IBRD গঠনের কথা বলা হয়েছিল। তাই IBRD বলতে মূলত World Bank কে বুঝানো হয়। বিশ্ব ব্যাংকের সদর দপ্তর ওয়াশিংটন ডিসি শহরে অবস্থিত।

২৫৩. বিশ্ব ব্যাংকের সহযোগী প্রতিষ্ঠানের কোনটি দারিদ্রতম উন্নয়নশীল দেশগুলোতে শূন্য সুদে দীর্ঘমেয়াদী ঋণ প্রদান করে? [২০২৩২৭]

ক International Development Association
খ International Monetary Fund
গ International Finance Corporation
ঘ Asian Development Bank **ক**

✔ **ব্যাখ্যা :** IDA – International Development Association হচ্ছে বিশ্ব ব্যাংকের একটি সহযোগী প্রতিষ্ঠান। ১৯৬০ সালে IDA প্রতিষ্ঠিত হয়। IDA মূলত স্বল্পোন্নত দেশগুলোকে সহজশর্তে ঋণ প্রদান করে। তাই বিশ্বব্যাংকের এই প্রতিষ্ঠানটিকে Soft loan window বলা হয়। IDA এর সদর দপ্তর ওয়াশিংটন ডিসিতে অবস্থিত।

২৫৬. 'দি ওয়ার্ল্ড ডেভলপমেন্ট রিপোর্ট' প্রকাশ করে কোন সংস্থা? [২০২৩২৭]

ক আইএমএফ খ বিশ্বব্যাংক
গ ইউএনডিপি ঘ ব্যাংক অব আমেরিকা **খ**

✔ **ব্যাখ্যা :** World Development Report বিশ্বব্যাংকের বার্ষিক প্রকাশনা। ১৯৭৮ সাল থেকে বিশ্বব্যাংক এই রিপোর্ট প্রকাশ করে আসছে।

IMF

২৬৩. Special Drawing Right (SDR) – এ কোন মুদ্রা ব্যবহৃত হয় না? [২০২৩৩২]

ক ব্রিটিশ পাউন্ড খ চাইনিজ রেনমিনবি
গ ফ্রেঞ্চ ফ্রাঁ ঘ জাপানিজ ইয়েন **গ**

WTO

২৭১. বিশ্ব বাণিজ্য সংস্থা এর সদর দপ্তর কোথায়? [২০২৩৫৮]

ক জেনেভা খ বেলজিয়াম গ ঢাকা ঘ অস্ট্রেলিয়া **ক**

✔ **ব্যাখ্যা :** বিশ্ব বাণিজ্য সংস্থা বা WTO – world Trade organization এর সদর দপ্তর জেনেভায় অবস্থিত। ১৯৯৫ সালের ১ জানুয়ারি WTO প্রতিষ্ঠিত। সংস্থাটির বর্তমান সদস্য ১৬৪টি। WTO ছাড়াও WHO, WMO, WIPO সংস্থাগুলোর সদর দপ্তর জেনেভায়। জেনেভা সুইজারল্যান্ডের বিখ্যাত একটি শহর। শহরটিকে সম্মেলনের শহর বলা হয়।

G-7

২৭৫. ২০২৪ সালে G-7 সম্মেলন অনুষ্ঠিত হবে– [২০২৩৮৩]

ক জাপান খ যুক্তরাষ্ট্র গ ইতালি ঘ ফ্রান্স **গ**

২৭৭. G-7 এর সদস্য নয় নিম্নের কোন দেশ? [২০২৩২৩]

ক জাপান খ চীন গ যুক্তরাজ্য ঘ যুক্তরাষ্ট্র **খ**

২৭৮. কোন দেশটি G-8 (Group of Eight) এর সদস্যভুক্ত নয়? [২০২৪০১]

ক ফ্রান্স খ রাশিয়া গ জাপান ঘ চীন **খ, ঘ**

G-77

২৮৮. উন্নয়নশীল দেশসমূহের বৈশ্বিক জোট 'জি-৭৭' এর বর্তমান সদস্য সংখ্যা কত? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক ১০৫ খ ১১৫ গ ১২৫ ঘ ১৩৫ **বি.দ্র.**

✔ **ব্যাখ্যা :** ১৯৬৪ সালে গঠিত হয় গ্রুপ-৭৭। মূলত তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশগুলোর অর্থনৈতিক ও বাণিজ্যিক স্বার্থরক্ষায় এ সংস্থা প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠাকালীন সদস্য ৭৭টি। বর্তমান সদস্য ১৩৪। এর সদরদপ্তর জাতিসংঘের কার্যালয়ে অবস্থিত। গ্রুপটিকে জাতিসংঘের বাণিজ্য সম্প্রসারণ সংস্থা UNCTAD এবং ECOSOC প্রতিষ্ঠা করে।
উল্লেখ্য, বাংলাদেশ ১৯৮২ সালে এর সভাপতি ছিল।

BRICS

২৯৬. BRICS এর সদর দপ্তর কোথায়? [২০২৩৮০]

ক সাংহাই খ কাঠমাণ্ডু গ জেনেভা ঘ ঢাকা **বি.দ্র.**

২৯৭. BRICS এর সদর দপ্তর কোথায়? [২০২৩৪০]

ক সাংহাই খ মস্কো গ নয়াদিল্লী ঘ কোনটিই নয় **ঘ**

৩০৫. New Development Bank (NDB) এর সদর দপ্তর কোথায়? [২০২৪১৫]

ক সাংহাই, চায়না খ বেইজিং, চায়না
গ টোকিও, জাপান ঘ সিউল, কোরিয়া **ক**

✔ **ব্যাখ্যা :** NDB বা New Development Bank ২০১৫ সালে প্রতিষ্ঠিত হয়। এটি BRICS জোটের একটি ব্যাংক। ব্যাংকটির সদর দপ্তর চীনের সাংহাইতে অবস্থিত। বর্তমান সদস্য দেশ ৮টি। ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন, দক্ষিণ

আফ্রিকা, সংযুক্ত আরব আমিরাত, বাংলাদেশ এবং মিশর। ব্যাংকটির বর্তমান প্রেসিডেন্ট ব্রাজিলের দিলমা রাউসেফ।

BIMSTEC

৩০৯. BIMSTEC এর সর্বশেষ সদস্য দেশ কোন দুটি? [২০২৩৮০]

ক নেপাল ও পাকিস্তান খ নেপাল ও ভুটান
গ নেপাল ও থাইল্যান্ড ঘ নেপাল ও শ্রীলংকা **খ**

✔ **ব্যাখ্যা :** BIMSTEC এর সর্বশেষ সদস্য নেপাল এবং ভুটান। সংস্থাটির বর্তমান সদস্য দেশ ৭টি। বাংলাদেশ, ভারত, মিয়ানমার, শ্রীলংকা, থাইল্যান্ড, নেপাল ও ভুটান। ১৯৯৭ সালে সংস্থাটি প্রতিষ্ঠার সময় সদস্য ছিলো ৫টি। পরবর্তীতে নেপাল ও ভুটান যুক্ত হয়। সদর দপ্তর ঢাকার গুলশানে অবস্থিত।

ADB

৩১৬. এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (ADB) এর সদর দপ্তর কোন দেশে অবস্থিত? [২০২৩৩৯]

ক সৌদি আরব খ পাকিস্তান
গ ফিলিপাইন ঘ থাইল্যান্ড **গ**

OPEC

৩২৭. OPEC এর সদও দফতর কোথায় অবস্থিত? [২০২৩৪৯]

ক ভিয়েনা খ জেনেভা গ জেদ্দা ঘ জুরিখ **ক**

✔ **ব্যাখ্যা :** OPEC – Organization of petrolium Exporting countries. ১৯৬০ সালে OPEC গঠিত হয়। সংস্থাটির প্রাথমিক সদর দপ্তর ছিলো জেনেভায় তবে বর্তমানে এর সদর দপ্তর ভিয়েনায় অবস্থিত। বর্তমান সদস্য দেশ ১২টি। ওপেক মূলত পেট্রোলিয়াম রপ্তানিকারক দেশগুলোর একটি জোট।

OXFAM

৩৪৩. অক্সফাম একটি– [২০২৩৫৪]

ক দাতব্য সংস্থা খ ব্রিটিশ শিক্ষা প্রতিষ্ঠান
গ ঔষধ প্রস্তুতকারী কোম্পানী ঘ স্কটিশ যাদুঘর **ক**

সামরিক জোট

NATO

৩৫৪. NATO এর বর্তমান সদস্য দেশের সংখ্যা– [২০২৩৫৯; ২০২৩৩৭]

ক ৩১টি খ ৩০টি গ ২৯টি ঘ ২৮টি **ক**

✔ **ব্যাখ্যা :** NATO একটি সামরিক জোট। এর সদর দপ্তর ব্রাসেলসে অবস্থিত। ন্যাটোর বর্তমান সদস্য ৩২টি। সর্বশেষ সদস্য সুইডেন। সংস্থাটির প্রাথমিক সদস্য ছিল ১২টি। ন্যাটো ভুক্ত দুটি মুসলিম দেশ হচ্ছে তুরস্ক ও আলবেনিয়া।

৩৬৩. কোন মুসলিম দেশ ইসরাইলকে প্রথম স্বীকৃতি প্রদান করে? [২০২৩২৩]

ক বাহরাইন খ সংযুক্ত আরব আমিরাত
গ তুরস্ক ঘ মিশর **গ**

৩৬৪. ন্যাটোর সদস্য নয় কোন দেশটি? [২০২৩৭২]

ক ইতালি খ তুরস্ক
গ সুইজারল্যান্ড ঘ ইংল্যান্ড **গ**

রাজনৈতিক প্রতিষ্ঠানাদি

OIC

৩৭১. OIC এর পূর্নবর্গ কোনটি [২০২৩৩৬]

ক Organization of International Communities
খ Organization of Islamic Cooporation
গ Organization of Islamic Countries.
ঘ কোনটিই নয় **খ**

৩৭২. OIC-র প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?
[প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় ধাপ) '২৪]

ক তেহরান খ কায়রো গ জেদ্দা ঘ রিয়াদ **গ**

৩৭৪. আল আক্সা মসজিদ কোথায় অবস্থিত? [২০২৩৩৩]

ক প্যালেস্টাইন খ জেরুজালেম
গ গাজা উপত্যকা ঘ জর্ডান **খ**

৩৭৯. 'Orient House' কার সদর দপ্তর? [২০২৩৪০]

ক প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন
খ ব্রিটিশ লেবার পার্টি
গ যুক্তরাষ্ট্রের ডেমোক্যাটিক পার্টি
ঘ ভারতীয় জাতীয় কংগ্রেস **ক**

✔ **ব্যাখ্যা :** Orient House ফিলিস্তিনের রামাল্লা শহরে অবস্থিত। এখানে PLO বা Palestine Liberation Organization এর সদর দপ্তর অবস্থিত। PLO মূলত ফিলিস্তিনের একটি সংগঠন। যা ১৯৬৪ সালে প্রতিষ্ঠিত হয়।

অন্যান্য সংগঠন

NASA

৩৯৭. NASA কোন দেশের গবেষণা কেন্দ্র? [২০২৩৮৩]

ক রাশিয়া খ যুক্তরাষ্ট্র গ যুক্তরাজ্য ঘ ভারত **খ**

IRRI

৪০৫. বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ শহর কোনটি? [২০২৩৬৬]

ক নিউইয়র্ক খ মুম্বাই গ ম্যানিলা ঘ ঢাকা **গ**

৪০৬. বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ শহর কোনটি? [২০২৪২৪]

ক নিউইয়র্ক খ ম্যানিলা গ ঢাকা ঘ করাচি **গ**

Phenom Publications

আন্তর্জাতিক শিল্প ও সংস্কৃতি

২৭ শিল্প, বাণিজ্য ও অর্থনীতি

০৪. ফিয়াট গাড়ির নির্মাতা কোন দেশ? [২০২৩৮১]
ⓚ জার্মানি ⓛ ইতালি ⓜ সুইডেন ⓝ যুক্তরাষ্ট্র **খ**

✔ **ব্যাখ্যা :** ফিয়াট অটোমোবাইলস, এস.পি.এ একটি ইতালীয় গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান যা ২০০৭ সালে প্রতিষ্ঠিত হয়।

১০. কোনটি নিয়ন্ত্রিত শিল্প? [২০২৩৩২]
ⓚ সমুদ্রগামী জাহাজ চলাচল
ⓛ পারমাণবিক শক্তি
ⓜ হাইটেক শিল্প
ⓝ সিকিউরিটিজ প্রিন্টিং **ক**

১১. **Paypal is a —.** [২০২৪৩৪]
ⓚ Bank
ⓛ Online Money Transfer
ⓜ Currier Service
ⓝ Mobile Banking Service **খ**

২৮ স্থাপত্য ও চিত্রকর্ম

স্থাপত্য

৮. 'ইকারুস' ভাস্কর্যের ভাস্কর কে? [২০২৪১৪]
ⓚ লিওনার্দো দ্যা ভিঞ্চি ⓛ হেনরি ম্যুর
ⓜ নভেরা আহমেদ ⓝ শামীম শিকদার **গ**

✔ **ব্যাখ্যা :** ইকারুস ভাস্কর্যের ভাস্কর হচ্ছে নভেরা আহমেদ। নভেরা আহমেদ বাংলাদেশের একজন নারী ভাস্কর। তিনি বাংলাদেশের আধুনিক ভাস্কর্যশিল্পের অন্যতম অগ্রদূত এবং বিংশ শতাব্দীর প্রথম বাংলাদেশী আধুনিক ভাস্কর। তিনি ১৯৭৩ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত প্যারিসে বসবাস করেন। তার চিত্রকর্মগুলোর মধ্যে রয়েছে পরিবার, যুগল, ইকারুস। শিল্পী হামিদুর রহমানের সাথে নভেরা আহমেদ কেন্দ্রীয় শহীদ মিনারের প্রাথমিক নকশা প্রণয়নের কাজ শুরু করেন।

চিত্রকর্ম

৯. 'দি পারসিসটেন্স অফ মেমোরি' চিত্রকর্মটি কোন শিল্পীর? [২০২৩৩৯]
ⓚ সালভাদর দালি ⓛ ভিনসেন্ট ভ্যানগগ
ⓜ পাবলো পিকাসো ⓝ ফ্রিদা কাহলো **ক**

✔ **ব্যাখ্যা :** দি পারসিসটেন্স অফ মেমোরি হলো শিল্পী সালভাদর ডালির একটি চিত্রকর্ম এবং পরাবাস্তবতার সবচেয়ে স্বীকৃত কাজগুলোর মধ্যে একটি। ১৯৩১ সালে এই চিত্রকর্মটি আকা হয়। সালভাদর ডালি ছিলেন স্পেনের বিখ্যাত চিত্র শিল্পী। দি পারসিসটেন্স অফ মেমোরি ছবির প্রধান চরিত্র ঘড়ি। অনেকগুলো ঘড়ির অভিব্যক্তিতে যুক্তির অতীত এবং কালাতীত অবস্থাকে ধরতে চেয়েছেন তিনি। এখানে সময় বর্তমানে লুপ্ত কোনো প্রাণীর মতো।

১৫. 'আলতামিরা গুহা' কোথায় অবস্থিত? [২০২৩১৯; ২০২৩২৪]
ⓚ ফ্রান্স ⓛ স্পেন ⓜ ইংল্যান্ড ⓝ ভারত **খ**

২১. 'দি মেট্রোপলিটন মিউজিয়াম অফ আর্ট' কোথায়? [২০২৩৩২]
ⓚ নিউইয়র্ক ⓛ বোস্টন ⓜ টরেন্টো ⓝ লন্ডন **ক**

২৯ বিখ্যাত ব্যক্তিত্ব ও গ্রন্থ

০১. নিম্নের কোন গ্রন্থটির রচয়িতা Niccolo Machinvelli? [২০২৩৩২]
ⓚ Why Nations are fail : The Origins of power, Prosperity, and poverty.
ⓛ On the Social contract
ⓜ The anarchy
ⓝ The Prince **ঘ**

✔ **ব্যাখ্যা :** নিকোলো ম্যাকিয়াভেলি ছিলেন ইতালির বিখ্যাত লেখক ও দার্শনিক। তাকে আধুনিক রাষ্ট্র বিজ্ঞানের জনক বলা হয়। তার জন্ম ইতালির ফ্লোরেন্স শহরে। তার বিখ্যাত

০২. ব্রিটিশ প্রিন্স হ্যারির 'স্মৃতিকথা' গ্রন্থের নাম কী? [২০২৪১০]
ⓚ A Promised Land ⓛ Spare
ⓜ My Life ⓝ What Happened **খ**

✔ **ব্যাখ্যা :** ব্রিটিশ প্রিন্স হ্যারির স্মৃতিকথা "স্পেয়ার" ব্রিটেনের সবচেয়ে দ্রুত সময় বেশি বিক্রির রেকর্ড গড়া একটি বই। বইটি বাজারে আসার প্রথম দিনেই যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র ও কানাডায় বইটির ১৪ লাখ কপি বিক্রি হয়েছে। বইটিতে প্রিন্স হ্যারি ব্রিটিশ রাজপরিবারের নানা কলহের তথ্য প্রকাশের পাশাপাশি, তিনি আফগানিস্তানে সামরিক বাহিনীর দায়িত্ব

Phenom Publications

১০. Ernest Hemingway কোন দেশের সাহিত্যিক?
[প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় ধাপ) '২৪]
ⓚ চিলি ⓛ যুক্তরাজ্য
ⓜ আমেরিকা ⓝ জার্মানি **গ**

✔ **ব্যাখ্যা :** আর্নেস্ট মিলার হেমিংয়ে একজন মার্কিন সাহিত্যিক ও সাংবাদিক ছিলেন। ১৯৫৪ সালে তিনি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেছিলেন। তার বিখ্যাত রচনাগুলোর মধ্যে অন্যতম হচ্ছে–
— A Fare well to Arms.
— The sun Also Rises.
— The old man and the sea.
— For whom the Bell Tolls.

১১. মিসাইলম্যান হিসেবে কোন ব্যাক্তি পরিচিত? [২০২৩৩৫]
ⓚ মাও সে তুং
ⓛ এপিজে আবুল কালাম আজাদ
ⓜ উইনস্টন চার্চিল
ⓝ রুজভেল্ট **খ**

✔ **ব্যাখ্যা :** এপিজে আবদুল কালাম ভারতের ১১তম রাষ্ট্রপতি ছিলেন। তবে তিনি মুসলিম হিসেবে তৃতীয় রাষ্ট্রপতি ছিলেন। তার বিখ্যাত বই Wings of Fire. তার উপাধি ছিলো মিসাইলম্যান। কারণ তিনি ভারতের মিসাইল প্রযুক্তি উদ্ভাবন করেন। তিনি মূলত একজন পদার্থ বিজ্ঞানী ও পরমাণু গবেষক ছিলেন। তিনি ২০০২-২০০৭ সাল পর্যন্ত ভারতের রাষ্ট্রপতি ছিলেন।

১৭. 'নিজেকে জানো' উক্তিটি কার? [২০২৪৩৫]
ⓚ সক্রেটিস ⓛ পিথাগোরাস
ⓜ গৌতম বুদ্ধ ⓝ প্লেটো **ক**

২২. আধুনিক অর্থনীতির জনক কে? [২০২৩২৭]
ⓚ John Maynard Keneyes
ⓛ Paul samuelson
ⓜ David Ricardo
ⓝ Joseph Stieglitz **খ**

✔ **ব্যাখ্যা :** আধুনিক অর্থনীতির জনক পলস্যামুয়েলসন। তিনি ১৯৭০ সালে অর্থনীতিতে নোবেল পুরষ্কার পান। নব্যধ্রুপদী সংশ্লেষণা (Neoclasical synthesis), Mathematical economics, Economic methodology Reveale preferenee প্রভৃতি ক্ষেত্রে অবদানে স্বীকৃতি স্বরূপ তাকে এই পুরস্কার দেয়া হয়। তার বিখ্যাত বই– Foundation of economic analysis, Economics, An Introductory Analysis etc.।

২৫. লুকা প্যাসিওলি ছিলেন একজন– [২০২৪২২]
ⓚ হিসাববিজ্ঞানী ⓛ গণিতবিদ
ⓜ সমাজবিজ্ঞানী ⓝ অর্থনীতিবিদ **খ**

✔ **ব্যাখ্যা :** লুকা প্যাসিওলি ছিলেন একজন ইতালীয় গণিতবিদ। তিনি হিসাব বিজ্ঞানে গুরুত্বপূর্ণ অবদানও রেখেছিলেন। তাকে হিসাব বিজ্ঞানের জনক বলা হয়। তিনি হিসাব বিজ্ঞান বিষয়ে সর্বপ্রথম গবেষণা কর্ম প্রকাশ করেছিলেন। লুকা প্যাসিওলি লিওনার্দো দ্যা ভিঞ্চির বন্ধু ছিলেন।

২৬. 'লেইস ফেয়ার' নীতি নিচের কোনটির সাথে সম্পর্কযুক্ত?
[শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]
ⓚ সমাজতান্ত্রিক ⓛ খেলাধুলা
ⓜ গণতন্ত্র ⓝ মুক্তবাজার **ঘ**

✔ **ব্যাখ্যা :** লেইস ফেয়ার নীতি মুক্তবাজার অর্থনীতির সাথে সম্পর্কযুক্ত। এটি পুঁজিবাদ অর্থনীতির প্রসারিত রূপ। এটি এমন একটি ব্যবস্থা যেখানে রাষ্ট্রের ভূমিকা সম্পত্তির অধিকার রক্ষার মধ্যে সীমাবদ্ধ। এই লেইস ফেয়ারের একটি মৌলিক নীতি হল যে বাজারগুলো প্রতিযোগিতামূলক হওয়া উচিত।

২৮. কোন বইটি প্রফেসর অমর্ত্য সেন কর্তৃক রচিত নয়? [২০২৩৪৫]
ⓚ The idea of Justice
ⓛ Development as Freedom
ⓜ Poor Economics; A Radical Rethinking of the way to Fight Global Poverty
ⓝ Poverty and Famines; An Essay on Entitlement and Deprivation **গ**

✔ **ব্যাখ্যা :** ' Poor Economics; A Radical Rethinking of the way to Fight Global Poverty' বইটি প্রফেসর অমর্ত্য সেনের রচিত নয়। এই বইয়ের রচয়িতা Professor Abhijit V. Banerjee এবং Esther Duflo।
'The Idea of Justice', 'Development as Freedom' এবং 'Poverty and Famines; An Essay on Entitlement and Deprivation' বইগুলোর রচয়িতা Professor Amrtya Kumar Sen.

২৯. The author of the book a 'A Thousand Splendid Sun' is? [২০২৪১২]
ⓚ Salman Rushdie ⓛ Farah Ahmedi
ⓜ Khaled Hosseini ⓝ Vikram Seth **গ**

✔ **ব্যাখ্যা :** 'A Thousand Splendid Suns' একটি উপন্যাস যা 2007 সালে প্রকাশিত হয়। এর রচয়িতা Khaled Hosseini। তার অন্যতম উপন্যাস হলো– 'The Kite Runner'।

৩০. The book titled 'Memories Never Die' was launched as tribute to– [২০২৩৬৪]
ⓚ Atal Bihari Vajpayce
ⓛ Dr. APJ Abdul Kalam
ⓜ Bangabandhu Sheikh Mujibur Rahman
ⓝ None **খ**

৩৬. মাও সেতুং চীনকে সমাজতান্ত্রিক রাষ্ট্র ঘোষণা করেন করে?
[২০২৩৬৩]
ⓚ ১৯৪১ ⓛ ১৯৪৯ ⓜ ১৯৪২ ⓝ ১৯৪৫ **খ**

✔ **ব্যাখ্যা :** ১৯৪৯ সালের ১ অক্টোবর মাওসেতুং চীনকে সমাজতান্ত্রিক রাষ্ট্র ঘোষণা করেন। ১৯৪৯ সাল থেকে চীন

Phenom Publications

একটি সমাজতান্ত্রিক রাষ্ট্র হিসেবে পরিচিত। মাওসেতুং হচ্ছেন এই সমাজতান্ত্রিক চীনের প্রতিষ্ঠাতা। তার আদর্শকে মাওবাদ বলা হয়। উল্লেখ্য, সমাজতন্ত্রের জনক হচ্ছে জার্মানির দার্শনিক কার্ল মাকস।

৪২. ফ্লোরেন্স নাইটিংগেল নামটি কোন যুদ্ধের সাথে জড়িত? [২০২৩৬৩]

ⓚ ওয়াটার লু ⓚ আমেরিকার গৃহযুদ্ধ
ⓖ ফরাসি বিপ্লব ⓖ ক্রিমিয়া যুদ্ধ **ঘ**

✔ **ব্যাখ্যা :** ফ্লোরেন্স নাইটিংগেল নামটি ক্রিমিয়ার যুদ্ধের সাথে জড়িত। ক্রিমিয়ার যুদ্ধ ইতিহাসের এক স্মরণীয় যুদ্ধ। ১৮৫৩-১৮৫৬ সালের মধ্যে রাশিয়ান সাম্রাজ্যের সাথে অটোমন সাম্রাজ্য, ফ্রান্স ও যুক্তরাজ্যের মধ্যে এই যুদ্ধ সংঘটিত হয়। এই যুদ্ধের আহত সৈন্যদের সেবা দিয়ে ফ্লোরেন্স নাইটিংগেল স্মরণীয় হয়েছেন। তিনি মূলত রাতে একটি প্রদীপ বা ল্যাম্প সাথে নিয়ে আহত সৈন্যদের সেবা করতেন। এই জন্য ফ্লোরেন্স নাইটিঙ্গেলকে লেডি উইথ দ্য ল্যাম্প বলা হয়।

৪৭. মাদার তেরেসা কোন দেশে জন্মগ্রহণ করেছিলেন? [২০২৪১৯]

ⓚ আলবেনিয়া ⓚ মেসিডোনিয়া
ⓖ সার্বিয়া ⓖ ইতালি **খ**

৫৩. 'দ্যা পলিটিক্স' গ্রন্থের লেখক কে? [২০২৩৩৯]

ⓚ প্লেটো ⓚ সক্রেটিস
ⓖ এরিস্টটল ⓖ ম্যাকিয়াভেলী **গ**

✔ **ব্যাখ্যা :** The politics গ্রন্থের রচয়িতা এরিস্টটল। এরিস্টটল ছিলেন একজন গ্রিক দার্শনিক। তাকে রাষ্ট্র বিজ্ঞান ও প্রাণী বিজ্ঞানের জনক বলা হয়। তিনি ছিলেন প্লেটোর একজন ছাত্র এবং মহাবীর আলেকজান্ডারের শিক্ষক। অপরদিকে ইতালির দার্শনিক মেকিয়াভ্যালীকে আধুনিক রাষ্ট্রবিজ্ঞানের জনক বলা হয়।

৫৭. 'ক্রিস্টোফার কলোম্বাস' কোন দেশের নাবিক ছিলেন? [২০২৩২৪; ২০২৩১৯]

ⓚ ফ্রান্স ⓚ ইংল্যান্ড ⓖ পর্তুগিজ ⓖ ইতালি **ঘ**

✔ **ব্যাখ্যা :** ক্রিস্টোফার কলম্বাস ছিলেন ইতালির একজন নাবিক। তিনি ১৪৯২ সালে স্পেনের সহায়তায় আমেরিকা মহাদেশ আবিষ্কার করেন। তিনি ওয়েস্ট ইন্ডিজ নামকরণ করেন। তিনি মূলত ভারতের উদ্দেশ্য সমুদ্র যাত্রা করেন, তবে ভুলক্রমে আমেরিকায় অবতরণ করেন। কলোম্বাস আমেরিকার আদিবাসীদের ভারতীয় ভেবে রেড ইন্ডিয়ান নাম দেন।

৫৮. ইবনে সিনা ছিলেন একজন– [২০২৪২৬]

ⓚ মনো-বিজ্ঞানী ⓚ চিকিৎসা বিজ্ঞানী
ⓖ জীব বিজ্ঞানী ⓖ কৃষি বিজ্ঞানী **খ**

✔ **ব্যাখ্যা :** ইবনে সিনা ছিলেন একজন পারসিক মুসলিম ও বহুবিদ্যা বিশারদ। তবে তিনি আধুনিক চিকিৎসা বিজ্ঞানের জনক হিসেবে পরিচিত। তার পুরো নাম আবু আলি হুসাইন বিন আবদুল্লাহ ইবনুল হাসান বিন আলী ইবনে সিনা। তিনি অসংখ্য গ্রন্থ রচনা করেন। তার সর্বাধিক বিখ্যাত গ্রন্থগুলোর মধ্যে কিতাবুশ শিফা অন্যতম। এই গ্রন্থটি দার্শনিক ও বৈজ্ঞানিক বিশ্বকোষ হিসেবে পরিচিত। তার রচিত গ্রন্থ "আল কানুন ফিতাতিব" চিকিৎসাবিজ্ঞানের বিশ্বকোষ হিসেবে পরিচিত।

৫৯. 'বিলিয়ন ডলার হাইস্ট' তথ্য চিত্রের নির্মাতা কে? [২০২৩৫৩]

ⓚ গাই রিচি ⓚ ড্যানিয়েল গর্ডন
ⓖ টমাস লুই ⓖ জ্যাক স্ট্রি **খ**

✔ **ব্যাখ্যা :** "বিলিয়ন ডলার হাইস্ট" বাংলাদেশ ব্যাংকের অর্থ হ্যাকিং ঘটনা নিয়ে নির্মিত একটি তথ্যচিত্র। যুক্তরাষ্ট্রের ইউনিভার্সাল পিকচার্স হোম এন্টারটেইনমেন্টের প্রযোজনায় প্রামাণ্যচিত্রটি তৈরি করেন ড্যানিয়েল গর্ডন। তথ্যচিত্রটি ২০২৩ সালে মুক্তি পায়।

৩০ পুরস্কার ও সম্মাননা

নোবেল পুরস্কার

১০. নোবেল পুরস্কারের অর্থমূল্য কত? [২০২৩৭৯]

ⓚ ৮ লক্ষ ক্রোনা ⓚ ৯০ লক্ষ ক্রোনা
ⓖ ১ কোটি ১০ লক্ষ ক্রোনা ⓖ ১ কোটি ক্রোনা **গ**

✔ **ব্যাখ্যা :** নোবেল পুরস্কার বিশ্বের সবচেয়ে সম্মানজনক পুরস্কার। নোবেল পুরস্কারের বর্তমান অর্থমূল্য ১ কোটি ১০ লক্ষ ক্রোনা বা ৯ লাখ ৮৬ হাজার মার্কিন ডলার। উল্লেখ্য সাম্প্রতিক বছরগুলোতে একাধিকবার নোবেল পুরস্কারের অর্থমূল্য বাড়ানো-কমানো হয়েছে। ১৯৮০ সালের আগ পর্যন্ত নোবেল বিজয়ীরা যে পদক পেতেন তা ছিল ২৩ ক্যারেট স্বর্ণের। এরপর থেকে ১৮ ক্যারেট সবুজ স্বর্ণের ধারতের ওপর ২৪ ক্যারেট স্বর্ণের প্রলেপ দেওয়া পদক দেয়া হচ্ছে নোবেল বিজয়ীদের।

১১. ২০২৩ সালে শান্তিতে নোবেল জয়ীর নাম কী? [২০২৩৮০]

ⓚ খামা আমিনি ⓚ ইয়েন ফসে
ⓖ নার্গিস মোহাম্মদী ⓖ শিরিন এবাদি **গ**

✔ **ব্যাখ্যা :** ২০২৩ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন ইরানের মানবাধিকার কর্মী নার্গিস মোহাম্মাদী। ইরানে নারীদের উপর নিপীড়নের বিরুদ্ধে সংগ্রাম ও সবার জন্য মানবাধিকার ও মুক্তির সমর্থনে কাজ করার জন্য তাকে এই পুরস্কার প্রদান করা হয়। ২০১৬ সালে ইরান সরকার তাকে ১৬ বছরের জন্য কারাদণ্ড প্রদান করেন। উল্লেখ্য ইরানের

প্রথম নাগরিক ও প্রথম মুসলিম নারী হিসেবে ২০০৩ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন শিরিন এবাদি।

১৫. **'Nobel Prize' in Literature started from the year —.** [২০২৩৪৯]
ⓚ 1901 ⓚ 1911 ⓖ 1913 ⓖ 1917 **ক**

১৮. **সাহিত্যে প্রথম নারী নোবেল বিজয়ী–** [২০২৩৫০]
ⓚ মেরি কুরি ⓚ সেলমা লাগেরলফ
ⓖ ইলিনর অস্ট্রম ⓖ কোনটিই নয় **খ**

২০. **নোবেল বিজয়ী মালালা ইউসুফ জাই কোন দেশের নাগরিক?** [২০২৩১৮]
ⓚ ভারত ⓚ পাকিস্তান ⓖ বাংলাদেশ ⓖ নেপাল **খ**

৩৩. **২০২৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন–** [২০২৪০১]
ⓚ ইয়েন ফসে ⓚ উইলিয়াম নর্ডহাউস
ⓖ অ্যানি এরনাক্স ⓖ লুইস গ্লুক **ক**

✔ **ব্যাখ্যা :** ২০২৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন নরওয়ের লেখক ও নাট্যকার ইয়েন ফসে। ইয়েন ফসে বর্তমান বিশ্বের সবচেয়ে খ্যাতিমান নাট্যকারদের একজন। তিনি ৪০ টির মতো নাটক লিখেছেন। নাটক ছাড়াও তিনি উপন্যাস, প্রবন্ধ, কবিতা, শিশুকোষ বই লিখেছেন ইয়েন ফসে। তার উল্লেখযোগ্য সাহিত্যকর্মের মধ্যে রয়েছে উপন্যাস "বোটহাউস এবং মেলাংকলি"।

৪০. **২০২১ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন–** [২০২৩৭২]
ⓚ মারিয়া রেসা ⓚ দিমিত্রি মুরাকব
ⓖ পিটার হ্যান্ডকে ⓖ ক ও খ উভয়ই **ঘ**

৪১. **২০২৩ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন কে?**
[শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪; প্র. নি. প্র. (প্রভাষক) (কলেজ) '২৪]
ⓚ তাওয়াক্কোল কারমান ⓚ নার্গিস মোহাম্মদী
ⓖ মালালা ইউসুফ জাই ⓖ শিরিন এবাদী **খ**

৪২. **২০২৩ সালে নোবেল পুরস্কার প্রাপ্ত নার্গিস মোহাম্মদি কোন দেশের নাগরিক?** [২০২৪২৬]
ⓚ পাকিস্তান ⓚ সিরিয়া ⓖ ইরান ⓖ মিশর **গ**

৪৭. **এশিয়ার নোবেল খ্যাত ম্যাগসাইসাই পুরস্কার ২০২১ লাভ করেছেন কে?** [২০২৩৭১]
ⓚ আন্দ্রেয়া ভেজা ⓚ হার্ভে জে অল্টার
ⓖ রজার পেনারাজ ⓖ ফেরদৌসী কাদরী **ঘ**

✔ **ব্যাখ্যা :** ড. ফেরদৌসী কাদরী বাংলাদেশি প্রতিষেধকবিদ্যা ও সংক্রমক রোগ গবেষণাকারী বিজ্ঞানী। কলেরার টিকা নিয়ে গবেষণা ও সাশ্রয়ী দামে টিকা সহজলভ্য করে লাভে প্রাণ রক্ষায় কাজ করেছেন তিনি। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর টিকা বিষয়ক বৈজ্ঞানিক উপদেষ্টামণ্ডলীর সদস্য ছিলেন তিনি। লাখো মানুষের উপকারে টিকার উন্নয়নে নিবেদিত ভূমিকার জন্য তিনি ২০২১ সালে এশিয়ার নোবেল খ্যাত ম্যাগসেসে পুরস্কার লাভ করেন। ২০২৩ সালে র‍্যামন ম্যাগসেসে পুরস্কার পেয়েছেন জাগো ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা করভি রাখসান্দ এবং ভারতের রবি কান্নান আর পূর্ব তিমুরের ইগুয়েনিও লেমোস, ফিলিপিনের মিরিয়াম করোনেল ফেরের ম্যাগসেসে পুরস্কার পেয়েছেন।

৩১ খেলাধুলা

ক্রিকেট

০১. **একদিনের ক্রিকেটে বর্তমানে বিশ্ব চ্যাম্পিয়ন কোন দেশ?** [২০২৪৩০; ২০২৪১১]
ⓚ বাংলাদেশ ⓚ ভারত ⓖ অস্ট্রেলিয়া ⓖ ইংল্যান্ড **গ**

✔ **ব্যাখ্যা :** একদিনের ক্রিকেটে বর্তমানে বিশ্ব চ্যাম্পিয়ান অস্ট্রেলিয়া। সর্বশেষ ২০২৩ সালে ভারতে ১৩তম ওয়ানডে ক্রিকেট বিশ্বকাপ অনুষ্ঠিত হয়। এতে অস্ট্রেলিয়া চ্যাম্পিয়ন এবং ভারত রানার্স আপ হয়। ১৯৭৫ সালে প্রথম ওয়ানডে ক্রিকেট বিশ্ব কাপ খেলা অনুষ্ঠিত হয়। অস্ট্রেলিয়া মোট ৬ বার ক্রিকেট বিশ্বকাপ জয় লাভ করে। ১৯৮৭, ১৯৯৯, ২০০৩, ২০০৭, ২০১৫ এবং সর্বশেষ ২০২৩ সালে। অস্ট্রেলিয়া মোট ৮ বার ক্রিকেট বিশ্ব কাপে ফাইনালে খেলেছে।

০২. **অনুর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগিতা বর্তমানে কোন দেশে অনুষ্ঠিত হচ্ছে?** [২০২৪১১]
ⓚ ভারত ⓚ দক্ষিণ আফ্রিকা
ⓖ অস্ট্রেলিয়া ⓖ ইংল্যান্ড **খ**

০৩. **অস্ট্রেলিয়া কত বারের মতো বিশ্বকাপ ক্রিকেটের ফাইনাল খেলবে?** [২০২৩৭৯]
ⓚ ৫ ⓚ ৬ ⓖ ৭ ⓖ ৮ **ঘ**

০৪. **আন্তর্জাতিক T-20 ক্রিকেটে প্রথম সেঞ্চুরিয়ান কে?** [২০২৩৭২]
ⓚ ক্রিস গেইল ⓚ বিরাট কোহলী
ⓖ এবি ডি ভিলিয়ার্স ⓖ মার্টিন গাপটিল **ক**

✔ **ব্যাখ্যা :** ২০০৭ সালে আইসিসি টি-২০ প্রতিযোগিতার উদ্বোধনী আসরে ওয়েস্ট ইন্ডিজের ক্রিস গেইল প্রথম সেঞ্চুরি করার কৃতিত্ব অর্জন করেন। তিনি দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ১১৭ রান করেন। এছাড়াও ২০১৬ সালে ক্রিস গেইল ইংল্যান্ডের বিপক্ষে টি-টোয়েন্টি ম্যাচে আরেকটি সেঞ্চুরি করেন। উল্লেখ্য ২০০৫ সালে প্রথম আন্তর্জাতিক টি-২০ ম্যাচ অনুষ্ঠিত হয়। ২০২৪ সালে ICC T-20 এর নবম আসর অনুষ্ঠিত হয়। USA এবং ওয়েস্ট ইন্ডিজে। ভারত দক্ষিণ আফ্রিকাকে ৭ রানে হারিয়ে ২য় বারের মতো T-20 শিরোপা জিতে নেয়।

০৭. **২০২৩ সালের আইসিসি পুরুষ ক্রিকেট বিশ্বকাপে অংশগ্রহণকারী দেশের সংখ্যা কয়টি?** [২০২৩৮৪]
ⓚ ৬টি ⓚ ৮টি ⓖ ১০টি ⓖ ১২টি **গ**

✔ **ব্যাখ্যা :** ২০২৩ সালে আইসিসি পুরুষ ক্রিকেট বিশ্বকাপে মোট দশটি দল অংশগ্রহণ করে। দলগুলো হচ্ছে ভারত (স্বাগতিক), অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা,

নিউজিল্যান্ড, পাকিস্তান, বাংলাদেশ, আফগানিস্তান, শ্রীলংকা এবং নেদারল্যান্ডস। এর মধ্যে অস্ট্রেলিয়া চ্যাম্পিয়ন হয়। পরবর্তী বিশ্বকাপ ক্রিকেট ২০২৭ সালে দক্ষিণ আফ্রিকা, জিম্বাবুয়ে ও নামিবিয়ায় অনুষ্ঠিত হবে।

২৬. একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে সর্বোচ্চ উইকেট শিকারি কে? [২০২৩৮৪]

ক) ওয়াসিম আকরাম খ) মুত্তিয়া মুরালীধরন
গ) অনিল কুম্বলে ঘ) ব্রেটলি **খ**

✔ **ব্যাখ্যা :** একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে সর্বোচ্চ উইকেট লাভ করেন শ্রীলংকার মুত্তিয়া মুরালীধরন। তিনি মোট ৫৩৪টি উইকেট নিয়ে বোলারদের মধ্যে শীর্ষ স্থানে আছেন। অপরদিকে ৫০২টি উইকেট নিয়ে ২য় স্থানে আছেন পাকিস্তানের ওয়াসিম আকরাম।

২৭. ক্রিকেট খেলায় সর্বপ্রথম লাল কার্ড কে পেয়েছেন? [২০২৩৭৯]

ক) বিরাট কোহলি খ) সাকিব আল হাসান
গ) সুনীল নারাইন ঘ) বাবর আজম **গ**

✔ **ব্যাখ্যা :** ক্রিকেট ইতিহাসে সর্বপ্রথম লাল কার্ড পেয়েছেন সুনিল নারাইন। ক্যারিবিয়ান প্রিমিয়র লিগে শাস্তি হিসেবে লাল কার্ড দেখানোর নিয়ম চালু হয়েছে। লিগের ১২তম ম্যাচে আম্পায়ার ত্রিনাবাগো নাইট রাইর্ডাস দলকে লাল কার্ড দেখান। এর ফলে দলের অধিনায়কের নির্দেশে মাঠের বাইরে যেতে হয় সুনিল নারাইনকে।

২৮. 'ব্রায়ান লারা' কোন দেশের খেলোয়াড়? [২০২৪০৫; ২০২৪০৪]

ক) অস্ট্রেলিয়া খ) দক্ষিণ আফ্রিকা
গ) জিম্বাবুয়ে ঘ) কোনটি নয় **ঘ**

✔ **ব্যাখ্যা :** ব্রায়ন লারা ওয়েস্ট ইন্ড্রিজ দলের সাবেক অধিনায়ক ছিলেন। তিনি ১৯৬৯ সালে ত্রিনিদাদ এন্ড টোবাগোতে জন্মগ্রহণ করেন। তিনি বাঁ হাতী ব্যাটসম্যান ছিলেন। আন্তর্জাতিক টেস্ট ইনিংসে সর্বোচ্চ ব্যক্তিগত রানের স্কোর তার। ২০০৪ সালে ইংল্যান্ডের বিপক্ষে তিনি অপরাজিত ৪০০ রান করেন।

২৯. প্রথম বিশ্বকাপ ক্রিকেটে 'ম্যান অব দ্যা ম্যাচ' নির্বাচিত হয়েছিলেন কে? [২০২৩৫৭]

ক) ক্লাইভ লয়েড খ) ভিভ রিচার্ডাস
গ) অমরনাথ ঘ) ডেভিড বুন **ক**

৪৫. এশিয়া কাপ-২০২২ এ চ্যাম্পিয়ন হয় কোন দেশ? [২০২৩৩৭]

ক) শ্রীলঙ্কা খ) পাকিস্তান গ) ভারত ঘ) আফগানিস্তান **ক**

ফুটবল

৬১. ২০২৬ সালের ফিফা বিশ্বকাপ ফুটবল কয়টি দেশে অনুষ্ঠিত হবে? [২০২৩২৭]

ক) ১টি খ) ২টি গ) ৩টি ঘ) ৪টি **গ**

✔ **ব্যাখ্যা :** ২০২৬ সালে ২৩তম ফিফা ফুটবল বিশ্বকাপ যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো এই তিনটি দেশে অনুষ্ঠিত হবে। উক্ত আসরে ৪৮টি দল অংশগ্রহণ করবে এবং ১৬টি ভেনুতে ১০৪টি ম্যাচ অনুষ্ঠিত হবে।

৬২. আগামী ২০২৬ বিশ্বকাপ সূচীতে ১০৪টি ম্যাচ হবে তিন দেশের। [২০২৪২৩]

ক) ১৫টি ভেন্যুতে খ) ১৭টি ভেন্যুতে
গ) ১৪টি ভেন্যুতে ঘ) ১৬টি ভেন্যুতে **ঘ**

✔ **ব্যাখ্যা :** সর্বশেষ ফিফা বিশ্বকাপ ফুটবল ২০২২ সালে কাতারে অনুষ্ঠিত হয়। এটি ছিলো ২২তম ফিফা বিশ্বকাপ। আর্জেন্টিনা বিশ্ব চ্যাম্পিয়ন হয় এবং ফ্রান্স রানার্স আপ হয়। সর্বপ্রথম বিশ্বকাপ ফুটবল খেলা অনুষ্ঠিত হয় ১৯৩০ সালে উরুগুয়েতে।

৬৩. ২৩তম ফুটবল বিশ্বকাপের আয়োজক দেশ– [২০২৩৮৩]

ক) কানাডা খ) যুক্তরাষ্ট্র
গ) মেক্সিকো ঘ) সবগুলো **ঘ**

৬৪. 'ফিফা বিশ্বকাপ ২০২৬' কোথায় অনুষ্ঠিত হবে? [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ক) যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো
খ) জেনেভা, রাশিয়া, ফ্রান্স
গ) ভিয়েনা, অস্ট্রিয়া, ভেনিজুয়েলা
ঘ) কাতার, দুবাই, বাহরাইন **ক**

৬৫. সর্বশেষ বিশ্বকাপ ফুটবল কোন দেশে অনুষ্ঠিত হয়েছিল? [২০২৪০৪]

ক) কাতার খ) রাশিয়া
গ) দক্ষিণ আফ্রিকা ঘ) সৌদি আরব **ক**

৬৭. সর্বশেষ ফিফা বিশ্বকাপ ফুটবল কোন দেশে অনুষ্ঠিত হয়? [২০২৩৫৪]

ক) সংযুক্ত আরব আমিরাত খ) কাতার
গ) ইংল্যান্ড ঘ) আর্জেন্টিনা **খ**

৬৯. FIFA এর সদর দপ্তর কোথায় অবস্থিত? [২০২৩৪৭]

ক) ফ্রান্স খ) স্পেন গ) ইতালি ঘ) সুইজারল্যান্ড **ঘ**

৭৫. লিওনেল মেসি তার ক্যারিয়ারে কতটি শিরোপা জিতেছেন? [২০২৩৭৭]

ক) ৩৯ খ) ৪৩ গ) ৪৪ ঘ) ৪৭ **গ**

✔ **ব্যাখ্যা :** যেহেতু মেসি এখনো অবসর গ্রহণ করেনি। সুতরাং প্রশ্নের উল্লেখিত সংখ্যাটি চূড়ান্ত নয়।

৭৭. সর্বশেষ বিশ্বকাপ ফুটবল কোন দেশে অনুষ্ঠিত হয়েছিল? [২০২৪০৫]

ক) কাতার খ) রাশিয়া
গ) দক্ষিণ আফ্রিকা ঘ) সৌদি আরব **ক**

৮২. ২০২২ ফিফা বিশ্বকাপ জয়ী দলের কোন খেলোয়াড় বাংলাদেশ সফর করেন? [২০২৩৫১]

ক) মেসি খ) এমবাপ্পে গ) নেইমার ঘ) মার্টিনেজ **ঘ**

✔ **ব্যাখ্যা :** কাতার বিশ্বকাপে আর্জেন্টিনার শিরোপা জয়ের অন্যতম নায়ক গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজ ২০২৩ সালের ৩ জুলাই বাংলাদেশ সফরে আসেন। মার্টিনেজকে বাংলাদেশে আনার ব্যবস্থা করেন কলকাতার ক্রীড়া উদ্যোক্তা শতদ্রু দত্ত।

৯১. For the first time in football history, which country initiated a 'white card' in a match? [২০২৩৬৪]

ক) UK খ) Brazil

(গ) Portugal (ঘ) Argentina **গ**

৯৫. ২০২৬ সালে ফুটবল বিশ্বকাপ আয়োজন করবে– [২০২৪১৬]
(ক) যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা
(খ) যুক্তরাষ্ট্র ও মেক্সিকো
(গ) যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো
(ঘ) কানাডা, যুক্তরাজ্য ও মেক্সিকো **গ**

৯৬. গ্রীষ্মকালীন অলিম্পিক ২০২৪ সালের কোথায় অনুষ্ঠিত হবে? [২০২৩৩২; ২০২৪১৬]
(ক) মাদ্রিদ, স্পেন (খ) টোকিও, জাপান
(গ) স্টকহোম, সুইডেন (ঘ) প্যারিস, ফ্রান্স **ঘ**

৯৭. 'মারিও জাগালো' কে ছিলেন? [২০২৪২৩]
(ক) কিংবদন্তি ব্রাজিলিয়ান ফুটবলার
(খ) কিংবদন্তি আফ্রিকান ফুটবলার
(গ) কিংবদন্তি অস্ট্রেলিয়ান ক্রিকেটার
(ঘ) কিংবদন্তি জার্মান ফুটবলার **ক**

১০১. ২০২৩ সালের উয়েফা চ্যাম্পিয়ন্স লীগের ফাইনাল কোন শহরে অনুষ্ঠিত হবে? [২০২৩২৯]
(ক) পোর্তো (খ) ইস্তাম্বুল (গ) প্যারিস (ঘ) মাদ্রিদ **খ**

১০৩. ২০২৪ সালের কোপা আমেরিকা ফুটবল টুর্নামেন্ট কোন দেশে অনুষ্ঠিত হবে? [২০২৪০৭; ২০২৪১৮]
(ক) মার্কিন যুক্তরাষ্ট্র (খ) চিলি
(গ) ব্রাজিল (ঘ) আর্জেন্টিনা **ক**

✔ **ব্যাখ্যা :** কোপা আমেরিকা ফুটবল টুর্নামেন্ট ২০২৪ মার্কিন যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হয়। ২০২৪ সালের ১৪ জুলাই টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ ফ্লোরিডার মায়ামি গার্ডেন্সের হার্ডরক স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় এবং আর্জেন্টিনা চ্যাম্পিয়ন হয়।

১১৩. লিওনেল মেসি কত বার বিশ্ব ফুটবলের গৌরবময় পুরস্কার 'ব্যালন ডি' অর' লাভ করেন? [২০২৪২৪]
(ক) ৬ (খ) ৭ (গ) ৮ (ঘ) ৯ **গ**

✔ **ব্যাখ্যা :** "ব্যালন ডি অর" একটি ফুটবল পুরস্কার যা ১৯৫৬ সাল থেকে প্রতিবছর ফরাসি ক্রীড়া সাময়িকী ফ্রঁস ফুত বোল প্রদান করে থাকে। এটি ব্যক্তিগত পর্যায়ে ফুটবল খেলোয়াড়দের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ পুরস্কার। মেসি সর্বোচ্চ ৮ বার ব্যালন ডি অর পুরস্কার জিতেছেন। দ্বিতীয় সর্বোচ্চ ব্যালন ডি অর লাভ করেন ক্রিস্টিয়ানো রোনালদো। তিনি ৫ বার ফুটবলের এই সম্মান জনক পুরস্কার লাভ করেন।

অলিম্পিক

১১৭. এশিয়ায় কত সালে ও কোথায় প্রথম অলিম্পিক অনুষ্ঠিত হয়? [২০২৩৮৪]
(ক) ১৯৬৪, টোকিও (খ) ১৯৬৫, দিল্লী
(গ) ১৯৬৬, করাচি (ঘ) ১৯৬৮, বেইজিং **ক**

✔ **ব্যাখ্যা :** এশিয়ায় ১৯৬৪ সালে জাপানের টোকওতে প্রথম অলিম্পিক গেমস অনুষ্ঠিত হয়। সর্বশেষ ৩২তম অলিম্পিক গেমস ও টোকিওতে অনুষ্ঠিত। সর্বশেষ আসরটি ২০২০ সালে হওয়ার কথা থাকলেও করোনার কারণে ২০২১ সালে অনুষ্ঠিত হয়। পরবর্তী ২০২৪ সালের গ্রীষ্মকালীন অলিম্পিক গেমস ফ্রান্সের প্যারিসে এবং এর পরের আসর ২০২৮ সালে যুক্তরাষ্ট্রের লস এঞ্জেলেসে অনুষ্ঠিত হবে।

১১৮. The 2024 Summer Olympics will be hosted in– [২০২৩৬৪]
(ক) China (খ) France
(গ) United Kingdom (ঘ) United States **খ**

✔ **ব্যাখ্যা :** প্রতি চার বছর পর গ্রীষ্মকালীন অলিম্পিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সর্বশেষ ৩৩তম অলিম্পিক প্রতিযোগিতা ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত হয়। ২০২৪ সালের ২৬ জুলাই থেকে ১১ আগস্ট পর্যন্ত প্যারিস অলিম্পিক অনুষ্ঠিত হয়। এবারের আসরে যুক্তরাষ্ট্র সর্বাধিক পদক লাভ করে এবং দ্বিতীয় স্থানে রয়েছে চীন।

১১৯. সর্বকালের সর্বশ্রেষ্ঠ অলিম্পিয়ান হলেন– [২০২৩৮৪]
(ক) উসাইন বোল্ট (খ) কার্ল লুইস
(গ) মাইকেল ফেলপস (ঘ) নাদিয়া কমোনিচি **গ**

✔ **ব্যাখ্যা :** মাইকেল ফেলপস একজন আমেরিকান সাঁতারু। তাকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ অলিম্পিয়ান বলা হয়। তিনি অলিম্পিকের ইতিহাসে ২৩টি স্বর্ণপদক সহমোট ২৮টি পদক লাভ করেন। ২০০৮ সালের বেইজিং অমিম্পিক গেমসে তিনি এককভাবে ৮টি স্বর্ণ পদক জিতে প্রথম ক্রীড়াবিদ হন।

১২৩. অলিম্পিকের রিং- এ কোন পাঁচটি রং ক্রমান্বয়ে ব্যবহৃত হয়? [২০২৩৮৪]
(ক) নীল, হলুদ, কালো, সবুজ ও লাল
(খ) সাদা, কালো, নীল, হলুদ ও সবুজ
(গ) বেগুনী, লাল, কালো, নীল ও সবুজ
(ঘ) আসমানী, লাল, কালো, নীল ও সবুজ **ক**

✔ **ব্যাখ্যা :** অলিম্পিকের রিং এ পাঁচটি রং এর ব্যবহার ঘটেছে। এগুলো নীল, হলুদ, কালো, সবুজ এবং লাল এই ক্রমান্বয়ে তৈরি করা হয়েছে। এই রিংগুলো দ্বারা মূলত পাঁচটি মহাদেশকে নির্দেশ করে। যেমন ইউরোপের জন্য নীল, এশিয়ার জন্য হলুদ, আফ্রিকার জন্য কালো, ওশেনিয়ার জন্য সবুজ এবং আমেরিকার জন্য লাল।

১২৪. অলিম্পিকের মশাল জ্বালিয়ে রাখার নিয়ম চালু হয় কোন সালে? [২০২৩৮৪]
(ক) ১৯৩০ (খ) ১৯২৮ (গ) ১৯২১ (ঘ) ১৯২৭ **খ**

✔ **ব্যাখ্যা :** ১৯২৮ সালের আমস্টার্ডাম অলিম্পিক থেকে অলিম্পিক মশাল জ্বালানোর প্রথা শুরু হয়। মূলত প্রতিটি অলিম্পিকের আগে একটি মশালের মাথায় জ্বলতে থাকা অগ্নিশিখা নানা জায়গা ঘুরে উপস্থিত হয় যে শহরে অলিম্পিক হবে সেখানে।

১২৮. প্রতিযোগিতামূলক সাঁতার কত প্রকার? [২০২৩৮৪]
(ক) ৪ প্রকার (খ) ৮ প্রকার (গ) ৬ প্রকার (ঘ) ৭ প্রকার **ক**

✔ **ব্যাখ্যা :** প্রতিযোগিতামূলক সাঁতার ৪ প্রকার। যথা:
১. ফ্রি স্টাইল (Free style)
২. ব্যাক স্ট্রোক বা চিৎ সাঁতার (Back stroke)
৩. ব্রেস্ট স্ট্রোক বা বুক সাঁতার (Breast stroke)
৪. বাটারফ্লাই বা প্রজাপতি সাতার (Butterfly)

Phenom Publications

১৪০. ২৫তম শীতকালীন অলিম্পিক কোন শহরে অনুষ্ঠিত হবে? [২০২৩৪৯]
ক মাদ্রিদ খ মিলান
গ প্যারিস ঘ লস এঞ্জেলেস **খ**
✔ **ব্যাখ্যা :** ১৯২৪ সাল থেকে প্রতি চার বছর পর পর শীতকালীন অলিম্পিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। সর্বশেষ ২০২২ সালে শীতকালীন অলিম্পিক চীনে অনুষ্ঠিত হয় এবং পরবর্তী ২৫তম শীতকালীন অলিম্পিক ২০২৬ সালে ইতালির মিলানে অনুষ্ঠিত হবে।

টেনিস

১৪৩. ইউএস ওপেন টেনিস ২০২৩ কোন শহরে অনুষ্ঠিত হয়? [২০২৩৮৪]
ক প্যারিস খ লন্ডন গ নিউইয়র্ক ঘ সিডনি **গ**

১৫০. 'গ্র্যান্ডস্লাম' কথাটি কোন খেলার ক্ষেত্রে ব্যবহৃত হয়? [২০২৪১৫]
ক বিলিয়ার্ড খ লন টেনিস
গ টেবিল টেনিস ঘ দাবা **খ**
✔ **ব্যাখ্যা :** গ্র্যান্ডস্লাম একটি টুর্নামেন্ট। এটি লন টেনিসের সাথে জড়িত। মূলত টেনিসের চারটি গুরুত্বপূর্ণ বার্ষিক ক্রীড়াকে একত্রে গ্রান্ডস্লাম টুর্নামেন্ট বলে। এগুলো হচ্ছে অস্ট্রেলিয়ান ওপেন, ফেঞ্চওপেন, উইম্বলডন এবং ইউএস ওপেন। গ্র্যান্ডস্লামকে আবার মেজরও বলা হয়।

হকি

১৫১. ২০২৩ সালের পুরুষ হকি বিশ্বকাপে কোন দেশ চ্যাম্পিয়ন হয়েছে? [২০২৪০৭]
ক বেলজিয়াম খ দক্ষিণ আফ্রিকা
গ অস্ট্রেলিয়া ঘ জার্মানি **ঘ**

অন্যান্য

১৫৮. ব্যক্তিগত মিডলে সাঁতারের ক্রমগুলো হলো– [২০২৩৮৪]
ক ব্রেস্ট, ব্যাক, বাটার, ফ্রী স্টাইল
খ ফ্রী স্টাইল, ব্রেস্ট, ব্যাক, বাটার
গ ফ্রী স্টাইল, ব্যাক, ব্রেস্ট, বাটার
ঘ বাটার, ব্যাক, ব্রেস্ট, ফ্রী স্টাইল **ঘ**
✔ **ব্যাখ্যা :** প্রতিটি খেলায় কিছু নিয়ম থাকে। সাঁতার প্রতিযোগিতায়ও সেরকম কিছু নিয়ম নীতি রয়েছে। চারজন সাঁতারু যখন চারটি স্টাইলে একই দূরত্বে সাঁতার দেয় তাকে মিডলে রিলে বলে। সাঁতারে ব্যক্তিগত মিডলে ক্রমগুলো হচ্ছে– বাটার, ব্যাক, ব্রেস্ট, ফ্রীস্টাইল।

১৫৯. ম্যারাথন দৌড়ের দূরত্ব কত? [২০২৩৮৪]
ক ২৪ মাইল খ ২৬ মাইল
গ ২৭ মাইল ঘ ২৮ মাইল **খ**
✔ **ব্যাখ্যা :** ম্যারাথন হচ্ছে একটি দীর্ঘ দূরত্বের দৌড় প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় ৪২.১৯৫ কি.মি. বা ২৬ মাইল ৩৮৫ গজ পথ দৌড়াতে হয়। অলিম্পিক গেমসের সবচেয়ে জনপ্রিয় ইভেন্ট হচ্ছে এই ম্যারাথন দৌড়।

১৬০. রিলে দৌড়ের সময় রিলে ব্যাটন বদলের জায়গার দূরত্ব কত? [২০২৩৮৪]
ক ২০ মিটার খ ১৫ মিটার
গ ১০ মিটার ঘ ৫ মিটার **ক**
✔ **ব্যাখ্যা :** রিলে রেস বা দৌড় হল একটি রেসিং প্রতিযোগিতা যেখানে একটি দলের সদস্যরা পালাক্রমে রেসকোর্সের অংশগুলো সম্পূর্ণ করতে বা একটি নির্দিষ্ট ক্রিয়া সম্পাদন করে। অলিম্পিক গেমসে বিভিন্ন ধরনের রিলে রেস রয়েছে, সাধারণত রিলে দৌড়ের সময় ২০ মিটার দূরত্বে রিলে ব্যাটন পরিবর্তন করতে হয়।

১৬১. ১০০ মিটার স্প্রিন্টে (Sprint) বিশ্ব রেকর্ড হলো– [২০২৩৮৪]
ক ৯.৫৪ সে. খ ৯.৫৬ সে.
গ ৯.৬৮ সে. ঘ ৯.৫৮ সে. **ঘ**
✔ **ব্যাখ্যা :** ১০০ মিটার স্প্রিন্ট বা ১০০ মিটার দৌড় হল ট্র্যাক এন্ড ফিল্ড প্রতিযোগিতার একটি স্প্রিন্ট দৌড়। এই দৌড় প্রতিযোগিতায় নারী পুরুষ, উভয় অংশগ্রহণ করে। এটি অলিম্পিক গেমসের একটি নিয়মিত ইভেন্ট, গ্রীষ্মকালীন অলিম্পিকে এটি ১৮৯৬ সালে পুরুষদের জন্য এবং ১৯২৮ সাল থেকে নারীদের জন্য একটি নিয়মিত ইভেন্ট হিসেবে অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় বিশ্ব রেকর্ড হচ্ছে ৯.৫৮ সেকেন্ড। এটি জ্যামাইকার দৌড়বিদ উসাইন বোল্ডের রেকর্ড।

১৬২. ফাইভ এস কোন খেলার সাথে জড়িত? [২০২৩৮৪]
ক ফুটবল খ হকি গ দাবা ঘ ক্রিকেট **খ**
✔ **ব্যাখ্যা :** ফাইভ এস (5-S) কথাটি হকি খেলার সাথে জড়িত। এটি হকি খেলার একটি ফরমেট। নতুন এই ফরমেট হল প্রথাগত হকির থেকে বেশি দ্রুততর এবং সংক্ষিপ্ত রূপ। হকি ফাইভ এস এর সূচনা হয় ২০১৩ সালে, প্রধানত খেলাটিকে দ্রুত সহজতর করে দর্শক সংখ্যা বাড়ানোই এর লক্ষ্য।

১৬৩. ওয়াটার পোলো খেলায় একটি দলে কতজন খেলোয়াড় খেলবে? [২০২৩৮৪]
ক ৬ জন খ ৭ জন গ ৮ জন ঘ ৯ জন **খ**
✔ **ব্যাখ্যা :** ওয়াটার পোলো বা ওয়াটার বল এক ধরনের জলক্রীড়া যা বল সহ দলগতভাবে জলে খেলা হয়। প্রতিটি দলে ৬ জন মাঠ পর্যায়ের খেলোয়াড় এবং ১ জন গোলরক্ষক মোট ৭ জন খেলোয়াড় থাকেন। এই খেলাটি ভূমিতে অনুষ্ঠিত দলগত হ্যান্ডবল খেলার সাথে সাদৃশ্যপূর্ণ।

১৭৪. ভলিবল খেলায় একটি দল প্রতি সেটে কত বার টাইম আউট নিতে পারবে? [২০২৩৮৪]
ক ৩ বার খ ৪ বার গ ২ বার ঘ ১ বার **গ**

Phenom Publications

২ গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক দিবসসমূহ

আর্ন্তজাতিক বন দিবস কত তারিখে পালন করা হয়? [২০২৩৫৬]

ক ৫ জুন খ ২১ মার্চ
গ ২৯ জুলাই ঘ ১২ আগষ্ট **খ**

বিশ্ব তামাকমুক্ত দিবস কোনটি? [২০২৩২১]

ক ১৫ মে খ ৩১ মে গ ১ মে ঘ ৪ অক্টোবর **খ**

কোন দিনটি বিশ্ব শরণার্থী দিবস হিসেবে পালিত হয়?

[৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক ৫ জুন খ ১০ জুন গ ২০ জুন ঘ ২৫ জুন **গ**

UNEP কর্তৃক ঘোষিত বিশ্ব পরিবেশ দিবস ২০২৩ এর প্রতিপাদ্য কোনটি? [২০২৩৪৩]

ক প্লাস্টিক দূষণের সমাধানে সামিল হই সকলে
খ সবাই মিলে করি পণ, বহাল রাখব পরিবেশ আন্দোলন
গ গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ্য প্রজন্মের দেশ গড়ি
ঘ কোনটিই নয় **ক**

৩৩. আন্তর্জাতিক অভিবাসী দিবস কবে? [২০২৩৬৭]

ক ১৮ ডিসেম্বর খ ৩০ ডিসেম্বর
গ ৫ জুন ঘ ১৫ জুন **ক**

৩৬. জাতিসংঘের সাধারণ পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী প্রতি বছর আন্তর্জাতিক বর্ণবৈষম্যবাদ বিরোধী দিবস পালন করা হয়? [২০২৪২৯]

ক ২১ শে ফেব্রুয়ারি খ ২১ মার্চ
গ ২৪ অক্টোবর ঘ ১০ ডিসেম্বর
ঙ কোনটিই নয় **খ**

সাধারণ বিজ্ঞান

সূচিপত্র

	পদার্থবিজ্ঞান	
১.	আবিষ্কার ও আবিষ্কারক	1765
২.	পরিমাপযন্ত্র	1768
৩.	একক	1771
৪.	গতি	1773
৫.	বল	1774
৬.	কাজ, ক্ষমতা ও শক্তি	1776
৭.	পদার্থের ওপর চাপের প্রভাব	1777
৮.	বস্তুর ওপর তাপের প্রভাব	1781
৯.	শব্দ ও তরঙ্গ	1787
১০.	আলো	1792
১১.	তড়িৎ	1799
১২.	চুম্বক ও বিদ্যুতের চৌম্বক ক্রিয়া	1804
১৩.	ইলেক্ট্রনিক্স ও আধুনিক পদার্থবিজ্ঞান	1805
১৪.	জীবন বাঁচাতে পদার্থবিজ্ঞান	1816
১৫.	মহাকর্ষ ও অভিকর্ষ	1818
১৬.	তাপগতিবিদ্যা	1822
	জ্যোতির্বিজ্ঞান	
১৭.	মহাবিশ্ব ও আমাদের পৃথিবী	1826
	রসায়ন	

Pheonm Publications

১৯. পদার্থের গঠন 1836
২০. পর্যায় সারণি 1840
২১. রাসায়নিক বিক্রিয়া 1842
২২. রসায়ন ও শক্তি 1844
২৩. এসিড ও ক্ষারক সমতা 1847
২৪. খনিজ সম্পদ : ধাতু-অধাতু 1851
২৫. আমাদের জীবনে রসায়ন 1853
২৬. নবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ 1859
২৭. পানি 1861
২৮. নিষ্ক্রিয় গ্যাস 1863

জীববিজ্ঞান

২৯. জীববিজ্ঞানের বিকাশ 1865
৩০. কোষ 1867
৩১. জীনতত্ত্ব 1871
৩২. অণুজীববিদ্যা 1873
৩৩. উদ্ভিদ বৈচিত্র্য 1882
৩৪. উদ্ভিদের বাহ্যিক গঠন 1885
৩৫. উদ্ভিদের বংশবৃদ্ধি 1886
৩৬. উদ্ভিদের শারীরবৃত্তীয় কার্যাবলি 1887
৩৭. প্রাণী বৈচিত্র্য 1892
৩৮. মানবদেহ 1894
৩৯. খাদ্য ও পুষ্টি 1917
৪০. পরিবেশ 1928

পদার্থবিজ্ঞান

১ আবিষ্কার ও আবিষ্কারক

৬. অক্সিজেনের আবিষ্কারক কে? [২০২৩৭২]

ক জর্জেস খ ভ্যানহেলমন্ট
গ যোসেফ প্রিস্টলি ঘ ক্যাভেন্ডিস **গ**

✔ **ব্যাখ্যা :** ব্রিটিশ বিজ্ঞানী জেবি প্রিস্টলি ১৭৭৪ সালে অক্সিজেন আবিষ্কার করেন। ব্রিটিশ বিজ্ঞানী হেনরি ক্যাভেন্ডিস ১৭৭৬ সালে হাইড্রোজেন আবিষ্কার করেন। ১৬৩০ সালে ভ্যান হেলমেন্ট CO_2 আবিষ্কার করেন। জর্জেস লেকল্যান্স ১৮৬৬ সালে Leclance কোষ বা শুষ্ক কোষ আবিষ্কার করেন।

৯৩. তেজস্ক্রিয়তার একক কী? [২০২৩১৭]

ক বেকেরেল খ ব্যারেল
গ ওহম ঘ প্যাসকেল **ক**

✔ **ব্যাখ্যা :** ফরাসি বিজ্ঞানী বেকেরেল ১৮৯৬ সালে এক্সরে নিয়ে গবেষণা করার সময় তেজস্ক্রিয়তা আবিষ্কার করেন। তিনি লক্ষ্য করেন যে, ইউরেনিয়াম ধাতুর নিউক্লিয়াস থেকে স্বতঃস্ফূর্তভাবে অবিরত বিশেষ ভেদন ক্ষমতা সম্পন্ন রশ্মি বা বিকিরণ নির্গত হয়। তার নাম অনুসারে এই রশ্মির নাম দেওয়া হয়েছিল বেকেরেল রশ্মি, যা এখন তেজস্ক্রিয় রশ্মি নামে পরিচিত। যে প্রক্রিয়ার মাধ্যমে একটি অস্থিতিশীল পরমাণুর নিউক্লিয়াস আয়নাইজিং বিকিরণে আলফা কণা, বিটা কণিকা এবং গামা রশ্মি নির্গত করে শক্তি হারায় তাকে তেজস্ক্রিয়তা বলে। তেজস্ক্রিয়তা পরিমাপ করার জন্য যে একক ব্যবহার করা হয় তাকে বেকেরেল বলে। প্রতি সেকেন্ডে একটি তেজস্ক্রিয় বিভাজন বা তেজস্ক্রিয় ক্ষয়কে এক বেকেরেল বলে।

৭৭. ব্রেইল পদ্ধতি ব্যবহার করে শিক্ষালাভ করে– [২০২৩৪৫]

ক শ্রবণ শক্তিহীনরা খ দৃষ্টি শক্তিহীনরা
গ মানসিক শক্তিহীনরা ঘ বাক শক্তিহীনরা **খ**

✔ **ব্যাখ্যা :** ব্রেইল হলো কাগজের ওপর ৬টি বিন্দু ফুটিয়ে তুলে লিখবার একটি পদ্ধতি। দৃষ্টিহীন ফরাসি বালক লুই ব্রেইল মাত্র পনের বছর বয়সে লেখার ও সহজে পাঠযোগ্য এই পদ্ধতি আবিষ্কার করেন। দৃষ্টিহীন ব্যক্তিরা এর উন্নীত বা উত্তল বিন্দুগুলোর ওপর আঙ্গুল বুলিয়ে ৬টি বিন্দুর নকশা অনুযায়ী কোনটি কোন অক্ষর তা অনুধাবন করতে সক্ষম হয় এবং লেখার আর্ট বুঝতে পারে। ৬টি বিন্দুর কোনটিকে উন্নত আর কোনোটিকে উন্নত না করে ৬৩টি নকশা তৈরি করা যায়। এক-একটি নকশা দিয়ে এক-একটি অক্ষর, সংখ্যা বা যতিচিহ্ন বোঝানো হয়।

৭৭. আর্সেনিক দূরীকরণের প্রযুক্তি সনোফিল্টারের উদ্ভাবক কে? [২০২৩৪৭]

ক প্রফেসর আব্দুল হাসসাম
খ ড. এ কে এম মুনির
গ ড. আব্দুল খালেক
ঘ ড. জাফর ইকবাল **ক**

২ পরিমাপযন্ত্র

২৪. কোন যন্ত্রের সাহায্যে গাড়ীর গতি পরিমাপ করা হয়? [২০২৩৬৫]

ক ওডোমিটার খ স্পিডোমিটার
গ ট্যাকোমিটার ঘ ক্রনোমিটার **খ**

✔ **ব্যাখ্যা :** প্রদত্ত option অনুযায়ী– অধিকতর সঠিক উত্তর অপশন (খ) স্পিডোমিটার।

স্পিডোমিটার : এটি এমন একটি যন্ত্র যা একটি গাড়ির গতি প্রদর্শন করে। এটি মূলত গাড়ির বর্তমান বা তাৎক্ষণিক গতি প্রদর্শন করে।

ওডোমিটার : এটি এমন একটি যন্ত্র যা একটি যানবাহন, সাধারণত একটি গাড়ি বা ট্রাক দ্বারা ভ্রমণ করা মোট দূরত্ব পরিমাপ করে এবং প্রদর্শন করে।

৭৩. সমুদ্রে পানির গভীরতা মাপার একক– [২০২৪২৪]

ক ফুট খ মিটার
গ ফ্যাদম ঘ কিলোঘন্টা **গ**

✔ **ব্যাখ্যা :** ফ্যাদম হলো দৈর্ঘ্য পরিমাপের একটি একক যা ব্রিটিশ ইমেপেরিয়েল একক এবং প্রথাগত মার্কিন এককে ৬ ফিট (১.৮২৮৮ মিটার) এর সমান। গভীর সমুদ্রের তলদেশে প্রতিফলিত শব্দের সাহায্যে সমুদ্রের গভীরতা নির্ণয় করা হয়। এই কাজের জন্য যে যন্ত্র ব্যবহার করা হয় তাকে ফ্যাদোমিটার বা ইকোগ্রাফ বলে।

৪৩. গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র কোনটি? [২০২৪৩৫]

ক ব্যারোমিটার খ ন্যানোমিটার
গ ম্যানোমিটার ঘ হাইড্রোমিটার **গ**

৬৯. তাপ মাপা হয় কি দ্বারা? [২০২৪৩৩]

ক থার্মোমিটার খ ব্যারোমিটার
গ ক্যালরিমিটার ঘ ম্যানোমিটার **গ**

✔ **ব্যাখ্যা :** ব্যারোমিটার হলো মূলত বায়ুচাপ নির্ণয়ের একটি যন্ত্র। আবহাওয়ার পূর্বাভাস জানতে এবং বৈজ্ঞানিক গবেষণায়

এর ব্যবহার বেশ গুরুত্বপূর্ণ। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে গেলে বাতাসের চাপ কমে যায় এবং ব্যারোমিটারে তা ধরা পড়ে। বাতাসের চাপ কমলে বুঝতে হবে ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে এবং বাতাসের চাপ বাড়তে থাকলে আবহাওয়া পরিষ্কার হবে।

৪৮. 'বৃষ্টি পরিমাপক' যন্ত্রের নাম কি? [২০২৩৫০]

ⓚ ব্যারোমিটার ⓚ সিসমোগ্রাফ
ⓖ রেইনগেজ ⓖ ক্রনোমিটার **গ**

✔ **ব্যাখ্যা :** রেইন গেজ যন্ত্রের সাহায্যে বৃষ্টির পরিমাণ নির্ণয় করা হয়। এই যন্ত্রটি ৫১ সেন্টিমিটার দীর্ঘ এবং ২১ সেন্টিমিটার ব্যাসের একটি কাঁচের বোতল বা জার। বোতলটি রাখা হয় লোহার একটি সিলিন্ডারের মধ্যে। বোতলের মুখে লাগানো থাকে ২১ সেন্টিমিটার ব্যাসের একটি চুঙ্গি বা কাপ। একে ফানেল বলে।

৩৯. কোন যন্ত্রটির মাধ্যমে বিদ্যুৎ প্রবাহ সনাক্ত করা যায়? [২০২৩২৯]

ⓚ Voltmeter ⓚ Galvanometer
ⓖ Wattmeter ⓖ Rheostat **খ**

✔ **ব্যাখ্যা :** যে যন্ত্রের সাহায্যে বর্তনীতে তড়িৎ প্রবাহের উপস্থিতি সনাক্ত এবং পরিমাণ নির্ণয় করা যায় তাকে গ্যালভানোমিটার বলে। ভোল্টমিটারের সাহায্যে বর্তনীর যে কোন দুই বিন্দুর মধ্যকার বিভব পার্থক্য সরাসরি ভোল্ট এককে পরিমাপ করা হয়। ওয়াটমিটারের সাহায্যে বৈদ্যুতিক সার্কিটের পাওয়ার সরাসরি ওয়াট এককে পরিমাপ করা হয়। বিদ্যুৎ প্রবাহ নিয়ন্ত্রণের জন্য Rheostat ব্যবহৃত হয়।

৬৮. Rota Meter —. [২০২৩৮৩]

ⓚ Pressure ⓚ Flow
ⓖ Rotation ⓖ কোনোটিই নয় **খ**

৫৮. Acid fast bacilli নির্ণয়ের জন্য প্রযোজ্য– [২০২৩১৭]

ⓚ Glemsa stain ⓚ methylene blue stain
ⓖ zichl-neelsen stain ⓖ albert stain **গ**

৩ একক

১৬. নিচের কোনটি চৌম্বক ফ্লাক্স এর একক? [২০২৩৭০]

ⓚ টেসলা ⓚ ওয়েবার
ⓖ হেনরি ⓖ অ্যাম্পিয়ার **খ**

✔ **ব্যাখ্যা :** এস.আই পদ্ধতিতে চৌম্বক ফ্লাক্সের একক ওয়েবার। এর প্রতীক চিহ্ন Wb। ১ ওয়েবার/মি^{২} (প্রতি বর্গ মিটারে এক ওয়েবার) এর একটি ফ্লাক্স ঘনত্ব ১ টেসলার সমান।

৪০. বৈদ্যুতিক শক্তি পরিমাপের একক কোনটি? [২০২৩৫১]

ⓚ কিলোওয়াট আওয়ার ⓚ ক্যালোরি
ⓖ কেলভিন ⓖ কিলোভোল্ট **ক**

✔ **ব্যাখ্যা :** বিদ্যুৎ শক্তি পরিমাপের এবং বিদ্যুৎ শক্তির বাণিজ্যিক একক হলো কিলোওয়াট-ঘণ্টা। এক কিলোওয়াট-ঘণ্টা সমান ৩.৬ মেগাজুল বা ৩৬০০ কিলো জুল, যা এক ঘণ্টা ধরে এক হাজার ওয়াট হারে কাজ করলে যে শক্তি রূপান্তর হয় তার সমান। ১ কিলোওয়াট-ঘণ্টা (kwh) = ১০০০ ওয়াট-ঘণ্টা (W-hr) = ১ একক ইউনিট।

৫৭. বিদ্যুৎ শক্তির বাণিজ্যিক একক কী? [২০২৩৭৬; ২০২৪২৬]

ⓚ ওয়াট ⓚ ওয়াট-ঘণ্টা
ⓖ কিলোওয়াট-ঘণ্টা ⓖ কুলম্ব **গ**

৪ গতি

১১. নিউটনের গতিবিষয়ক সূত্র কয়টি? [২০২৩৮৪]

ⓚ ৩টি ⓚ ২টি
ⓖ ৪টি ⓖ ১টি **ক**

✔ **ব্যাখ্যা :** নিউটনের গতি বিষয়ক ৩টি সূত্র রয়েছে।

১ম সূত্র : বাইরে থেকে কোনো বল প্রযুক্ত না হলে স্থির বস্তু চিরকাল স্থির থাকবে এবং গতিশীল বস্তু চিরকাল সমবেগে সরলরেখায় গতিশীল থাকবে।

২য় সূত্র : সময়ের সাথে কোন বস্তুর ভর বেগের পরিবর্তনের হার প্রযুক্ত বলের সমানুপাতিক এবং বল যে দিকে ক্রিয়া করে বস্তুর ভরবেগের পরিবর্তন সেদিকেই ঘটে। $F = ma$

৩য় সূত্র : প্রত্যেক ক্রিয়ারই একটি সমান ও বিপরীত প্রতিক্রিয়া আছে। $F_A = -F_B$

৩০. নিউটনের গতির কোন সূত্র বলের পরিমাপ দেয়? [২০২৪৩১]

ⓚ নিউটনের ১ম সূত্র ⓚ নিউটনের ২য় সূত্র
ⓖ নিউটনের ৩য় সূত্র ⓖ কোনটিই নয় **খ**

৫. সময়ের সাথে সরণের পরিবর্তনের হারকে কী বলে? [২০২৩৩২]

ⓚ দ্রুতি ⓚ বেগ
ⓖ গতি ⓖ ত্বরণ **খ**

✔ **ব্যাখ্যা :** সময়ের সাথে বস্তুর সরণের হারকেই বেগ বলে। সরণ হলো নির্দিষ্ট দিকে কোন বস্তুর অতিক্রান্ত দূরত্ব। SI

Phenom Publications

পদ্ধতিতে বেগের একক মিটার/সেকেন্ড। বেগের মাত্রা $[LT^{-1}]$

দ্রুতি হলো সময়ের সাথে দূরত্বের পরিবর্তনের হার। অন্যদিকে বেগ হলো সময়ের সাথে সরণের পরিবর্তনের হার।

অর্থাৎ দ্রুতি = দূরত্ব ÷ সময় এবং বেগ = সরণ ÷ সময়। দ্রুতির কোন নির্দিষ্ট দিক নেই। তাই এটি স্কেলার রাশি কিন্তু বেগ একটি ভেক্টর রাশি।

৯. ঘড়ির কাঁটার গতি কী ধরনের গতি? [২০২৩৮০; ২০২৪১০]

ⓚ রৈখিক গতি ⓛ পর্যায়বৃত্ত গতি
ⓜ স্পন্দন গতি ⓝ উপবৃত্তাকার গতি **খ**

✔ **ব্যাখ্যা :** পর্যায়বৃত্ত গতি সম্পন্ন কণা একটি নির্দিষ্ট বিন্দুকে নির্দিষ্ট সময় পর পর একই দিক থেকে অতিক্রম করে। ঘড়ির কাটায় গতি, বৈদ্যুতিক পাখা, সাইকেলের চাকা ইত্যাদির গতি পর্যায়বৃত্ত গতি।

৫ বল

১১৯. প্রকৃতিতে মৌলিক বল কয়টি? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ ২টি ⓛ ৩টি
ⓜ ৪টি ⓝ ৫টি **গ**

✔ **ব্যাখ্যা :** প্রকৃতিতে মৌলিক বল ৪টি। যথা–

১. মহাকর্ষ বল
২. তড়িৎ চুম্বকীয় বল
৩. সবল নিউক্লিয় বল
৪. দুর্বল নিউক্লিয় বল

সবচেয়ে শক্তিশালী হচ্ছে সব নিউক্লিয় বল এবং সবচেয়ে দুর্বল হলো মহাকর্ষ বল।

২৮. ঘর্ষণ শক্তি সর্বদা সেই দিকে কাজ করে যে দিকে বস্তু, বস্তুটিকে সরানোর প্রবণতা রাখে। [২০২৪৩১]

ⓚ বিপরীত ⓛ লম্বভাবে
ⓜ আনতভাবে ⓝ সমানভাবে **ক**

✔ **ব্যাখ্যা :** ঘর্ষণ বল সর্বদা কোনো বস্তু যেদিকে সরে যাচ্ছে তার বিপরীত দিকে কাজ করে, অর্থাৎ বলের অভিমুখের বিপরীত দিকে। সীমান্থ মানে পৌছানো অবধি ঘর্ষণের মাত্রা বস্তুটিকে সরানোর জন্য প্রযুক্ত বলের ঠিক সমান। ঘর্ষণ বল পৃষ্ঠের রুক্ষতা/মসৃণতার উপর নির্ভর করে।

৩. 'গাছ থেকে আমটি মাটিতে পড়ল'– এটি কোন ধরনের বলের উদাহরণ? [২০২৩৮০]

ⓚ চৌম্বক বল ⓛ তড়িৎ চৌম্বক বল
ⓜ নিউক্লীয় বল ⓝ মহাকর্ষ বল **ঘ**

✔ **ব্যাখ্যা :** মহাবিশ্বের যে কোনো দুটি বস্তুর মধ্যে যে আকর্ষণ বল কাজ করে তাকে মহাকর্ষ বল বলে। আর এই দুটি বস্তুর মধ্যে একটি যদি পৃথিবী হয় তখন এই বলকে অভিকর্ষ বল বলে। সুতরাং প্রদত্ত অপশন অনুযায়ী গাছ থেকে আম মাটিতে পড়ে মহাকর্ষ বলের প্রভাবে।

৬ কাজ, ক্ষমতা ও শক্তি

৫৬. Joule কী? [২০২৩৮৩]

ⓚ কাজের একক ⓛ বলের একক
ⓜ ক্ষমতার একক ⓝ সবগুলো **ক**

✔ **ব্যাখ্যা :** জুল (প্রতীক : J) হলো কাজের এবং শক্তির এস.আই একক। ১ নিউটন বল প্রয়োগ করলে বলের প্রয়োগ বিন্দু বল অভিমুখে ১ মিটার সরলে যে পরিমাণ কাজ সম্পাদিত হয়, সম্পাদিত কাজের সেই পরিমাণকে ১ জুল বলা হয়।

৯৫. টেলিফোন লাইনের মধ্য দিয়ে প্রবাহিত হয়– [২০২৩৮০]

ⓚ তড়িৎ শক্তি ⓛ শব্দ শক্তি
ⓜ আলোক শক্তি ⓝ চৌম্বক শক্তি **ক**

✔ **ব্যাখ্যা :** টেলিফোনের মাউথ পিসের মাইক্রোফোনটি কণ্ঠস্বরের শব্দ তরঙ্গকে তড়িৎ সংকেতে রূপান্তরিত করে এবং এ সংকেত টেলিফোন তার দিয়ে অপর টেলিফোনের ইয়ার পিসে যায়। এখানে এই তড়িৎ শক্তি শব্দশক্তিতে রূপান্তরিত হয়ে শ্রোতার কানে পৌছায়।

৭ পদার্থের ওপর চাপের প্রভাব

৭০. সমুদ্রপৃষ্ঠে বায়ুমণ্ডলীয় চাপ কত? [২০২৩৮৩]

ⓚ 100 Kn/m^2 ⓛ 10.3 m of H_2O
ⓜ 760 mm of Hg ⓝ সবগুলো **গ**

✔ **ব্যাখ্যা :** সমুদ্র পৃষ্ঠে বায়ুমন্ডলীয় স্বাভাবিক চাপ ৭৬০ মি.মি. বা ৭৬ সে.মি. পারদস্তম্ভের চাপ।

২৩. পানির ফোঁটা গোলাকৃতি ধারণ করার কারণ কী? [২০২৩৬৫]

ⓚ স্থিতিস্থাপকতা ⓛ প্লবতা
ⓜ বায়ুচাপ ⓝ পৃষ্ঠটান **ঘ**

✔ **ব্যাখ্যা : পৃষ্ঠটান :** যদি তরলের মুক্ত পৃষ্ঠে একটি রেখা কল্পনা করা হয়, তবে ঐ রেখার প্রতি একক দৈর্ঘ্যে রেখার সঙ্গে

Phenom Publications

লম্বভাবে পৃষ্ঠতল বরাবর এবং রেখার উভয় পাশে যে বল ক্রিয়া করে তাকে ঐ তরলের পৃষ্ঠটান বলা হয়।

পৃষ্ঠটানের উদাহরণ :

* পৃষ্ঠটানের জন্য বৃষ্টির পানি গোলাকারে পরিণত হয়।
* কচুপাতার পানি ফেললে পৃষ্ঠটানের জন্য পানি গোলাকার আকার ধারণ করে।
* মাকড়সা পানির পৃষ্ঠটানের জন্য পানির উপর দিয়ে হেটে যেতে পারে।

৮০. পানির ফোটা গোলাকার হওয়ার কারণ কী? [২০২৩৮৩]
অথবা, **পানির ছোট ফোটা পানির যে গুণের জন্য গোলাকৃতির হয়–** [২০২৩৩২]

ⓚ সারফেস টেনশন ⓛ সান্দ্রতা
ⓜ সংকোচনশীলতা ⓝ কোনোটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** পানির ফোটা গোলাকার হওয়ার কারণ পৃষ্ঠটান (Surface tension)। সুতরাং এই প্রশ্নের সঠিক উত্তর (ক) সারফেস টেনশন। তরলের পৃষ্ঠটান তরল পদার্থস্থ অণুসমূহকে পারস্পরিক আকর্ষণীয় বলের (সংযুক্তি বল) দ্বারা সংকুচিত করে রাখতে চেষ্টা করে। পানি সংযুক্তি বলের ধর্ম তীব্রভাবে মেনে চলায় এর প্রতিটি অণু চারপাশের অন্য অণুগুলো দ্বারা সমান টানের সম্মুখীন হওয়ায় পানির ফোঁটা গোলাকার হয়।

৮ বস্তুর ওপর তাপের প্রভাব

৬৬. নিচের কোন রেফ্রিজারেটর এর নিম্ন Freezing Point রয়েছে? [২০২৩৮৩]

ⓚ R-11 ⓛ R-22
ⓜ R-12 ⓝ R-21 **খ**

✔ **ব্যাখ্যা :** প্রদত্ত রেফ্রিজারেটর গুলির মধ্যে, R-22 এর সর্বনিম্ন হিমাঙ্ক বিন্দু বা Freezing point রয়েছে, যার মান – 160°C। R-11, R-12 এবং R-21 এর যথাক্রমে – 111°C, – 157.5°C এবং – 135°C হিসাবে Freezing point রয়েছে।

৬৫. তাপমাত্রা বাড়লে ভিসকোসিটি– [২০২৩৮৩]

ⓚ কমে ⓛ বাড়ে
ⓜ অপরিবর্তিত থাকে ⓝ কোনোটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে তরলের ভিসকোসিটি বা সান্দ্রতা দ্রুত হ্রাস পায়। তরলে, সান্দ্রতার প্রধান কারণ হলো সেই অণুর মধ্যে সংঘর্ষ। তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে, কণার শক্তি বেশি হওয়ার সাথে সাথে এই সংঘর্ষের শক্তি হ্রাস পায়, তাই চলাচল মুক্ত ও সহজ হয়ে যায়।

৪১. পরম শূন্য তাপমাত্রা কোনটি?
[৪৪তম বিসিএস '২২: ২০২৩৮৩; ২০২৩৮০; ২০২৩২০]
***অথবা*, পরম শূন্য তাপমাত্রা কোনটি?** [২০১৯১৩; ২০১৯৩১]
অথবা, **কত ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রাকে পরমশূন্য তাপমাত্রা বলা হয়?** [২০২২১৮] [২০২১০১]

ⓚ ২৭৩°C ⓛ – ২৭৩°C
ⓜ ০°C ⓝ ০°K **খ, ঘ**

✔ **ব্যাখ্যা :** যে তাপমাত্রায় কোন গ্যাসীয় পদার্থের আয়তন শূন্য হয় তাকে পরমশূন্য তাপমাত্রা বলে। পরম শূন্য তাপমাত্রা (Absolute Zero) হচ্ছে এই মহাবিশ্বের সম্ভাব্য সর্বনিম্ন তাপমাত্রা। তাপমাত্রা মাপক যন্ত্রে এর মান হচ্ছে– 0°K অথবা – ২৭৩° সেলসিয়াস বা – ৪৬০°F। মহাবিশ্বে এর থেকে কম তাপমাত্রা হওয়া সম্ভব নয়।

২২. কোন রঙের কাপে চা বেশিক্ষণ গরম থাকে? [২০২৩৬৫]

ⓚ কালো ⓛ সাদা
ⓜ লাল ⓝ ধূসর **খ**

✔ **ব্যাখ্যা :** কালো রঙের বস্তুর তাপ বিকিরণ ও শোষণ ক্ষমতা সবচেয়ে বেশি। তাপ বিকিরণ ও শোষণ ক্ষমতা অধিক বলে, কালো রঙের কাপে চা তাড়াতাড়ি ঠাণ্ডা হয়। সাদা রঙের বস্তুর তাপ বিকিরণ ও শোষণ ক্ষমতা সবচেয়ে কম। তাপ বিকিরণ ক্ষমতা কম বলে সাদা রঙের কাপে চা বেশিক্ষণ গরম থাকে।

৫১. পানি বরফে পরিণত হলে কি ঘটে? [২০২৪৩১]

ⓚ ঘনত্ব বেড়ে যায়
ⓛ আয়তন বেড়ে যায়
ⓜ ভর কমে যায়
ⓝ আয়তনের পরিবর্তন ঘটবে না **খ**

১১. একটি নীল কাঁচকে উত্তপ্ত করলে এর থেকে কোন রঙ বের হবে? [২০২৩৭৯; প্রা. প্রা. (সহকারী শিক্ষক) '১৩]

ⓚ লাল ⓛ নীল
ⓜ সবুজ ⓝ হলুদ **ঘ**

✔ **ব্যাখ্যা :** একটি নীল কাঁচকে উত্তপ্ত করলে এর থেকে হলুদ রং বের হবে। যে বর্ণের কাঁচকে উত্তপ্ত করলে কাচ হতে তার পরিপূরক বর্ণের বের হয়। নীল এর পরিপূরক বর্ণ হলুদ। লাল কাচকে উত্তপ্ত করতে সবুজ রং বের হয়। আর সবুজ কাঁচকে উত্তপ্ত করলে হলুদ রং বের হয়।

৭০. কোন বস্তুর একক ভরের তাপমাত্রা এক ডিগ্রী বৃদ্ধি করতে যে পরিমাণ তাপের প্রয়োজন হয় তাকে কি বলে? [২০২৪৩৩]

ⓚ তাপধারণ ক্ষমতা ⓛ আপেক্ষিক তাপ
ⓜ পানিসম ⓝ এনট্রপি **খ**

✔ **ব্যাখ্যা :** একক ভরের কোনো পদার্থের তাপমাত্রা ১ ডিগ্রি সেলসিয়াস বৃদ্ধি করতে যে পরিমাণ তাপ প্রয়োজন হয় তাকে ঐ পদার্থের ভরের আপেক্ষিক তাপ বলে। ভরের আপেক্ষিক তাপের একক হলো J/kg°C।

৭৪. রেফ্রিজারেশন কোন সাইকেল অনুসারে কাজ করে? [২০২৪৩৩]

ⓚ রিভার্স কার্নোট সাইকেল ⓚ কার্নোট সাইকেল
ⓖ জুল সাইকেল ⓖ এরিসন সাইকেল **গ**

✔ **ব্যাখ্যা :** Satt academy তে রিভার্স কার্নোট সাইকেল উত্তর দেওয়া।

৫০. একটি বন্ধ কক্ষে এর দরজা খোলা থাকলে রুমের তাপমাত্রা– [২০২৩২৯]

ⓚ বেড়ে যাবে ⓚ কমে যাবে
ⓖ অপরিবর্তিত থাকবে ⓖ কোনটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** একটি বন্ধ কক্ষে একটি চালু ফ্রিজ এর-দরজা খোলা থাকলে রুমের তাপমাত্রা বেড়ে যায়।

৯ শব্দ ও তরঙ্গ

৫৩. শব্দের গতির চেয়ে কোনো যন্ত্র বেশি গতিতে চললে তাকে কী বলা হয়? [২০২৩৮৩]

ⓚ আল্ট্রা সুপার স্পিড ⓚ সুপার সনিক
ⓖ সুপার ভেলোসেটি ⓖ সুপার স্পিড **খ**

✔ **ব্যাখ্যা :** শব্দের গতির চেয়ে কোনো যন্ত্র বেশি গতিতে চললে তাকে সুপারসনিক বলে। শব্দের চেয়ে দ্রুত গতিতে যে বিমান চলে তাকে সুপার সনিক বিমান বলে। ম্যাক সংখ্যা ১ হলে ঐ বিমান শব্দের গতিতেই চলে আর ম্যাক সংখ্যা ২ মানে বিমানের গতি শব্দের দ্বিগুণ।

২৯. কীসের সাহায্যে সমুদ্রের গভীরতা নির্ণয় করা হয়?
[প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় ধাপ) '২৪: ২০২৩১৬]

ⓚ প্রতিফলন ⓚ প্রতিসরণ
ⓖ প্রতিধ্বনি ⓖ প্রতিসারক **গ**

✔ **ব্যাখ্যা : প্রতিধ্বনি :** প্রতিফলনের দরুণ শব্দের ধ্বনির পুনরাবৃত্তিকে প্রতিধ্বনি বলে। প্রতিধ্বনি শোনার জন্য মূলধ্বনি ও প্রতিধ্বনি শোনার মধ্যবর্তী সময়ের পার্থক্য 0.1 সেকেন্ড হওয়া প্রয়োজন এবং উৎস ও প্রতিফলকের মধ্যবর্তী ন্যূনতম দূরত্ব 16.6 মিটার হতে হবে। প্রতিধ্বনির সাহায্যে কূপ বা সমুদ্রের গভীরতা নির্ণয় করা যায়। সমুদ্রের গভীরতা পরিমাপে ফ্যাদোমিটার ব্যবহার করা হয়।

৫৩. শব্দের গতি প্রতি সেকেন্ডে 330 মিটার হলে 27.5 মিটার গভীর কোনো কুয়ার কাছে দাঁড়িয়ে হাততালি দিলে কত সেকেন্ড পর প্রতিধ্বনি শোনা যাবে? [২০২৩৮০]

ⓚ $\frac{1}{3}$ ⓚ $\frac{1}{6}$
ⓖ $\frac{2}{3}$ ⓖ $\frac{1}{2}$ **খ**

✔ **ব্যাখ্যা :** সমুদ্রের গভীরতা = h, সময় = t, শব্দের বেগ = v
শব্দ উৎপন্ন হওয়ার পরে প্রতিফলিত হয়ে শ্রোতার কাছে ফিরে আসতে 2h দূরত্ব অতিক্রম ক রবে।
সুতরাং $2h = vt$
বা, $t = \frac{2h}{v} = \frac{2 \times 27.5}{330} = \frac{1}{6}$ s

৭৬. কোনটির তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশি? [২০২৩৭১]

ⓚ গামা তরঙ্গ ⓚ এক্সরে
ⓖ রেডিও তরঙ্গ ⓖ মাইক্রোওয়েভ **গ**

✔ **ব্যাখ্যা :** উল্লেখিত অপশনগুলোর রেডিও তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি এবং গামা রশ্মির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম।
তরঙ্গদৈর্ঘ্যের ক্রম : কম থেকে বেশি gamma ray → X-ray → ultraviolet → visible → infrared → microwave → Radio
কম দৈর্ঘ্যে → বেশি দৈর্ঘ্য।

৬৭. টেলিভিশনে ছবি প্রেরণের সময় ছবিকে যে পদ্ধতিতে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করা হয় তাকে কি বলা হয়?
[২০২৩৪৯]

ⓚ ট্যানিং ⓚ স্ক্যানিং
ⓖ স্ক্রিনিং ⓖ গ্যানিং **খ**

১০ আলো

(গ) Visible (ঘ) X-ray **খ**

✔ **ব্যাখ্যা :** জেমস ওয়েব টেলিস্কোপ একটি স্পেস টেলিস্কোপ যা ইনফ্রারেড (Infrared) রেডিয়েশন ব্যবহার করে। এর তরঙ্গদৈর্ঘ্য 0.6 – 28.3 μm।

১৯. রঙিন টেলিভিশন থেকে যে ক্ষতিকর রশ্মি বের হয় তার নাম? [২০২৪২০]

(ক) গামা রশ্মি (খ) নিউট্রন
(গ) হাইড্রোজেন (ঘ) এটম **ক**

✔ **ব্যাখ্যা :** প্রদত্ত অপশন অনুযায়ী সঠিক উত্তর (ক) গামা রশ্মি। তবে বর্তমানে রঙিন টেলিভিশন হতে মৃদু রঞ্জন রশ্মি বের হয়। পূর্বে CRT মনিটর হতে গামা রশ্মি নির্গত হতো।

বিভিন্ন রঙের আলো

৭৭. কোন দুই রঙের মিশ্রণে বেগুনি রঙ তৈরি হয়? [২০২৪১৩; ২০২৪২১]

(ক) লাল ও আকাশী (খ) নীল ও সাদা
(গ) সবুজ ও নীল (ঘ) সাদা ও আকাশী **ক**

✔ **ব্যাখ্যা :** লাল + আকাশী = বেগুনি
নীল + হলুদ = সাদা
সবুজ + লাল = হলুদ
লাল + নীল = ম্যাজেন্টা
লাল + নীল + সবুজ = সাদা
সবুজ + নীল = ময়ূরকণ্ঠী নীল।

১২১. কোনটি আলোর প্রাথমিক রং হিসেবে বিবেচনা করা হয় না? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

(ক) সবুজ (খ) নীল
(গ) লাল (ঘ) হলুদ **ঘ**

✔ **ব্যাখ্যা :** আলোর প্রাথমিক রং বা মৌলিক বর্ণ : যে সকল বর্ণ অন্য বর্ণের সমন্বয়ে তৈরি করা যায় না তাদের মৌলিক বর্ণ বলে। তিনটি প্রাথমিক বা মৌলিক বর্ণ হলো– লাল, নীল ও সবুজ।

১১ তড়িৎ

১৯. ওহমের সূত্র অনুযায়ী কোন সমীকরণটি প্রযোজ্য? [২০২৩৭৪]

(ক) R = VI (খ) I = VR
(গ) V = IR (ঘ) সবগুলো **গ**

২১. নিচের কোনটি তড়িৎ প্রবাহ পরিমাপের একক? [২০২৪০৬]

(ক) কুলম্ব (খ) অ্যাম্পিয়ার
(গ) ভোল্ট (ঘ) সিমেন্স **খ**

৬৮. কোন পরিবাহকের প্রস্থচ্ছেদ এরিয়া বৃদ্ধি করলে এর রোধ– [২০২৪২৫]

(ক) হ্রাস পাবে (খ) বৃদ্ধি পাবে
(গ) শূন্য হবে (ঘ) অসীম হবে **ক**

✔ **ব্যাখ্যা :** পরিবাহির রোধ (R) তার দৈর্ঘ্যের (l) সাথে সমানুপাতিক এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলের (A) সাথে ব্যস্তানুপাতিক। অর্থাৎ $R \propto l/A$
পরিবাহির প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল যত বৃদ্ধি পাবে রোধ তত কমবে। অপরদিকে পরিবাহির দৈর্ঘ্য যত বৃদ্ধি পাবে রোধও তত বাড়বে।

৭৪. কোন বর্তনীর মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহের বাঁধাকে কি বলে? [২০২৩৩৪]

(ক) বোধ (খ) রোধ
(গ) ল্যাগিং (ঘ) রিডিং **খ**

৩৫. তড়িৎ শক্তি পরিমাপের একক কী? [২০২৩৭৪]

(ক) এ্যাম্পিয়ার (খ) কিলোওয়াট ঘণ্টা
(গ) হেনরি (ঘ) ওহম **খ**

৩৩. একটি মোটা তারের রোধ একটি চিকন তারের রোধের তুলনায়– [২০২৩৭৪]

(ক) কম (খ) বেশি
(গ) সমান (ঘ) দ্বিগুণ **ক**

✔ **ব্যাখ্যা :** সমপরিমাণ দৈর্ঘ্য বিশিষ্ট ২টি তারের মধ্যে চিকন তারের রোধ বেশি এবং মোটা তারের রোধ কম হয়। কেননা পরিবাহির প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বৃদ্ধি পেলে রোধ কমে যায়।

৭২. কোনটি বর্তনীর প্রকারভেদ নয়? [২০২৩৩৪]

(ক) সিরিজ সার্কিট (খ) প্যারালাল সার্কিট
(গ) মিশ্র সার্কিট (ঘ) স্টিং সার্কিট **ঘ**

✔ **ব্যাখ্যা :** তড়িৎ বর্তনী দুই প্রকার। যথা : ১. শ্রেণি সংযোগ বর্তনী (Series circuit) এবং ২. সমান্তরাল বর্তনী (Parallel circuit)। শ্রেণি সংযোগ বর্তনী ও সমান্তরাল বর্তনী মিলে মিশ্র সার্কিট তৈরি হয়। কিন্তু স্টিং সার্কিট নামে কোন তড়িৎ বর্তনী নেই।

৩২. একটি ১০০ ওয়াটের বাতির রোধ ৬০ ওয়াটের বাতির রোধের তুলনায় কী? [২০২৩৭৪]

(ক) কম (খ) বেশি
(গ) সমান (ঘ) কোনোটিই নয় **ক**

৪৯. ১টি ১ টন AC ১ ঘণ্টা চালু থাকলে কত ইউনিট বিদ্যুৎ খরচ হবে? [২০২৩২৯]

(ক) ১ কিলো-ওয়াট ঘণ্টা (খ) ২ কিলো-ওয়াট ঘণ্টা
(গ) ৩ কিলো-ওয়াট ঘণ্টা (ঘ) ৪ কিলো-ওয়াট ঘণ্টা **ঘ**

✔ **ব্যাখ্যা :** ১ টন = ১০০০ ওয়াট।
সুতরাং বিদ্যুৎ খরচ = 1000 W × 1 Hour = 1kWH

Phenom Publications

তাই সঠিক উত্তর (ক) ১ কিলো-ওয়াট ঘন্টা হওয়ার কথা। প্রশ্নটি মনে হচ্ছে ঝামেলা যুক্ত। AC-র প্রকৃতির উপর Wattege depend করতে পারে। যদি ১ টন AC প্রতি ঘন্টায় ১০০০ ওয়াট বিদ্যুৎ খরচ করে তবে সঠিক উত্তর ১ কিলোওয়াট ঘন্টায় হবে।

১৭. পৃথিবীর বিভব কত ধরা হয়? [২০২৪০৬]

ক) ১০০ ভোল্ট খ) ১০ ভোল্ট
গ) ১ মেগাভোল্ট ঘ) ০ ভোল্ট **ঘ**

✔ **ব্যাখ্যা :** পৃথিবীর বিভব শূন্য ধরা হয়। পৃথিবীর বিশাল ব্যাসার্ধের জন্য পৃথিবীর ভূপৃষ্ঠে চার্জের ঘনত্ব নগণ্য। তাই ভূপৃষ্ঠে কোনো বৈদ্যুতিক ক্ষেত্রের অস্তিত্ব নেই। একটি পৃষ্ঠের বিভব প্রভেদ তার বৈদ্যুতিক শক্তির ব্যস্তানুপাতিক। তাই এটি অসীম পরিমাণ বৈদ্যুতিক চার্জ গ্রহণ করতে পারে। এই অবস্থার বিন্দুমাত্র পরিবর্তন ঘটায় না। সেজন্য এই বিভব শূন্য ধরা হয়।

১৮. কম জায়গায় বেশি তড়িৎ সঞ্চয়ের জন্য নিচের কোন ধারকটি ব্যবহৃত হয়? [২০২৪০৬]

ক) অম্ল ধারক খ) ইলেকট্রোলাইট ধারক
গ) পরিবর্তনশীল ধারক ঘ) সিরামিক ধারক **খ**

✔ **ব্যাখ্যা :** কম জায়গায় বেশি তড়িৎ সঞ্চয়ের জন্য ইলেকট্রোলাইটিক ধারক ব্যবহৃত হয়। ইলেক্ট্রোলাইটিক ধারক হলো এক ধরনের ক্যাপাসিটর যা একটি ইলেক্ট্রোলাইটের মধ্যে অবস্থিত। যা প্লেটগুলির মধ্যে একটি বড় পার্থক্য তৈরি করে। এই বিভব পার্থক্যের কারণে ইলেক্ট্রোলাইটিক ধারকগুলিতে অম্ল ধারক, সিরামিক ধারক এবং পরিবর্তনশীল বায়ু ধারকের তুলনায় অনেক বেশি ক্যাপাসিট্যান্স থাকে।

১৯. বাহ্যিক তড়িৎ ক্ষেত্রের প্রভাবে যে সকল মাধ্যমের প্রতিটি পরমাণু এক একটি তড়িৎ দ্বিমেরুতে পরিণত হয় তাকে বলা হয়– [২০২৪০৬]

ক) ডাই ইলেকট্রিক খ) সেমি কন্ডাক্টর
গ) পরিবাহী ঘ) অপরিবাহী **ক**

✔ **ব্যাখ্যা :** বাহ্যিক তড়িৎক্ষেত্রের প্রভাবে যে সকল মাধ্যমের প্রতিটি পরমাণু এক একটি তড়িৎ দ্বিমেরুতে পরিণত হয় তাকে পরা বিদ্যুৎ বা ডাই ইলেকট্রিক বলে। মিথেন (CH_4), পানি অভ্র (Mica), প্লাস্টিক, সিরামিক, রাবার, অ্যামবার, কাঁচ ইত্যাদি ডাই ইলেক্ট্রিক পদার্থ।

২০. একটি ক্যাপাসিটর কাজ করে– [২০২৪০৬]

ক) AC সার্কিট খ) DC সার্কিট
গ) উভয়টি ঘ) কোনটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** একটি ক্যাপাসিটর সবসময় AC সার্কিটে কাজ করে। ক্যাপাসিটর AC কারেন্টকে প্রবাহিত হতে দেয় কিন্তু DC কে বাধা দেয়।

২২. নিচের কোন যন্ত্রের সাহায্যে একটি কোষের তড়িৎচালক শক্তি নির্ণয় করা হয়? [২০২৪০৬]

ক) অ্যামিটার খ) গ্যালভানোমিটার
গ) ওহম মিটার ঘ) পোটেনশিওমিটার **ঘ**

✔ **ব্যাখ্যা :** কোষের তড়িৎচালক বল মাপার জন্য পোটেনশিওমিটার ব্যবহার করা হয়। পোটেনশিওমিটার হলো একটি যন্ত্র যা দুটি বিন্দুর মধ্যে সম্ভাব্য পার্থক্য পরিমাপ করতে ব্যবহৃত হয়।

২৩. রোধ কোন বিষয়ের উপর নির্ভর করে না? [২০২৪০৬]

ক) উপাদান খ) প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল
গ) তড়িৎ প্রবাহ ঘ) দৈর্ঘ্য **গ**

✔ **ব্যাখ্যা :** কোনো একটি পরিবাহীর রোধ নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করে। ১. পরিবাহীর তাপমাত্রা; ২. পরিবাহীর দৈর্ঘ্য; ৩. পরিবাহীর প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল; ৪. পরিবাহীর উপাদান। সুতরাং তড়িৎ প্রবাহের উপর পরিবাহীর রোধ নির্ভর করে না।

২৪. দুইটি তারের দৈর্ঘ্যের অনুপাত ১ : ২, যদি একটির আপেক্ষিক রোধ ১ ওহম মিটার হয় তবে অন্যটির কত? [২০২৪০৬]

ক) ০.৫ ওহম মিটার খ) ১ ওহম মিটার
গ) ২ ওহম মিটার ঘ) ৪ ওহম মিটার **ক**

১৭. থ্রি ফেজ লাইনের ফেজ এঙ্গেল কত থাকে? [২০২৩৭৪]

ক) 110 ডিগ্রি খ) 120 ডিগ্রি
গ) 130 ডিগ্রি ঘ) 140 ডিগ্রি **খ**

১৮. কখন লাইন ভোল্টেজ ফেজ ভোল্টেজ সমান হয়? [২০২৩৭৪]

ক) ওপেন সার্কিট অবস্থায় খ) ডেল্টা কালেকশন অবস্থায়
গ) শট সার্কিট অবস্থায় ঘ) স্টার কানেকশন অবস্থায় **খ**

২৫. 2.5 mm তারের কারেন্ট ক্যাপাসিটি কত? [২০২৩৭৪]

ক) 12 A খ) 15 A
গ) 18 A ঘ) 25 A **ঘ**

২৬. ব্যাটারি প্যারালাল সংযোগ করলে কী হয়? [২০২৩৭৪]

ক) ভোল্টেজ কমে যায়
খ) মোটর চলতে থাকে
গ) ভোল্টেজ একই থাকে
ঘ) কোনো ভোল্টেজ থাকে না **গ**

২৭. DC মোটরের পশ্চাৎ cmf হঠাৎ অদৃশ্য হয়ে গেলে কী হবে? [২০২৩৭৪]

ক) মোটর বন্ধ হয়ে যাবে
খ) মটর চলতে থাকবে
গ) আর্মেচার পুড়ে যেতে পারে
ঘ) মোটর স্বশব্দে চলবে **গ**

১২ চুম্বক ও বিদ্যুতের চৌম্বক ক্রিয়া

৬৬. নিচের কোন ধাতুটির চৌম্বক প্রবণতা সবচেয়ে বেশি? [২০২৩৪৯]

ⓚ কোবাল্ট ⓛ শক্ত লোহা
ⓜ নিকেল ⓝ নরম লোহা **ঘ**

✔ **ব্যাখ্যা :** প্রদত্ত অপশনগুলোর মধ্যে নরম লোহার চৌম্বক প্রবণতা সবচেয়ে বেশি। পদার্থের যে ধর্মের ওপর এর চুম্বকণের মাত্রা নির্ভর করে তাকে চুম্বক প্রবণতা (Magnetic susceptibility) বলে। পদার্থটির চুম্বকন মাত্রা I এবং মধ্যস্থিত চৌম্বক প্রাবল্য H এর অনুপাতকে পদার্থটির চৌম্বক প্রবণতা বলা হয়। একে K অক্ষর দ্বারা সূচিত করা হয়। শূন্যস্থান বা বায়ুর চৌম্বক প্রবণতার মান শূন্য। এর মান পদার্থের প্রকৃতি অবস্থা ও প্রযুক্ত চৌম্বক ক্ষেত্রের মানের উপর নির্ভর করে। উষ্ণতার সাথেও এর মান পরিবর্তিত হয়। নিকেল ও কোবাল্টের তুলনায় নরম লোহার চৌম্বক প্রবণতা অনেক বেশি। একে অনেক সময় চৌম্বক প্রাহিতও বলা হয়ে থাকে।

উৎস : পদার্থ বিজ্ঞান-২য় পত্র, এইচএসসি প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

১৩. কোনটি তড়িৎ পরিমাপের জন্য ব্যবহৃত হয়? [২০২৪০৬]

ⓚ Power Transformer
ⓛ Potential Transformer
ⓜ Current Transformer
ⓝ Distribution Transformer **খ**

১৩ ইলেকট্রনিক্স ও আধুনিক পদার্থবিজ্ঞান

৬৬. সবচেয়ে বেশি সুপরিবাহী পদার্থ? [২০২৪২৫]

ⓚ তামা ⓛ লোহা
ⓜ অ্যালুমিনিয়াম ⓝ সোনা **ক**

✔ **ব্যাখ্যা :** যেসব পদার্থের মধ্য দিয়ে আধান সহজে প্রবাহিত হতে পারে সেসব পদার্থকে সুপরিবাহী পদার্থ বলে। যেমন : রূপা, তামা, লোহা ইত্যাদি। প্রশ্নে উল্লেখিত অপশনগুলোর মধ্যে তামার পরিবাহিতা সবচেয়ে বেশি। কিন্তু তামার চেয়েও রূপার পরিবাহিতা বেশি। তবে রূপার চেয়ে তামা সহজলভ্য বলে বৈদ্যুতিক সরঞ্জামে তামার ব্যবহার বেশি।

৩৬. লাইনে ফ্রিকোয়েন্সি বাড়লে 'Skin effect' কী হয়? [২০২৩৭৪]

ⓚ বৃদ্ধি পায় হ্রাস পায় ⓛ হ্রাস পায়
ⓜ অপরিবর্তিত থাকে ⓝ কোনোটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** Skin effect : AC বিদ্যুৎ প্রবাহ কোনো পরিবাহীর মধ্যে দিয়ে প্রবাহিত হওয়ার সময় পরিবাহীর ভিতরে প্রবেশ না করে যে ধর্মের জন্য উপরিতল দিয়ে প্রবাহিত হতে চেষ্টা করে তাকেই Skin effect বলে।

ট্রান্সমিশন লাইনে স্কিন ইফেক্ট এর প্রভাব :

১. লাইনে power loss হয়
২. লাইনের ব্যাস বৃদ্ধি পেলে স্কিন ইফেক্ট ও বৃদ্ধি পায়
৩. Transmission লাইনে conductor এর আকারের উপর স্কিন ইফেক্ট নির্ভর করে
৪. Conductor পদার্থের উপর নির্ভর করে।

যে সকল বিষয়ের উপর Skin effect নির্ভর করে :

১. Frequency এর উপর : Frequency বৃদ্ধির সাথে সাথে skin effect ও বৃদ্ধি পায়।
২. তাপমাত্রার উপর : Solid conductor এর তুলনায় strandard conductor এর skin effect কম হয়।
৩. Conductor এর ব্যাসের উপর : ব্যাস বৃদ্ধির সাথে সাথে skin effect ও বৃদ্ধি পায়।
৪. Conductor পদার্থের গুণগত মানের উপর : যে সমস্ত পদার্থের Conductivity বেশি তাদের ক্ষেত্রে skin effect বেশি হয়ে থাকে।

৩৪. ট্রান্সফরমারে প্রাইমারি ও সেকেন্ডারিতে ফ্রিকোয়েন্সি কেমন থাকবে? [২০২৩৭৪]

ⓚ ২ গুণ ⓛ সমান
ⓜ ৩ গুণ ⓝ ৪ গুণ **খ**

✔ **ব্যাখ্যা :** ট্রান্সফরমার মূলত একটি ইলেকট্রোস্টেটিক ডিভাইস যার প্রাইমারিও সেকেন্ডারি কয়েলের মধ্যকার কোন আপেক্ষিক গতি নেই। প্রাইমারিতে এসি পাওয়ার সরবরাহ দিলে যে পরিবর্তনশীল ম্যাগনেটিক ফ্লাক্স উৎপন্ন হয় তা উভয় কয়েলের পরিবাহী দ্বারা কর্তিত হয়ে ভোল্টেজের আবিষ্ট হয়। যেহেতু উভয় কয়েল একই ম্যাগনেটিক সার্কিটের অধীনে তাই উভয় কয়েলের উৎপন্ন ভোল্টেজের ফ্রিকুয়েন্সি এক এবং অভিন্ন যা সাপ্লাই ভোল্টেজের ফ্রিকুয়েন্সির সমান।

২৩. ফিউজ কোন ধরনের ডিভাইস? [২০২৩৭৪]

ⓚ কন্ট্রোলিং ⓛ প্রটেকটিভ
ⓜ ইন্ডিকেটর ⓝ কোনোটিই নয় **খ**

✔ **ব্যাখ্যা :** বৈদ্যুতিক বর্তনীতে ব্যবহৃত নিম্ন গলনাঙ্কের ছোট সরু ধাতব তার ফিউজ। ফিউজ সার্কিট ব্রেকারে (বর্তনী বিনষ্টকারক) হিসেবে কাজ করে। ফিউজ বৈদ্যুতিক যন্ত্রপাতিকে অতিমাত্রায় বিদ্যুৎ প্রবাহ জনিত দুর্ঘটনা হতে রক্ষা করে। গৃহে ব্যবহৃত বৈদ্যুতিক তারে অতিরিক্ত বিদ্যুৎ প্রবাহ চালনা করলে তার পুড়ে গিয়ে মূল্যবান যন্ত্রপাতি নষ্ট হতে পারে বা দুর্ঘটনা ঘটতে পারে। এই দুর্ঘটনা এড়ানোর

জন্য বৈদ্যুতিক বর্তনীতে এক প্রকার নিম্ন গলনাঙ্কের ধাতব তার ব্যবহার করা হয়। একে নিরাপত্তা ফিউজ বলে। এজন্য ফিউজ একটি প্রটেক্টিভ ডিভাইস।

৮০. ট্রানজিস্টর মূলত কি হিসাবে ব্যবহৃত হয়? [২০২৪৩৩]

ⓚ অ্যামপ্লিফায়ার ⓛ রেক্টিফায়ার
ⓜ অসিলেটর ⓝ ভোল্টেজ রেগুলেটর **ক**

✔ **ব্যাখ্যা :** ১৯৪৮ সালে আমেরিকার বেল ল্যাবরেটরীতে উইলিয়াম বি. শকলি, জন বার্ডিন এবং এইচ. ব্রিটেন সম্মিলিতভাবে ট্রানজিস্টর তৈরি করেন। ট্রানজিস্টর একটি অর্ধ-পরিবাহী, যা সাধারণত অ্যামপ্লিফায়ার বা বিবর্ধক এবং বৈদ্যুতিক নিয়ন্ত্রিত সুইচ হিসেবে ব্যবহৃত হয়।

২৯. একটি ডায়োট সবচেয়ে বেশি ব্যবহৃত হয়– [২০২৩৭৪]

ⓚ রেজিস্ট্যান্স হিসেবে ⓛ রেক্টিফায়ার হিসেবে
ⓜ ট্রান্সফরমার হিসেবে ⓝ ক্যাপাসিটর হিসেবে **খ**

২৮. একটি ব্রিজ রেক্টিফায়ার সার্কিটে ডায়োট লাগে মোট– [২০২৩৭৪]

ⓚ ১টি ⓛ ২টি
ⓜ ৩টি ⓝ ৪টি **ঘ**

১২৩. ফোটন শক্তি 'E' এর সমীকরণ হলো–
[৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ $h\lambda/c$ ⓛ hc/λ
ⓜ $c\lambda/h$ ⓝ $ch\lambda$ **খ**

✔ **ব্যাখ্যা :** একটি ফোটনের শক্তি দুটি উপায়ে নির্ণয় করা যায়। যথা–

১. যদি ফোটনের কম্পাঙ্ক f জানা যায়, আমরা সূত্রটি ব্যবহার করতে পারি $E = hf$। ম্যাক্স প্ল্যাঙ্ক এই সমীকরণটি প্রস্তাব করেছিলেন, তাই এটি প্ল্যাংকের সমীকরণ নামে পরিচিত।

২. ফোটনের তরঙ্গদৈর্ঘ্য জানা থাকলে, এই সূত্র ব্যবহার করে ফোটনের শক্তি গণনা করতে পারি। সূত্রটি হলো $E = \frac{h_c}{\lambda}$। এখানে, h প্ল্যাঙ্কের ধ্রুবক, c আলোর গতি এবং h হলো বিকিরণের তরঙ্গদৈর্ঘ্য। সুতরাং, আমরা $E = hf$ বা, $E = \frac{h_c}{\lambda}$ যেকোন একটি সমীকরণ ব্যবহার করে ফোটনের শক্তি গণনা করতে পারি।

২. ইলেকট্রিক্যাল লোড কি ধরনের হয়? [২০২৪০৬]

ⓚ Resistive ⓛ Inductive
ⓜ Capacitive ⓝ All of above **ঘ**

✔ **ব্যাখ্যা :** ইলেকট্রিক্যাল পাওয়ার ব্যবহার করে যে সকল যন্ত্রপাতি পরিচালিত হয় তাকে ইলেকট্রিক্যাল লোড বলে। যেমন : লাইট, ফ্যান, রেডিও, রেফ্রিজারেটর, এসি, টেলিভিশন, বৈদ্যুতিক হিটার, রাইস কুকার ইত্যাদি হলো ইলেকট্রিক্যাল লোড।

ইলেকট্রিক্যাল লোড প্রধানত তিন প্রকার। যথা–

১। রেজিস্টিভ লোড (Registive Load)
২। ক্যাপাসিটিভ লোড (Capacitive Load)
৩। ইন্ডাকটিভ লোড (Inductive Load)

৩. ট্রান্সফর্মারের ক্ষমতা কোন এককে প্রকাশ করা হয়? [২০২৪০৬]

ⓚ KW ⓛ MW
ⓜ MVAR ⓝ MVA বিদ্র.

✔ **ব্যাখ্যা :** ট্রান্সফরমারের ক্ষমতার একক (KVA) কেভিএ। অর্থাৎ কিলোওয়াট ভোল্ট এম্পিয়ার। আমরা জানি যেকোন মেশিনের ক্ষমতার একক নির্ধারণ করা হয় তার লস এর উপর ভিত্তি করে। ট্রান্সফরমারের লসগুলো হলো–

১। আয়রণ লস/ কোর লস
২। কপার লস।

এখন, আয়রন লস মানেই ভোল্টেজ এর ব্যাপার, আর কপার লস মানেই কারেন্ট এর লস। তাহলে মোটের উপর দাড়াল ভোল্ট এম্পিয়ার। এজন্যেই ট্রান্সফরমার এর ক্ষমতার একক হিসেবে কিলোওয়াট ভোল্ট এম্পিয়ার বা কেভিএ (KVA) ব্যবহার হয়।

৬৫. রেক্টিফায়ার তড়িৎ প্রবাহকে– [২০২৪২৫]

ⓚ বৃদ্ধি করে ⓛ হ্রাস করে
ⓜ একমুখী করে ⓝ কোনটিই নয় **গ**

✔ **ব্যাখ্যা :** রেক্টিফায়ার হলো একটি বৈদ্যুতিক যন্ত্র যা পরিবর্তনশীল বিদ্যুৎ প্রবাহকে (যার দিক পর্যায়ক্রমিকভাবে পরিবর্তন হয়), একমুখী বিদ্যুৎ প্রবাহে রূপান্তরিত করে, যার দিক হলো একটি নির্দিষ্ট দিকে এবং এই প্রক্রিয়াকে বলে একমুখীকরণ (রেক্টিফিকেশন)।

২২. ট্রান্সফরমারে কোনটি পরিবর্তন হয়? [২০২৩৭৪]

ⓚ কারেন্ট ⓛ ভোল্টেজ
ⓜ কারেন্ট + ভোল্টেজ ⓝ ফ্রিকোয়েন্সি **গ**

৬৭. পারস্পরিক আবেশকে ব্যবহার করা হয় কোনটিতে? [২০২৪১২]

ⓚ ডায়োট ⓛ ট্রান্সফর্মার
ⓜ ট্রানজিস্টার ⓝ অ্যামপ্লিফায়ার **খ**

✔ **ব্যাখ্যা :** পারস্পরিক আবেশ ব্যবহৃত হয় ট্রান্সফরমারে। এতে দুটি কুণ্ডলী থাকে। ১ম কুণ্ডলীটিকে মূখ্য কুণ্ডলী এবং দ্বিতীয় কুণ্ডলীটিকে গৌণ কুণ্ডলী বলে, যার মধ্যে তড়িচ্চালক বল আবিষ্ট হয়। মুখ্য কুণ্ডলীতে তড়িৎ প্রবাহিত করলে একটি চৌম্বক ক্ষেত্র সৃষ্টি হয়।

৪৩. বৈদ্যুতিক শক্তিকে তাপ শক্তিতে রূপান্তরিত করে কোন ওয়েল্ডিং ব্যবহার করা হয়? [২০২৪৩১]

ⓚ গ্যাস ওয়েল্ডিং ⓛ রেজিস্ট্যান্স
ⓜ থারমিট ⓝ সবগুলি **খ**

✔ **ব্যাখ্যা :** বৈদ্যুতিক ওয়েল্ডিং-এ বৈদ্যুতিক শক্তিকে তাপ শক্তিতে রূপান্তর করে ঐ তাপ দ্বারা দুইটি ধাতব পাতের নির্দিষ্ট অংশকে প্রায় গলন্ত অবস্থায় এনে চাপের মাধ্যমে

জোড়া দেওয়ার পদ্ধতিকে রেজিস্ট্যান্স ওয়েল্ডিং (Resistance Welding) বলে।

৪৫. যে যন্ত্রের সাহায্যে পানির গতি শক্তিতে কাজে লাগিয়ে যান্ত্রিক শক্তি উৎপন্ন করা হয় তাকে বলে- [২০২৩৫৯]

ⓚ ওয়াটার গেট ⓚ ফ্লো- টারবাইন
ⓖ ওয়াটার টারবাইন ⓖ ওয়াটার পাম্প **গ**

✔ **ব্যাখ্যা :** ওয়াটার টারবাইন একটি ঘূর্ণায়মান যন্ত্র যা পানির গতিশক্তিকে যান্ত্রিক কাজে রূপান্তর করে। পানির সম্ভাব্য শক্তি থেকে বৈদ্যুতিক শক্তি উৎপন্ন করার জন্য ওয়াটার টারবাইনগুলো বেশির ভাগ বাঁধগুলিতে পাওয়া যায়।

২৪. কোনটি বিদ্যুৎ কুপরিবাহী? [২০২৩৮৩]

ⓚ তামা ⓚ রাবার
ⓖ লোহা ⓖ রূপা **খ**

✔ **ব্যাখ্যা :** রাবারের মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হতে পারে না তাই রাবার বিদ্যুৎ কুপরিবাহী পদার্থ। আর যে সকল পদার্থের মধ্য দিয়ে সহজেই বিদ্যুৎ প্রবাহিত হয় তাদেরকে সুপরিবাহী পদার্থ বলে। রুপা, তামা, লোহা বিদ্যুৎ সুপরিবাহী পদার্থ।

২৪. এক কিলোওয়াট ঘণ্টা = কত জুল? [২০২৩৭০]

ⓚ 3600 ⓚ 36×10^2
ⓖ 36×10^3 ⓖ 36×10^4 **বিদ্র.**

✔ **ব্যাখ্যা :** ১ কিলোওয়াট-ঘণ্টা
= ১০০ ওয়াট × ৩৬০০ সেকেন্ড
= ৩৬০০০০০ ওয়াট-সেকেন্ড
= ৩,৬০,০০০০ জুল বা, ৩৬×১০^৫ জুল
= ৩.৬ মেগাজুল

২৪. মোটর কোন শক্তি থেকে কোন শক্তিতে রূপান্তর করে? [২০২৩৭৪]

ⓚ বিদ্যুৎ শক্তি থেকে যান্ত্রিক শক্তি
ⓚ যান্ত্রিক শক্তি থেকে বিদ্যুৎ শক্তি
ⓖ সৌরশক্তি থেকে যান্ত্রিক শক্তি
ⓖ তাপ শক্তি থেকে বৈদ্যুতিক শক্তি **ক**

৫৮. একটি ফিউজ তারের রেটিং কী দিয়ে প্রকাশ করা হয়? [২০২৩৮৩]

ⓚ Ampere-hr ⓚ Ampere-Volt
ⓖ Kwh ⓖ Ampere **ঘ**

১৫. একটি 200 V-44 W বাল্বের ভিতর দিয়ে কী পরিমাণ কারেন্ট প্রবাহিত হবে? [২০২৩৭০]

ⓚ 0.2 A ⓚ 0.5 A
ⓖ 2 A ⓖ 5 A **ক**

✔ **ব্যাখ্যা :** এখানে, বাল্বের ক্ষমতা, P = 44 w
ভোল্টেজ, V = 220V
তড়িৎ প্রবাহ, I = ?
অতএব, P = VI

$\Rightarrow I = \frac{P}{V} = \frac{44}{220} = 0.2$ A

১২. বাসাবাড়িতে কোন লেভেলের ভোল্টেজ ব্যবহৃত হয়? [২০২৪০৬]
অথবা, **বাংলাদেশের বাসা-বাড়ি বিদ্যুতের সাপ্লাই ভোল্টেজ কোনটি?** [২০২৩৫৩; ২০২৩৩৪]

ⓚ ২২০ ভোল্ট ⓚ ১১০০০ ভোল্ট
ⓖ ৩৩০০০ ভোল্ট ⓖ ১১০ ভোল্ট **ক**

৬৭. মোবাইল টেলিফোনের মধ্য দিয়ে প্রবাহিত হয়– [২০২৪২৫]

ⓚ শব্দ শক্তি ⓚ তড়িৎ শক্তি
ⓖ আলোক শক্তি ⓖ চৌম্বক শক্তি **খ**

✔ **ব্যাখ্যা :** প্রশ্নকর্তা যদি মোবাইল টেলিফোন বলতে মোবাইল ফোন বুঝিয়ে থাকেন তাহলে উত্তর (গ) আলোকশক্তি। কারণ, মোবাইল ফোনের যোগাযোগ হয় তাড়িৎচৌম্বক তরঙ্গ তথা আলোকশক্তির (দৃশ্যমান ও বাকিগুলো মিলিয়ে) মাধ্যমে।

Light carries information in ways you may not realize. Cell phones use light to send and receive calls and messages. Wireless routers use light to send pictures of cats from the internet to your computer. Car radios use light to receive music from nearby radio stations. Even in nature, light carries many kinds of information.
Source : hubblesite org. by NASA

তবে শুধু টেলিফোন বললে উত্তর হবে– (খ) তড়িৎ শক্তি। টেলিফোন লাইনের মধ্য দিয়ে প্রবাহিত হওয়ার সময় শব্দশক্তি তড়িৎশক্তিতে রূপান্তরিত হয়। এই তড়িৎশক্তি আবার শব্দ শক্তিতে রূপান্তরিত হয়ে শ্রোতার কানে পৌঁছায়।

৪১. একটি তেজস্ক্রিয় মৌলের আয়ু ২০০ বছর হলে মৌলটির ৭৫% ক্ষয় হতে কত বছর লাগবে? [২০২৪২৩]

ⓚ ৪০০ ⓚ ৩৫০
ⓖ ৪৫০ ⓖ ৩০০ **ক**

✔ **ব্যাখ্যা :** তেজস্ক্রিয় মৌলের অর্ধায়ু 200 বছর, অর্থাৎ 200 বছর পর তেজস্ক্রিয় মৌলের অর্ধেক পরিমাণ ক্ষয় হয়ে যায়। 75% ক্ষয় প্রাপ্তির জন্য তেজস্ক্রিয় মৌলের 2বার অর্ধায়ু অতিবাহিত হতে হবে। তাই $t = 2 \times 200$ বছর = 400 বছর। অতএব, 75% ক্ষয় হতে 400 বছর সময় লাগবে।

২০. কোন বোমায় মানুষ মরে, কিন্তু কোনো স্থাপনার ক্ষতি হয় না? [২০২৪২০]

ⓚ নাপাম ⓚ নিউট্রন
ⓖ হাইড্রোজেন ⓖ এটম **ক**

✔ **ব্যাখ্যা :** নাপাম বোমায় মানুষ মরে কিন্তু স্থাপনার কোনো ক্ষতি হয় না।

৭৮. গামা রশ্মির চার্জ কোনটি? [২০২৪০৯]

ⓚ ধনাত্মক ও ঋণাত্মক উভয় ধরনের

Phenom Publications

(খ) ঋণাত্মক
(গ) ধনাত্মক
(ঘ) চার্জ নিরপেক্ষ ঘ

✔ **ব্যাখ্যা :** গামা রশ্মি বা গামা বিকিরণ (প্রতীক γ) এক প্রকার উচ্চ কম্পাঙ্কের খুব ছোট তরঙ্গদৈর্ঘ্যের তড়িৎ চুম্বকীয় বিকিরণ। গামা রশ্মির কোন চার্জ নেই, এটি চার্জ নিরপেক্ষ।

৩০. স্প্লিট রিং থাকে– [২০২৩৭৪]

(ক) এসি জেনারেটর (খ) ডিসি জেনারেটর
(গ) ট্রান্সফরমার মোটর (ঘ) রেক্টিফায়ারে খ

৩১. আমরা বাসা বাড়িতে যে সিলিং ফ্যান ব্যবহার করি, সেগুলোতে কোন মোটর ব্যবহৃত হয়? [২০২৩৭৪]

(ক) ডিসি মোটর (খ) সিঙ্গেল ফেস ইন্ডাকশন মোটর
(গ) সিনক্রোনাস মোটর (ঘ) কোনোটিই নয় খ

৪০. D.C মোটরের গতি কোনটির ওপর নির্ভরশীল? [২০২৩৭৪]

(ক) ফ্লেক্স (খ) এমাচার সার্কিট রেজিস্টান্ট
(গ) ভোল্টেজ (ঘ) সবগুলোই ঘ

১৪ জীবন বাঁচাতে পদার্থবিজ্ঞান

৯৬. x-ray scaphoid করতে– [২০২৩১৭]

(ক) হাত pronated থাকবে
(খ) forearm supinated হবে
(গ) styloid process cassette এ যুক্ত থাকবে
(ঘ) carpal bone and cassette 40° angle হবে ক

✔ **ব্যাখ্যা :** The normal scaphoid is projected on six standard X-ray views.

- neutral posteroanterior (PA)
- ulnar deviated PA (UDPA)
- ulnar deviated PA with 20% angulation to the elbow
- lateral
- 45° PA (Semi pronated) oblique.
- 45° anteroposterior (AP) (semi supinated) oblique.

৫৫. নিচের কোনটি Basic CT scan এর অংশ নয়? [২০২৩১৭]

(ক) গ্যানট্রি (খ) ক্যালসিয়াম আয়োডাইড
(গ) টিভি মনিটর (ঘ) কনট্রোল ক

৭২. নিচের কোনটি x-ray machine নয়? [২০২৩১৭]

(ক) Fluoroscopy scan (খ) 100 Max-ray
(গ) Panoramic x-ray (ঘ) DR x-ray ক

১৫ মহাকর্ষ ও অভিকর্ষ

১৫. কেপলারের তৃতীয় সূত্রের নাম কোনটি? [২০২৪০৬]

(ক) কক্ষপথের সূত্র (খ) ক্ষেত্রফলের সূত্র
(গ) পর্যায় কালের সূত্র (ঘ) হারমোনির সূত্র গ

৪৩. কোন বস্তুর ওজন পৃথিবীতে ১২০ কেজি হলে চাঁদে ঐ বস্তুর ওজন কত হবে? [২০২৪২৩]

(ক) ১০০ কেজি (খ) ২৪০ কেজি
(গ) ৪০ কেজি (ঘ) ২০ কেজি বিদ্র.

✔ **ব্যাখ্যা :** চাঁদে কোনো বস্তুর অভিকর্ষজ ত্বরণের মান $\frac{1}{6}$ গুণ হয় ১২০ কেজি ভরের বস্তুর চন্দ্রপৃষ্ঠে ওজন হবে।

বস্তুর ওজন $= ১২০ \times ৯.৮ \times \frac{১}{৬} = ১৯৬$ নিউটন

প্রশ্নটিতে সমস্যা আছে, ওজনের একক নিউটন এবং ভরের একক কেজি। কিন্তু প্রশ্নে বলা হয়েছে কোনো বস্তুর ওজন পৃথিবীতে ১২০ কেজি, এখানে ওজন এর পরিবর্তে ভর হলে উত্তর হবে চাঁদে বস্তুর ওজন ১৯৬ নিউটন এবং চাঁদে বস্তুর ভর ১২০ কেজি। কেননা চাঁদে বস্তুর ওজন পরিবর্তন হয় কিন্তু ভর পরিবর্তন হয় না।

১৪. g এর মান– [২০২৪০৬]

(ক) পৃথিবী পৃষ্ঠে বেশি (খ) পৃথিবীর কেন্দ্রে শূন্য
(গ) উভয়টি (ঘ) কোনটিই নয় গ

১৮. কোথায় বস্তুর ওজন সবচেয়ে কম? [প্র. নি. প্র. (প্রভাষক) (কলেজ) '২৪]

(ক) ভূ-পৃষ্ঠে (খ) মেরু অঞ্চলে
(গ) নিরক্ষীয় অঞ্চলে (ঘ) পৃথিবীর কেন্দ্রে গ

১৬ তাপগতিবিদ্যা

৫২. ইঞ্জিনকে স্টার্ট করার জন্য সর্বনিম্ন কত আরপিএম প্রয়োজন হয়? [২০২৩৫৯]

(ক) 50rpm (খ) 100rpm
(গ) 200rpm (ঘ) 5 rpm খ

৭২. ইঞ্জিনের কতটুকু পরিমান তাপ কাজে লাগানো হয়? [২০২৩৮৩]

(ক) ২৫% (খ) ৩৫%
(গ) ৪৫% (ঘ) ৫০% গ

৬৪. সিনক্রোনাস মটর এর স্পীড কত আরপিএম? [২০২৪২৫]

ক ৩০০০ খ ৩৬০০
গ ২৪০০ ঘ ২৮৭০ **খ**

✔ **ব্যাখ্যা :** Two-pole synchronous speed is 3,000 RPM for 50 HZ AC and 3,600 RPM for 60 HZ AC.
সিনক্রোনাস মোটরের স্পিড = 120 f/p
বাংলাদেশের ফ্রিকোয়েন্সি, f = 50
পোল, P = 2 ধরে

$$\text{স্পিড} = \frac{120 \times 50}{2} = 3000 \text{ rpm}$$

অতএব বাংলাদেশের ফ্রিকোয়েন্সিতে সঠিক উত্তর 3000 rpm।

৭৮. পদার্থের একক ভরের মোট তাপের পরিমাণকে কী বলে? [২০২৩৮৩]

ক এনট্রপি খ এনথালপি
গ উভয়ই ঘ কোনোটিই নয় **ঘ**

✔ **ব্যাখ্যা :** কোনো পদার্থের মোট তাপের পরিমাণ হলো এনথালপি। আর কোনো একটি সিস্টেমের বিশৃঙ্খলাকে এনট্রপি বলে। কোনো পদার্থের একক ভরের তাপমাত্রা ১°সে. বাড়াতে যে তাপ লাগে তাকে ঐ পদার্থের specific heat বলে। সুতরাং সঠিক উত্তর (ঘ) কোনোটিই নয়।

৭২. ডিজেল ইঞ্জিনের Suction Stroke প্রবেশ করে– [২০২৪৩৩]

ক Air & Fuel খ Only Air
গ Only Fuel ঘ None of these **খ**

✔ **ব্যাখ্যা :** ডিজেল ইঞ্জিনের section stroke এ প্রবেশ করে only Air এবং পেট্রোল ইঞ্জিনের সাকশন স্ট্রোকে প্রবেশ করে Air ও Fuel।

৮৩. নিচের কোন তাপ ইঞ্জিন বিপরীতমুখী হয়ে কাজ করে? [২০২৩৭১]

ক বাষ্পীয় ইঞ্জিন খ পেট্রোল ইঞ্জিন
গ রেফ্রিজারেটর ইঞ্জিন ঘ ডিজেল ইঞ্জিন **গ**

✔ **ব্যাখ্যা :** বাসাবাড়ির রেফ্রিজারেটর তাপীয় পাম্পের একটি উদাহরণ যা আসলে একটি তাপ ইঞ্জিনের ঠিক বিপরীত। এখানে তাপের পার্থক্য তৈরির জন্য বাহ্যিক কাজ করতে হয়। অনেক চক্রই আছে যেগুলো বিপরীতমুখী প্রক্রিয়ায় কাজ করে শীতল অংশ থেকে তাপ সরিয়ে উষ্ণ অংশে প্রদান করে। ফলে শীতল অংশ শীতলতর হয় এবং উষ্ণ অংশ উষ্ণতর হয়। অন্তর্দহন ইঞ্জিনগুলো তাদের প্রকৃতি অনুসারে প্রত্যাগামী নয়।

৬৭. কোনটি বয়লার মাউন্টিং? [২০২৩৮৩]

ক সেফটি ভালভ খ ইকোনোমাইজ
গ সুপার হিটার ঘ কোনোটিই নয় **গ**

৩২. কোনটি পরিবেশ বান্ধব পরিকল্পনায় ব্যবহৃত '3R strategy' এর অংশ নয়? [২০২৩৩২]

ক Refuse খ Reduce
গ Recycle ঘ Rework **ঘ**

✔ **ব্যাখ্যা :** 3Rs of Environment Reduce, Reuse And Recycle. 3 Rs as the principle of the waste management process. Reduce, Reuse, and Recycle helps in reducing the amount of carbon-di-oxide in the atmosphere and save the environment.

৪৭. ইঞ্জিনের কোন অংশ জ্বালানিকে বাষ্পে পরিণত করে? [২০২৪২৩]

ক কার্বুরেটর খ প্রেশার পাম্প
গ স্পার্ক প্লাগ ঘ ইনজেকটর **ক**

✔ **ব্যাখ্যা :** বাষ্পীয় ইঞ্জিনে কার্বুরেটর অংশটি জ্বালানিকে বাষ্পে পরিণত করে। কার্বুরেটর এমন একটি যন্ত্র যা একটি সিস্টেমের দাহ্য বায়ু জ্বালানির মিশ্রণ প্রস্তুতিতে ব্যবহৃত হয়।

৭১. পেট্রোল ইঞ্জিনের Thermodynamic Cycle এর নাম কি? [২০২৪৩৩]

ক অটো সাইকেল খ জুল সাইকেল
গ রংয়াংকিন সাইকেল ঘ স্টাররিং সাইকেল **ক**

৭৬. পরমাণুর সবচেয়ে হালকা কণিকা? [২০২৪৩৩]

ক নিউট্রন খ ইলেকট্রন
গ প্রোটন ঘ সবগুলোর ওজন সমান **খ**

✔ **ব্যাখ্যা :** পরমাণুর সবচেয়ে হালকা কণিকা হলো ইলেকট্রন। এর ভর হলো = 9.11×10^{-28}gm নিউটনের ভর ও প্রোটনের ভর প্রায় সমান = 1.675×10^{-24} gm মেসনের ভর প্রোটন ও ইলেকট্রনের ভরের মাঝামাঝি।

৭৭. কোনটি দিয়ে ডিজেল ইঞ্জিনের ইগনিশন কোয়ালিটি পরিমাপ করা হয়? [২০২৩৮৩]

ক অকটেন নম্বর খ Centane নম্বর
গ হিটিং ভ্যালু ঘ সবগুলো **ঘ**

৬৩. থার্মিট ওয়েল্ডিং এর A1 ও লৌহ অক্সাইডের অনুপাত– [২০২৩৮৩]

ক 1 : 3 খ 1 : 6
গ 3 : 1 ঘ কোনোটিই নয় **ক**

৬৪. কাটিং ফ্লুইড ব্যবহার করা হয়– [২০২৩৮৩]

ক Tool ঠান্ডা করার জন্য
খ Surface Finish ঠান্ডা করার জন্য
গ Job ঠান্ডা করার জন্য
ঘ সবগুলো **ঘ**

জ্যোতির্বিজ্ঞান

প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষার জন্য এই অধ্যায় গুরুত্বপূর্ণ।

১৭ মহাবিশ্ব ও আমাদের পৃথিবী

৮৪. পৃথিবী যে ছায়াপথে অবস্থিত তার নাম কী? [২০২৩৮৪]

ক) সৌরজগত খ) ধুমকেতু
গ) মিল্কিওয়ে ঘ) গ্যালাক্সি **গ**

✔ **ব্যাখ্যা :** আমাদের পৃথিবী যে ছায়াপথে অবস্থিত তার নাম আকাশগঙ্গা বা মিল্কিওয়ে। রাতের আকশে দুধের মত যে হালকা সাদা আলোর রেখা দেখা যায়, সেখান থেকেই এই নামকরণ করা হয়েছে। অসংখ্য নক্ষত্রের এই আলোকে খালি চোখে আলাদা করা যায় না বলেই এমন রেখার মত দেখা যায়। আকাশগঙ্গা একটি সর্পিলাকার ছায়াপথ, যার কেন্দ্রে একটি দন্ডের মতো অংশ আছে। আকাশগঙ্গায় ১০০ থেকে ৪০০ বিলিয়ন নক্ষত্র আছে বলে ধারণা করা হয়।

৬৯. 'মিল্কিওয়ে' একটি– [২০২৩৫৪]

ক) নক্ষত্র খ) নীহারিকা মন্ডল
গ) সৌরজগৎ ঘ) সুপারনোভা **খ**

✔ **ব্যাখ্যা :** নীহারিকা হচ্ছে ধূলিকণা, হাইড্রোজেন গ্যাস এবং প্লাজমা দ্বারা গঠিত এক ধরনের আন্তঃনাক্ষত্রিক মেঘ। এক সময় নীহারিকা ছিল ছায়াপথসহ যেকোন ধরনের জ্যোতিবৈজ্ঞানিক বস্তুর সাধারণ নাম। যেমন বর্তমানে এনড্রোমিডা ছায়াপথের পূর্ব নাম ছিল এনেড্রোমিয়া নীহারিকা। তেমনি পৃথিবীর যে মিল্কিওয়ে বা আকাশগঙ্গা নামক ছায়াপথে অবস্থিত সেটিও এক প্রকার নীহারিকা মন্ডল। বেশির ভাগ নীহারিকার ব্যাস সুবিশাল হয়।

৮৫. According to the scientists, how many galaxies are there in the universe? [২০২৩৬৪]

ক) 10 million খ) 100 million
গ) 10 billion ঘ) 200 billion **ঘ**

৭৮. সৌরজগতে সূর্য থেকে সবচেয়ে দূরের গ্রহ কোনটি? [২০২৪৩৩]

ক) মঙ্গল খ) শনি
গ) নেপচুন ঘ) ইউরেনাস **গ**

৮৯. বৃহস্পতি গ্রহের উপগ্রহ কয়টি? [২০২৩৭১]

ক) ১৪ খ) ২৭
গ) ৬২ ঘ) ৬৭ **ঘ**

✔ **ব্যাখ্যা :** প্রশ্নে প্রদত্ত অপশন অনুযায়ী সঠিক উত্তর ৬৭টি। তবে সর্বশেষ তথ্য অনুযায়ী সৌরজগতের ৮টি গ্রহের মধ্যে ৬টি গ্রহের মোট ২৮৮টি উপগ্রহ আবিষ্কৃত হয়েছে।

কোন গ্রহের কয়টি উপগ্রহ :

- বুধ ও শুক্র গ্রহের কোন উপগ্রহ নেই।
- পৃথিবীর ১টি উপগ্রহ (চাঁদ)
- মঙ্গল গ্রহের ২টি উপগ্রহ (ডিমোস ও ফেবোস)
- বৃহস্পতি গ্রহের ৯৫টি উপগ্রহ আবিষ্কৃত হয়েছে। ৮ম শ্রেণি বিজ্ঞানে ৬৭টি/৭৯টি বোর্ড বই।
- শনি গ্রহের ১৪৬টি উপগ্রহ। ৮২টি বোর্ড বই।
- ইউরেনাস গ্রহের ২৮টি উপগ্রহ। ২৭টি বোর্ড বই।
- নেপচুনের ১৬টি উপগ্রহ। ১৪টি বোর্ড বই।

উল্লেখ্য নতুন নতুন উপগ্রহ আবিষ্কার হচ্ছে, তাই উপগ্রহের সংখ্যা পরিবর্তিত হতে পারে।

Source : International Astronomical Union এবং Science nasa.com.

৫৭. সূর্য পৃথিবীর চেয়ে কতগুণ বড়? [২০২৩৮৪]

ক) ১০ লক্ষ খ) ১১ লক্ষ
গ) ১২ লক্ষ ঘ) ১৩ লক্ষ **ঘ**

৬৫. চাঁদে সর্বশেষ কত সালে মানুষ গিয়েছে? [২০২৪১৮]

ক) ১৯৬৯ খ) ১৯৭০
গ) ১৯৭১ ঘ) ১৯৭২ **ঘ**

৩৮. চাঁদের বুকে অবতরণকারী পঞ্চম দেশ কোনটি এবং এটি চাঁদের কোথায় অবতরণ করে? [২০২৪২৩]

ক) ভারত, শিওলি খ) জাপান, শিওলি
গ) চীন, চন্দ্র, ঘ) জাপান, সুওমো **খ**

✔ **ব্যাখ্যা :** ১৯ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দে চাঁদের বুকে পতাকা স্থাপনকারী ৫ম দেশ হিসেবে নাম লিখিয়েছে জাপান। দেশটির 'মুন স্নাইপার' নামের অনুসন্ধানকারী নভোযান চাঁদের বুকে 'শিওলি ক্রেটার' নামের খাদের পাশে সফলভাবে অবতরণ করেছে।

১৮৬. কৃষ্ণগহ্বর নিয়ে কোন বাঙালি বিজ্ঞানী গবেষণা করেছেন? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) কুদরত-ই-খুদা খ) কাজী মোতাহার হোসেন
গ) জামাল নজরুল ইসলাম ঘ) আব্দুল মতিন চৌধুরী **গ**

৪৪. বিজ্ঞানীরা Black Hole এর ছবি প্রথম কত সালে তুলতে সক্ষম হয়? [২০২৪২৩]

ক) ২০২০ খ) ২০১৯
গ) ২০১৫ ঘ) ১৯১৫ **খ**

✔ **ব্যাখ্যা :** বিজ্ঞানীরা Black Hole এর ছবি প্রথম তুলতে সক্ষম হয় ২০১৯ সালে। মেসিয়ার ৮৭ এর গ্যালাকটিক কেন্দ্রে ২০১৭ সালে ইভেন্ট হরাইজন টেলিস্কোপ (EHT) দ্বারা পর্যবেক্ষণের পর ১০ এপ্রিল ২০১৯-এ ব্ল্যাক হোল এবং এর আশেপাশের প্রথম সরাসরি চিত্র প্রকাশ করা হয়।

রসায়ন

১৮ পদার্থের অবস্থা

গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক

৬৩. নিচের কোনটি ধাতু? [২০২৪৩১]

ক আয়োডিন খ পারদ
গ ক্লোরিন ঘ ওজন

খ

✔ **ব্যাখ্যা :** পারদ একটি ধাতু। স্বাভাবিক তাপমাত্রায় পারদ তরল থাকে। আয়োডিন ও ক্লোরিন গ্রুপ-vii A এর অর্থাৎ হ্যালোজেন অধাতু ওজোন (O_3) একটিও অধাতু গ্যাস যা তিনটি অক্সিজেন পরমাণু দ্বারা গঠিত।

১৬. কোন অবস্থায় অণুসমূহের মধ্যে আন্তঃআণবিক আকর্ষণ বল সর্বনিম্ন হয়– [২০২৪০৬]

ক তরল খ প্লাজমা
গ বায়বীয় ঘ কঠিন

গ

✔ **ব্যাখ্যা :** গ্যাসের অণুগুলোর পর্যাপ্ত গতিশক্তি থাকে। ফলে তাদের মধ্যে আন্তঃআণবিক বলের প্রভাব নগন্য হয় (আদর্শ গ্যাসের ক্ষেত্রে শূন্য) এবং এদের পাশ্ববর্তী অণুগুলোর দূরত্ব অণুগুলোর আকারের চেয়েও অনেক বড়। গ্যাসের নির্দিষ্ট আকার বা আয়তন থাকে না, এরা এদের ধারকের আকার ও আয়তন দখল করে।

৪৮. পদার্থের ৪র্থ অবস্থাকে বলা হয়– [২০২৩৫৯]

ক ফোটন খ প্লাজমা
গ অণু ঘ পরমাণু

খ

✔ **ব্যাখ্যা :** আমরা জানি, সাধারণত পদার্থের ৩টি অবস্থা। কঠিন, তরল ও গ্যাসীয় বা বায়বীয়। এছাড়া পদার্থের আরেকটি অবস্থা রয়েছে সেটির নাম প্লাজমা। কোনো পদার্থের পরমাণু সাধারণত চার্জ নিরপেক্ষ হয়, কারণ এতে সমপরিমাণ পজিটিভ চার্জ যুক্ত প্রোটন ও নেগেটিভ চার্জযুক্ত ইলেকট্রন থাকে। এক বা একাধিক ইলেকট্রন মুক্ত করে সেটিকে পজিটিভ বা নেগেটিভ চার্জ বা আধানযুক্ত পরমাণুতে রূপান্তর করা যায়। এটি তখন ইলেকট্রন ও অন্য আয়নের এক ধরনের মিশ্রণ হিসাবে থাকে যা গ্যাসের মতই কিন্তু গ্যাসের সব বৈশিষ্ট্য এতে থাকে না। যেমন– গ্যাসের কোনো নির্দিষ্ট আকার থাকে না, কিন্তু চৌম্বক ক্ষেত্র দিয়ে প্লাজমার নির্দিষ্ট আকার দেয়া সম্ভব। গ্যাসকে প্রচণ্ড তাপ দিয়ে পদার্থের চতুর্থ অবস্থা বা প্লাজমা করা যায়।

১৯ পদার্থের গঠন

মৌলের প্রোটন, নিউট্রন ও ইলেকট্রন সংখ্যা

৭৫. ভরসংখ্যা বলতে নিউক্লিয়াসে অবস্থিত কিসের সংখ্যা বুঝায়? [২০২৪৩৩]

ক ইলেকট্রন ও প্রোটন খ প্রোটন ও নিউট্রন
গ নিউট্রন ও ইলেকট্রন
ঘ ইলেকট্রন ও প্রোটন ও নিউট্রন

খ

✔ **ব্যাখ্যা :** একটি পরমাণু ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন এই ৩ ধরনের স্থায়ী মৌলিক কণিকা দ্বারা গঠিত। পরমাণুতে প্রোটন ও নিউট্রন থাকে পরমাণুর কেন্দ্রে বা নিউক্লিয়াসে। পরমাণুর নিউক্লিয়াসে বিদ্যমান প্রোটন ও নিউট্রন সংখ্যার যোগফলকে ভরসংখ্যা বলে। ইলেকট্রন পরমাণুর নিউক্লিয়াসের বাইরে থাকে।

৩১. পরমাণুর নিউক্লিয়াসে কি কি থাকে? [২০২৪০৬]

ক নিউট্রন ও প্রোটন খ ইলেকট্রন ও প্রোটন
গ ইলেকট্রন ও পজিট্রন ঘ নিউট্রন ও পজিট্রন

ক

অণু ও পরমাণু

৮. কোনটি ভারী পানি? [২০২৪০৬]

ক H_2O খ H_2SO_4
গ NH_4 ঘ D_2O

ঘ

৮৭. একটি পরমাণুর দ্বিতীয় কক্ষপথে সর্বোচ্চ কয়টি ইলেকট্রন থাকে? [২০২৩৭১]

ক ২ খ ৮
গ ১৮ ঘ ৩২

খ

✔ **ব্যাখ্যা :** পরমাণুর যেকোন কক্ষপথের সর্বোচ্চ ইলেকট্রন ধারণ ক্ষমতা $2n^2$। এখানে n = কক্ষপথের নম্বর। সুতরাং দ্বিতীয় কক্ষপথের সর্বোচ্চ ইলেকট্রন ধারণ ক্ষমতা
$= 2n^2 = 2 \times 2^2 = 2 \times 4 = 8$টি

২০ পর্যায় সারণি

ধাতু ও অধাতু

৭৮. পারমাণবিক চুল্লিতে পরিবাহক হিসেবে কোন ধাতু ব্যবহৃত হয়? [২০২৩৮০]

ক সোডিয়াম খ পটাশিয়াম
গ ম্যাগনেশিয়াম ঘ কোনোটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** পারমাণবিক চুল্লিতে পরিবাহক হিসেবে সোডিয়াম ধাতু ব্যবহৃত হয়। তরল সোডিয়াম চুল্লি থেকে নির্গত তাপ গ্রহণ করে এবং জলে স্থানান্তর করে যা বাষ্প তৈরি করে, যা টারবাইন চালু করতে ব্যবহৃত হয়। তাই এটি হিট এক্সচেঞ্জার হিসেবে কাজ করে।

২১. কোন ধাতু সর্বাপেক্ষা হালকা? [২০২৪২৬]

ক লিথিয়াম খ টাইটেনিয়াম
গ দস্তা ঘ নিকেল **ক**

✔ **ব্যাখ্যা :** লিথিয়াম (Li) সর্বাপেক্ষা হালকা ধাতু। এর ঘনত্ব $0.534\ g/cm^3$, যা পানির ঘনত্ব $1\ g/cm^3$ এর চেয়েও কম। Li এর পারমাণবিক সংখ্যা ৩।

৬০. সর্বোচ্চ গলনাঙ্ক বিশিষ্ট ধাতু কোনটি? [২০২৩৮০; ২০২৪০৯]

ক টাইটেনিয়াম খ প্লাটিনাম
গ টাংস্টেন ঘ জারকানিয়াম **গ**

✔ **ব্যাখ্যা :** টাংস্টেন ও বেনিয়ামের গলনাংক সবধাতুর মধ্যে সর্বোচ্চ। টাংস্টেন এর গলনাংক 3695°K বা 3422°C।

৭৬. হীরা অন্ধকারে চকচক করে কেন? [২০২৩৪২]

ক হীরার তেজস্ক্রিয়তা বিদ্যামান তাই আলো বিচ্ছুরিত হয়
খ উচ্চ প্রতিসরাঙ্কের কারণে অভ্যন্তরীণভাবে আলোর প্রতিফলন ঘটে
গ হীরাতে রেডিয়াম থাকে বিধায় আলো বিচ্ছুরিত হয়
ঘ হীরার ধর্ম হলো আধারে আলো বিচ্ছুরিত করা **খ**

কার্বনের বহুরূপতা

৭৯. বহুরূপী মৌল কোনটি? [২০২৪২৯]

ক সোডিয়াম খ ক্যালসিয়াম
গ অ্যালমুনিয়াম ঘ কার্বন
ঙ কোনটিই নয় **ঘ**

৩৩. নিচের কোন পদার্থটি সবচেয়ে ভারী? [২০২৩৫১]

ক তেল খ পানি
গ পারদ ঘ মধু **গ**

✔ **ব্যাখ্যা :** এখানে সবচেয়ে ভারী পদার্থ হলো পারদ। ভারী ধাতু সাধারণত সেই ধাতুসমূহ যাদের ঘনত্ব, পারমাণবিক ভর অথবা পারমাণবিক সংখ্যা অনেক বেশি।

২১ রাসায়নিক বিক্রিয়া

১২৫. ধাতব কার্বোনেটের সাথে এসিডের বিক্রিয়ায় উৎপন্ন হয়– [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক লবণ খ পানি
গ কার্বন ডাইঅক্সাইড ঘ সবগুলো **ঘ**

✔ **ব্যাখ্যা :** ধাতব কার্বনেটের সাথে এসিডের বিক্রিয়ায় লবণ, পানি এবং কার্বন ডাই অক্সাইড উৎপন্ন হয়। যেমন– Na_2CO_3 এবং সাথে HCl এর বিক্রিয়ায় NaCl লবণ, H_2O ও CO_2 উৎপন্ন হয়।

$$Na_2CO_3 + 2HCl \rightarrow 2NaCl + H_2O + CO_2$$

৫৯. যে মৌল বা যৌগ ইলেকট্রন দান করে তাকে কি বলে? [২০২৪১০]

ক জারক খ বিজারক
গ ক্ষারক ঘ ক্ষারিত **খ**

৮০. পলিথিন কী দিয়ে তৈরি? [২০২৩৭১]

ক ইথিলিন খ ইথাইন
গ ক্লোরোইথিন ঘ ইথিলিন গ্লাইকল **ক**

✔ **ব্যাখ্যা :** পলিথিন হলো ইথিলিনের একটি পলিমার। উচ্চ চাপ (১০০০ – ১২০০ atm) ও তাপমাত্রা (২০০°c) সামান্য অক্সিজেনের উপস্থিতিতে তরলীভূত হয়ে অসংখ্য ইথিলিনের অণু (৬০০–১০০০) মতান্তরে ৪০০–২০০০ অণু) পলিমারীভবন প্রক্রিয়ায় সংযুক্ত হয়ে পলিথিন অণু গঠন করে।

২৬. প্রশমন বিক্রিয়ায় কী উৎপন্ন হয়? [২০২৩৮৩]

ক এসিড ও পানি খ ক্ষার ও পানি
গ লবণ, ক্ষার ও পানি ঘ লবণ ও পানি **ঘ**

✔ **ব্যাখ্যা :** যে রাসায়নিক বিক্রিয়ায় এসিড ও ক্ষারযুক্ত হয়ে লবণ ও পানি উৎপন্ন করে প্রশমন বিক্রিয়া বলে। নিম্নে একটি প্রশমন বিক্রিয়া দেখানো হলো–

$$\underset{\text{লবণ}}{NaOH + HCl = NaCl} + \underset{\text{পানি}}{H_2O} \quad \Delta H = -57.34\ kJ$$

২১. দ্রবণ শব্দের অর্থ কোনটি? [২০২৩৬৬]

ক ক্ষরণ খ জলপ্রপাস
গ অনুধ্যান ঘ নিমজ্জন **ক**

Phenom Publications

২২ রসায়ন ও শক্তি

বিভিন্ন ধরনের কোষ

২৯. অটোমোবাইল ব্যাটারীতে যে এসিড ব্যবহার করা হয়, তা হলো– [২০২৩৮৩]

ⓚ হাইড্রোক্লোরিক এসিড ⓛ হাইড্রোফ্লোরিক এসিড
ⓜ সালফিউরিক এসিড ⓝ নাইট্রিক এসিড **গ**

৫৪. গাড়ীর ব্যাটারীতে কোন এসিড ব্যবহৃত হয়? [২০২৩৫৯]

ⓚ নাইট্রিক ⓛ সালফিউরিক
ⓜ হাইড্রোক্লোরিক ⓝ পারক্লোরিক **খ**

বিশুদ্ধ জ্বালানি

৭৪. CNG জ্বালানির মূল উপাদান কোনটি? [২০২৩৮৩]

ⓚ মিথেন ⓛ ইথেন
ⓜ প্রোপেন ⓝ বিউটেন **ক**

✔ **ব্যাখ্যা :** CNG এর প্রধান উপাদান হলো মিথেন (CH_4)। এটি বেশিরভাগ মিথেন দ্বারা গঠিত হলেও অল্প পরিমাণে ইথেন এবং প্রোপেট দ্বারা গঠিত।

৬৯. সিএনজি সিলিন্ডারে প্রাকৃতিক গ্যাস কত চাপে সংকুচিত করা হয়? [২০২৩৮৩]

ⓚ ২০০ বার ⓛ ২২০ বার
ⓜ ২৫০ বার ⓝ ৩০০ বার **গ**

৭৫. লিকেজ সমস্যা বেশি কোনটিতে? [২০২৩৮৩]

ⓚ LPG ⓛ CNG
ⓜ পানি ⓝ সবগুলো **ক**

নিউক্লিয়ার ফিশন ও নিউক্লিয়ার ফিউশন

৮১. নিচের কোনটি তেজস্ক্রিয় পদার্থের উদাহরণ? [২০২৩৭১]

ⓚ বেনজিন ⓛ টলুইন
ⓜ জাইলিন ⓝ রেডিয়াম **ঘ**

৭১. বিজ্ঞানে দুইবার নোবেল পুরস্কার কে অর্জন করেছিলেন? [২০২৩৪২]

ⓚ মাদাম কুরি ⓛ রোনাল্ড রস
ⓜ লুই পাস্তর ⓝ পিয়েরে কুরি **ক**

✔ **ব্যাখ্যা :** মাদাম কুরি দুইবার নোবেল পুরস্কার পেয়েছিলেন। ১৯০৩ সালে তিনি পদার্থবিজ্ঞানে প্রথমবার নোবেল পুরস্কার পান। এই পুরস্কারটি তিনি পেয়েছিলেন তাঁর স্বামী পিয়েরে কুরী এবং ফরাসী বিজ্ঞানী হেনরি বেকেরেলের সাথে যৌথভাবে। তেজস্ক্রিয়তা আবিষ্কার করার জন্য তাঁদের তিনজনকে এই পুরস্কারটি দেওয়া হয়েছিল। এরপর ১৯১১ সালে দ্বিতীয় নোবেল পুরস্কারটি তিনি এককভাবে পেয়েছিলেন রসায়নে।

১১৪. প্রাকৃতিক ইউরেনিয়ামে শতকরা কতভাগ ^{238}U আইসোটোপ থাকে? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ 50% ⓛ 99.3%
ⓜ 0% ⓝ 69.3% **খ**

✔ **ব্যাখ্যা :** প্রাকৃতিক ইউরেনিয়ামে শতকরা 99.275% অর্থাৎ প্রায় 99.3% ^{238}U আইসোটোপ থাকে। এছাড়াও 0.7% ^{235}U ও 0.0055% ^{234}U রয়েছে।

২৩ এসিড ও ক্ষারক সমতা

বিভিন্ন পদার্থে এসিডের উপস্থিতি

১৯. আঙ্গুরে কোন এসিড আছে? [২০২৩৭৯]

ⓚ ম্যালিক এসিড ⓛ টারটারিক এসিড
ⓜ সাইট্রিক এসিড ⓝ অক্সালিক এসিড **খ**

তীব্র এসিড ও দুর্বল এসিড

৮৫. ভিনেগারে কোন এসিড থাকে? [২০২৩৮১]

ⓚ সাইট্রিক এসিড ⓛ টারটারিক এসিড
ⓜ কার্বনিক এসিড ⓝ ইথানয়িক এসিড **ঘ**

pH স্কেল

৬০. pH = 6.5 [২০২৩৮৩]

ⓚ Industrial water ⓛ Acidic water
ⓜ Alkaline water ⓝ Neutral water **খ**

৩৫. পানি নিরপেক্ষ হলে pH এর মান হবে– [২০২৪১০]

ⓚ ৭ ⓛ ৮
ⓜ ৯ ⓝ ৬ **ক**

✔ **ব্যাখ্যা :** কোন দ্রবণের pH 0 থেকে শুরু করে 7 এর নিচে হলে সেটি অম্লীয় দ্রবণ এবং 7 এর থেকে বেশি হলে সেটি ক্ষারীয় দ্রবণ। আর দ্রবণের pH 7 হলে সেটি নিরপেক্ষ দ্রবণ। সুতরাং পানি নিরপেক্ষ দ্রবণ তাই পানির pH = 7।

কার্বন ডাই অক্সাইড

৫৮. শুষ্ক বরফ বলা হয়– [২০২৩৭১; ২০২৩৪০]

ⓚ হিমায়িত অক্সিজেন
ⓛ হিমায়িত কার্বন মনোঅক্সাইড
ⓜ হিমায়িত কার্বন ডাই অক্সাইড
ⓝ ক্যালসিয়াম অক্সাইড **গ**

Phenom Publications

২৪ খনিজ সম্পদ : ধাতু-অধাতু

৭৩. স্টেইনলেস স্টিলে কার্বনের পরিমাণ রাখা হয়– [২০২৩৮৩]

ক ০.৮১% খ ০.৬-৮%
গ ০.৩-০.৬% ঘ সবগুলো **ক**

✔ **ব্যাখ্যা :** লোহার একটি সংকর ধাতু হলো স্টেইনলেস স্টিল বা মরিচাহীন ইস্পাত। স্টেইনলেস স্টিল তৈরি করার জন্য লোহার উপর ক্রোমিয়ামের প্রলেপ দেওয়া হয়। এতে লোহা ৮৪.৭%–৮৭.৭% ক্রোমিয়াম ১০%–১৪%, নিকেল ২%–১% এবং কার্বন ০.৩% বিদ্যমান।
স্টেইনলেস স্টিলে বিভিন্ন উপাদানের শতকরা পরিমাণ বিভিন্ন স্থানে বিভিন্ন তথ্য দেওয়া।
৯ম-১০ম শ্রেণি রসায়ন বোর্ড বই অনুযায়ী– স্টেইনলেস স্টীল এ লোহা ৭৩%, ক্রোমিয়াম ১৮%, নিকেল ৮% এবং কার্বন ১%।

৭৯. স্টেইনলেস স্টীল নিম্নের কোনটির অ্যালয়– [২০২৪৩৩]

ক আয়রন, ক্রোমিয়াম এবং নিকেল
খ আয়রন ও নিকেল
গ আয়রন, নিকেল ও মলিবডেনাম
ঘ আয়রন, ক্রোনিয়াম ও মলিবডেনাম **ক**

১২. ডিমের নরম খোসা শক্ত হয় কি কারণে? [২০২৩৬৩]

ক বাতাসের সংস্পর্শে খ এলবুমিনের সংস্পর্শে
গ আলোর সংস্পর্শে ঘ বাতাস ও আলোর সংস্পর্শে **ক**

✔ **ব্যাখ্যা :** ডিমের নরম খোসা শক্ত হয় বায়ুর সংস্পর্শে এসে। ডিমের খোসার উপাদান হলো $CaCO_3$। সম্পূর্ণ ডিমে পানি-৬৩.৬%, আমিষ-১২.৮৩%, খনিজ–১০.৭০%, স্নেহ-১০.৬% এবং ভিটামিন বিদ্যমান। এজন্য ডিমকে Nature's multivitamin বলে।

৫৪. তামার সাথে কোন ধাতুর মিশ্রণে পিতল তৈরি হয়? [২০২৩৮৩]

ক টিন খ সিসা
গ দস্তা ঘ রৌপ্য **গ**

১৫. দিয়াশলাইয়ের কাঠির মাথায় কোনটা থাকে? [২০২৪৩৪]

ক ক্যালসিয়াম কার্বনেট খ শ্বেত ফসফরাস
গ লোহিত ফসফরাস ঘ কোনটিই নয় **গ**

২৮. সর্বাপেক্ষা নরম খনিজের নাম কী? [২০২৪২৬]

ক জিপসাম খ কোরানডাম
গ টোপাজ ঘ ট্যালক **ঘ**

✔ **ব্যাখ্যা :** কাঠিন্য অনুযায়ী সবচেয়ে নরম খনিজ হলো ট্যালক (Talc) যা দিয়ে ট্যালকম পাউডার তৈরি হয়। সবচেয়ে কঠিন খনিজ হলো হীরা বা ডায়মন্ড।

২৩. কোন ধাতু স্বাভাবিক তাপমাত্রায় তরল? [২০২৩৮৩]

ক সালফার খ ম্যাঙ্গানিজ
গ মার্কারী ঘ ফসফরাস **গ**

✔ **ব্যাখ্যা :** মার্কারী বা পারদ একটি মৌলিক পদার্থ, যার প্রতীক Hg। পারমাণবিক সংখ্যা ৮০ এটি একটি ভারী d-ব্লক মৌল। একমাত্র ধাতু যা আদর্শ তাপমাত্রা এবং চাপে তরল অবস্থায় থাকে।

৪৮. গান মেটালের প্রধান উপাদান কি? [২০২৪৩১]

ক তামা খ সীসা
গ নিকেল ঘ দস্তা **ক**

✔ **ব্যাখ্যা :** গান মেটাল, যা লাল পিতল নামেও পরিচিত, এটি তামা, টিন এবং দস্তার এক ধরনের সংকর ধাতু। অনুপাত উৎস অনুসারে পরিবর্তিত হয়, তবে ৮৮% তামা, ৮-১০% টিন এবং আনুমানিক ২-৪% দস্তা থাকে।

২৭. একটি ধাতুর উপর জিঙ্ক প্রলেপ দেওয়াকে কী বলে? [২০২৩৮৩]

ক গ্যালভানাইজিং খ টিনপ্লোনি
গ ভল্কানাইজিং ঘ ইলেকট্রোপ্লেটিং **ক**

✔ **ব্যাখ্যা :** ধাতুর উপর জিংক বা দস্তার প্রলেপ দেওয়ার প্রক্রিয়াকে গ্যালভানাইজিং বলে। এটি ধাতুর প্রতিরক্ষামূলক আবরণ হিসেবে কাজ করে যা ধাতুর ক্ষয়রোধ করে।

৫৫. রট আয়রনে কার্বনের সর্বোচ্চ পরিমাণ হলো– [২০২৩৮৩]

ক ০.১৫% খ ১.৩%
গ ১.৫% ঘ ২% **ক**

✔ **ব্যাখ্যা :** রট আয়রনে কার্বনের পরিমাণ সবচেয়ে কম থাকে। রট আয়রনে কার্বনের পরিমাণ ০.১৫%। রট আয়রনে কার্বণের পরিমাণ কম থাকায় ইহা উচ্চ মরিচারোধী।

২৫ আমাদের জীবনে রসায়ন

বিভিন্ন যৌগের সংকেত ও রাসায়নিক নাম

৭১. কাগজের প্রধান রাসায়নিক উপাদান– [২০২৩৪৯]

ক লিগনিন খ কুইনিন
গ রেজিন ঘ হেমিসেলুলোজ **ঘ**

✔ **ব্যাখ্যা :** কাগজের প্রধান রাসায়নিক উপাদান সেলুলোজ। তবে কাগজে হেমিসেলুলোজ ও ব্যবহৃত হয়। অপশনে সেলুলোজ না থাকায় হেমিসেলুলোজ অধিক গ্রহণযোগ্য উত্তর। কাগজ তৈরির মূল উপাদান তন্তুজাতীয় বস্তু। এটি হতে পারে [illegible]

প্রাথমিক উৎস কাঠ। কাঠ, তুলা, কাগজ, পাট প্রভৃতি সেলুলোজ জাতীয় পদার্থ। কাঠে সাধারণত শতকরা ৪০-৫০ ভাগ সেলুলোজ থাকে।

৮৮. পানিতে $Ca(OH)_2$ এর সম্পৃক্ত দ্রবণকে কী বলা হয়? [২০২৩৭১]

ক ব্ল্যাক লাইম খ লাইম ওয়াটার
গ নিশাদল ঘ তড়িৎ বিশ্লেষণ **খ**

✔ **ব্যাখ্যা :** $Ca(OH)_2$ স্ল্যাক লাইম নামেই বেশি পরিচিত। স্ল্যাক লাইম বা $Ca(OH)_2$ পানিতে খুব অল্প পরিমাণে দ্রবীভূত হয়। আর পানিতে $Ca(OH)_2$ এর সম্পৃক্ত দ্রবণকেই চুনের পানি বা লাইম ওয়াটার বলে।

সাবান ও ডিটারজেন্ট

৪. পানিতে কোনটি কলয়েড তৈরি করবে? [২০২৩৩২]

ক চিনি খ এ্যালকোহল
গ সাবান ঘ লবণ **গ**

✔ **ব্যাখ্যা :** কলয়েড হলো ছোট ছোট কণার একটি ভিন্নধর্মী মিশ্রণ যা সমস্ত দ্রবণ জুড়ে ছড়িয়ে পড়ে। উদাহরণ হলো– দুধ, রক্ত, সাবান ইত্যাদি। কলয়েডের কণার আকার 10^{-7} থেকে 10^{-10} মিটার পর্যন্ত হয়ে থাকে।

জীবাণুনাশক

২১. Laparoscopy এর যন্ত্রপাতি কোন পদ্ধতিতে জীবাণুমুক্ত করা হয়? [২০২৪০১]

ক Savlon খ Lysol
গ Cidex ঘ Boiling **গ**

অন্যান্য

৬১. সিমেন্টে চুনের পরিমাণ কত? [২০২৪৩১]

ক ৪০-৫০% খ ৫০-৬০%
গ ৬০-৬৭% ঘ ৭০-৭৫% **গ**

✔ **ব্যাখ্যা :** চুন বা ক্যালসিয়াম অক্সাইড সিমেন্টের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান। সিমেন্টে ৬০-৬৭% চুন থাকে। প্রয়োজনের তুলনায় চুনের পরিমাণ কম হলে সিমেন্টের শক্তি কমে যায় এবং তাড়াতাড়ি জমাট বাঁধে।

৬২. লোহার ক্ষয়রোধ করতে ব্যবহৃত হয়? [২০২৪২৫]

ক তামা খ রূপা
গ অ্যালুমিনিয়াম ঘ দস্তা **গ**

✔ **ব্যাখ্যা :** লোহাকে মরিচার হাত থেকে রক্ষা করার জন্য লোহা উপর দস্তার প্রলেপ দেওয়া হয়। একে গ্যালভানাইজিং বলে। এর ফলে লোহার ক্ষয় রোধ হয়।

১১. বিভিন্ন জটিল রোগের কারণ আবিষ্কারে কোন প্রযুক্তি কাজ করছে? [২০২৪০১]

ক ন্যানো টেকনোলজি খ জেনেটিক ইঞ্জিনিয়ারিং
গ বায়ো ইনফরমেটিক্স ঘ ক্রায়োসার্জারি **গ**

২৩. কোনটি গ্রিন হাউস গ্যাস? [২০২৩১৬]

ক নাইট্রোজেন খ অক্সিজেন
গ কার্বন ডাইঅক্সাইড ঘ হাইড্রোজেন **গ**

১১১. নিচের কোনটি গ্রীনহাউস গ্যাস নয়? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক জলীয় বাষ্প (H_2O) খ কার্বন ডাইঅক্সাইড (CO_2)
গ মিথেন (CH_4) ঘ নাইট্রিক অক্সাইড (NO) **ঘ**

৫৭. নিচের কোনটি গ্রিন হাউজ গ্যাস? [২০২৩১৭]

ক অক্সিজেন খ নাইট্রোজেন
গ ক্লোরোফ্লোরো কার্বন ঘ হাইড্রোজেন **গ**

Phenom Publications

২৬ নবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ

নবায়নযোগ্য ও নবায়ন অযোগ্য জ্বালানি

৫৯. নবায়নযোগ্য জ্বালানি কোনটি? [২০২৩৬১; ২০২৩৫৭]

ক পরমাণু শক্তি খ কয়লা
গ পেট্রোল ঘ প্রাকৃতিক গ্যাস **ক**

✔ **ব্যাখ্যা :** নবায়নযোগ্য জ্বালানি : পানি প্রবাহ, জৈব শক্তি (বায়োগ্যাস, বায়োমাস, বায়োফুয়েল), ভূ-তাপ, সমুদ্র তরঙ্গ, সমুদ্র তাপ, জোয়ার-ভাটা, আবর্জনা, হাইড্রোজেন ফুয়েল সেল ইত্যাদি।

অনবায়নযোগ্য জ্বালানি : প্রাকৃতিক গ্যাস, পেট্রোল, ডিজেল ইত্যাদি।

৭. নবায়নযোগ্য শক্তির উদাহরণ নয় কোনটি? [২০২৪০৭]

ক জলবিদ্যুৎ খ বায়োমাস
গ জিও থার্মাল ঘ নিউক্লিয়ার **ঘ**

৬৯. কোনটি নবায়নযোগ্য জ্বালানি নয়? [২০২৪২৫]

ক পরমাণু শক্তি খ সোলার
গ হাইড্রো ঘ গ্যাস **ঘ**

৮. কোনটি নবায়নযোগ্য জ্বালানী নয়? [২০২৪৩০]

ক সৌর শক্তি খ বায়ু
গ পানি ঘ ডিজেল **ঘ**

৭১. কোনটিকে বিনষ্ট করা যায় না? [২০২৩৮৩]

ক Life খ Power
গ Horse Power ঘ Energy **ঘ**

৪১. সোলার সেল এ সূর্যের কোন শক্তিকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদন করা যায়? [২০২৩২৯]

ক সূর্যের তাপ
খ সূর্য থেকে আগত ম্যাগনেটিক তরঙ্গ
গ সূর্যের আলো ঘ সবগুলো **গ**

✔ **ব্যাখ্যা :** সৌরকোষ বা সোলার সেল এক ধরনের সরঞ্জাম যা সূর্যের আলোক শক্তিকে আলোক-বিভব ক্রিয়ার (Photovoltaic Effect) মাধ্যমে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করতে পারে।

বায়োগ্যাস

৫১. যে বিজ্ঞান জীবাশ্ম সম্বন্ধে আলোচনা করে– [২০২৩৮০]

ⓚ ফসিওলজি ⓛ মরফোলজি
ⓜ প্যালিয়ন্টোলজি ⓝ ফাইটোজেনি **গ**

✔ **ব্যাখ্যা :** বিজ্ঞানের যে শাখায় জীবাশ্ম সম্পর্কে আলোচনা করা হয় তাকে জীবাশ্ম বিজ্ঞান বা প্যালিয়ন্টোলজি বলে। অনেক সময় উদ্ভিদ বা প্রাণীর দেহ পলির মধ্যে প্রোথিত হয়ে ধীরে ধীরে প্রস্তরীভূত হয় এবং পাথরের মধ্যে তার ছাপ থেকে যায়। উদ্ভিদ বা প্রাণীর ছাপযুক্ত সেই প্রস্তরকে জীবাশ্ম বলে।

২৭ পানি

পানির খরতা
পানির pH

২০. পানির pH এর মান কত হলে পুরোপুরি ক্ষারকীয় বলা হয়? [২০২৩৫৯]

ⓚ 9 ⓛ 14
ⓜ 1 ⓝ 7 **খ**

✔ **ব্যাখ্যা :** কোনো দ্রবণ অম্লীয়, ক্ষারীয় নাকি নিরপেক্ষ তারই একটা পরিমাপ করা হয় pH এর দ্বারা। pH স্কেলে ০ হলো সবচেয়ে অম্লীয় ৭ হলো নিরপেক্ষ এবং ১৪ হলো সবচেয়ে ক্ষারীয়। pH এর মান ০-১৪ পর্যন্ত হয়ে থাকে। ৭ এর কম হলে দ্রবণটি অম্লীয় হবে এবং ৭ এর বেশি হলে দ্রবণটি ক্ষারীয় হবে। pH এর মান ৭ এর থেকে যত কম হবে দ্রবণটি তত বেশি অম্লীয় এবং pH এর মান ৭ এর থেকে যত বেশি হবে দ্রবণটি তত বেশি ক্ষারীয় হবে। বিশুদ্ধ পানির pH এর মান ৭.০০।

১১২. জলীয় দ্রবণে pH এর সর্বোচ্চ মান কোনটি?
[৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ 7 ⓛ 10
ⓜ 14 ⓝ 20 **গ**

অন্যান্য

৪৬. পানিতে অক্সিজেন ও হাইড্রোজেনের অনুপাত কত? [২০২৩৭৮]

ⓚ 2 : 1 ⓛ 1 : 2
ⓜ 1 : 5 ⓝ 1 : 1 **খ**

২৮ নিষ্ক্রিয় গ্যাস

২২. নিষ্ক্রিয় গ্যাস কয়টি? [২০২৩৮৩]

ⓚ ৬ ⓛ ৭
ⓜ ৮ ⓝ ১০ **ক**

Phenom Publications

জীববিজ্ঞান

২৯ জীববিজ্ঞানের বিকাশ

জীববিজ্ঞানের শাখা

১১৫. জীববিজ্ঞানে কী ধরনের তথ্য প্রযুক্তি ব্যবহার করা হয়? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ বায়োইনফরমেটিক্স ⓛ বায়োমেট্রিক্স
ⓜ বায়োকেমিস্ট্রি ⓝ কোনোটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা : বায়োইনফরমেটিক্স :** জীববিজ্ঞানে তথ্য প্রযুক্তির প্রয়োগ হলো বায়োইনফরমেটিক্স। জীববিজ্ঞানের সমস্যাগুলো যখন কম্পিউটার প্রযুক্তি কৌশল ব্যবহার করে সমাধান করা হয়, তখন সেটাকে বলা হয় বায়োইনফরমেটিক্স। জিন ফাইন্ডিং গবেষণায় বায়োইনফরমেটিক্স ব্যবহৃত হয়।

ফলিত জীববিজ্ঞান

৯৭. সবজি চাষ বিদ্যাকে কী বলে? [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ⓚ Horticulture ⓛ Aroboriculture
ⓜ Floricilture ⓝ Vegiculture **ক**

বিজ্ঞানীদের পরিচয়

৬৯. Compound microscope এ কোনটি থাকে না? [২০২৩১৭]

ⓚ condenser ⓛ eye piece
ⓜ colony counter ⓝ fine adjustment screw **গ**

✔ **ব্যাখ্যা :** Condenser, eye piece, fine adjustment screw এগুলো Compound microscope এর অংশ।

৩০ কোষ

কোষের শ্রেণিবিভাগ

৭৭. উদ্ভিদ কোষ ও প্রাণী কোষের মধ্যে পার্থক্য কী? [২০২৩৭১]

ⓚ ক্লোরোপ্লাস্ট ⓛ নিউক্লিয়াস
ⓜ কোষ প্রাচীর ⓝ কোষ আবরণী **গ**

✔ **ব্যাখ্যা :** উদ্ভিদ কোষ ও প্রাণী কোষের তুলনামূলক বৈশিষ্ট্য :

- উদ্ভিদ কোষের কোষপ্রাচীর সেলুলোজ নির্মিত, প্রাণীকোষে কোনো কোষপ্রাচীর থাকে না।
- উদ্ভিদ কোষে প্লাস্টিড থাকে। প্রাণী কোষে প্লাস্টিড থাকে না।
- উদ্ভিদ কোষের সঞ্চিত খাদ্য শ্বেতসার প্রাণীকোষের সঞ্চিত খাদ্য গ্লাইকোজেন।
- উদ্ভিদ কোষে সেন্ট্রোসোম থাকে না প্রাণী কোষে থাকে।
- উদ্ভিদকোষে এক বা একাধিক কোষ গহ্বর থাকে প্রাণী কোষে সাধারণত কোষ গহ্বর থাকে না থাকলেও খুবই ক্ষুদ্র।
- উদ্ভিদকোষের প্লাজমা পর্দায় মাইক্রোভিলাই থাকে না। প্রাণী কোষের প্লাজমা পর্দায় মাইক্রোভিলাই থাকে।

১১৩. কোন অর্গানেলটি পর্দা দ্বারা আবেষ্টিত থাকে না? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ রাইবোসোম ⓛ ক্লোরোপ্লাস্ট
ⓜ মাইটোকন্ড্রিয়া ⓝ পারোক্সিসোম **ক**

✔ **ব্যাখ্যা : কোষের পর্দা দ্বারা আবদ্ধ অঙ্গাণু :** নিউক্লিয়াস, মাইটোকন্ড্রিয়া, এন্ডোজমিক রেটিকুলাম, গলজি বডি, লাইসোজোম, ভেসিকল, পার অক্সিসোম, ভ্যাকুওল, প্লাস্টিড (ক্লোরোপ্লাস্ট), গ্লাইঅক্সিজোম ইত্যাদি।
রাইবোসোম, সেন্ট্রোসোম পর্দা দ্বারা আবদ্ধ নয়।.

প্লাস্টিড

১৭. ক্লোরোফিল পাওয়া যায়- [২০২৩৫৯]

ⓚ সকল প্রাণিতে ⓛ ছত্রাক
ⓜ সবুজ পাতায় ⓝ ফলে **গ**

৩১ জীনতত্ত্ব

ক্রোমোসোম

৬৩. মানবদেহে কোষের Chromosome এর সংখ্যা– [২০২৪০১]

ⓚ ২২ জোড়া ⓛ ২৩ জোড়া
ⓜ ২৪ জোড়া ⓝ ১৩ জোড়া **খ**

রিকমবিনেন্ট ডিএনএ প্রযুক্তি

৮০. টেস্টটিউব বেবির ক্ষেত্রে প্রথম সফলতা আসে কত সালে? [২০২৩৬০]

ⓚ ১৯৫৯ ⓛ ১৯৬৮

Phenom Publications

৩২ অণুজীববিদ্যা

ভাইরাসঘটিত রোগ

৩৫. কোভিড-১৯ ভাইরাসের নাম কী? [২০২৩৫১]

ক) চিকোনগুনিয়া খ) SARS-COV-2
গ) Corona Virus ঘ) Covid-19 **খ**

✔ **ব্যাখ্যা :** কোভিড-১৯ ভাইরাসের নাম SARS-COV-2। এটি শাসযন্ত্রের তীব্র সিনড্রোম। এর পূর্ণ রূপ হলো– Severe acute respiratory syndrom coronavirus-2

৬২. ডায়রিয়ার ভাইরাস নিচের কোনটি? [২০২৩৬১]

ক) ব্যাকটেরিয়া খ) রোটা ভাইরাস
গ) Protozoa ঘ) ফাংগাস **খ**

✔ **ব্যাখ্যা :** অনিয়ন্ত্রিত মলত্যাগের ফলে প্রতিদিন তিন বা তার বেশি পানিযুক্ত মলত্যাগকে ডায়ারিয়া বলে, যা কয়েক ঘন্টা বা ৪-৫ দিন স্থায়ী হতে পারে। রোটাভাইরাস, হেপাটাইটিস-এ ভাইরাস ডায়রিয়া ঘটাতে পারে। জিয়ার্ডিয়া ও এন্টামিবা জাতীয় প্রোটোজোয়া ডায়রিয়ার জন্য দায়ী।

৬১. এইডস এর জীবাণু– [২০২৩৬১]

ক) ব্যাকটেরিয়া খ) ভাইরাস
গ) ছত্রাক ঘ) পরজীবী **খ**

৬৯. 'স্ট্রিট ভাইরাস' কোন রোগের জীবাণুর নাম? [২০২৩৮০; ২০২৩৪৯; ২০২৪০৯]

ক) র‍্যাবিস খ) টিটেনাস
গ) অ্যানথ্রাক্স ঘ) ডিপথেরিয়া **ক**

✔ **ব্যাখ্যা :** র‍্যাবিস রোগের জীবাণুর নাম স্ট্রিট ভাইরাস। টিটেনাস এর জীবাণু ক্লোসট্রিডিয়াম ব্যাকটেরিয়া। অ্যানথ্রাক্স এর জীবাণু Bocillus anthracis নামক ব্যাকটেরিয়া। ডিপথেরিয়ার জীবাণুর নাম Corynebacterium diphtheriae.

৯৯. HIV detection confirmatory test হলো– [২০২৩১৭]

ক) westem blot assay খ) viral culture
গ) Elisa test ঘ) CD4 T-cell count **ঘ**

✔ **ব্যাখ্যা :** HIV রোগ নির্ণয় করার জন্য Elisa test করা হয়। যদি কোনো ব্যক্তির HIV থাকে তবে CD4 T-cell Count Test এ CD4 সংখ্যা কম হলে বুঝতে হবে HIV ঐ ব্যক্তির ইমিউন সিস্টেমকে দুর্বল করে দিয়েছে।

৭০. Dengu নির্ণয়ে কোন পরীক্ষাটি Specific? [২০২৩১৭]

ক) PCR খ) Total platelet count
গ) AST ঘ) ALT **খ**

✔ **ব্যাখ্যা :** ডেঙ্গু জ্বরে আক্রান্ত ব্যক্তির জন্য সাধারণত NS_1 এন্টিজেন টেস্ট, অ্যান্টিবডি পরীক্ষা, সিবিসি (CBC) বা প্লাটিলেট কাউন্ট ইত্যাদি পরীক্ষা করা হয়।

৬৫. জিকা ভাইরাস ছড়ায় কিসের মাধ্যমে? [২০২৪১০]

ক) মশা খ) মাছি
গ) পানি ঘ) বাতাস **ক**

১১৬. গমের মোজাইক ভাইরাস কীভাবে ছড়ায়? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) ইঁদুরের মাধ্যমে খ) মাইটের মাধ্যমে
গ) বাতাসের মাধ্যমে ঘ) পাখির মাধ্যমে **খ**

✔ **ব্যাখ্যা :** গমের মোজাইক ভাইরাস মূলত মাইট নামক ক্ষুদ্র পোকাদের মাধ্যমে ছড়ায়। আক্রান্ত গাছ থেকে মাইটরা ভাইরাস গ্রহণ করে এবং অন্য সুস্থ গাছে স্থানান্তরিত হয়ে তাদের আক্রমণ করে।

৯৫. বাংলাদেশ নিম্নোক্ত ভ্যাকসিনগুলো ব্যবহার হয় একটি বাদে? [২০২৩১৭]

ক) inactivated খ) live-attenuated
গ) MRNA ঘ) protozoal **খ**

৬৪. Oral Polio Vaccine — [২০২৪০১]

ক) Live attenuated খ) Killed
গ) Subunit ঘ) Toxoid **ক**

✔ **ব্যাখ্যা :** Live attenuated vaccines :

- Measies, mumps, subella (MMR)
- Oral polimy clitis (OPV)
- Rotavirus
- Tuberculosis
- Typhoid
- Varicella zoster virus

৪৬. কোনটিকে সপ্তম টিকা বলা হয়? [২০২৩৪৮]

ক) পোলিও টিকা
খ) রোটা ভাইরাসের টিকা
গ) গুটি বসন্তের টিকা
ঘ) হেপাটাইটিস বি এর টিকা **ক**

ব্যাকটেরিয়া (Bacteria)

২১. ব্যাকটেরিয়া কী? [প্র. নি. প্র. (প্রভাষক) (কলেজ) '২৪]

ক) জড়বস্তু খ) প্রাণী
গ) উদ্ভিদ ঘ) অণুজীব **ঘ**

৬. ব্যাকটেরিয়ার কোষপ্রাচীর কি দিয়ে গঠিত? [২০২৩৩২]

ক) সেলুলোজ খ) কাইটিন
গ) পেপটি ডোগ্লাইকেন ঘ) লিপোপ্রোটিন **গ**

✔ **ব্যাখ্যা :** ব্যাকটেরিয়া কোষের প্রাচীর পেপ্টিডোগ্লাইকন (যাকে মিউরিন ও বলা হয়) দিয়ে তৈরি, যা ডি-অ্যামিনো অ্যাসিড ধারণকারী অস্বাভাবিক পেপটাইড দ্বারা ক্রম-লিঙ্কযুক্ত পলিস্যাকারাইড চেইন থেকে তৈরি।

৪৬. নিচের কোন পদ্ধতিতে Bacteria spore ধ্বংস হয়? [২০২৪০১; ২০২৩৬১]

ক) Boiling খ) Fumigation

(গ) Autoclave (ঘ) Cidex Solution **গ**

✔ **ব্যাখ্যা :** Bacteria spore ধ্বংস করতে Autoclave পদ্ধতি ব্যবহার করা হয়। Autoclave হলো জীবাণুমুক্তকরণের জন্য স্বাস্থ্যসেবা এবং পরীক্ষাগারসহ বিভিন্ন ক্ষেত্রে ব্যবহৃত একটি বিশেষ প্রক্রিয়া। এটি ব্যাকটেরিয়া, ভাইরাস এবং স্পোরসহ অণুজীবকে হত্যা বা নিষ্ক্রিয় করতে উচ্চচাপের বাষ্প ব্যবহার করে।

ব্যাকটেরিয়ার অর্থনৈতিক গুরুত্ব

২৫. মানুষের কোন অঙ্গটি হেপাটাইটিস রোগে আক্রান্ত? [২০২৩৬৫]

(ক) যকৃত (খ) কিডনি
(গ) ফুসফুস (ঘ) প্লীহা **ক**

✔ **ব্যাখ্যা :** হেপাটাইটিস লিভার বা যকৃতের একটি প্রদাহ যা হেপাটাইটিস এর ৫টি ভাইরাসের (এ, বি, সি, ডি এবং ই) মাধ্যমে ঘটে। হেপাটাইটিস লিভারের কার্যক্ষমতা ধীরে ধীরে কমিয়ে দিতে শুরু করে। ভাইরাসগুলোর মধ্যে টাইপ-বি এবং সি মারাত্মক রূপ নেয় এবং লিভার সিরোসিস এবং ক্যান্সারের মতো মারাত্মক আকার ধারণ করে।

প্রোটোজোয়া

৫৬. Malaria রোগ নির্ণয়ে নিচের সব তথ্য সঠিক একটি বাদে? [২০২৩১৭]

(ক) PBF (খ) Detection of antibody
(গ) Detection of antigen (ঘ) RT-PCR **ঘ**

✔ **ব্যাখ্যা :** RT-PCR করোনাকালের বহুল পরিচিত একটি পরিভাষা। মূলত কোভিড-১৯ শনাক্তকরণের পরীক্ষা এটি। আরটি পিসিআর এর পূর্ণ রূপ হলো– রিভার্স ট্রান্সক্রিপশন পলিমারেজ চেইন রি-অ্যাকশন।

বিভিন্ন ধরনের রোগ

৬৫. নিচের কোনটি Non-communicable disease নয়? [২০২৩৬১]

(ক) ডায়াবেটিস (খ) হার্ট ডিজিস
(গ) Covid-19 (ঘ) উচ্চ রক্তচাপ **গ**

✔ **ব্যাখ্যা :** Covid-19 Non-communicable disease নয়, এটি Communicable disease. এছাড়াও Tuberculosis, Dengue, Hepatitis, Measles, AIDS ইত্যাদিও Communicable disease. আর Heart disease, stroke, cancer, diabetes, chronic lung disease, arthitis, Bell's plasy ইত্যাদি Non-communicable disease.

৭২. সবচেয়ে Common type of anaemia কোনটি? [২০২৩০৫]

(ক) Megaloblastic anaemia
(খ) Aplastic anaemia
(গ) Thalassemia
(ঘ) Iron deficiency anaemia **ঘ**

✔ **ব্যাখ্যা :** Iron deficiency anaemia বা আয়রনের অভাব জনিত অ্যানিমিয়া বা রক্তশূন্যতা হলো Common type of anaemia। শরীরে পর্যাপ্ত আয়রন না থাকলে এটি ঘটে।

৭৩. প্লেগ মহামারী/ব্ল্যাক ডেথ শুরু হয় কোথায়? [২০২২২২]

(ক) স্পেন (খ) ফ্রান্স
(গ) ইতালি (ঘ) রাশিয়া **গ**

২৭. Respiratory distress এর চিহ্ন ও লক্ষণ কোনটি? [২০২৪০১]

(ক) সায়ানোসিস (খ) জ্বর
(গ) রক্তক্ষরণ (ঘ) বমি **ক**

✔ **ব্যাখ্যা :** সায়ানোসিস হল একটি শারীরিক লক্ষণ যা ত্বক এবং শ্লেষ্মা ঝিল্লির নীলাভ বির্বণতা ঘটায়। রক্তে অক্সিজেনের অভাবের কারণে সায়ানোসিস হয়। তীব্র মায়ানোসিস শ্বাসরোধের ফলে হতে পারে। Respiratory distess এর লক্ষণগুলো হলো– শ্বাসকষ্ট, দ্রুত শ্বাস নেওয়া এবং ত্বকের রং নীলচে হয়ে যাওয়া।

৮০. নিচের কোন জীবাণুটি রক্তের মাধ্যমে ছড়ায়? [২০২৪০১]

(ক) Hepatitis C (খ) TB
(গ) Covid-19 (ঘ) Measles **ক**

✔ **ব্যাখ্যা :** HIV, হেপাটাইটিস-বি এবং হেপাটাইটিস-সি ইত্যাদি রোগের জীবাণু রক্তের মাধ্যমে ছড়ায়।

Phenom Publications

৩৩ উদ্ভিদ বৈচিত্র্য

অপুষ্পক উদ্ভিদ

৬৫. কোন উদ্ভিদকে জীবন্ত ফসিল বলা হয়? [২০২৩৫৪]

(ক) মস (খ) গর্জন
(গ) সাইকাস (ঘ) গামার **গ**

✔ **ব্যাখ্যা :** যে সব জীব সুদূর অতীতে উৎপত্তি লাভ করে আজও অঙ্গসংস্থানিক ও শারীরবৃত্তীয় কাজের অপরিবর্তিত রূপ নিয়ে পৃথিবীতে বেঁচে আছে অথচ এদের সমসাময়িক ও সমগোত্রীয় সকলেরই বহু পূর্বে বিলুপ্তি ঘটেছে এবং যারা পর্ব থেকে পর্বের বা শ্রেণি থেকে শ্রেণির উদ্ভবের নিদর্শন বহন করে চলেছে তাদেরকে জীবন্ত জীবাশ্ম বলে। যেমন– সাইকাস, রাজকাঁকড়া ইত্যাদি।

আবৃতবীজী উদ্ভিদ

৬৯. কোনটি ক্ষুদ্রতম জলজ উদ্ভিদ? [২০২৩৪২]

(ক) Wolffia arrhiza (খ) Azolla pinnat
(গ) Salvinia natans (ঘ) Pistia Stratiotes **ক**

✔ **ব্যাখ্যা :** গুঁড়ি পানা এর বৈজ্ঞানিক নাম Wolffia arrhiza. এটি পৃথিবীর ক্ষুদ্রতম সপুষ্পক আবৃতবীজী সংবাহী উদ্ভিদ। এটি জলজ উদ্ভিদ সমৃদ্ধ Araceae পরিবারভুক্ত প্রজাতিক সদস্য।

অন্যান্য

৬৭. নিচের কোনটি ছোট দিনের উদ্ভিদ? [২০২৩৫৪]

ⓚ পাট ⓛ মুলা
ⓜ গম ⓝ যব **ক**

✔ **ব্যাখ্যা : ছোট দিনের উদ্ভিদ :** শিম, আলু, ডালিয়া, সাজিনা, ইক্ষু, সয়াবিন, পাট, আম ইত্যাদি।
বড় দিনের উদ্ভিদ : আফিম, যব, মূলা, পালংশাক, লেটুস, ঝিঙা, গম, বীট, মটরশুটি ইত্যাদি।
দিন নিরপেক্ষ উদ্ভিদ : শসা, টমেটো, সূর্যমুখী, কার্পাস, আউস ধান ইত্যাদি।

৩৬ উদ্ভিদের শারীরবৃত্তীয় কার্যাবলি

অভিস্রবণ

৭৭. শুকনো কিসমিস পানিতে রাখলে ফুলে উঠে কোন প্রক্রিয়ায়? [২০২৩৮১]

ⓚ ব্যাপন ⓛ প্রস্বেদন
ⓜ অভিস্রবণ ⓝ ইমবাইবিপন **গ**

সালোকসংশ্লেষণ

৬৯. নিচের কোনটি রাসায়নিক পরিবর্তন? [২০২৩৮০; ২০২৪১০]

ⓚ গলন ⓛ বাষ্পীভবন
ⓜ প্রস্বেদন ⓝ সালোকসংশ্লেষণ **ঘ**

✔ **ব্যাখ্যা :** সালোক সংশ্লেষণ একটি রাসায়নিক পরিবর্তন এ প্রক্রিয়ায় CO_2 ও H_2O ক্লোরোফিল ও সূর্যালোকের উপস্থিতিতে বিক্রিয়া করে শর্করা, $C_6H_{12}O_6$, পানি ও O_2 গ্যাস উৎপন্ন করে। আলোক শক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়।

সার (Fertilizer)

৬৭. ইউরিয়া থেকে উদ্ভিদ কী খাদ্য উপাদান গ্রহণ করে? [২০২৩৮১]

ⓚ ফসফরাস ⓛ নাইট্রোজেন
ⓜ পটাসিয়াম ⓝ সালফার **খ**

✔ **ব্যাখ্যা :** ইউরিয়া সারে নাইট্রোজেনের পরিমাণ ৪৬%। ইউরিয়া সার নাইট্রোজেন সরবরাহ করে থাকে যা শিকড়ের বৃদ্ধি ও বিস্তারে সহায়তা করে।

৩৭ প্রাণী বৈচিত্র্য

৮. অক্টোপাসের রক্তের রং কী? [২০২৩৭৯]

ⓚ লাল ⓛ নীল
ⓜ সবুজ ⓝ কালো **খ**

✔ **ব্যাখ্যা :** অক্টোপাসের ৩টি হৃদপিণ্ড আছে। এদের মধ্যে ২টি মস্তিষ্কে রক্ত সরবরাহ করে আর বাকি একটি অক্টোপাসের সারা দেহে রক্ত সরবরাহ করে। হিমোসায়ানিন নামক রাসায়নিকের জন্য এদের রক্তের রং নীল।

৯০. নিচের কোনটি অ্যানেলিডা পর্বের প্রাণীর উদাহরণ? [২০২৩৭১]

ⓚ প্রজাপতি ⓛ কেঁচো
ⓜ চিংড়ি ⓝ আরশোলা **খ**

১৯. কোনটি স্তন্যপায়ী প্রাণী? [২০২৩৭২]

ⓚ ডলফিন ⓛ হাঙর
ⓜ ব্যাঙ ⓝ ঈগল **ক**

১২৪. দ্বিপদ নামকরণে দ্বিতীয় নামটি নির্দেশ করে– [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ প্রজাতি ⓛ বর্গ
ⓜ রাজ্য ⓝ শ্রেণি **ক**

✔ **ব্যাখ্যা :** কোনো জীবের বৈজ্ঞানিক নাম গণ ও প্রজাতি এই ২টি অংশ থাকে। আর এই ২ পদ বিশিষ্ট নামকরণকে দ্বিপদ নামকরণ বলে। দ্বিপদ নামকরণের ১ম অংশ গণ ও ২য় অংশটি প্রজাতি নির্দেশ করে। যেমন– *Homo sapiens* মানুষের বৈজ্ঞানিক নাম। এখানে *Homo* হলো গণ এবং *sapiens* হলো প্রজাতি।

৩৮ মানবদেহ

রক্ত ও রক্তের উপাদান

৭৭. বংশগত রোগ কোনটি? [২০২৩৬০]

ক) নিউমোনিয়া খ) হুপিং কাশি
গ) থ্যালাসেমিয়া ঘ) টাইফয়েড **গ**

৯৯. মানবদেহে রক্তে সোডিয়াম আয়নের নরমাল Value কত? [২০২৪০১]

ক) 120-130 m mol/L খ) 135-155 m mol/L
গ) 160-174 m mol/L ঘ) 135-145 m mol/L **ঘ**

৯০. রক্ত তরল রাখতে সাহায্য করে– [২০২৪০১]

ক) Inj Tranexemic acid
খ) Inj Heparin
গ) Inj Caprolysin
ঘ) Inj Cefuroxime **খ**

✔ **ব্যাখ্যা :** হেপারিন একটি অ্যান্টিকুয়া গুল্যান্ট যা রক্তের জমাট বাঁধা প্রতিরোধ করার জন্য ধমনীতে ইনজেকশন দেওয়া হয়। হেপারিন অস্ত্রোপচারের সময় পরে রক্ত জমাট বাঁধা প্রতিরোধ করতেও ব্যবহৃত হয়। রক্ত সঞ্চালনের সময় রেনাল ডায়ালাইসিস এটি সঞ্চালনের অ্যান্টিকোটিং প্রোটিনের পরিমাণ বাড়ায়। এইভাবে রক্ত অবাধে প্রবাহিত হতে দেয়।

১৮. রক্তনালীতে রক্ত জমাট না বাঁধার জন্য দায়ী কোনটি? [২০২৩৮০; ২০২৪০৯]

ক) হেপারিন খ) হিস্টোমিন
গ) হিমোগ্লোবিন ঘ) লিম্ফোসাইট **ক**

✔ **ব্যাখ্যা :** রক্তনালীতে রক্ত জমাট বাঁধা প্রতিরোধ করে হেপারিন। হেপারিন একটি অ্যান্টিকোয়াগুল্যান্ট যা রক্তের জমাট বাঁধা প্রতিরোধ করার জন্য ধমনীতে ইনজেকশন দেওয়া হয়। হেপারিনের কারণে আমাদের শরীরের ভিতরে রক্ত জমাট বাঁধতে পারে না তাই তরল অবস্থায় প্রবাহমান থাকে।

১৩. মানুষের দেহে সাধারণ ওজনের কত শতাংশ রক্ত থাকে? [২০২৩৬৩]

ক) ১০% খ) ৫%
গ) ৮% ঘ) ৭% **গ**

✔ **ব্যাখ্যা :** একজন পূর্ণবয়স্ক সুস্থ মানুষের দেহে প্রায় ৫-৬ লিটার রক্ত থাকে, যা মানুষের দেহের মোট ওজনের প্রায় ৮%।

৬৮. মানুষের দেহের রক্তরসে শতকরা কত ভাগ পানি থাকে? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় ধাপ) '২৪]

ক) ৯০ খ) ৮০
গ) ৭৫ ঘ) ৭০ **ক**

✔ **ব্যাখ্যা :** রক্তরস (Plasma) রক্তের তরল অংশ, এর রং ঈষৎ হলুদাভ। এর প্রায় ৯১-৯২% পানি এবং ৮-৯% অংশ জৈব ও অজৈব পদার্থ। তবে ৯ম-১০ম শ্রেণির বিজ্ঞান বইয়ের তথ্য অনুযায়ী রক্তরসে পানির পরিমাণ ৯০%।

২৭. মানুষের রক্তের লোহিত কণিকা কোথায় সঞ্চিত থাকে? [২০২৩৬৫]

ক) বৃক্ক খ) অস্থিমজ্জা
গ) প্লীহা ঘ) হৃৎপিণ্ড **গ**

✔ **ব্যাখ্যা :** লোহিত রক্ত কণিকার গড় আয়ু ১২০দিন। লাল অস্থিমজ্জায় লোহিত রক্ত কণিকা তৈরি হয়। লোহিত রক্ত কণিকা প্লীহাতে সঞ্চিত থাকে এবং তাৎক্ষণিক প্রয়োজনে প্লীহা থেকে লোহিত কণিকা রক্তরসে সরবরাহ হয়।

১৩. রক্তের কত শতাংশ প্লাজমা? [২০২৪০৭]

ক) ৪০% খ) ৫০%
গ) ৫৫% ঘ) ৬০% **গ**

৩৬. হাইপোগ্লাইসেমিয়া কীসের অভাবে হয়? [প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম ধাপ) '২৩]

ক) ক্যালসিয়াম খ) রক্তের গ্লুকোজ
গ) ভিটামিন-ই ঘ) ইনসুলিন **খ**

✔ **ব্যাখ্যা :** রক্তে গ্লুকোজের মাত্রা স্বাভাবিকের চেয়ে নিচে নেমে যাওয়াকে হাইপোগ্লাইসেমিয়া বলে। গ্লুকোজ হচ্ছে আমাদের জীবনী শক্তি বা ফুয়েল, যা প্রতিটি কোষে শক্তি সরবরাহ করে। ইনসুলিন গ্রহণের মাত্রা বা ওষুধের মাত্রা বেশি এবং খাবার কম হলে অর্থাৎ খাবার ও ওষুধের মধ্যে সমন্বয় না থাকলে রক্তে গ্লুকোজের মাত্রা কমে গিয়ে হাইপোগ্লাইসেমিয়া হয়ে থাকে।

৮৪. রক্তের হিমোগ্লোবিন গঠিত হয়– [২০২৩৭১]

ক) জিংক এবং প্রোটিনের সমন্বয়ে
খ) কপার এবং লিপিডের সমন্বয়ে
গ) ম্যাঙ্গানিজ ও প্রোটিনের সমন্বয়ে
ঘ) লৌহ এবং প্রোটিনের সমন্বয়ে **ঘ**

✔ **ব্যাখ্যা :** রক্তের হিমোগ্লোবিন গঠিত হয় লৌহ এবং প্রোটিনের সমন্বয়ে। রক্ত রসে লাল রঙের হিমোগ্লোবিন নামে লৌহ-ঘটিত প্রোটিন জাতীয় পদার্থ থাকায় রক্তের রং লাল হয়। হিমোগ্লোবিন অক্সিজেনের সাথে যুক্ত হয়ে অক্সিহিমোগ্লোবিন যৌগ গঠন করে অক্সিজেন পরিবহন করে।

১৭. মানুষের শরীরে রক্ত দেওয়ার ক্ষেত্রে কোন জীবাণুর জন্য Screening test করা হয়? [২০২৪০১]

ক) T.B খ) Malaria
গ) Hepatitis ঘ) Typhoid **গ**

✔ **ব্যাখ্যা :** মানুষের শরীরে রক্ত দেওয়ার ক্ষেত্রে প্রশ্নে বর্ণিত অপশনগুলোর মধ্যে Hepatitis এর জীবাণুর জন্য Screenig test করা হয়। মূলত রক্তদাতার রক্ত নেওয়ার পূর্বে রক্তে এইচ আইভি হেপাটাইটিস-বি, হেপাটাইটিস-সি, সিফিলিস এবং ম্যালেরিয়াল পরজীবীর উপস্থিতি ও পরীক্ষা

করা হয়। রক্তদানে উচ্চ রক্তচাপের ঝুঁকি কমে এবং রক্তের কোলেস্টেরলের মাত্রাও কমে যায়।

লোহিত রক্তকণিকা

১৪. রক্তের হিমোগ্লেবিন হলো একটি– [২০২৩৬৩]

ক চর্বি খ এন্টিজেন
গ প্লাটিলেট ঘ আমিষ **ঘ**

৬০. রক্তে হিমোগ্লোবিনের অভাবে মানবদেহে কোন জটিলতা সৃষ্টি হয়? [২০২৩৬১]

ক রাতকানা রোগ হয় খ রক্তাল্পতা দেখা দেয়
গ জয়েন্টে ব্যথা হয় ঘ ডায়রিয়া হয় **খ**

শ্বেত রক্তকণিকা

৩. দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে কোনটি? [২০২৩৩২]

ক লোহিত রক্ত কণিকা খ অনুচক্রিকা
গ হিমোগ্লোবিন ঘ শ্বেতরক্ত কণিকা **ঘ**

৬৩. TB (যক্ষ্মা) হলে নিচের কোন রক্তকণিকা বেড়ে যায়? [২০২৩৬১]

ক Neutrophil খ Basophil
গ Lymphocyte ঘ Eusinophil **ক**

✔ **ব্যাখ্যা :** নিউট্রোফিল হলো এক ধরনের শ্বেত রক্তকণিকা, নিউট্রোফিলগুলি সাধারণত তীব্র ব্যাকটেরিয়া সংক্রমণের সাথে যুক্ত এবং সংক্রমণের স্থানগুলিতে প্রতিরোধ ব্যবস্থার প্রথম প্রতিক্রিয়াকারী, যেখানে তারা ফ্যাগোসাইটোসিস এবং অ্যান্টিমাইক্রোবিয়াল প্রোটিন মুক্তির মতো প্রক্রিয়াগুলির মাধ্যমে রোগজীবাণু নির্মূল করতে সহায়তা করে। ফলে TB (যক্ষ্মা) হলে নিউট্রোফিল রক্ত কণিকা বেড়ে যায়।

৬৪. নিচের কোন পরীক্ষাটি TB রোগ নির্ণয়ের জন্য প্রযোজ্য নয়? [২০২৩৬১]

ক MT test খ Xene-xpert test
গ X-ray chest ঘ CRP **ঘ**

✔ **ব্যাখ্যা :** TB সনাক্ত করতে নিম্নের পরীক্ষাগুলো করা হয়।

- Tuberculin Skin Test (TST) or Mantox Test
- Interferon- Gamma Release Assays (IGR As)
- Chest X-ray
- Sputum Smear Microscopy
- X-ene-Xpert MTB/ RIF Assay.
- Bronchoscopy and Bronchoalveolar Lavage (BAL)
- Molecular Tests (Nucleric Acid Amplification Tests).

অণুচক্রিকা

৬৬. ডেঙ্গু হলে রক্তের কোন উপাদানটি পরিবর্তন হয় সবচেয়ে বেশি? [২০২৩৬১]

ক Platelet খ Neutrophil
গ Lymphocyte ঘ Basophil **ক**

✔ **ব্যাখ্যা :** ডেঙ্গু সংক্রমণের সময়, একটি উল্লেখযোগ্য চিকিৎসা উদ্বেগের মধ্যে একটি হল প্লেটলেট সংখ্যা হ্রাস, একটি অবস্থা যা থ্রম্বোসাইটোপোনিয়া নামে পরিচিত। প্লেটলেট হলো রক্তের কোষ যা রক্ত জমাট বাঁধতে সাহায্য করে এবং অতিরিক্ত রক্তপাত প্রতিরোধ করে। ডেঙ্গু জ্বরের ভাইরাসটি প্লেটলেটের মাত্রা হ্রাসের কারণ হতে পারে, যা সহজে ক্ষত, মাড়ি থেকে রক্তপাত, নাক থেকে রক্তপাত এবং গুরুতর ক্ষেত্রে এমনকি অভ্যন্তরীণ রক্তপাতের মতো লক্ষণগুলির কারণ হতে পারে।

১১৭. এন্টিবডি তৈরি করে নিচের কোনটি? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক Red blood corpuscle খ Thrombocyte
গ B Lymphocyte ঘ Monocyte **গ**

✔ **ব্যাখ্যা :** B Lymphocyte এন্টিবডি তৈরি করে।

শ্বেতরক্ত কণিকাকে প্রধানত ২ ভাগে ভাগ করা যায়। যথা–
১. অ্যাগ্রানুলোসাইট ও ২. গ্রানুলোসাইট।

আগ্রানুলোসাইট শ্বেত কণিকা : এরা দুই রকমের। যথা–
১. লিম্ফোসাইট ও ২. মনোসাইট।

দেহের লিম্ফলোড, টনসিল, প্লীহা ইত্যাদি অংশে এরা তৈরি হয়। লিম্ফোসাইটগুলো বড় নিউক্লিয়াসযুক্ত ছোট কণিকা। মনোসাইট ছোট, ডিম্বাকার ও বৃক্কাকার নিউক্লিয়াসবিশিষ্ট বড় কণিকা। লিম্ফোসাইট এন্টিবডি গঠন করে এবং এই এন্টিবডির দ্বারা দেহে প্রবেশ করা রোগ-জীবাণু ধ্বংস কমে, B-লিম্ফোসাইট (B-Lymphocyte) কোষ অ্যান্টিবডির মাধ্যমে রস নির্ভর প্রতিরক্ষা সৃষ্টি করে। মনোসাইট ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় রোগ-জীবাণুকে ধ্বংস করে।

রক্তের গ্রুপ

৯৪. রক্তের গ্রুপ সম্পর্কিত নীচের কোনটি সঠিক তথ্য নয়? [২০২৩১৭]

ক A group has A antigen
খ O group has AB antigen
গ B group has B antigen
ঘ Rh group has Rh antigen **খ**

✔ **ব্যাখ্যা :**

গ্রুপ–A → রক্তে অ্যান্টিজেন A আছে এবং সিরামে A অ্যান্টিজেনের অ্যান্টিবডি নেই। B অ্যান্টিজেনের অ্যান্টিবডি আছে।

গ্রুপ–B → রক্তে অ্যান্টিজেন B এবং সিরামে B অ্যান্টিজেনের অ্যান্টিবডি নেই, শুধু A অ্যান্টিজেনের অ্যান্টিবডি আছে।

গ্রুপ–AB → রক্তে অ্যান্টিজেন A এবং B দুটোই আছে। সিরামে A কিংবা B কারো অ্যান্টিবডি নেই, থাকা সম্ভব নয়।

গ্রুপ–O → রক্তে A কিংবা B কোনো অ্যান্টিজেন নেই। সিরামে A এবং B দুটো অ্যান্টিজেনেরই অ্যান্টিবডি আছে।

২৫. কোন রক্তের গ্রুপকে সার্বজনীন রক্ত দাতা বলা হয়? [২০২৩৩৫]
ক AB গ্রুপ খ B গ্রুপ
গ A গ্রুপ ঘ O গ্রুপ **ঘ**

হৃদপিণ্ড

৮. হৃদপিন্ডের প্রকোষ্ঠের প্রসারণকে বলা হয়– [২০২৩৩২]
ক সিস্টোল খ ডায়াস্টোল
গ পালস ঘ কোনটিই নয় **খ**

রক্ত বাহিকা

৭০. রক্তশূন্যতা হলে কোনটি চুপসে যায়? [২০২৩৫৪; ২০২৩৪৯]
ক ধমনী খ শিরা
গ লিগামেন্ট ঘ জালিকা **খ**

✔ **ব্যাখ্যা :** রক্তে হিমোগ্লোবিনের ঘনত্ব স্বাভাবিকের তুলনায় কমে যাওয়াই রক্তশূন্যতার প্রধান কারণ। খাদ্যের উপাদান ভিটামিন বি ১২ এর অভাবে এ রোগ দেখা যায়। বাংলাদেশে সাধারণত লৌহ ঘটিত আমিষের অভাবে এ রোগ দেখা যায়। শিশুদের এবং গর্ভধারণ ক্ষমতা সম্পন্ন মহিলাদের এ রোগ বেশি সংঘটিত হয়।

৮৮. রক্তে অক্সিজেনের মাত্রা পরিমাপক যন্ত্রের নাম কী? [২০২৩১৭]
ক হাইড্রোমিটার খ ওডোমিটার
গ পালস্ অক্সিমিটার ঘ পালস ম্যানোমিটার **গ**

✔ **ব্যাখ্যা :** পালস অক্সিমিটার ব্যবহার করে রোগীর অক্সিজেনের মাত্রা পরিমাপ করা যায়। রোগীর হাতের আঙুল, পায়ের আঙুল কানের লতিতে পালস অক্সিমিটার রেখে অক্সিজেনের মাত্রা পরিমাপ করা যেতে পারে।

৮২. Normal FHR (Fetal Heart Rate) কত? [২০২৩৬১]
ক ১০০-১৫০/minute খ ১৬০-১৮০/minute
গ ১২০-১৬০/minute ঘ ১২০-১৪০/minute **গ**

৮৩. Hypovolemic এ Shock Pulse Rate — [২০২৪০১]
ক বেড়ে যায় খ কমে যায়
গ অপরিবর্তিত থাকে ঘ পাওয়া যায় না **খ**

✔ **ব্যাখ্যা :** Hypovolemic Shock এ Pulse Rate কমে যায়। Hypovolemic shock একটি সংকটজনক অবস্থা যার ফলে গুরুতর রক্ত বা অন্যান্য তরল ক্ষয় হৃদপিন্ডকে শরীরে পর্যাপ্ত রক্ত পাম্প করতে অক্ষম করে তোলে। এই ধরনের shock দেহের অনেক অঙ্গের কাজ বন্ধ করে দিতে পারে।

১৩. একটি সিস্টোল ও একটি ডায়াস্টোলের সমন্বয়ে একটি হৃদস্পন্দন সম্পন্ন করতে সময় লাগে– [২০২৪১০]
ক ০.৫ সেকেন্ড খ ০.৮ সেকেন্ড
গ ০.২ সেকেন্ড ঘ ০.৪ সেকেন্ড **খ**

✔ **ব্যাখ্যা :** আমাদের স্বাভাবিক হৃদস্পন্দন হার প্রতি মিনিটে 72 বার। তাই একটি সিস্টোল ও একটি জায়াস্টোলের সমন্বয়ে একটি হৃদস্পন্দন সম্পন্ন করতে ০.৮ সেকেন্ড সময় লাগে।

হৃদরোগ

৭৮. শরীরের জন্য ক্ষতিকর কোনটি? [২০২৩৬০]
ক LDL খ HDL
গ FDL ঘ CO_2 **ক**

৯৬. কোনটি Congenital heart disease নয়? [২০২৪০১]
ক Artial septal defect
খ Myocardial infection
গ Pulmonary stenosis
ঘ Ventricular septal defect **খ**

✔ **ব্যাখ্যা :** মায়োকার্ডিয়াল ইনফেকশন হচ্ছে হার্টের কোনো অংশে দীর্ঘদিন ধরে O_2 সমৃদ্ধ রক্ত সরবরাহের অভাব হলে পেশি অকেজো হয়ে যাওয়া যা হার্ট অ্যাটাক নামে পরিচিত। এটি Congenital heart disease নয়। Congenital heart disease হলো জন্মগত হৃদযোগ যা জন্মের সময় উপস্থিত হার্টের গঠনের সাথে এক বা একাধিক সমস্যাকে বোঝায়।

স্নায়ুতন্ত্র

৮৩. নিচের কোনটি shock এর feature নয়? [২০২৩৬১]
ক Feeble pulse খ Hypotension
গ Decrease pulse rate
ঘ Decreased temperature **গ**

✔ **ব্যাখ্যা :** শকের লক্ষণ :
১. শেষ পর্যন্ত নিম্ন রক্তচাপ।
২. ঠাণ্ডা ঘাম।
৩. অস্থিরতা বাড়বে ও ধীরে ধীরে জ্ঞান হারাবে।
৪. শ্বাস কষ্ট
৫. কেন্দ্রীয় শিরার চাপ কমবে।
৬. রক্তচাপ কমতে থাকবে। লো ব্লাড প্রেশার বা নিম্ন রক্তচাপকে বলা হয় হাইপোটেশন।
৭. প্রসাব কমতে থাকবে।
৮. পালস বাড়তে থাকবে।
৯. পায়ুপথে তাপমাত্রা বাড়বে।
১০. হাত-পা ঠাণ্ডা ও ফ্যাকাশে হবে।
১১. হাত-পায়ের শিরা দেখা যাবে না ইত্যাদি।

১৫. স্পাইনাল নার্ভ কয় জোড়া? [২০২৩৬৩]
ক ৩০ জোড়া খ ৩১ জোড়া
গ ৩২ জোড়া ঘ ৩৩ জোড়া **খ**

পৌষ্টিকতন্ত্র

৪২. বিলিরুবিন তৈরি হয় কোনটি থেকে? [২০২৪২৩]
ক লোহিত রক্তকণিকা খ শ্বেত রক্তকণিকা
গ অনুচক্রিকা ঘ এনজাইম **ক**

✔ **ব্যাখ্যা :**
১. যখন এরিথ্রোসাইট (লোহিত রক্তকণিকা) পুরানো হয় (>১২০ দিন) বা ক্ষতিগ্রস্থ হয়, তখন প্লীহা এবং অস্থি

মজ্জাতে অবস্থিত ম্যাক্রোদেজ (ফ্যাগোসাইট) নামে পরিচিত কোষগুলি এই পুরানো এরিথ্রোসাইট গুলিকে ভক্ষণ করবে এবং তাদের অবক্ষয় করবে।

২. ক্ষয়প্রাপ্ত হলে, এই এরিথ্রোসাইটগুলি তাদের হিমোগ্লোবিন অণুকে ছেড়ে দেয়।

৩. হিমোগ্লোবিন অণুগুলি তখন ২টি প্রধান উপাদানে বিভক্ত হবে– হেম এবং গ্লোবিন।

৪. গ্লোবিন মূলত প্রোটিন তাই, এটি অ্যামিনো এসিডে ভেঙ্গে যাবে যা রক্তে পুনরায় প্রবেশ করে এবং আবার এরিথ্রোপয়োসির জন্য পুনরায় ব্যবহার করা হয়।

৫. অন্যদিকে, হেম ২ ভাগে বিভক্ত : প্রোটোপোরফাইরিন এবং আয়রণ প্রোটোফাইরিন তারপর unconjugated বিলিরুবিনে রূপান্তরিত হয়।

৬. এই unconjugated বিলিরুবিন লিপিডে দ্রবণীয়। তাই যখন এটি সঞ্চালন হয়, এটি চারপাশে বহন করার জন্য একটি প্রোটিন প্রয়োজন, এই প্রোটিন হলো অ্যালবুমিন। যা আরও বিপাকের জন্য unconjugated বিলিরুবিনকে যকৃতে বহন করে।

৭. লিভারে কুফফার কোষ নামে ম্যাক্রোফেজ রয়েছে। এই কুফার কোষগুলি লোহিত রক্তকণিকাগুলোকে হেম এবং গ্লোবিনে ভেঙ্গে দেয়। যেখানে হেম আবার লোহা এবং unconjugated বিলিরুবিনে ভেঙে যায়।

সুতরাং unconjugated বিলিরুবিন প্লীহা এবং অস্থি মজ্জার পাশাপাশি যকৃতে উৎপন্ন হয়।

১. যকৃতে একটি বিক্রিয়া হবে যা সঞ্চালিত হবে conjugated বিক্রিয়া হিসেবে।

২. গ্লুকোরোনিক অ্যাসিড যোগ করার সাথে এই বিশেষ বিক্রিয়ার মাধ্যমে unconjugated বিলিরুবিন conjugated বিলিরুবিনে রূপান্তরিত হবে।

৩. যে এনজাইমটি সংযোজন বিক্রিয়ায় সাহায্য করে তা হলো ইউরিডিন গ্লুকোরোনিল ট্রান্সফারেজ।

৪. conjugated বিলিরুবিন যে উৎপাদিত হয় তা পানিতে দ্রবণীয়।

Note : Unconjugated বিলিরুবিন প্লীহা, অস্থিমজ্জায় উৎপাদিত হয় এবং এর কিছু অংশ যকৃতে উৎপাদিত হয়। আর conjugated বিলিরুবিন যকৃতে উৎপাদিত হয় এবং যকৃত দ্বারা পিত্তে নির্গত হয়।

তাই বলা যায় বিলিরুবিন তৈরি হয় যকৃতে ও অস্থিমজ্জায় এবং জমা হয় প্লীহাতে।

তবে, প্রাণিবিজ্ঞান, এইচএসসি প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের তথ্যমতে, যকৃতের মধ্যে অবস্থিত প্লীহা বিলিরুবিন উৎপন্ন হওয়ার প্রধান স্থান হিসেবে স্বীকৃত যা কনজুগেশনের মাধ্যমে যকৃতে পৌছায়।

পুষ্টি ও পরিপাক

৬. পনির তৈরিতে ব্যবহৃত এনজাইমের নাম- [২০২৩৫২]

ক) পেপেইন খ) রেনিন
গ) ক্যাটালেজ ঘ) পেকটিন **খ**

✔ **ব্যাখ্যা :** পনির তৈরিতে ব্যবহৃত এনজাইমের নাম– রেনিন। রেনিন দুধের ননীকে জমাট বাঁধতে সহায়তা করে এবং পরে ননী থেকে পনির তৈরি করা হয়।

১৬. জারক রস বলতে কি বোঝায়? [২০২৩৬৩]

ক) অম্ল খ) প্রোটিন
গ) অনুঘটক ঘ) নিউক্লিয় প্রোটিন **গ**

✔ **ব্যাখ্যা :** পাকস্থলীতে বিদ্যমান যে সকল তরল বা রস গৃহীত খাদ্য বস্তুকে পাচিত করতে সহায়তা করে তাদেরকে জারক রস বলে। এনজাইম বা অনুঘটক বা উৎসেচক হলো জারক রস। পেপসিন, লাইপের অ্যামাইলেজ, প্রোটিদের ইত্যাদি হলো জারক রস বা অণুঘটক।

গ্রন্থি

৭৯. কোনটি শরীরের ভেতর স্বাভাবিক শারীরিক প্রাক্রিয়ায় তৈরি হয়? [২০২৩৬০]

ক) ঈস্ট্রজেন খ) ইনসুলিন
গ) টেস্টস্টেরন ঘ) হরমোন **ঘ**

✔ **ব্যাখ্যা :** মানুষসহ বিভিন্ন প্রাণীদেহে এক ধরনের নালিবিহীন গ্রন্থি থাকে। এ সব গ্রন্থি থেকে নিঃসৃত রস সরাসরি রক্তের মাধ্যমে প্রবাহিত হয়ে দেহের বিভিন্ন শারীর বৃত্তীয় কাজ নিয়ন্ত্রণ করে। এ ধরনের রসকে হরমোন বলে। মানবদেহের কয়েকটি নালিবিহীন গ্রন্থি : পিটুইটারি গ্রন্থি, থাইরয়েড গ্রন্থি, প্যারাথাইরয়েড গ্রন্থি, থাইমাস গ্রন্থি, এডরেনাল গ্রন্থি, আইলেটস অব ল্যাঙ্গারহ্যানস, গোনাড বা জনন গ্রন্থি।

আইলেটস অব ল্যাঙ্গারহ্যানস হতে ইনসুলিন, গ্লুকাগন প্রভৃতি হরমোন নিঃসৃত হয়। গোনাড বা জনন অঙ্গ গ্রন্থি হতে পরিণত বয়সের পুরুষের টেস্টোস্টেরন ও স্ত্রী দেহে ইস্ট্রোজেন হরমোন নিঃসৃত হয়।

হরমোন

২৫. গ্রন্থির রাজা কোনটি? [২০২৪০১]

ক) Hypothalamus খ) Pituitary gland
গ) Thyroid gland ঘ) Adrenal gland **খ**

✔ **ব্যাখ্যা :** অগ্রমস্তিষ্কে অবস্থিত দেখতে অনেকটা মটর দানার মত সকল গ্রন্থি নিয়ন্ত্রণকারী একটি ক্ষুদ্র গ্রন্থি অবস্থিত একে পিটুইটারি গ্রন্থি বলে। পিটুইটারি গ্রন্থি প্রাণিদেহের সবচেয়ে গুরুত্বপূর্ণ অনালগ্রন্থি। এ গ্রন্থি নিঃসৃত হরমোনগুলো দেহের অন্যান্য অনাল গ্রন্থির ক্ষরণ ও কার্যকারীতাকে নিয়ন্ত্রণ করে। এজন্য পিটুইটারি গ্রন্থিকে গ্রন্থিরাজ (Master Gland) বলা হয়।

গর্ভবতী মায়ের পরিচর্যা

৭৪. Hepatitis-B Virus এর জন্য নিচের কোন কোন পরীক্ষাটি করা হয়? [২০২৩৬১]

ক HbsAg খ Anti-HbsAg
গ Anti-HCV ঘ উপরের কোনোটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** হেপাটাইটিস বি সারফেস অ্যান্টিজেন (HBsAg) হল একটি প্রোটিন যা হেপাটাইটিস বি বাইরাসের (HBV) পৃষ্ঠে পাওয়া যায়। HBsAg-এর পরীক্ষা হল হেপাটাইটিস বি সংক্রমণের জন্য একটি সাধারণ ডায়াগনিস্টিক টুল। HBsAg-এর পরীক্ষা হেপাটাইটিস বি সংক্রমণ নির্ণয়ের একটি মৌলিক অংশ। এটি একটি সাধারণ রক্ত পরীক্ষার মাধ্যমে করা যেতে পারে।

৭০. WHO Schedule অনুযায়ী Antenatal Check Up শুরু হয় কত সপ্তাহ থেকে? [২০২৪০১]

ক 12 খ 14
গ 16 ঘ 18 **ক**

✔ **ব্যাখ্যা :** Who গর্ভবতী মহিলাদের প্রথম ১২ সপ্তাহের গর্ভাবস্থায় তাদের প্রথম যোগাযোগ করার পরামর্শ দেয়। পরবর্তী যোগাযোগ গুলি ২০, ২৬, ৩০, ৩৪, ৩৬, ৩৮ এবং ৪০ সপ্তাহের গর্ভাবস্থায় ঘটে। সুতরাং গর্ভবতী মহিলাদের ১২ সপ্তাহ থেকে ৪০ সপ্তাহ পর্যন্ত মোট ৮ বার Antenatal check UP করাতে হয়।

৬৭. Antenatal checkup (প্রসব পূর্ববর্তী) কয়টি (According to WHO)? [২০২৩৬১]

ক ৬ খ ৪
গ ৮ ঘ ৫ **গ**

৬৯. গর্ভবতী মায়ের খিচুনী হলে নিচের কোন medicine দিবেন? [২০২৩৬১]

ক Inj-$MagSO_4$ খ Inj-Phenytonin
গ Inj-Diazepam ঘ Inj-Ceftrioxene **ক**

✔ **ব্যাখ্যা :** সংক্ষেপে "Inj-$MagSO_4$" ম্যাগনেসিয়াম সালফেট নামে পরিচিত একটি ইনজেকশনযোগ্য ওষুধকে বোঝায়। ম্যাগনেসিয়াম সালফেট বিভিন্ন থেরাপিউটিক উদ্দেশ্যে ওষুধের ক্ষেত্রে সাধারণত, ব্যবহৃত ওষুধ। এটি একলাম্পসিয়া বা ব্যক্তিদের নির্দিষ্ট ধরনের খিঁচনি নিয়ন্ত্রণ করতে ব্যবহার করা যেতে পারে। ম্যাগনেসিয়াম সালফেট গর্ভবর্তীদের দেওয়া হয় যাদের প্রিক্ল্যাম্পসিয়া (উচ্চ রক্তচাপ এবং অন্যান্য উপসর্গ দ্বারা চিহ্নিত একটি অবস্থা)। বা এক্লাম্পসিয়া (যাতে প্রিক্ল্যাম্পসিয়ার লক্ষণ ছাড়াও খিচুঁনি অন্তর্ভুক্ত) হওয়ার ঝুঁকি রয়েছে।

অস্থি

৯৩. মানবদেহে সবচেয়ে বড় হাড় কোনটি?

ক Fibula খ Tibia
গ Femur ঘ Humerus **গ**

৮৫. মানবদেহের সবচেয়ে বড় অস্থি কোনটি? [২০২৩৬১]

ক ফিমার (Femour) খ টিবিয়া (Tibia)
গ Humerus ঘ Ulna **ক**

২৬. Noenate কাকে বলে? [২০২৪০১]

ক ০-১ মাস খ ১ মাস-৫ বছর
গ ০-১ বছর ঘ ১ থেকে ৫ বছর **ক**

পঞ্চইন্দ্রিয়

৭৩. রোগীর জন্ডিস শরীরের কোন স্থানে ভালোভাবে ফুটে ওঠে? [২০২৩৬১]

ক হাতের তালু খ চোখের sclera
গ চোখের Conjunctiva ঘ জিহ্বার তলদেশ **গ**

✔ **ব্যাখ্যা :** জন্ডিস হল এমন একটি অবস্থা যা শরীরে অতিরিক্ত বিলিরুবিন জমার কারণে ত্বক, চোখ এবং শ্লেষ্মা ঝিল্লি হলুদ হয়ে যায়। জন্ডিসের উপস্থিতি লিভার, গলব্লাডার বা লোহিত রক্ত কণিকায় ভাঙনের সাথে একটি অন্তর্নিহিত সমস্যা নির্দেশ করে। ত্বক এবং চোখ হলুদ হয়ে যায়। বিশেস করে চোখের Conjunctive তে ভালোভাবে ফুটে ওঠে।

৪২. স্বাভাবিক বয়স্ক লোকের চোখে স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দূরত্ব কত? [২০২৪১০]

ক 25 সে.মি. খ 50 সে.মি.
গ 10 সে.মি. ঘ 5 সে.মি. **ক**

✔ **ব্যাখ্যা :** চোখের সবচেয়ে কাছের যে বিন্দু পর্যন্ত লক্ষ্যবস্তুকে খালি চোখে স্পষ্ট দেখা যায়, তাকে স্পষ্ট দৃষ্টির নিকট বিন্দু বলে এবং চোখ থেকে ঐ বিন্দুর দুরত্বকে স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দূরত্ব ধরে নেওয়া হয়। এই দূরত্ব মানুষের বয়সের সঙ্গে সঙ্গে পরিবর্তিত হয়। একজন শিশুর এই দূরত্ব ৫ সেন্টিমিটারের কাছাকাছি এবং একজন স্বাভাবিক বয়স্ক লোকের এই দূরত্ব ২৫ সেন্টিমিটার বা ২৫০ মিলিমিটার পর্যন্ত হতে পারে।

রোগ প্রতিরোধ ব্যবস্থা

১৯. ইপিআই কর্মসূচির মাধ্যমে প্রতিরোধ যোগ্য রোগের সংখ্যা– [২০২৩৫৩]

ক ৭টি খ ৮টি
গ ৯টি ঘ ১০টি **ঘ**

চিকিৎসা বিজ্ঞান

৭২. Magsulph দেওয়ার আগে নিচের কোন জিনিস দেখে নেওয়া সবচেয়ে জরুরি? [২০২৩৬১]

ক Urine output খ Temperature
গ Blood pressure ঘ Pulse **ক**

✔ **ব্যাখ্যা :** ম্যাগনেসিয়াম সালফেট (ম্যাগনাল্ফ) দেওয়ার আগে রোগীর Urine Output দেখে নেওয়া জরুরি। রোগীর রেনাল (কিডনি) ফাংশন এবং ইলেক্ট্রোলাইটের মাত্রা নির্ধারণ করতে হবে, কারণ ম্যাগনেশিয়াম প্রাথমিকভাবে কিডনি দ্বারা নির্গত হয়।

৯৫. মাতৃমৃত্যু হারের প্রধান কারণ– [২০২৪০১]

ক Obstructed labour খ Eclampsia
গ Abortion ঘ PPH **খ**

✔ **ব্যাখ্যা :** Eclampsia হলো প্রি-এক্লাম্পাসিয়ায় আক্রান্ত মহিলার খিঁচুনি। প্রি-এক্লাম্পাসিয়া হলো গর্ভাবস্থার একটি হাইপারটেনসিভ ডিসঅর্ডার যা তিনটি প্রধান বৈশিষ্ট্য নিয়ে উপস্থাপন করে। উচ্চ রক্তচাপের নতুন সূত্রপাত, প্রস্রাবে প্রচুর পরিমাণে প্রোটিন বা অন্যান্য অঙ্গের কর্মহীনতা এবং শোথ। গর্ভকালীন সময়ে Eclampsia বা খিঁচুনি মাতৃমৃত্যু হারের প্রধান কারণ।

৩০. Emergency Contraceptive Pill কোনটি? [২০২৪০১]

ক OCD খ IUCD
গ Inj DMPA ঘ Implant **খ**

৫০. প্রাথমিক চিকিৎসা বলতে কী বোঝায়? [২০২৩৮৪]

ক রোগীকে তাৎক্ষণিক চিকিৎসা দেওয়া
খ রোগীকে সুস্থ করে তোলা
গ রোগীকে পরামর্শ দেওয়া
ঘ রোগীকে হাসপাতালে নেওয়া **ক**

✔ **ব্যাখ্যা :** প্রাথমিক চিকিৎসা বা ফাস্ট এইড কোনো ব্যক্তির শারীরিক অক্ষমতা, ক্ষতিগ্রস্থতা বা আঘাত প্রাপ্তির প্রেক্ষাপটে সাধারণ জ্ঞানের উপর নির্ভর করে তাৎক্ষণিক অস্থায়ী চিকিৎসা বিশেষ। ফাস্ট এইডের মূল উদ্দেশ্য হলো তাৎক্ষণিক ব্যবস্থার মাধ্যমে অনাকাঙ্ক্ষিত মৃত্যু কমিয়ে আনা। এ লক্ষ্যকে সামনে রেখে প্রতিবছর সেপ্টেম্বরের দ্বিতীয় শনিবার পালিত হয় বিশ্ব প্রাথমিক চিকিৎসা দিবস বা ওয়ার্ল্ড ফাস্ট এইড ডে।

চিকিৎসা পরিভাষা

৮৬. কিডনি রোগের চিকিৎসা যে ডাক্তার তাকে কী বলা হয়? [২০২৩৬১]

ক Cardiologist খ Nephrologist
গ Neurologist ঘ Pathologist **খ**

শিশুর পরিচর্যা

ক ৬ মাস খ ১২ মাস
গ ৪ মাস ঘ ১৮ মাস **ক**

১৯. শিশুদের শারীরিক শিক্ষার কর্মসূচী নির্ধারণের সময় কী বিষয়গুলো বিবেচনা করতে হয়? [২০২৩৮৪]

ক শিশুর ওজন খ শিশুর শারীরিক সামর্থ্য
গ শিশুর মানসিক দক্ষতা ঘ বাবা-মায়ের আগ্রহ **খ**

৫৫. শিক্ষার্থীর সর্বাঙ্গীন বিকাশের জন্য প্রয়োজন হয়– [২০২৩৮৪]

ক ব্যায়াম খ শারীরিক ও মানসিক শিক্ষা
গ গতিবিদ্যা ঘ জীববিদ্যা **খ**

অন্যান্য

৮৬. শরীরে অতিরিক্ত মেদ জমা হয়– [২০২৪০১]

ক এডিপোস টিস্যু খ এক্রোসোম
গ কানেকটিভ টিস্যু ঘ বোন ম্যারো **ক**

✔ **ব্যাখ্যা :** শরীরে অতিরিক্ত মেদ জমা হয় অ্যাডিপোজ টিস্যুতে। অ্যাডিপোজ টিস্যু (শরীরের চর্বি বা সহজভাবে চর্বি হিসাবেও পরিচিত) হলো একটি আলগা সংযোগকারী টিস্যু যা বেশিরভাগই অ্যাডিপোসাইট দ্বারা গঠিত। অ্যাডিপোজ টিস্যুতে সঞ্চিত চর্বি খাদ্যের থেকে আসে যা শরীরে উৎপাদিত হয়।

৪৭. কীভাবে ব্যক্তিসত্তার সর্বোচ্চ ও সুষম বিকাশ সাধন হয়? [২০২৩৮৪]

ক পরিমিত খেলাধুলা ও অনুরূপ ক্রিয়ার মাধ্যমে
খ জ্ঞান অর্জনের মাধ্যমে
গ কঠোর পরিশ্রমের মাধ্যমে
ঘ পড়াশোনার মাধ্যমে **ক**

৮১. নিচের কোনটি Endocrine gland নয়? [২০২৩৬১]

ক Pituitary খ Liver
গ Thyroid ঘ Adrenal **খ**

✔ **ব্যাখ্যা :** অন্তঃক্ষরা তন্ত্রের প্রধান গ্রন্থিগুলির নাম : পিনিয়াল গ্রন্থি, পিটুইটারি গ্রন্থি, অগ্ন্যাশয়, ডিম্বাশয়, শুক্রাশয়, থাইরয়েড, প্যারাথাইরয়েড গ্রন্থি হাইপোথ্যালামাসা এবং অ্যাড্রিনাল গ্রন্থি।

৩৯ খাদ্য ও পুষ্টি

খাদ্য

৪৬. কোন খাদ্য উপাদান থেকে শরীরে বেশি শক্তি উৎপন্ন হয়? [২০২৪২৩]

ক শর্করা খ আমিষ
গ ভিটামিন ঘ চর্বি **ক**

✔ **ব্যাখ্যা :** খাদ্য উপাদান : খাদ্য অনেকগুলো রাসায়নিক বস্তুর সমন্বয়ে গঠিত, এই রাসায়নিক বস্তু গুলোকে খাদ্য উপাদান বলে। এই উপাদান গুলোর মধ্যে পুষ্টি থাকে তাই এগুলোকে পুষ্টি উপাদানও বলে। উপাদান যথা :

১. **আমিষ :** আমিষ দেহের বৃদ্ধি সাধন ও ক্ষয়পূরণ করে।
২. **শর্করা :** শর্করা দেহে শক্তি উৎপাদনে সহায়তা করে।
৩. **চর্বি :** স্নেহ বা চর্বি জাতীয় খাদ্য দেহে তাপ ও শক্তি উৎপাদন করে। শর্করা জাতীয় খাদ্য উপাদান হতে দেহে বেশি শক্তি উৎপন্ন হয়।

২৭. দেহের অভ্যন্তরীণ প্রক্রিয়াগুলো সুষ্ঠুভাবে কাজ করতে কোন বিষয়টির প্রয়োজন? [২০২৩৮৪]

ক শারীরিক বৃদ্ধি খ শারীরিক সুস্থতা
গ নিয়মিত ব্যায়াম ঘ লেখাপড়া **খ**

আমিষ

১১৮. অত্যাবশ্যকীয় অ্যামাইনো এসিড কোনটি? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক গ্লাইসিন (Glycine) খ সেরিন (Serine)
গ সিস্টিন (Cistine) ঘ ভ্যালিন (Valine) **ঘ**

১৪. খাদ্যশক্তি কীসের মাধ্যমে পরিমাপ করা হয়? [প্র. নি. প্র. (প্রভাষক) (কলেজ) '২৪]

ক জুল খ কিলো জুল
গ ক্যালোরি ঘ কিলো ক্যালোরি **ঘ**

✔ **ব্যাখ্যা :** ১ গ্রাম পানির তাপমাত্রা ১° সেলসিয়াস বাড়াতে প্রয়োজনীয় তাপ হচ্ছে ১ ক্যালরি। ১০০০ ক্যালরি = ১ কিলোক্যালরি। খাদ্যের তাপশক্তি মাপার একক হলো কিলোক্যালরি।

৬০. দুগ্ধদানকারী মায়ের জন্য কোন মিনারেল অত্যন্ত জরুরী? [২০২৩৮০]

ক জিংক খ আয়োডিন
গ ক্যালসিয়াম ঘ আয়রন **গ**

✔ **ব্যাখ্যা :** দুগ্ধ দানকারী মায়ের জন্য সবচেয়ে জরুরী মিনারেল হলো ক্যালসিয়াম। দুগ্ধদানকারী মায়েরা দুধ উপাদনের জন্য বেশি পরিমাণে ক্যালসিয়াম লাগে। ক্যালসিয়াম শিশু ও দুগ্ধদানকারী মায়ের হাঁড়, দাঁত ও মাংসেপেশির জন্য জরুরি। জিংক, আয়োডিন ও আয়রণ ও গুরুত্বপূর্ণ মিনারেল কিন্তু ক্যালসিয়ামের চাহিদা সবচেয়ে বেশি।

স্নেহপদার্থ

৬৩. মানবদেহে তাপ ও শক্তি উৎপাদন করে কোনটি? [২০২৩৮০]

ক ভিটামিন খ পানি
গ স্নেহপদার্থ ঘ খনিজ লবণ **গ**

ভিটামিন

১০. পানিতে দ্রবণীয় ভিটামিন হলো– [২০২৪০১; ২০২৩৬১]

ক Vit-A খ Vit-E
গ Vit-B ঘ Vit-D **গ**

২৯. কোন ভিটামিনের অভাবে চর্মরোগ হয়? [২০২৩৬৫]

ক ভিটামিন এ খ ভিটামিন সি
গ ভিটামিন ডি ঘ ভিটামিন বি-কমপ্লেক্স **খ**

✔ **ব্যাখ্যা :** ভিটামিন-সি বা এসকরবিক এসিডের অভাবজনিত রোগ :

১. ভিটামিন-সি এর দীর্ঘদিনের অভাবে স্কার্ভিরোগ হয়।
২. চর্মরোগ হয়। ত্বক খস খসে হয়, ফুসকুড়ি ওঠে এবং ত্বক চুলকায়।
৩. অস্থি দূর্বল হয় ও অস্থি সন্ধিতে বা গাঁটে ব্যথা হয়, অস্থি দূর্বল ও ভঙ্গুর হয়।
৪. লৌহের পরিশোষণ ব্যহত হয় ও রক্তস্বল্পতা দেখা দেয়।
৫. রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায় এবং সহজেই সংক্রামক রোগে আক্রান্ত হয়।

১৭. চায়ের পাতায় কোন ভিটামিন থাকে? [২০২৩৬৩]

ক ভিটামিন ই খ ভিটামিন এ
গ ভিটামিন বি ঘ ভিটামিন সি **গ**

৭৫. ভিটামিন 'সি' এর রাসায়নিক নাম কি? [২০২৩৪২]

ক অ্যাসকরবিক এসিড খ ফলিক এসিড
গ ফ্যাটি এসিড ঘ অ্যামাইনো এসিড **ক**

৬. রোদে কোন ভিটামিন আছে? [২০২৪০৬]

ক ভিটামিন ডি খ ভিটামিন এ
গ ভিটামিন ডি এবং এ ঘ ভিটামিন সি **ক**

৭১. নিচের কোন ভিটামিনের অভাবে রক্ত জমাট বাঁধে না? [২০২৩৬১]

ক Vit-A খ Vit-B
গ Vit-C ঘ Vit-K **ঘ**

✔ **ব্যাখ্যা :** ভিটামিন কে-এর অভাবে রক্ত জমাট বাঁধা ব্যাহত হয়। ফলে সামান্য কাটা ছেঁড়ায় প্রচুর রক্তক্ষরণ হয়। কোনো কারণে রক্তক্ষরণ হলে রক্ত জমাট বাঁধতে ভিটামিন কে সাহায্য করে। রক্ত জমাটকরণের জন্য প্রয়োজনীয় প্রোটিন প্রোথ্রম্বিনের সক্রিয়করণে ভিটামিন কে কাজ করে।

১২২. রক্ত জমাট বাঁধার জন্য প্রয়োজনীয় ভিটামিন হলো– [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক Vitamin K খ Vitamin A
গ Vitamin B ঘ Vitamin C **ক**

৮০. রক্ত জমাট বাঁধতে সাহায্য করে নিচের কোন ঔষধ? [২০২৩৬১]

ক Tranexemic acid খ Aspirin

(গ) Heparin (ঘ) Diclofenac ক

✔ **ব্যাখ্যা :** Tranexamic acid : ট্রানেক্সামিক অ্যাসিড হলো একটি ওষুধ যা বিভিন্ন চিকিৎসা পরিস্থিতিতে অতিরিক্ত রক্তপাত (হেমারেজ) প্রতিরোধ বা কমাতে ব্যবহৃত হয়। রক্ত জমাট বাঁধতে সাহায্য করে। প্রায়শই সার্জারি দাঁতের পদ্ধতি বা ভারী মাসিক রক্তপাত পরিচালনার সময় ব্যবহৃত হয়।

খনিজ লবণ

৬১. খনিজ লবণের প্রধান উৎস [২০২৪২৫]

(ক) মাংস, ডিম (খ) দুধ, কলা
(গ) সবুজ শাক সবজি (ঘ) সবগুলি ঘ

✔ **ব্যাখ্যা :** মাংস, ডিম, দুধ, সবুজ শাকসবজি এবং ফল (কলা) খনিজ লবণের প্রধান উৎস। খনিজ লবণ দেহের অস্থি, দাঁত এনজাইম ও হরমোন গঠনের জন্য অপরিহার্য উপাদান।

২৩. সামুদ্রিক শৈবাল ও সামুদ্রিক মাছে নিচের কোনটি বেশি পাওয়া যায়? [২০২৩৫৫]

(ক) লৌহ (খ) ম্যাগনেশিয়াম
(গ) আয়োডিন (ঘ) পটাশিয়াম গ

৪১. মানুষের শরীরে দৈনিক কত গ্রাম Calcium প্রয়োজন? [২০২৪০১]

(ক) ১২০০ mg (খ) ২০০০ mg
(গ) ৮০০ mg (ঘ) ১০০০ mg ঘ

✔ **ব্যাখ্যা :** সাধারণত বয়স বাড়ার সাথে সাথে দেহে ক্যালসিয়ামের চাহিদা বেড়ে যায়। একজন প্রাপ্তবয়স্ক মানুষের দৈনিক ক্যাসয়িামের চাহিদা ১০০০ মিলিগ্রাম। আবার পোস্ট মেনোপজাল নারীদের ক্ষেত্রে এবং সত্তরোর্ধের মানুষের ক্ষেত্রে তা বেড়ে দাঁড়ায় ১২০০ থেকে ১৫০০ মিলিগ্রাম পর্যন্ত।

২৯. মানুষের শরীরে পটাশিয়ামের পরিমাণ কত? [২০২৪০১; ২০২৩৬১]

(ক) 3.5-5 m mol/L (খ) 2-2.5 m mol/L
(গ) 3.9-8 m mol/L (ঘ) 7-8 m mol/L ক

✔ **ব্যাখ্যা :** পটাশিয়াম শরীরের একটি অপরিহার্য ইলেক্ট্রোলাইট, এবং রক্তে পটাশিয়ামের সঠিক ভারসাম্য বজায় রাখা স্বাভাবিক শারীরিক ক্রিয়াকলাপের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। রক্তে পটাশিয়ামের মাত্রার স্বাভাবিক পরিসীমা সাধারণত ৩.৫ থেকে ৫.০০ (mmol/L) মিলিমোলস প্রতি লিটার। যখন রক্তে পটাশিয়ামের মাত্রা স্বাভাবিক সীমার নিচে নেমে যায় (3.5 mEq/L এর কম), তখন তাকে হাইপোক্যালেসিয়া বলা হয়। যখন রক্তে পটাশিয়ামের মাত্রা স্বাভাবিক সীমার (5.0 mEq/L-এর বেশি) থেকে বেড়ে যায়, তখন তাকে হাইপারক্যালেমিয়া বলা হয়।

Body Mass

৫২. একজন মানুষের স্বাভাবিক BMI কত? [২০২৪০১; ২০২৩৬১]

(ক) 18-30 kg/m^2 (খ) 19-25 kg/m^2
(গ) 20-27 kg/m^2 (ঘ) 18.5-24.9 kg/m^2 ঘ

কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি

সূচিপত্র

১.	কম্পিউটারের ইতিহাস	1930
২.	কম্পিউটারের প্রজন্মবিভাগ ও প্রকারভেদ	1933
৩.	কম্পিউটার হার্ডওয়্যার	1936
৪.	কম্পিউটার পেরিফেরাল্‌স	1944
৫.	সংখ্যা পদ্ধতি	1960
৬.	ডিজিটাল লজিক	1964
৭.	প্রোগ্রামিং	1967
৮.	ডেটাবেজ	1976
৯.	কম্পিউটার সফট্‌ওয়্যার	1978
১০.	কম্পিউটার ফাইল সিস্টেম	1991
১১.	মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল এবং পাওয়ারপয়েন্ট	1992
১২.	কম্পিউটার নেটওয়ার্ক ও ইন্টারনেট	1998
১৩.	মোবাইল ও ওয়্যারলেস কমিউনিকেশন	2012
১৪.	তথ্য প্রযুক্তি ও এর ব্যবহার	2018
১৫.	সামাজিক যোগাযোগমাধ্যম ও সাইবার নিরাপত্তা	2026

Phenom Publications

১ কম্পিউটারের ইতিহাস (History of Computer)

কম্পিউটার

৩০. বাংলাদেশে প্রথম কম্পিউটার স্থাপিত কোন সালে? [২০২৩৩৪]

ক ১৯৬২ সালে খ ১৯৬৫ সালে
গ ১৯৬৪ সালে ঘ ১৯৭১ সালে **গ**

✔ **ব্যাখ্যা :** পাকিস্তান পরমাণু শক্তি কমিশনের পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকা - তে ১৯৬৪ সালে স্থাপিত হয় বাংলাদেশের (তৎকালীন পূর্ব পাকিস্তান) প্রথম কম্পিউটার। এটি ছিল আইবিএম (International Business Machines - IBM) কোম্পানির 1620 সিরিজের একটি মেইনফ্রেম কম্পিউটার (Mainframe Computer)। যন্ত্রটির প্রধান ব্যবহার ছিল জটিল গবেষণা কাজে গাণিতিক হিসাব সম্পন্নকরণ।

৫১. কম্পিউটারের আইকিউ (IQ) কত?
[২০২৩৬৬; ২০২৩৫৩; ২০২৩৩৪; ২০২৪২০]

ক 0 খ 120+
গ 120 ঘ 200 **ক**

✔ **ব্যাখ্যা :** কম্পিউটারের কোন বুদ্ধিমত্তা নাই। তাই আইকিউ 0।

১৬. কম্পিউটার শব্দের অর্থ কী? [প্র. নি. প্র. (প্রভাষক) (কলেজ) '২৪]

ক হিসাবকারী যন্ত্র খ বিমান চালানোর যন্ত্র
গ পরীক্ষার যন্ত্র ঘ গণনাকারী যন্ত্র **ঘ**

✔ **ব্যাখ্যা :** গ্রীক শব্দ 'Compute' থেকে অধুনা Computer শব্দের উৎপত্তি। আবার ল্যাটিন শব্দ Computare ও থেকে Computer শব্দের উৎপত্তি। যার অর্থ গণনা করা, সেই দিক থেকে চিন্তাকরলে এর অর্থ গণনা কারী যন্ত্র বিশেষ। যেমন : - Calculator, Counter, Conductor.

৫১. কম্পিউটারের আইকিউ (IQ) কত?
[২০২৩৬৬; ২০২৩৫৩; ২০২৩৩৪; ২০২৪২০]

ক 0 খ 120+
গ 120 ঘ 200 **ক**

✔ **ব্যাখ্যা :** কম্পিউটারের কোন বুদ্ধিমত্তা নাই। তাই আইকিউ 0।

মাইক্রো প্রসেসর ও মাইক্রো কম্পিউটার

ক মেমোরি খ হার্ডডিস্ক
গ ইউন্ডোজ ঘ মাইক্রোপ্রসেসর **ঘ**

✔ **ব্যাখ্যা :** মাইক্রোপ্রসেসর হলো সিলিকনের তৈরি এক ধরনের ভিএলএসআই (VLSI-Very Large Scale Integration) চিপ। একটি একক ভিএলএসআই সিলিকন চিপের মধ্যে এক মিলিয়নেরও অধিক ডায়োড, ট্রানজিস্টর, রেজিস্টার, ক্যাপাসিটর ইত্যাদি একীভূত থাকে। মাইক্রোপ্রসেসর মাইক্রোকম্পিউটারের কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশ হিসেবে কাজ করে। মাইক্রোপ্রসেসরকেই মাইক্রোকম্পিউটারের মস্তিষ্ক বা ব্রেইন বলা হয়।

বাংলাদেশে কম্পিউটার

৯৪. স্মার্ট বাংলাদেশের স্তম্ভ কয়টি? [২০২৩৫৭]

ক ৭টি খ ৫টি
গ ৪টি ঘ ৬টি **গ**

✔ **ব্যাখ্যা :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, স্মার্ট বাংলাদেশ ২০৪১ প্রতিষ্ঠার জন্য এখন থেকে 'ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স' 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স' হিসেবে কাজ করবে। স্মার্ট বাংলাদেশের চারটি স্তম্ভ ঠিক করা হয়েছে। এগুলো হলো-স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি ও স্মার্ট গভর্নমেন্ট।

৬৪. সম্প্রতি বাংলাদেশে কম্পিউটার কাউন্সিল কর্তৃক উন্মোচিত নতুন বাংলা ফন্টের নাম কী? [২০২৪১৩; ২০২৪২১]

ক পূর্ণ খ বর্ণ
গ উচ্চারণ ঘ কথা **ক**

✔ **ব্যাখ্যা :** অমর একুশের শহীদদের স্মরণে বাংলা ভাষায় নিজেদের তৈরি তিনটি সফটওয়্যার ও বাংলা ফন্ট উন্মুক্ত করেছে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)। ২১ ফেব্রুয়ারি, ২০২৪ আগারগাঁওয়ে কম্পিউটার কাউন্সিল মিলনায়তনে 'উচ্চারণ', 'কথা' ও 'বর্ণ' সফটওয়্যারসহ 'পূর্ণ' নামের বাংলা ফন্ট উদ্বোধন করেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ।

Phenom Publications

২ কম্পিউটারের প্রজন্মবিভাগ ও প্রকারভেদ (Generations & Different Types of Computer)

চতুর্থ প্রজন্মের কম্পিউটার

৩১. বাংলাদেশে কবে প্রথম অফলাইন ই-মেইল চালু হয়? [২০২৪২৩]

ক ১৯৯৩ খ ১৯৯৫
গ ১৯৯৯ ঘ ১৯৯৪ **খ**

✔ **ব্যাখ্যা :** ১৯৯৫ সালে অফলাইন ই-মেইল-এর মাধ্যমে প্রথম এদেশে সীমিত আকারে ইন্টারনেটের ব্যবহার শুরু হয়। বাংলাদেশে ইন্টারনেট চালু হয় - ১৯৯৫ সালে। বাংলাদেশে ইন্টারনেট সবার জন্য উন্মুক্ত হয় - ১৯৯৬ সালে। ১৯৯৬ সালে দেশে প্রথম ইন্টারনেটের জন্য ভিস্যাট স্থাপন করা হয় এবং আই.এস.এন নামক একটি আইএসপি-র মাধ্যমে অনলাইন ইন্টারনেট সংযোগের বিস্তৃত ঘটতে শুরু করে। শুরুতে এই আইএসপি গুলো ছিল শুধু বিটিটিবি-ই সরকারি মালিকানাধীন।

অ্যানালগ, ডিজিটাল ও হাইব্রিড

৮০. পৃথিবীর প্রথম ইলেকট্রনিক্স ডিজিটাল কম্পিউটারের নাম কী? [২০২৩৪৩]

ক এনিয়্যাক খ ইজিফেলা
গ কনিয়্যাক ঘ ডিপ্ল্যাক **ক**

✔ **ব্যাখ্যা :** এনিয়াক (ENIAC) হচ্ছে ইলেক্ট্রনিক নিউমেরিক্যাল ইন্টিগ্রেটর এন্ড কম্পিউটার (Electronic Numerical Integrator and Computer)। এটিই প্রথম প্রোগ্রাম চালানোর মতো ডিজিটাল কম্পিউটার। এ থেকেই কম্পিউটার প্রজন্ম শুরু হয়।

৫২. গ্রাফিক্স নির্ভর চলচ্চিত্র নির্মাণে কোনটি ব্যবহার করা হয়? [২০২৩৬০]

ক এনালগ কম্পিউটার খ মাইক্রো কম্পিউটার
গ ট্যাবলেট কম্পিউটার
ঘ শক্তিশালী ডিজিটাল কম্পিউটার **ঘ**

✔ **ব্যাখ্যা :** কম্পিউটার গ্রাফিক্স কম্পিউটারের সাহায্যে ছবি এবং শিল্প তৈরি করে । কম্পিউটার গ্রাফিক্স হল ডিজিটাল ফটোগ্রাফি, ফিল্ম, ভিডিও গেমস, ডিজিটাল আর্ট, সেল ফোন এবং কম্পিউটার ডিসপ্লে এবং অনেক বিশেষায়িত অ্যাপ্লিকেশনের একটি মূল প্রযুক্তি। কম্পিউটার গ্রাফিক্স হার্ডওয়্যার দ্বারা চালিত বেশিরভাগ ডিভাইসের প্রদর্শন সহ প্রচুর বিশেষ হার্ডওয়্যার এবং সফ্টওয়্যার তৈরি করা হয়েছে। এটি কম্পিউটার বিজ্ঞানের একটি বিশাল এবং সম্প্রতি উন্নত ক্ষেত্র।

৭৭. একটি ডিজিটাল কম্পিউটার কোন নীতির উপর নির্ভরশীল? [২০২৩৪৩]

ক বাইনারি নাম্বার সিস্টেম (০ এবং ১)
খ বীজগণিতের সূত্র
গ ক্যালকুলাস ঘ কোনটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** যে সকল কম্পিউটার বাইনারি পদ্ধতিতে অর্থাৎ ডিজিটাল পদ্ধতিতে ক্রিয়া সম্পন্ন করে, সেসব কম্পিউটারকে ডিজিটাল কম্পিউটার বলা হয়।
ডিজিটাল কম্পিউটার গাণিতিক নীতির ভিত্তিতে পরিচালিত একটি গণনা যন্ত্র, যা খুব সূক্ষ্ম ও নির্ভুল ফলাফল প্রদান করে থাকে।

Phenom Publications

৩ কম্পিউটার হার্ডওয়্যার (Computer Hardware)

কম্পিউটারের অঙ্গসংগঠন

৭. নিচের কোন পদ্ধতিতে প্রেরক কম্পিউটার অন্য কম্পিউটারে ডেটা পাঠায়? [২০২৩৭০]

ক সিমপ্লেক্স খ ব্রডকাস্ট
গ মাল্টিকাস্ট ঘ হাফ-ডুপ্লেক্স **ক**

✔ **ব্যাখ্যা :** সিমপ্লেক্স ডেটা ট্রান্সমিশন মোডে, যোগাযোগটি একমুখী হয়, অর্থাৎ এক দিকে ডেটা প্রবাহিত হয়। একটি ডিভাইস কেবলমাত্র ডেটা প্রেরণ করতে পারে তবে তা গ্রহণ করতে পারে না অথবা এটি ডেটা গ্রহণ করতে পারে তবে ডেটা প্রেরণ করতে পারে না।
যেমন: কীবোর্ড থেকে কম্পিউটারে ডেটা প্রেরণ, রেডিও, টেলিভিশন ইত্যাদি যোগাযোগ ব্যবস্থা।
হাফডুপ্লেক্স ডেটা ট্রান্সমিশন মোডে ডেটা উভয় দিকে প্রবাহিত হয় কিন্তু একসাথে নয়। কমিউনিকেশন চ্যানেলের পুরো ব্যান্ডউইথকে একই সময়ে একদিকে ব্যবহার করা হয়। এই মোডে ত্রুটি(error) সনাক্তকরণ করা সম্ভব এবং যদি কোনও ত্রুটি(error) দেখা দেয় তবে প্রাপক প্রেরককে পুনরায় ডেটা প্রেরণের জন্য অনুরোধ করে।
যেমন: ওয়াকি-টকির মাধ্যমে যোগাযোগ।
ফুলডুপ্লেক্স ডেটা ট্রান্সমিশন মোডে ডেটা একই সময়ে উভয় দিকে প্রবাহিত হয়। উভয় স্টেশন একই সাথে বার্তা প্রেরণ

এবং গ্রহণ করতে পারে। ফুল-ডুপ্লেক্স মোডে দুটি সিমপ্লেক্স চ্যানেল থাকে। যার একটি চ্যানেলের ট্র্যাফিক একদিকে প্রবাহিত হয় এবং অন্য চ্যানেলে ট্র্যাফিক বিপরীত দিকে প্রবাহিত হয়। যেমন: মোবাইল ফোন, টেলিফোন ইত্যাদি যোগাযোগ ব্যবস্থা।

৬৯. কোন ডিভাইসের সাহায্যে প্রেরক কম্পিউটার থেকে সিগন্যাল নির্দিষ্ট প্রাপক কম্পিউটারেই প্রেরণ করা যায়? [২০২৩২৪; ২০২৩১৯]

ক হাব খ সুইচ
গ রিপিটার ঘ ব্রিজ

খ

✔ **ব্যাখ্যা :** নেটওয়ার্ক সুইচ এমন একটি ডিভাইস যা একই সাথে অনেকগুলো কম্পিউটারকে একই নেটওয়ার্কের আওতায় আনতে পারে এবং তাদের মধ্যে তথ্য আদান-প্রদান প্রদান করতে সহায়তা করে। সুইচ মূলত হার্ডওয়্যার ডিভাইস যা নেটওয়ার্ক ব্যবস্থাকে নিয়ন্ত্রন করে। সুইচ একইসাথে যেমন অনেকগুলি কম্পিউটারকে সংযোগ করতে পারে ঠিক তেমনি কম্পিউটার এর সাথে প্রিন্টার, ফাইল স্টোরেজ, সার্ভার এবং অন্যান্য তথ্য-প্রযুক্তি যন্ত্রের ও সংযোগে সহায়তা করে।

৪৭. কোনটি নির্ভুল নয়? [২০২৩৪৮]

ক RAM চিপ আবিষ্কার করে মাইক্রোসফট কোম্পানি
খ .mpg হলো ভিডিও ফাইল ফরম্যাটের এক্সটেনশন
গ কম্পিউটার বাগ হলো সফটওয়্যারের অন্তর্নিহিত ভুল
ঘ কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তিকে বলে ROM

ক

✔ **ব্যাখ্যা :** ইন্টেল কোম্পানি সর্বজনীনভাবে 1103 প্রকাশ করে, প্রথম DRAM – ডাইনামিক র‍্যান্ডম এক্সেস মেমরি-চিপ ১৯৭০ সালে

৮৬. সেন্ট্রাল প্রসেসিং ইউনিট যার সাথে যুক্ত আছে, সেটি হলো– [২০২৩৪৩]

ক এক্সপ্যানসন প্লট খ এক্সপ্যানসন কার্ড
গ পাওয়ার সাপ্লাই
ঘ অ্যারিথমেটিক লজিক্যাল ইউনিট

ঘ

✔ **ব্যাখ্যা :** সেন্ট্রাল প্রসেসিং ইউনিট বা সিপিইউ তিনটি প্রধান অংশ নিয়ে গঠিত। যথা:
(i) গাণিতিক যুক্তি অংশ (ALU)
(ii) নিয়ন্ত্রণ অংশ
(iii) রেজিস্টার

৯৩. নিচের কোনটি স্টোরেজ ডিভাইস? [২০২৩৭৩]

ক হার্ডডিস্ক খ প্রসেসর
গ মনিটর ঘ মাদার বোর্ড

ক

✔ **ব্যাখ্যা :** একটি কম্পিউটারে স্টোরেজ ডিভাইস হলো হার্ড ডিস্ক, এসএসডি, পেনড্রাইভ, এক্সটার্নাল হার্ড ডিস্ক, ইত্যাদি। এই স্টোরেজ ডিভাইসগুলি কম্পিউটারের ডেটা স্টোর করে রাখে যাতে পরবর্তীতে সেগুলি ব্যবহার করা যায়।

৭৭. কম্পিউটারের কোন অংশটি ডাটা প্রসেসিং এর জন্য ব্যবহার হয়? [২০২৩৪৯]

ক ALU খ Accomulation
গ Register Array ঘ Control Unit

ক

✔ **ব্যাখ্যা :** মাইক্রোপ্রসেসরের ALU (Arithmetic Logic Unit) অংশটি ডাটা প্রসেসিং এ ব্যবহৃত হয়। ALU কে কম্পিউটারের গণনা শাখা বলা হয়। মূলত কম্পিউটারের প্রসেসর নামে একটি বৈদ্যুতিক যন্ত্রাংশ থাকে, যার একটি অংশ ALU ।
Control Unit এর মাধ্যমে কম্পিউটারের পাত্র বিশেষকে Accumulator বলা হয়।

৬৬. কম্পিউটারের Heart বলা হয় কোনটিতে? [২০২৩১৮]

ক Memory খ Monitor
গ CPU ঘ Disc

গ

✔ **ব্যাখ্যা :** সেন্ট্রাল প্রসেসিং ইউনিট (CPU) একটি কম্পিউটার সিস্টেমের একটি অপরিহার্য অংশ। এটি প্রায়শই কম্পিউটারের মস্তিষ্ক বা হৃদয় হিসাবে উল্লেখ করা হয় কারণ এটি কম্পিউটারের অবশ্যই সমস্ত গণনা এবং সিদ্ধান্তের জন্য দায়ী। সিপিইউ নির্দেশাবলী সম্পাদন এবং ডেটা প্রক্রিয়াকরণের জন্য দায়ী। এটি কম্পিউটারের কাজ করার জন্য প্রয়োজনীয় সমস্ত গণনা এবং যৌক্তিক ক্রিয়াকলাপগুলি সঞ্চালন করে এবং এটি কোন ক্রমে কাজগুলি সম্পাদন করা হয় তা নির্ধারণ করে।
সিপিইউকে কম্পিউটারের হৃদয় হিসাবেও উল্লেখ করা যেতে পারে কারণ এটি সমস্ত উপাদানগুলিকে সামঞ্জস্যপূর্ণ রাখার জন্য দায়ী। এটি অন্যান্য সমস্ত উপাদানগুলির জন্য একটি কেন্দ্র হিসাবে কাজ করে এবং এটি নিশ্চিত করার জন্য দায়ী যে সিস্টেমটি মসৃণ এবং দক্ষতার সাথে কাজ করে। সিপিইউ ছাড়া কম্পিউটার কাজ করতে সক্ষম হবে না।

৮১. নিচের কোনটি "The heart, soul and brain of the computer" নামে পরিচিত? [২০২৩৪৩]

ক হার্ডওয়্যার খ সফটওয়্যার
গ কি-বোর্ড ঘ সি.পি.ইউ

ঘ

✔ **ব্যাখ্যা :** সেন্ট্রাল প্রসেসিং ইউনিটকে কম্পিউটার সিস্টেমের হৃদয় এবং আত্মা হিসাবে বিবেচনা করা হয় কারণ আত্মা চিন্তার জগতের মাধ্যমে হৃদয়ের জন্ম দেয়, সত্য এবং যুক্তি তৈরি করে।

৯০. CPU এর পূর্ণরূপ কী? [২০২৩৭৬]

ক Central Power Unit.
খ Central Processing Unit.
গ Computer Processing Unit.
ঘ Computer Power Unit.

খ

✔ **ব্যাখ্যা :** CPU (সিপিইউ) এর পূর্ণরূপ Central Processing Unit.

CPU কে Computer এর ব্রেন বলা হয়, এটি কম্পিউটারের প্রধান অংশ, যা প্রসেসর বা মাইক্রোপ্রসেসর নামেও পরিচিত, সিপিইউ-তে সমস্ত কম্পিউটার ইনস্টল করা হয়, এটি কম্পিউটারের সমস্ত ফাংশনকে নিয়ন্ত্রণ করে। কম্পিউটারের সমস্ত Information সিপিইউতে সংরক্ষণ করা হয়, আমরা কম্পিউটারে যে কোনও ইনপুট রাখি, সিপিইউ তথ্যটি প্রসেস করে এবং আউটপুটে পরিণত করে।

৪. Computer এর CPU এর কোন অংশে গাণিতিক সিদ্ধান্ত গ্রহণের কাজ হয়? [২০২৪০৩]

ক) A.L.U খ) Control Unit
গ) Resister Set ঘ) None of Above **ক**

✔ **ব্যাখ্যা :** কম্পিউটারের CPU (Central Processing Unit) বা কেন্দ্রীয় প্রক্রিয়াকরণের অংশ তিন ভাগে বিভক্ত। যথা : গাণিতিক যুক্তি ইউনিট বা Arithmetic Logic Unit (ALU), নিয়ন্ত্রণ ইউনিট ও রেজিস্টার। এখানে ALU বা গাণিতিক যুক্তি ইউনিট, গাণিতিক সিদ্ধান্তের কাজ করে।

১৭. মাইক্রোপ্রসেসরের সবচেয়ে নিকটবর্তী মেমরি এর নাম– [২০২৩৭০]

ক) রেজিস্টার খ) মেইন মেমোরি
গ) সেকেন্ডারি মেমোরি ঘ) ক্যাশ **ঘ**

✔ **ব্যাখ্যা :** Cache memory is the closest to central processing unit.

৭৫. নিচের কোনটি কম্পিউটারের একটি মেমরি ডিভাইস? [২০২৪২৯]

ক) র‍্যাম খ) মনিটর
গ) পাওয়ার সাপ্লাই ঘ) প্রসেসর
ঙ) কোনটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** নিচে কয়েকটি সহায়ক মেমোরির নাম দেয়া হলো -
ফ্লপি ডিস্ক — Floppy Disk
হার্ড ডিস্ক — Hard Disk
সিডি — CD - Compact Disk
সিডি - আর — CD - R - Compact Disk Readable
সিডি - আরডব্লিউ — CD - RW – Compact Disk Rewritable
ডিভিডি - রম — DVD - Digital Video Disk
ম্যাগনেটো অপটিক্যাল ডিস্ক — Magneto Optical Disk
জিপ ডিস্ক — ZIP Disk
ডিজিটাল টেপ — Digital Tape
চৌম্বক টেপ — Magnetic Tape
চৌম্বক ড্রাম — Magnetic Drum

৭১. UPS stand for- [২০২৩৫৭]

ক) United Power Supply
খ) Uninterruptible Power Supply
গ) Units Power Supply
ঘ) Universal Power Supply **খ**

✔ **ব্যাখ্যা :** ইউপিএস এর পূর্ণ নাম হলো Uninterruptible Power Supply বা Uninterruptible Power Source। ইউপিএস (UPS) এমন একটি ইলেক্ট্রিক্যাল ডিভাইস (Electrical Device) যা কিছু সময়ের জন্য বিদ্যুৎ সঞ্চয় করে রাখতে পারে। এবং যেকোন মুহূর্তে কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতিতে বিদ্যুৎ সরবরাহ করতে পারে।
সাধারণত ব্যাটারি ব্যাকআপ হিসাবে পরিচিত, একটি নিরবচ্ছিন্ন পাওয়ার সাপ্লাই (ইউপিএস) হল একটি রিচার্জেবল ব্যাটারি যা প্রধান পাওয়ার ফিডের ব্যাকআপ নিতে এবং একটি প্রধান লাইন ইউটিলিটি বিভ্রাট হলে বিরামহীন শক্তি প্রদান করতে ব্যবহৃত হয়। এই নির্বিঘ্নতা ইউপিএসকে স্ট্যান্ডবাই জেনারেটর থেকে আলাদা করে।

কম্পিউটার বাস

৭৮. Intel Pentium একটি– [২০২৩৪৯]

ক) হার্ডডিস্ক খ) র‍্যাম
গ) সিডিরম ঘ) প্রসেসর **ঘ**

✔ **ব্যাখ্যা :** পেন্টিয়াম , মাইক্রোপ্রসেসরের পরিবার দ্বারা উন্নত ইন্টেল কর্পোরেশন ইন্টেলের 80486 মাইক্রোপ্রসেসরের উত্তরসূরি হিসাবে ১৯৯৩ সালে প্রবর্তিত, পেন্টিয়ামে একটি একক চিপে দুটি প্রসেসর এবং প্রায় ৩.৩ মিলিয়ন ট্রানজিস্টর রয়েছে।

১৮. 8086 মাইক্রোপ্রসেসরের কয়টি মোডস অফ অপারেশন সমর্থন করে? [২০২৩৭০]

ক) 1 খ) 2
গ) 3 ঘ) 4 **খ**

✔ **ব্যাখ্যা :** ৮০৮৬ মাইক্রোপ্রসেসর মোডস অফ অপারেশন সমর্থন করে - ২ টি, মিনিমাম এবং ম্যাক্সিমাম।

৯৯. কম্পিউটারে ডাটা প্রসেসিং শেষে আউটপুটের কোন পদ্ধতি ব্যবহার করা হয়? [২০২৩৫৭]

ক) এনকোডিং খ) ডিকোডিং
গ) এনকোডার ঘ) ডিকোডার **খ**

✔ **ব্যাখ্যা :** ডিকোডিং এনকোডিং এর বিপরীত প্রক্রিয়া। অর্থাৎ একটি ডিজিটাল সংকেত কে অক্ষরের ক্রমে রূপান্তর করার নামই ডিকোডিং।

কম্পিউটারের কার্যদক্ষতা

১৩১. নিচের কোন বিবৃতিটি কম্পাউলার সম্পর্কিত সঠিক? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) এটি Interpreter এর চেয়ে অনুবাদ করতে বেশি সময় লাগে
খ) এটি প্রতি লাইন প্রোগ্রাম পড়ে এবং অনুবাদ করে
গ) এটি একবারে পুরো প্রোগ্রাম অনুবাদ করে
ঘ) এটি মেশিন প্রোগ্রামকে সোর্স প্রোগ্রামে রূপান্তর করে **গ**

✔ **ব্যাখ্যা :** কম্পাইলার একবারে পুরো প্রোগ্রাম অনুবাদ করে।

Phenom Publications

৪ কম্পিউটার পেরিফেরাল্‌স (Computer Peripherals)

এক নজরে দেখুন :

ইনপুট ডিভাইস

৬৭. Input device কোনটি? [২০২৩২৪; ২০২৩১৯]

ক মনিটর খ প্রিন্টার
গ মাউস ঘ প্রসেসর **গ**

✔ **ব্যাখ্যা :**



৭০. কোনটি কম্পিউটারের ইনপুট বিভাইস নয়? [২০২৩৫৯]

ক মাউস খ কি-বোর্ড
গ প্রিন্টার ঘ স্ক্যানার **গ**

১০. স্ক্যানার কি ধরনের ডিভাইস? [স. অ. (সহকারী শিক্ষক) '১৭; ডা. বি. (পোস্টাল অপারেটর) '১৬; NSI (সহকারী পরিচালক) '১৫]

অথবা, **কম্পিউটার সিস্টেম এ Scanner একটি কোন ধরনের যন্ত্র?** [৩৫তম বিসিএস; স. বি. ম. (উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)) '১৯; বা. প. বি. বো. (সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)) '১৭; শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '১৭; প্রাথমিক (সহকারী শিক্ষক) '১০]

ক ইনপুট খ মেমোরি
গ আউটপুট ঘ প্রসেসিং **ক**

✔ **ব্যাখ্যা :** স্ক্যানার হচ্ছে এক প্রকার ইনপুট ডিভাইস যা কোনো টেক্সট, ছবি, ডকুমেন্ট, পোস্টার বা ড্রয়িং অবজেক্টকে



অপটিক্যালি স্ক্যান করে ডিজিটাল সিগন্যাল (Digita Signal) এ রূপান্তর করে। Optical Scanner হিসে পরিচিত– OMR, OCR।

৬৪. QR Code এর পূর্ণরূপ কোনটি? [২০২৩৪

ক Quick Response Code
খ Quick Resource Code
গ Quick Resource Content
ঘ কোনটিই নয়

✔ **ব্যাখ্যা :** QR code (quick-response code) একা QR কোড, "কুইক রেসপন্স কোড" এর সংক্ষিপ্ত একটি দ্বি মাত্রিক ম্যাট্রিক্স বারকোড যা মূলত ১৯৯০-এর দশ জাপানে তৈরি হয়েছিল। QR কোডগুলি এমন একা ফর্ম্যাটে তথ্য সংরক্ষণ করার জন্য ডিজাইন করা হয়েছে স্মার্টফোন ক্যামেরা বা একটি ডেডিকেটেড QR কো স্ক্যানার ব্যবহার করে দ্রুত স্ক্যান এবং ডিকোড করা যে পারে। তারা তাদের বহুমুখিতা এবং ব্যবহারের সহজতা কারণে ব্যাপকভাবে জনপ্রিয় হয়ে উঠেছে।

৯৪. In computer terminology, OCR stands for- [২০২৩৪

ক Optical Character Recognition
খ Optical Character Reader
গ Office Cash Receiver
ঘ Online Computer Retrieval

১৮. OMR এর পূর্ণরূপ কোনটি? [২০২৩৫

ক Optical Mark Recognition
খ Optical Mark Reading
গ Optical Mark Reading
ঘ Optical Mark Reactor

✔ **ব্যাখ্যা :** ওএমআর (অপটিক্যাল মার্ক রিকগনিশন সফ্‌টওয়্যার হল এক ধরনের সফ্‌টওয়্যার যা অপটিক্যা মার্ক রিকগনিশন ফর্মগুলি থেকে ডেটা স্ক্যান এবং প্রক্রি করতে ব্যবহৃত হয়। এই ফর্মগুলি সাধারণত হাত দ্বারা পূর করা হয় এবং এতে পূর্ব-নির্ধারিত গোলাকার, চেকবক্স অন্যান্য চিহ্ন থাকে যা স্ক্যানার ব্যবহার করে সফ্‌টওয়্যা দ্বারা পড়তে পারে।

ওএমআর সফ্‌টওয়্যারটি ফর্মের চিহ্নগুলি পড়ে এবং ডেটা ডিজিটাল ফর্ম্যাটে রূপান্তর করে, যা একটি কম্পিউটা ব্যবহার করে প্রক্রিয়াকরণ, সংরক্ষণ এবং বিশ্লেষণ কর যেতে পারে। সফ্‌টওয়্যারটি শিক্ষা, সরকার, স্বাস্থ্যসেবা এব বাজার গবেষণা সহ বিভিন্ন সেটিংসে ব্যবহার করা যেতে পারে

৬৭. কোনটি কম্পিউটারের সংরক্ষণ Key বাটন? [২০২৩৫৬]

ক F8 খ F6
গ F10 ঘ F12 **ঘ**

✔ **ব্যাখ্যা :** F12 চেপে ইন্টারনেট ব্রাউজার বা কোনো খোলা উইন্ডোর মেনুবার নির্বাচন করা হয়। যেকোনো সক্রিয় উইন্ডো পর্দাজুড়ে (ফুলস্ক্রিন) দেখতে এবং স্বাভাবিক অবস্থায় আনতে এটি ব্যবহার করা হয়। মাইক্রোসফট ওয়ার্ডের Save as উইন্ডো চালু করা হয়। কম্পিউটারে শুধু F12 চেপে বাংলা থেকে ইংরেজি বা ইংরেজি থেকে বাংলা মুডে যাওয়া যাবে।

৩১. নিচের কোনটি ইনপুট ডিভাইস? [২০২৩২৬]

ক Monitor খ Plotter
গ Speaker ঘ Scanner **ঘ**

✔ **ব্যাখ্যা :** স্ক্যানার একটি ইনপুট ডিভাইস। কোনো টেক্সট ডকুমেন্ট বা ছবিকে এর সাহায্যে কম্পিউটারে নেয়া যায়।

আউটপুট ডিভাইস

৮০. নিচের কোনটি প্রিন্টারের প্রকারভেদ নয়? [২০২৩৪৯]

ক Laser খ Dot Matrix
গ Ink-jet ঘ Dual Core **ঘ**

✔ **ব্যাখ্যা :** কাজের উপর ভিত্তি করে প্রিন্টারকে মূল দুই ভাগে ভাগ করা যায়– (১) ইমপ্যাক্ট প্রিন্টার (২) নন ইমপ্যাক্ট প্রিন্টার।

(১) ইমপ্যাক্ট প্রিন্টার (impact printer) : ইমপ্যাক্ট প্রিন্টার আবার দুই রকমের হয়ে থাকে–
(i) ডেইজি হুইল প্রিন্টার (daisy wheel printer)
(ii) ডট ম্যাট্রিক্স প্রিন্টার (dot matrix printer)

(২) নন ইমপ্যাক্ট প্রিন্টার(non impact printer) :
(i) ইঙ্কজেট প্রিন্টার
(ii) থার্মাল প্রিন্টার
(iii) লেজার প্রিন্টার

ইনপুট-আউটপুট ডিভাইস

৬২. নিচের কোনটি ইনপুট এবং আউটপুট উভয় ডিভাইস হিসেবে ব্যবহৃত হয়? [ডা. অ. (উপজেলা পোস্টমাস্টার) '১৬]

ক মাউস খ প্লটার গ মডেম ঘ কিবোর্ড **গ**

✔ **ব্যাখ্যা :** মডেম দিয়ে ডিজিটাল সিগনাল কে ডাটা তে রূপান্তরিত করে কম্পিউটারে input দেয়া হয় এবং কম্পিউটার ডাটা কে ডিজিটাল সিগনাল এ রূপান্তর করে আউটপুট করা হয়।

মেমোরি ও স্টোরেজ ডিভাইস

৭৬. ROM কী দিয়ে গঠিত? [২০২৩৪৩]

ক বিশেষ ধরনের চিপস দ্বারা খ বিশেষ ধরনের জেল
গ ইলেকট্রিক সার্কিট ঘ সবকটি **গ**

✔ **ব্যাখ্যা :** ROM এর পূর্ণরূপ হল Read Only Memory। এটিও রাম এর মত গুরুত্বপূর্ণ একটি অংশ। ROM একটা কম্পিউটার সিস্টেমের প্রাথমিক স্টোরেজ ডিভাইস। এটির আকার শিল্পের মতো যা মাদারবোর্ডের সাথে সংযুক্ত থাকে। ROM তৈরি হয় ইলেক্ট্রনিক সার্কিট দিয়ে।

১২৭. নিচের কোনটি কম্পিউটারের মেমোরি হিসেবে দ্রুততম? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক RAM খ Hard Disk
গ ROM ঘ Register **ঘ**

✔ **ব্যাখ্যা :** ক্যাশ মেমরি একটি বিশেষ খুব উচ্চ গতির মেমরি। এটি উচ্চ-গতির CPU-এর সাথে গতি বাড়াতে এবং সিঙ্ক্রোনাইজ করতে ব্যবহৃত হয়। ক্যাশ মেমরি প্রধান মেমরি বা ডিস্ক মেমরির চেয়ে বেশি ব্যয়বহুল কিন্তু CPU রেজিস্টারের তুলনায় লাভজনক। ক্যাশ মেমরি একটি অত্যন্ত দ্রুত মেমরি টাইপ যা RAM এবং CPU- এর মধ্যে একটি বাফার হিসেবে কাজ করে। এটি প্রায়শই অনুরোধ করা ডেটা এবং নির্দেশাবলী ধারণ করে যাতে প্রয়োজন হলে সেগুলি অবিলম্বে CPU-তে উপলব্ধ হয়। মূল মেমরি থেকে ডেটা অ্যাক্সেস করার গড় সময় কমাতে ক্যাশ মেমরি ব্যবহার করা হয়।

৯৪. The ALU of a computer, normally contains a number of high-speed storage element, is called– [২০২৩৬৪]

ক Semiconductor Memory
খ Hard Disks
গ Magnetic Disks
ঘ Registers **ঘ**

✔ **ব্যাখ্যা :** একটি গাণিতিক লজিক ইউনিট (ALU) একটি ডিজিটাল সার্কিট যা গাণিতিক এবং যুক্তিবিদ্যার ক্রিয়াকলাপ সম্পাদন করতে ব্যবহৃত হয়। এটি একটি কম্পিউটারের সেন্ট্রাল প্রসেসিং ইউনিট (CPU) এর মৌলিক বিল্ডিং ব্লকের প্রতিনিধিত্ব করে । আধুনিক CPU-তে খুব শক্তিশালী এবং জটিল ALUs রয়েছে। ALUs ছাড়াও, আধুনিক CPU-তে একটি কন্ট্রোল ইউনিট (CU) থাকে।
একটি CPU-র বেশিরভাগ অপারেশন এক বা একাধিক ALU দ্বারা সঞ্চালিত হয়, যা ইনপুট রেজিস্টার থেকে ডেটা লোড করে। একটি রেজিস্টার হল একটি সিপিইউ-এর অংশ হিসাবে উপলব্ধ অল্প পরিমাণ স্টোরেজ। কন্ট্রোল ইউনিট ALU কে বলে যে সেই ডেটাতে কী অপারেশন করতে হবে এবং ALU ফলাফলটিকে একটি আউটপুট রেজিস্টারে সংরক্ষণ করে। কন্ট্রোল ইউনিট এই রেজিস্টার, ALU এবং মেমরির মধ্যে ডেটা স্থানান্তর করে।

১. SCADA meaning– [২০২৪০৬; ২০২৩৩৪]

ক Supervisory Compliance and Data Acquisition
খ Supreme Control and Data acquisition
গ Supervisory Compliance and Data Access
ঘ Supervisory Control and Data Acquisition **ঘ**

৫১. ভার্চুয়াল রিয়ালিটিতে কী ধরনের ইমেজ তৈরি হয়? [২০২৩৬৭]

ক) এক-মাত্রিক খ) দ্বি-মাত্রিক
গ) ত্রি-মাত্রিক ঘ) বহুমাত্রিক **গ**

✔ **ব্যাখ্যা :** ত্রি-মাত্রিক। ভার্চুয়াল রিয়েলিটিতে ব্যবহৃত হয় 3D মডেল, একটি 360 ডিগ্রি ভিউ ইমেজ, বা একটি পুর্ণাঙ্গ ভার্চুয়াল রিয়েলিটি ইমেজ। 3D মডেল সাধারণত একটি দক্ষতার সেট ব্যবহার করে তৈরি করা হয় যার মাধ্যমে একটি পুর্নাঙ্গ পরিবেশ তৈরি করা হয়। 360 ডিগ্রি ভিউ ইমেজ একটি স্থিতিশীল প্যানোরামিক ইমেজ যা প্রদর্শন করা যায় একটি বিশেষ ক্যামেরা ব্যবহার করে।

৭৮. RAM কী? [২০২৩৪২]

ক) Random Access Memory
খ) Read Only Memory
গ) Reliable Memory
ঘ) Random Adaptive Memory **ক**

✔ **ব্যাখ্যা :** Random Access Memory



১২৮. নিচের কোনটি কম্পিউটার সিস্টেমের কার্যক্ষমতায় কোনো ভূমিকা রাখে না? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) Size of RAM
খ) Size of ROM
গ) Size of Cache Memory
ঘ) Size of Register **খ**

✔ **ব্যাখ্যা :** র‍্যাম, ক্যাশ মেমোরি, রেজিস্টার কম্পিউটারের কাজের গতি বৃদ্ধি করে। এক্ষেত্রে রোম কোন ভূমিকা রাখেনা।

৭৬. কোন মেমোরি অস্থিতিশীল এবং মাত্র একবার লেখা যায়? [২০২৩৪৯]

ক) RAM খ) ROM
গ) PROM ঘ) EPROM **গ**

✔ **ব্যাখ্যা :** প্রোগ্রামেবল রিড ওনলি মেমরি হল PROM। রিড ওনলি মেমরি (ROM) হল এক ধরনের মেমোরি যা বৈদ্যুতিক যন্ত্রে এবং কম্পিউটারে ব্যবহার হয়। এটি একটি অনুদ্বায়ী (নন-ভোলাটাইল) মেমোরি, যার ফলে যা যা তথ্য এখানে সঞ্চিত থাকে তা স্থায়ী এবং অপরিবর্তনীয়।

৬৪. ১ টেরাবাইট (TB) সমান– [২০২৪১০]

ক) ১০২৪ মেগাবাইট খ) ১০২৪ ন্যানোবাইট
গ) ১০২৪ গিগাবাইট ঘ) ১০২৪ কিলোবাইট **গ**

✔ **ব্যাখ্যা :** ৮ বিট = ১ বাইট,
১০২৪ বাইট = ১ কিলোবাইট,
১০২৪ কিলোবাইট = ১ মেগাবাইট,
১০২৪ মেগাবাইট = ১ গিগাবাইট,
১০২৪ গিগাবাইট = ১ টেরাবাইট,
১০২৪ টেরাবাইট = ১ পেটাবাইট,
১০২৪ পেটাবাইট = ১ এক্সাবাইট,
১০২৪ এক্সাবাইট = ১ জেটাবাইট,
১০২৪ জেটাবাইট = ১ ইয়োটাবাইট।

৮০. কম্পিউটারের তথ্য সংগ্রহের ক্ষুদ্রতম একক কী? [২০২৪২৯]

ক) বিট খ) বাইট
গ) কিলোবাইট ঘ) মেগাবাইট
ঙ) কোনটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** এক বাইট আট বিটের সমান। একটি বিট তথ্য পরিমাপের ক্ষুদ্রতম একক হিসাবে বিবেচিত হয়। একটি বিট 0 বা 1 হতে পারে। বাইট ছিল মূলত ক্ষুদ্রতম সংখ্যক বিট যা একটি একক অক্ষর ধারণ করতে পারে।
একটি বিট একটি বাইটের চেয়ে তথ্যের একটি ছোট একক। তথ্যের এক বাইটে আটটি বিট থাকে। পর্যায়ক্রমে, এবং সাধারণভাবে আধুনিক সংজ্ঞাগুলিতে, বিট (এবং তাদের পরবর্তীতে বড় আত্মীয়, যেমন কিলোবিট, মেগাবিট এবং গিগাবিট) ডেটা স্থানান্তরের হার পরিমাপ করতে ব্যবহৃত হয়।

৪৪. 'হার্ডডিস্ক' মাপার একক কোনটি? [২০২৩৬৮]

ক) কিলোবাইট খ) মেগাবাইট
গ) গিগাবাইট ঘ) অক্কার বাইট **গ**

✔ **ব্যাখ্যা :** সাধারণত বর্তমানের হার্ডডিস্কগুলো গিগাবাইট ও টেরাবাইটে হিসাব করা হয়ে থাকে। হার্ডডিস্কের তথ্য ধারণক্ষমতার একক বাইট (Byte)। ১০২৪ বাইট এ ১ কিলোবাইট হয়। একই ভাবে - ১, ০৪৮, ৫৭৬ বাইট নিয়ে ১ মেগাবাইট হয়; ১, ০৭৩, ৭৪১, ৮২৪ বাইট নিয়ে ১ গিগাবাইট হয়; এবং ১, ০৯৯, ৫১১, ৬২৭, ৭৭৬ বাইট নিয়ে ১ টেরাবাইট হয়।

৭৮. সঞ্চয় ভান্ডারের ধারণ ক্ষমতার একক কী? [২০২৩৪৩]

ক) বিট খ) মেগাবাইট
গ) গিগাবাইট ঘ) বাইট **ক**

✔ **ব্যাখ্যা :** বিট হল কম্পিউটিং এবং ডিজিটাল যোগাযোগের তথ্যের সবচেয়ে মৌলিক একক।

৮৯. কত মেগাবাইটে ১ গিগাবাইট? [২০২৩৭৬]

ক) 2^{10} খ) 2^{18}
গ) 2^{15} ঘ) 2^{100} **ক**

✔ **ব্যাখ্যা :** ১ গিগাবাইট = ১০২৪ মেগাবাইট।
১ টেরাবাইট = ১০২৪ গিগাবাইট।

১১৮. এক বাইট (byte) সমান– [স্থা. ম. অ. (সহকারী প্রকৌশলী (সিভিল)) ১৭]

অথবা, **1 বাইটে বিটের সংখ্যা কত?**
[গ. ই. (সহকারী পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ)) '০৩]

অথবা, **একটি বাইটে কটি বিট থাকে?** [২০২৩৪৩]

ক 4 বিট খ 6 বিট গ 7 বিট ঘ 8 বিট **ঘ**

✔ **ব্যাখ্যা :** কয়েকটি বিটের সমন্বয়ে বাইট গঠিত হয়। এক বাইটে মোট আটটি বিট থাকে। কয়েকটি বাইট মিলে একটি শব্দ গঠন করে। কম্পিউটারের ক্ষেত্রে শব্দ সাধারণত ১৬, ৩২, ৩৬, ৪৮ বা ৬৪ বিটের সমন্বয়ে গঠিত হয়।

৫ সংখ্যা পদ্ধতি (Number System)

বাইনারী সংখ্যা পদ্ধতি

৯৭. বাইনারি পদ্ধতির প্রতীক চিহ্ন হলো– [২০২৩৭৬]

ক ১ খ ২
গ ০ এবং ১ ঘ ০ এবং ২ **গ**

✔ **ব্যাখ্যা :** বাইনারি সংখ্যা পদ্ধতি বা দ্বিমিক সংখ্যা পদ্ধতি (ইংরেজি: Binary number system) একটি সংখ্যা পদ্ধতি যাতে সকল সংখ্যাকে কেবলমাত্র 0 এবং 1 দিয়ে প্রকাশ করা হয়। এই সংখ্যা পদ্ধতির ভিত্তি দুই।

৮ ডেটাবেজ (Database)

৯৩. কোনটি ডাটাবেজের পূর্ণাঙ্গ ইমেইল এড্রেস? [২০২৩৭৬]

ক rasel yahoo .com খ rasel. Yahoo.com
গ rasesl.@com ঘ rasesl@yahoo.com **ঘ**

✔ **ব্যাখ্যা :** Electronic mail = E - mail E - mail Address লেখার নিয়ম হল: - user name @ Domain. Domain name ডট (.) চিহ্ন দ্বারা কয়েকটি অংশে বিভক্ত।

১০০. ডেটাবেজের গুরুত্বপূর্ণ বিষয় হলো– [২০২৩৭৬]

ক ফর্মুলা খ মেনু
গ ওয়ার্কশীট ঘ ফিল্ড **ঘ**

✔ **ব্যাখ্যা :** একটি ডাটাবেজে ফিল্ড এবং রেকর্ড দুইটি মৌলিক একক। একটি ডাটাবেজে একাধিক টেবিল থাকতে পারে, একটি টেবিলে একাধিক ফিল্ড থাকতে পারে, এবং প্রতিটি ফিল্ডে একাধিক রেকর্ড থাকতে পারে।

Phenom Publications

৯ কম্পিউটার সফটওয়্যার (Computer Software)

মাল্টিমিডিয়া সফটওয়্যার

৭৫. সিডি-ডিভিডি বা পেন ড্রাইভ থেকে কোনও সফটওয়্যার ইনস্টল করতে গেলে কোন প্রোগ্রাম প্রথমে চালু হয়? [২০২৪১৮]

ক সেট আপ খ অটো রান
গ রিড মি ঘ রিস্টার্ট **খ**

✔ **ব্যাখ্যা :** সিডি, ডিভিডি বা পেনড্রাইভ থেকে সফটওয়্যার ইনস্টল করতে গেলে প্রথমে চালু হয় অটোরান

অপারেটিং সিস্টেম

১৮. ডেস্কটপের জন্য চীনের উন্মুক্ত অপারেটিং সিস্টেমের নাম কী? [২০২৩৬৬]

ক DiRTiM খ OpenKylin
গ VirTue ঘ MarLyn **খ**

✔ **ব্যাখ্যা :** অভ্যন্তরীণ পর্যায়ে গবেষণার মাধ্যমে ডেস্কটপের জন্য প্রথম উন্মুক্ত অপারেটিং সিস্টেম উন্মোচন করেছে চীন। রাষ্ট্রীয় সংবাদমাধ্যমের তথ্যানুযায়ী, অপারেটিং সিস্টেমটির নাম ওপেনকাইলিন দেয়া হয়েছে। যুক্তরাষ্ট্রের প্রযুক্তির ওপর নির্ভরতা কমাতেই এ উদ্যোগ।

১০ কম্পিউটার ফাইল সিস্টেম (Computer File System)

Video File Extenstions

৫৮. নিচের কোনটি চলমান গ্রাফিক্স? [২০২৩৬০]

ক) সিনেমা খ) শব্দ বা অডিও
গ) এনিমেশন ঘ) রেডিও **গ**

✔ **ব্যাখ্যা :** এনিমেশন হল এক ধরনের আর্ট টেকনিক যা কোন কিছু ধরানের মাধ্যমে কোন স্থিরচিত্রকে মোশন গ্রাফিক্সে কনভার্ট করা হয়। এই মাধ্যমটি ডিজাইন এলিমেন্টের পাশাপাশি কম্পিউটার সাইন্সের সাথেও সাদৃশ্যপূর্ণ। কারণ আর্টের দক্ষতা এবং এনিমেশন সফটওয়্যার একত্রে কার্টুন, ফিল্ম, কমার্শিয়ালের জন্য ব্যবহার করা হয়। বেশিরভাগ আর্টিস্টগণ কম্পিউটার জেনারেট ইমেজে এনিমেশন সফটওয়্যার এর মাধ্যমে ক্রিয়েশনের কাজ করে। আবার কেউ কেউ ফিজিক্যাল মডেল এবং হ্যান্ড রাইট ইলাস্ট্রেশনের মাধ্যমে ক্রিয়েট করে।

১১ মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল এবং পাওয়ারপয়েন্ট (Microsoft Word, Excel & Powerpoint)

Microsoft Word

৭৬. ওয়ার্ড প্রসেসরে কোনও ডকুমেন্ট প্রথমবার সংরক্ষণ করতে কোন কমান্ডটি ব্যবহার করা হয়? [২০২৪১৮]

ক) নিউ খ) ওপেন
গ) সেভ ঘ) সেভ অ্যাজ **ঘ**

✔ **ব্যাখ্যা :** সাধারণত কোন ফরম্যাটে সংরক্ষিত হবে তা উল্লেখ করে সেইভ এজ ব্যবহার করা হয়।

৯২. মাইক্রোসফট ওয়ার্ডে Ctrl + Home কিবোর্ডে কমান্ড দিলে কার্সর (Cursor) কোথায় যাবে? [২০২৩৭৬]

ক) বর্তমান পেজের শুরুতে খ) পূর্ববর্তী পৃষ্ঠার শুরুতে
গ) পূর্ববর্তী লাইনে ঘ) ডকুমেন্টের শুরুতে **গ**

✔ **ব্যাখ্যা :** Ctr + home দিয়ে কার্সর ডকুমেন্টের শুরুতে নেয়া হয়।

Microsoft Excel

৯৪. কম্পিউটারে কোনো হিসাব-নিকাশ করার উপযোগী সফটওয়্যার কোনটি? [২০২৩৭৩]

ক) এমএস পাওয়ার পয়েন্ট খ) এমএস ওয়ার্ড
গ) এমএস এক্সেল ঘ) অটো ক্যাড **গ**

✔ **ব্যাখ্যা :** এক্সেল হলো মাইক্রোসফট অফিসের একটি স্প্রেডশিট প্রোগ্রাম এবং অফিস ৩৬৫ এর সাথে সামঞ্জস্যপূর্ণ একটি অ্যাপ্লিকেশন। মাইক্রোসফট এক্সেল -এর মাধ্যমে একজন ইউজার স্প্রেডশিটের ডাটা ফরম্যাট, অর্গানাইজ এবং ক্যালকুলেট করতে পারবেন।

১২ কম্পিউটার নেটওয়ার্ক ও ইন্টারনেট (Computer Network & Internet)

মডেম

৭৬. কোন যন্ত্রাংশটি ইনপুট এবং আউটপুট উভয়ের জন্য ব্যবহৃত হয়? [২০২৩৫৭]

ক) Modem খ) Scanner
গ) Mouse ঘ) Monitor **ক**

৩৬. কয়েকটি ভিন্ন নেটওয়ার্ক যুক্ত করার জন্য নিচের কোন ডিভাইস ব্যবহার করা হয়? [২০২৩৭০]

ক) সুইচ খ) রাউটার
গ) হাব ঘ) গেটওয়ে **খ**

✔ **ব্যাখ্যা :** গেটওয়ে হলো এমন ধরনের যন্ত্র যেগুলো ভিন্ন ভিন্ন নেটওয়ার্ককে যুক্ত করার জন্য ব্যবহার করা হয়। রাউটার, হাব, ব্রিজ, সুইচ ইত্যাদি যন্ত্র প্রটোকল ট্রান্সলেশনের সুবিধা দেয় না, কিন্তু গেটওয়ে এই সুবিধা দেয়।

ইন্টারনেট

১০০. বাংলা সার্চ ইঞ্জিন কোনটি? [২০২৩৭৩]

ক) বিং খ) গুগল
গ) ইয়াহু ঘ) পিপীলিকা **ঘ**

ডিপার্টমেন্টাল

৬. Wifi Network এর সংযোগের জন্য সংশ্লিষ্ট ডিভাইসটির সংযোগ মাধ্যম কোনটি? [২০২৪০৩]

ক) তামার তার খ) অপটিক্যাল ফাইবার
গ) তারহীন সংযোগ ঘ) উপরের সবকটি **গ**

✔ **ব্যাখ্যা :** ওয়াই - ফাই বা ওয়্যারলেস ফিডালিটি (Wireless Fidelity) হচ্ছে এক ধরনের জনপ্রিয় তারবিহীন প্রযুক্তি যা রেডিও ওয়েভ ব্যবহার করে কোনো ইলেকট্রনিক ডিভাইসকে উচ্চগতির ইন্টারনেট সংযোগ কিংবা কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে ডেটা আদান-প্রদান করতে পারে।

৯১. ই-মেইলে CC এর অর্থ কী? [২০২৩৭৩]

ⓚ Close Circuit ⓛ Contact Copy
ⓜ Carbon Copy ⓝ Copy Carbon **গ**

✔ **ব্যাখ্যা :** CC মানে Carbon Copy.

৯৮. মোডেম টেলিফোন লাইনের সাথে যুক্ত হয় কীসের মাধ্যমে? [২০২৩৭৩]

ⓚ এডাপ্টার ⓛ সিপিইউ
ⓜ ফ্লপি ডিস্ক ⓝ পেনড্রাইভ **ক**

✔ **ব্যাখ্যা :** মোডেম টেলিফোন লাইনের সাথে সংযুক্ত হয় এডাপ্টরের মাধ্যমে

৫. নিচের কোনটি ক্যাবল জয়েনিং পদ্ধতি? [২০২৩৭০]

ⓚ সোল্ডারিং ⓛ ওয়েল্ডিং
ⓜ জাম্পারিং ⓝ স্প্লাইসিং **ক**

✔ **ব্যাখ্যা :** The conductors may be joined by either welding, crimping, soldering or using mechanical connectors.

৭২. ই-মেইল ঠিকানায় @ এর পরের অংশটিকে কি বলে? [২০২৩৫৭]

ⓚ ডোমেইন নেম ⓛ ডোমেইন নেম এলার্ট
ⓜ ডোমেইন ⓝ ইউজার নেম **ক**

✔ **ব্যাখ্যা :** একটি ই - মেইল মেইল ঠিকানায় অবশ্যই যে চিহ্ন বা Symbol টি থাকবে সেটি @। একটি ই-মেইল মেইল addree- এ বামদিকে user name ও ডানদিকে domain name এর মাঝে @ চিহ্নটি অবশ্যই থাকতে হয়।

৯২. দেশের প্রথম জাতীয় ব্রাউজারের নাম কী? [২০২৩৪৩]

ⓚ তর্জনী ⓛ রাসেল
ⓜ বঙ্গবন্ধু ⓝ কোনটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** বাংলায় সহজে ইন্টারনেট ব্যবহারের সুযোগ দিতে জাতীয় মোবাইল ব্রাউজার 'তর্জনী' চালু করেছে সরকারের তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) বিভাগ।

৬৯. প্রতিটি সাইটের স্বতন্ত্র নাম থাকে, তাকে কী বলে? [২০২৩২৮]

ⓚ ফটোশপ ⓛ ডোমেইন
ⓜ HTML ⓝ SMTP **খ**

✔ **ব্যাখ্যা :** ওয়েবসাইটে স্বতন্ত্র ঠিকানা তৈরির জন্য ডোমেইন নেম কিনতে হয়। প্রতিটি সাইটের একটি স্বতন্ত্র নাম থাকতে হয় যেটিকে ডোমেইন নেম বলে।

৫৫. ইন্টারনেট ব্যবহারের ফলে কুকিজ ও টেম্পোরারি ফাইল কোথায় জমা হয়? [২০২৩৬০]

ⓚ hard disc-এ
ⓛ ব্রাউজারের Read me মেমোরিতে
ⓜ ব্রাউজারের ক্যাশ মেমোরিতে
ⓝ Registry Editor-এ **গ**

✔ **ব্যাখ্যা :** ব্রাউজার ক্যাশে হল ফাইলগুলির একটি ছোট ডাটাবেস যাতে ডাউনলোড করা ওয়েব পৃষ্ঠার সংস্থান থাকে, যেমন ছবি, ভিডিও, সিএসএস, জাভাস্ক্রিপ্ট ইত্যাদি।

১৩ মোবাইল ও ওয়্যারলেস কমিউনিকেশন (Mobile & Wireless Communication)

ওয়্যারলেস কমিউনিকেশন

৫৮. কোন দেশের পাওয়ার সিস্টেমে দুই ধরনের ফ্রিকোয়েন্সীর ব্যবহার আছে? [২০২৪২৫]

ⓚ বাংলাদেশ ⓛ ভারত
ⓜ জাপান ⓝ আমেরিকা **গ**

মোবাইল যোগাযোগ

৩৮. মোবাইল ফোনের কোনটি ইনপুট ডিভাইস নয়? [২০২৩৩৩]

ⓚ কি-প্যাড ⓛ টাচ স্ক্রিন
ⓜ পাওয়ার সাপ্লাই ⓝ ক্যামেরা **গ**

১৪ তথ্য প্রযুক্তি ও এর ব্যবহার (Information Technology and its Uses)

ই-মেইল

৮২. ই-মেইলের ঠিকানায় @ এর পরের অংশকে কী বলে? [২০২৩৪৩]

ⓚ User name ⓛ Domain name
ⓜ Host name ⓝ Protocol **খ**

✔ **ব্যাখ্যা :** ই-মেইল হলো ঠিকানা User name @ Domain এ দুটি অংশ নিয়ে গঠিত। @ চিহ্নের পরের অংশটি হলো Domain name.

দৈনন্দিন জীবনে কম্পিউটার

৬১. আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স হচ্ছে– [২০২৪২৬]

ক) নলেজ বেজড সিস্টেম খ) ইন্টারনেট সিস্টেম
গ) কম্পিউটার সিস্টেম ঘ) নলেজ সিস্টেম **গ**

৫৩. চিন্তা করার ক্ষমতা নিচের কোন প্রযুক্তির? [২০২৩৬৭]

ক) বায়োইনফরমেটিক্স খ) রোবটিক্স
গ) ইনফরমেটিক্স ঘ) বায়োমেট্রিক্স **খ**

✔ **ব্যাখ্যা :** রোবটের চিন্তা করার ক্ষমতা সংযোজন করা হয়েছে।

৪৮. কপিরাইট আইন কত সালে প্রণয়ন করা হয়? [২০২৪২৩]

ক) ১৯৬০ খ) ১৮২৬
গ) ১৭৬০ ঘ) ১৬৬২ **ঘ**

✔ **ব্যাখ্যা :** ব্রিটেনের রাজা দ্বিতীয় চার্লস অনৈতিক অনুলিপি বন্ধের ব্যাপারে রাজকীয় বিশেষাধিকার প্রয়োগ করে সর্বপ্রথম ১৬২২ সালে লাইসেন্স বিধিমালা জারি করে ।এবং ১৭১০ সালে গ্রেট ব্রিটেনে সর্বপ্রথম কপিরাইট আইন পাস করে। উপমহাদেশে সর্বপ্রথম ১৯১২ সালে কপিরাইট আইন প্রণীত হয়
বাংলাদেশে কপিরাইট আইন প্রথম তৈরি হয় ১৯৭৪ সালে। বর্তমানে বাংলাদেশে কপিরাইট আইন, ২০২৩ আইন বিদ্যমান।

ভূগোল

সূচিপত্র

ভূগোল		
১.	পৃথিবীর কাল্পনিক রেখাসমূহ	2031
২.	পৃথিবীর গতি	2034
৩.	মহাদেশসমূহ	2037
বাংলাদেশের ভৌগোলিক পরিচিতি		
৪.	বাংলাদেশের ভূ-প্রকৃতি	2038
৫.	বঙ্গোপসাগর ও সমুদ্র সৈকত	2046
৬.	নদী ও চর, জলপ্রপাত, ঝর্ণা	2049
৭.	দ্বীপ	2057
৮.	বনাঞ্চল	2059
আন্তর্জাতিক ভূগোল		
৯.	পর্বত	2063
১০.	সাগর-নদী-বন-মরুভূমি-জলপ্রপাত-হ্রদ	2064
১১.	দ্বীপ	2070
১২.	পৃথিবীর প্রান্তীয় স্থান, গুরুত্বপূর্ণ সীমারেখা, বিরোধপূর্ণ ভূখণ্ড	2071
১৩.	প্রণালী	2075
১৪.	ভৌগোলিক উপনাম	2078
পৃথিবীর গঠন		
১৫.	পৃথিবীর বাহ্যিক গঠন	2082
১৬.	পৃথিবীর অভ্যন্তরীণ গঠন	2083
১৭.	মাটি	2084
১৮.	সার	2084
১৯.	বায়ুমণ্ডল	2085
২০.	বারিমণ্ডল	2089

Bhoomoy Publications

আবহাওয়া ও জলবায়ু

২১.	আবহাওয়া ও জলবায়ু	209
২২.	বাংলাদেশের পরিবেশ পরিবর্তন	209
২৩.	বৈশ্বিক পরিবেশ পরিবর্তন	209
২৪.	পরিবেশ বিষয়ক সম্মেলন	209
২৫.	পরিবেশ বিষয়ক সংস্থা	209
২৬.	পরিবেশ বিষয়ক চুক্তি	210
২৭.	প্রাকৃতিক দুর্যোগ	210
২৮	প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা	210

ভূগোল

১ পৃথিবীর কাল্পনিক রেখাসমূহ

০৫. কোন কাল্পনিক রেখা থেকে অক্ষাংশ গণনা করা হয়? [২০২৩৩২]

ⓚ কর্কটক্রান্তি ⓛ মকরক্রান্তি
ⓜ বিষুবরেখা ⓝ মূল মধ্যরেখা **গ**

০৭. Which region of the Moon is known as the 'far side ot the Moon"? [২০২৩৬৪]

ⓚ Equator ⓛ South Pole
ⓜ North Pole ⓝ Great Spot **খ**

✔ **ব্যাখ্যা :** পৃথিবী থেকে চাঁদের সবচেয়ে দূরবর্তী অংশটুকু হলো চাঁদের দক্ষিণ মেরু তথা south pole। এটিকে The dark side of the moon, Aithen basinও বলা হয়।

Equator : চাঁদের প্রায় মাঝ বরাবর যে রেখা চাঁদকে উত্তর ও দক্ষিণ দুইটি অংশে ভাগ করে সেটি equator line.
Great spot : চাঁদের ঠিক মাঝামাঝি অংশের একটু নিচে যে বড় গর্ত, দাগ দৃশ্যমান হয় তাকে great spot বা Ptolemaneus ও বলা হয়।

২৭. ঢাকা থেকে পূর্বদিকে অবস্থিত একটি স্থানের দ্রাঘিমার পার্থক্য ৪৫°। ঢাকার সময় মধ্যাহ্ন ১২.০০টা হলে, ঐ স্থানটির স্থানীয় সময় হবে– [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ সকাল ০৯.০০ টাকা ⓛ বিকাল ০৩.০০ টা
ⓜ সন্ধ্যা ০৬.০০ টা ⓝ রাত ০৯.০০ টা **খ**

বাংলাদেশের ভৌগোলিক পরিচিতি

৪ বাংলাদেশের ভূ-প্রকৃতি

বাংলাদেশের মানচিত্র ও ভৌগোলিক পরিচিতি

১০. বাংলাদেশের পাহাড় শ্রেণির ভূ-তাত্ত্বিক যুগের ভূমিরুপ কোনটি? [২০২৩৩৯]

ক নিউ টারশিয়ারী যুগের খ মায়োসিন যুগের
গ প্লাইস্টোসিন যুগের ঘ টারশিয়ারি যুগের **ঘ**

২২. বাংলাদেশের সর্বোচ্চ পাহাড় কোনটি? [২০২৩৪৭]

ক গারো পাহাড় খ লালমাই পাহাড়
গ কুলাউড়া পাহাড় ঘ চিম্বুক পাহাড় **ক**

বাংলাদেশের সীমানা

৩৪. নিচের কোন দু'টি দেশের সাথে বাংলাদেশের সীমানা রয়েছে? [২০২৩২৩]

ক নেপাল ও ভারত খ ভারত ও ভূটান
গ মায়ানমার ও ভারত ঘ ভারত ও শ্রীলঙ্কা **গ**

সীমান্তবর্তী জেলা

৪৭. বাংলাদেশের কোন জেলার সাথে ভারত-মায়ানমারের সীমানা রয়েছে? [২০২৩৩৭]

ক চট্টগ্রাম খ কক্সবাজার গ রাঙ্গামাটি ঘ পটুয়াখালী **গ**

৫৪. বাংলাদেশের উত্তরে ভারতের কোন রাজ্যের অবস্থান? [২০২৩৭৫]

ক মেঘালয় খ আসাম গ মিজোরাম ঘ ত্রিপুরা **ক**

বাংলাদেশের বিভাগ-জেলা-উপজেলা-থানা-ইউনিয়ন-গ্রাম

৭০. বাংলাদেশের বৃহত্তম বিভাগ কোনটি? [২০২৩৪৪]

ক রাজশাহী খ খুলনা গ ঢাকা ঘ চট্টগ্রাম **ঘ**

৭১. বাংলাদেশের ক্ষুদ্রতম বিভাগ কোনটি? [২০২৩৭৩]

ক বরিশাল খ সিলেট গ রংপুর ঘ ময়মনসিংহ **ঘ**

৭৩. বাংলাদেশের কোন বিভাগে জনসংখ্যার ঘনত্ব সবচেয়ে কম? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক সিলেট খ খুলনা গ বরিশাল ঘ চট্টগ্রাম **গ**

৭৫. কোন বিভাগে জেলার সংখ্যা কম? [২০২৪৩২]

ক ঢাকা খ চট্টগ্রাম গ রাজশাহী ঘ খুলনা **গ**

৭৭. কোন জেলার জনসংখ্যা সবচেয়ে কম? [২০২৪০৭]

ক বান্দরবান খ খাগড়াছড়ি
গ মেহেরপুর ঘ লালমনিরহাট **ক**

✔ **ব্যাখ্যা :** সর্বশেষ জনশুমারী অনুযায়ী, বাংলাদেশে সর্বাধিক জনসংখ্যা ঢাকাতে এবং সর্বনিম্ন বান্দরবন জেলাতে। জনসংখ্যা ঘনত্বে সর্বাধিক ঢাকা (১০,০৬৭ জন প্রতি বর্গ কিমি এবং সর্বনিম্ন রাঙামাটিতে (১০৬ জন প্রতি বর্গ কিমি) বান্দরবনের বর্তমান জনসংখ্যা চার লাখ ৮১ হাজার ১০৯ জন। জনসংখ্যা ঘনত্ব এর দিক দিয়ে ঢাকা বেশি এগিয়ে, সবথেকে কম ঘনত্ব বরিশাল বিভাগে।

৭৮. নিম্নলিখিত কোন জেলায় জনসংখ্যার ঘনত্ব সবচেয়ে কম? [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ক পটুয়াখালী খ খাগড়াছড়ি
গ রাঙামাটি ঘ বান্দরবান **গ**

৮০. জনসংখ্যার বিবেচনায় বাংলাদেশের সবচেয়ে ছোট থানা কোনটি? [২০২৪২৯]

ক থানচি খ শিবগঞ্জ গ রাজস্থলী ঘ শ্যামনগর
ঙ কোনটিই নয় **ক**

৮৬. বাংলাদেশের কোন জেলা শহরে রিক্সা নেই? [২০২৪২৮]

ক পঞ্চগড় খ চট্টগ্রাম গ রাঙ্গামাটি ঘ খাগড়াছড়ি **গ**

৯১. বাংলাদেশের কোন জেলায় উপজেলার সংখ্যা সবচেয়ে বেশি? [২০২৩৩৮]

ক ময়মনসিংহ খ কুমিল্লা গ চট্টগ্রাম ঘ যশোর **খ**

৯২. ঈদগাঁও উপজেলা কোথায় অবস্থিত ও এর আয়তন কত? [২০২৪২৩]

ক কক্সবাজার ও ১১৯.৬৬ (ব. কি. মি.)
খ চট্টগ্রাম ও ১০৯৬ (ব. কি. মি.)
গ কুমিল্লা ও ১১৯.৬৬৬ (ব. কি. মি.)
ঘ মাদারীপুর ও ১০৯.৬৬ (ব. কি. মি.) **ক**

✔ **ব্যাখ্যা :** ঈদগাঁও উপজেলা কক্সবাজার জেলায় অবস্থিত। এটির আয়তন ১১৯.৬৬ বর্গকিলোমিটার। ২৬ জুলাই ২০২১ তারিখ প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (নিকার) সভায় ঈদগাঁওকে স্বতন্ত্র উপজেলা হিসেবে অনুমোদন দেওয়া হয়। ঈদগাঁও দেশের ৪৯৫তম এবং সর্বশেষে প্রতিষ্ঠিত উপজেলা।

৯৩. মেহেরপুর জেলার উপজেলার সংখ্যা কয়টি? [২০২৩৪৪]

ক ২ খ ৩ গ ৪ ঘ ৫ **খ**

✔ **ব্যাখ্যা :** মেহেরপুর জেলায় ৩ (তিন)টি উপজেলা রয়েছে–
১. মেহেরপুর সদর উপজেলা
২. মুজিবনগর উপজেলা
৩. গাংনী উপজেলা।
২৬ ফেব্রুয়ারি ১৯৮৪ সালে কুষ্টিয়া থেকে পৃথক করে মেহেরপুরকে স্বতন্ত্র জেলার মর্যাদা দেওয়া হয়। মুক্তিযুদ্ধ চলাকালে প্রবাসী বাংলাদেশ সরকার তৎকালীন কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার বৈদ্যনাথ তলায় আম্রকাননে ১৯৭১ সালের ১৭ই এপ্রিল শপথ গ্রহণ করে অস্থায়ী সরকার গঠন করে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অস্থায়ী রাজধানী ঘোষণা করে।

বাংলাদেশের বৃহত্তম ও ক্ষুদ্রতম

১০৫. বাংলাদেশের বৃহত্তম গ্রাম কোন জেলায় অবস্থিত? [২০২৪২০]

ক নোয়াখালী খ কুষ্টিয়া গ চাঁদপুর ঘ হবিগঞ্জ **ঘ**

Phenom Publications

৫ বঙ্গোপসাগর ও সমুদ্র সৈকত

০২. উপকূলীয় রাষ্ট্রে মহীসোপানের সীমা কত? [২০২৪২৩]
ক ১০০ নটিক্যাল মাইল খ ৩৭০.০ কি.মি.
গ ৩০০ নটিক্যাল মাইল ঘ ১৫০ মাইল বি.দ্র.

০৫. ১ নটিক্যাল মাইল সমান কত কিলোমিটার?
[প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় ধাপ) '২৪]
ক ১.৮৫২ খ ২.৮৭১ গ ২.২৫৮ ঘ ১.৮৫৫ **ক**

১৬. কোন সমুদ্র সৈকতকে বাংলাদেশের 'সাগর কন্যা' বলা হয়? [২০২৩৫৮]
ক পতেঙ্গা খ সেন্টমার্টিন গ কুয়াকাটা ঘ কক্সবাজার **গ**

১৭. পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত কোনটি? [২০২৩৩৫]
ক পাতায়া খ কক্সবাজার গ গোয়া ঘ কোনটিই নয় **খ**

২০. বাংলাদেশের প্রস্তাবিত 'এক্সক্লুসিভ ট্যুরিজম জোন' টি কোন সমুদ্র বন্দরে অবস্থিত? [২০২৩২৭]
ক ইনানি খ সাবরং গ লাবনি ঘ কুয়াকাটা **খ**

২১. 'পারকি' সমুদ্র সৈকত কোন জেলায় অবস্থিত? [২০২৪১৩; ২০২৪২১]
ক কক্সবাজার খ পটুয়াখালী গ চট্টগ্রাম ঘ ভোলা **গ**

✔ **ব্যাখ্যা :** পারকি সমুদ্র সৈকত বা পারকি সৈকত চট্টগ্রাম শহর থেকে ২০ কি.মি. দক্ষিণে আনোয়ারা উপজেলায় অবস্থিত ১৩ কিলোমিটার দীর্ঘ সমুদ্র সৈকত। এটি মূলত কর্ণফুলী নদীর মোহনায় অবস্থিত। অর্থাৎ কর্ণফুলী নদীর মোহনার পশ্চিম তীরে পতেঙ্গা সমুদ্র সৈকত এবং পূর্ব-দক্ষিণ তীরে পারকি সমুদ্র সৈকত অবস্থিত। পারকি একটি উপকূলীয় সমুদ্র সৈকত যেখানে অসংখ্য ঝাউ গাছ আর ঝাউবন রয়েছে।

৬ নদী ও চর, জলপ্রপাত, ঝর্ণা

নদ-নদী সম্পর্কিত সাধারণ তথ্য

০২. দুই নদীর মধ্যবর্তী ভূমিকে কি বলে? [২০২৪২০]
ক মোহনা খ দ্বীপ গ ব-দ্বীপ ঘ দোয়াব **ঘ**

নদীর উৎপত্তিস্থল

০৮. মাতামুহুরী নদীর উৎপত্তিস্থল কোথায়? [২০২৩৭৩]
ক মাইভার পর্বত খ লুসাই পাহাড়
গ মানস সরোবর ঘ গাঙ্গোত্রী হিমবাহ **ক**

১৭. তিস্তা নদী যমুনার নদীর সঙ্গে মিলিত হয়– [২০২৪২৬]
ক ফুলবাড়ী খ নীলফামারী গ ফুলছড়ি ঘ গোবিন্দগঞ্জ বি.দ্র.

✔ **ব্যাখ্যা :** তিস্তা নদী ভারতের সিকিম রাজ্যের হিমালয়ের ৭২০০ মিটার উচ্চতায় অবস্থিত– চিতামু হ্রদ থেকে সৃষ্টি হয়েছে। নদীটি নীলফামারী জেলার কালীগঞ্জ সীমান্ত এলাকা দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। তিস্তা নদীটি বাংলাদেশের ভেতর চিলমারীর (কুড়িগ্রাম) কাছে যমুনা ও ব্রহ্মপুত্র নদীর সাথে মিলিত হয়েছে। ব্রহ্মপুত্র-যমুনা নদী প্রণালীর প্রধান উপনদী হচ্ছে তিস্তা।

১৯. কোন নদীর উৎপত্তি সিকিমের পাহাড়ি এলাকা থেকে? [২০২৩১৬]
ক তিস্তা খ মেঘনা গ পদ্মা ঘ কর্ণফুলী **ক**

২২. কর্ণফুলি নদীর উৎপত্তিস্থল কোথায়? [২০২৩১৭]
ক ত্রিপুরা খ আসাম গ মনিপুর ঘ মিজোরাম **ঘ**

অভ্যন্তরীণ, আন্তঃসীমান্ত ও অভিন্ন নদী

৫৩. বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যে উৎপত্তি ও সমাপ্ত নদী কোনটি? [২০২৪২২; ২০২৪২১]
ক সুরমা খ হালদা গ সাঙ্গু ঘ কর্ণফুলী বি.দ্র.

✔ **ব্যাখ্যা :** সাঙ্গু ও হালদা বাংলাদেশের অভ্যন্তরে উৎপন্ন সমাপ্ত হওয়া দুইটি অভ্যন্তরীণ নদী।

৫৯. বাংলাদেশে কোন নদী কার্পজাতীয় মাছের রেণুর প্রধান উৎস? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]
ক সালদা খ হালদা গ পদ্মা ঘ কুমার **খ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের অভ্যন্তরে উৎপন্ন ও সমাপ্ত হওয়া দুটি নদীর একটি হলো হালদা নদী। অপরটি হলো সাঙ্গু নদী। হালদা নদী বাংলাদেশের একমাত্র প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র। প্রতি বছর হালদা নদীতে একটি বিশেষ মুহূর্তে ও বিশেষ পরিবেশে রুই, কাতলা, মৃগেল, কালিবাউস ও কার্প জাতীয় মাতৃমাছ প্রচুর পরিমাণে ডিম ছাড়ে। ডিম ছাড়ার বিশেষ সময়কে "তিথি" বলা হয়ে থাকে। মা মাছেরা এপ্রিল থেকে জুন পর্যন্ত শুধু অমাবস্যা বা পূর্ণিমা তিথিতে অনুকূল পরিবেশে ডিম ছাড়ে।

৬৪. কোন নদীটি বাংলাদেশ হতে ভারত গিয়ে পুনরায় বাংলাদেশে প্রবেশ করেছে? [২০২৩৪৭]
ক আত্রাই খ হালদা গ কুশিয়ারা ঘ চিত্রা **ক, খ**

✔ **ব্যাখ্যা :** আত্রাই নদী ভারত-বাংলাদেশের একটি আন্তঃসীমান্ত নদী। আত্রাই নদীর উৎপত্তি ভারতের পশ্চিমবাংলায় এবং এটি বাংলাদেশের দিনাজপুর জেলার মধ্য দিয়ে প্রবাহিত হয়ে আবার ভারতে প্রবেশ করেছে। এরপর ভারতের পশ্চিম বাংলার দক্ষিণ দিনাজপুর জেলার কুমারগঞ্জ ও বালুরঘাট ব্লকের মধ্যে দিয়ে প্রবাহিত হয়ে পুনরায় বাংলাদেশে প্রবেশ করেছে।

৬৯. বাংলাদেশের নবীনতম নদী কোনটি? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]
ক পদ্মা খ যমুনা গ জিঞ্জিরাম ঘ মেঘনা **গ**

✔ **ব্যাখ্যা :** জিঞ্জিরাম নদীটি বাংলাদেশের উত্তরে কুড়িগ্রাম জেলায় অবস্থিত। এই নদীটি পূর্বে মরা/মৃতপ্রায় নদী ছিল। কিন্তু পরবর্তীতে এটি খনন করার উদ্যোগ গ্রহণ করা হয়। সাম্প্রতিককালে জিঞ্জিরাম নদী পুনরায় খননের কারণে নতুন

করে রূপ ফিরে পেয়েছে। তাই বাংলাদেশের নবীনতম নদী হচ্ছে জিঞ্জিরাম নদী।

পানি সম্পদ মন্ত্রণালয়, যৌথ নদী কমিশন

৮২. বাংলাদেশের নদী গবেষণা ইনস্টিটিউট কোথায়? [২০২৩২১]
ⓚ বরিশাল ⓚ ফরিদপুর ⓖ চাঁদপুর ⓖ ঢাকা **খ**

হাওড়, বিল ও হ্রদ

৮৭. বাংলাদেশের ক্ষুদ্রতম হাওড় কোনটি? [২০২৩২৭]
ⓚ পাথর চাওলি ⓚ চলনবিল
ⓖ হাইলি ⓖ বুরবুক **ঘ**

৯৩. 'নয় কুড়ি কান্দা ছয় কুড়ি বিল' নামে পরিচিত কোনটি? [২০২৩২২]
ⓚ হাকালুকি হাওড় ⓚ টাঙ্গুয়ার হাওড়
ⓖ চলন বিল ⓖ শনির হাওড় **খ**

✔ **ব্যাখ্যা :** টাঙ্গুয়ার হাওর বাংলাদেশের সুনামগঞ্জ জেলায় অবস্থিত। প্রায় ১২৬ কিলোমিটার এলাকাজুড়ে বিস্তৃত এ হাওর বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম মিঠা পানির জলাভূমি (বৃহত্তম মিঠা পানির জলাভূমি হলো হাকালুকি হাওর)। স্থানীয় লোকজনের কাছে টাঙ্গুয়ার হাওরটি 'নয়কুড়ি কান্দার ছয়কুড়ি বিল' নামে পরিচিত। শীত মৌসুমে পানি শুকিয়ে কমে গেলে এখানকার প্রায় ২৪টি বিলের পড়ে (স্থানীয় ভাষায় কান্দা) জেগে উঠে আর শুধু কান্দার ভেতরের অংশেই আদি বিল থাকে।

ভ্যালি বা উপত্যকা

১১০. সাজেক ভ্যালি কোন জেলায় অবস্থিত? [২০২৩৭৩]
ⓚ খাগড়াছড়ি ⓚ রাঙামাটি ⓖ বান্দরবান ⓖ চট্টগ্রাম **খ**

✔ **ব্যাখ্যা :** সাজেক বা সাজেক উপত্যকা বাংলাদেশের রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলার অন্তর্গত সাজেক ইউনিয়নের একটি বিখ্যাত পর্যটনস্থল। সাজেকে লুসাই, পাংখোয়া এবং ত্রিপুরা উপজাতি বসবাস করে। রাঙামাটির অনেকটা অংশই দেখা যায় সাজেক উপত্যকা থেকে। এই জন্য সাজেককে 'রাঙামাটির ছাদ' বলা হয়। কর্ণফুলী নদী থেকে উদ্ভূত সাজেক নদী থেকে সাজেক নাম এসেছে।

৮ বনাঞ্চল

২৪. রেলপথের স্লিপার তৈরিতে কোন বনজসম্পদ ব্যবহৃত হয়? [২০২৩৭৯]
ⓚ গর্জন ⓚ সেগুন ⓖ শীল ⓖ গামারি **ক**

✔ **ব্যাখ্যা :**
- রেলপথের স্লিপার তৈরিতে ব্যবহার করা হয়– গর্জন ও জারুল কাঠ।
- নৌকা ও সাম্পান তৈরিতে ব্যবহার করা হয়– চাপালিশ ও গামারি কাঠ।
- নিউজপ্রিন্ট ও দিয়াশলাই তৈরিতে ব্যবহৃত হয়– গেওয়া কাঠ।
- পেন্সিল তৈরিতে ব্যবহৃত হয়– ধূন্দল কাঠ।

২৫. কোন গাছের কাঠ থেকে পেন্সিল তৈরি হয়? [২০২৪২৯]
ⓚ গেওয়া ⓚ গর্জন ⓖ ধুন্দল ⓖ সুন্দরী
ⓘ কোনটিই নয় **গ**

২৮. পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্যের নাম কী? [২০২৩৪২]
ⓚ লাউয়াছড়া ⓚ সুন্দরবন
ⓖ ভাওয়াল জাতীয় উদ্যান ⓖ মধুপুর **খ**

৩৩. কোন বৃক্ষটি সুন্দরবনে পাওয়া যায় না? [২০২৪১৩; ২০২৪২১]
ⓚ গড়ান ⓚ গামার ⓖ বাইন ⓖ পশুর **খ**

✔ **ব্যাখ্যা :** সুন্দরবনের প্রধান গাছপালার মধ্যে অন্যতম হলো সুন্দরী, গেওয়া, গরান, পশুর, বাইন, গোলপাতা, কেওড়া, ধুন্দুল, আমুর, খলশি ইত্যাদি। অন্যদিকে গামার বা গামারি গাছ চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম, কক্সবাজার, সিলেট ও ময়মনসিংহের বনাঞ্চল দেখা যায়।

৩৮. বাংলাদেশের ভৌগোলিক সীমার মধ্যে উৎপত্তি ও সমাপ্ত নদী কোনটি? [২০২৪১৩]
ⓚ সুরমা ⓚ সাঙ্গু ⓖ কর্ণফুলী ⓖ পদ্মা **খ**

✔ **ব্যাখ্যা :** সঠিক উত্তর হালদা নদী ও সাঙ্গু নদী উভয়ই।

৫২. বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ কোন জেলা? [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]
ⓚ ভোলা ⓚ সাতক্ষীরা ⓖ চাঁদপুর ⓖ নোয়াখালী **ক**

✔ **ব্যাখ্যা :** ভোলা বাংলাদেশের দক্ষিণাঞ্চলের বরিশার বিভাগের একটি জেলা। বাংলাদেশের বৃহত্তম দ্বীপ জেলা হলো ভোলা। জেলা প্রশাসন এটিকে কুইন 'আইল্যান্ড অব বাংলাদেশ' বলে ঘোষণা করে। ভোলার পূর্বের নাম ছিল দক্ষিণ শাহবাজপুর।

৫৩. পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ কোনটি? [২০২৩৫৮]
ⓚ বাংলাদেশ ⓚ ভারত ⓖ মিশর ⓖ ভুটান **ক**

✔ **ব্যাখ্যা :** পৃথিবীর সর্ববৃহৎ ব-দ্বীপ হলো গাঙ্গেয় ব-দ্বীপ। একে বঙ্গীয় ব-দ্বীপ বা সুন্দরবন ব-দ্বীপ বা গ্রীন ডেল্টা ও বলা হয়। গাঙ্গেয় ব-দ্বীপ বা বঙ্গীয় ব-দ্বীপের অধিকাংশ অংশ বাংলাদেশে অবস্থিত এবং অল্প কিছু অংশ ভারতের পশ্চিমবঙ্গ প্রদেশে অবস্থিত। পৃথিবীর সর্ববৃহৎ ব-দ্বীপের অধিকাংশ বাংলাদেশে অবস্থিত হওয়ায় বাংলাদেশকে পৃথিবীর সর্ববৃহৎ ব-দ্বীপ বরা হয়।

৭০. 'সাফারী পার্ক' কি? [২০২৩২৫]
ⓚ ফলের বাগান ⓚ জীবজন্তুর অভয়ারন্য
ⓖ পশু পালনের স্থান ⓖ খোলা উদ্যান **খ**

আন্তর্জাতিক ভূগোল

৯ পর্বত

০১. ভঙ্গিল পর্বত সৃষ্টির কারণ কী? [২০২৩৭১]

ক ভূ-পৃষ্ঠের কোনো অংশে প্রবল পার্শ্ব চাপ সৃষ্টি
খ অগ্ন্যুৎপাত
গ আগ্নেয় পর্বত ক্ষয় ঘ ভূমিকম্প **ক**

✔ **ব্যাখ্যা :** 'ভঙ্গিল পর্বত' মূলত: উঁচু-নিচু ভাজ বিশিষ্ট পর্বত। ভূ-পৃষ্ঠের কোনো অংশে প্রবল পার্শ্ব চাপের ফলে ভূ-ভাগে ক্রমোন্নতি অবনতির সৃষ্টি হলে সেই স্থানটিতে ভঙ্গিল পর্বত সৃষ্টি হয়। এ ধরনের পর্বতগুলো কখনো কখনো ৫০০০ মিটারেররও অধিক উচ্চতা সম্পন্ন হয়ে থাকে। পৃথিবীর প্রধান পার্বত্য অঞ্চলগুলোতে এই ধরনের পর্বতের আধিক্য দৃষ্টিগোচর হয়। হিমালয়, আল্পস আটলাস প্রভৃতি ভঙ্গিল পর্বতের প্রকৃষ্ট উদাহরণ।

০৩. কোন দুটি প্লেটের সংযোগস্থল বরাবর মাউন্ট এভারেস্ট অবস্থিত?
[৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক ইন্ডিয়ান ও ইউরেশিয়ান খ ইন্ডিয়ান ও বার্মিজ
গ ইন্ডিয়ান ও আফ্রিকান ঘ বার্মিজ ও ইউরেশিয়ান **ক**

✔ **ব্যাখ্যা :** মাউন্ট এভারেস্ট বা এভারেস্ট পর্বত বিশ্বের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ। মাউন্ট এভারেস্ট পাললিক এবং রূপান্তরিত শিলা নিয়ে গঠিত যা ভারতীয় টেকটোনিক প্লেটের সাথে ইউরেশিয়ান টেকটোনিক প্লেটের সংঘর্ষের ফলে সৃষ্টি হয়।

১০ সাগর-নদী-বন-মরুভূমি-জলপ্রপাত-হ্রদ

সাগর

০২. প্রশান্ত মহাসাগরের আকৃতি কিরূপ? [২০২৩২১]

ক ত্রিভুজের মতো খ আয়তক্ষেত্রের মতো
গ পরাবৃত্তের মতো ঘ রম্বসের মতো **ক**

০৪. সাগর-মহাসাগর কোন ধরনের সম্পদ? [২০২৩১৬]

ক ব্যক্তিগত খ সমষ্টিগত
গ আন্তর্জাতিক ঘ জাতীয় **গ**

✔ **ব্যাখ্যা :** প্রাকৃতিক সম্পদের মালিকানা চার ধরনের। যথা : ১. ব্যক্তিগত ২. সমষ্টিগত ৩. জাতীয় ও ৪. আন্তর্জাতিক তন্মধ্যে আন্তর্জাতিক সম্পদসমূহ আন্তর্জাতিক সংস্থা দ্বারা নিয়ন্ত্রিত হয়। যেমন : আন্তর্জাতিক জলভাগ, মহাসাগর, সাগর প্রভৃতি।

১৭. 'নর্ড স্ট্রিম-২' পাইপলাইন প্রকল্প কোন সাগরের তলদেশে অবস্থিত? [২০২৩৪৯]

ক কাস্পিয়ান সাগর খ কৃষ্ণ সাগর
গ ভূমধ্যসাগর ঘ বাল্টিক সাগর **ঘ**

✔ **ব্যাখ্যা :** নর্থ স্টিম-২ (North Stream 2) হলো একটি ১,২৩৪ কিলোমিটার দীর্ঘ প্রাকৃতিক গ্যাস পাইপলাইন যা রাশিয়া থেকে জার্মানি পর্যন্ত বাল্টিক সাগরের তলদেশে স্থাপিত। এ পাইপলাইনের অনুরূপ এটির পূর্বে স্থাপিত নর্থ স্টিম-১ পাইপ লাইনও রাশিয়া থেকে জার্মানি পর্যন্ত বাল্টিক সাগরের মধ্য দিয়ে ১,২২২ কিলোমিটার দীর্ঘ যা রাশিয়া থেকে ইউরোপে প্রাকৃতিক গ্যাস সরবরাহে ব্যবহৃত হয়ে থাকে।

নদী

১৮. নিচের কোন দেশে কোন নদী নেই? [২০২৪২৫; ২০২৪১৪]

ক নামিবিয়া খ সৌদি আরব
গ মিশর ঘ মিয়ানমার **খ**

✔ **ব্যাখ্যা :** বর্তমানে ১৯টি সার্বভৌম রাষ্ট্র বা দেশের মধ্যে কোনো নদী প্রবাহ নেই।

এশিয়া	বাহরাইন; কুয়েত; সৌদি আরব; সংযুক্ত আরব আমিরাত; ইয়েমেন; কাতার; ওমান; মালদ্বীপ (একমাত্র এশীয়/সার্কভুক্ত দেশ)
আফ্রিকা	কোমোরোস; লিবিয়া
আমেরিকা	বাহামা দ্বীপপুঞ্জ
ইউরোপ	মাল্টা; মোনাকো; ভ্যাটিকান সিটি
ওশেনিয়া	কিরিবাস; মার্শাল দ্বীপপুঞ্জ; নাউরু; টোঙ্গা; টুভালু

২৫. হোয়াংহো নদী কোথায় অবস্থিত? [২০২৩৪৭]

ক জাপান খ চীন গ ভিয়েতনাম ঘ কোরিয়া **খ**

২৮. 'ভলগা নদী' কোন সাগরে পতিত হয়েছে? [২০২৩৬১]

ক কাস্পিয়ান সাগরে খ কৃষ্ণ সাগরে
গ বাল্টিক সাগরে ঘ আরব সাগরে **ক**

✔ **ব্যাখ্যা :** ভলগা ইউরোপের দীর্ঘতম নদী। এটি রাশিয়ার ভলদাই পবর্তে উৎপত্তি লাভ করে সেন্ট্রাল/মধ্য রাশিয়া থেকে দক্ষিণ রাশিয়ার দিকে প্রবাহিত হয়। অবশেষে ভলগা নদী কাস্পিয়ান সাগরে পতিত হয়েছে। এটি রাশিয়ার জাতীয় নদী হিসেবে পরিচিত।

৩২. টাইগ্রিস নদীর অপর নাম কী? [২০২৩৫৩]

ক নাইল খ দানিয়ুব গ দজলা ঘ সিন্ধু **গ**

✔ **ব্যাখ্যা :** টাইগ্রিস নদী দক্ষিণ-পশ্চিম এশিয়ার (তুরস্ক, সিরিয়া, ইরাক, ইরানের মধ্যে) একটি ঐতিহাসিক ও উল্লেখযোগ্য নদী। পারস্য শব্দ 'টিগরা' হতে নাম হয়েছে টাইগ্রিস। এই নদীর আরেক নাম দজলা। নদীটি পূর্ব

তুরস্কের পর্বতমালায় উৎপত্তি লাভ করেছে এবং তুরস্ক, সিরিয়া, ইরাকের উপর দিয়ে প্রবাহিত হয়ে দক্ষিণ ইরাকে ইউফ্রেটিস নদীর (ফোরাত নদী) সঙ্গে মিলিত হয়েছে। এই টাইগ্রিস ও ইউফ্রেটিসের মিলিত প্রবাহ 'শাত-ইল-আরব' নদীর নাম ধারণ করে পারস্য উপসাগরে পতিত হয়েছে। একসময় এই দুই নদীর (টাইগ্রিস ও ইউফ্রেটিস) অববাহিকায় গড়ে উঠেছিল মেসোপটেমীয় সভ্যতা।

৩৩. ভারতের শিলং মালভূমির গারো পাহাড় হতে কোন নদীর উৎপত্তি হয়েছে? [২০২৩৩৯]

ⓚ কুশিয়ারা নদী ⓛ কংস নদী
ⓜ সুরমা নদী ⓝ মনু নদী **খ**

✔ **ব্যাখ্যা :** ভারতের শিলং মালভূমির পূর্বভাগে তুরার কাছে গারো পাহাড় হতে কংস নদীর উৎপত্তি। কংস নদী বাংলাদেশের শেরপুর জেলার উত্তর ভাগ দিয়ে এদেশে প্রবেশ করেছে। কংস ও সোমেশ্বরী নদীর মিলিত স্রোত বাউলাই নদী নামে পরিচিত।

৩৪. The Orange River flows in–. [২০২৩৬৪]

ⓚ Indonesia ⓛ Egypt
ⓜ South Africa ⓝ Mexico **গ**

বন

৩৫. পৃথিবীর বৃহত্তম বনাঞ্চল কোনটি? [২০২৪২৯]

ⓚ সাভানা ⓛ সুন্দরবন ⓜ কিনাবালু ⓝ তৈগা
ⓞ কোনটিই নয় **ঘ**

✔ **ব্যাখ্যা :** তৈগা বা তাইগা হলো পৃথিবীর বৃহত্তম বনাঞ্চল। তৈগা বনাঞ্চলের অধিকাংশ উত্তর আমেরিকা, কানাডা এবং আলাস্কার ভূপৃষ্ঠজুড়ে বিস্তৃত। যুক্তরাষ্ট্রে এটি নর্থ উড নামে পরিচিত। তৈগা বনাঞ্চল সুইডেন, ফিনল্যান্ড, নরওয়ের উত্তরাংশ, রাশিয়ার সাইবেরিয়া, কাজাখস্থানের উত্তরাংশ, মঙ্গোলিয়ার উত্তরাংশ এবং জাপানের উত্তরাংশ জুড়েও বিস্তৃত। পৃথিবীর এক-তৃতীয়াংশ বৃক্ষ এই তৈগা বনাঞ্চলে রয়েছে।

আফ্রিকার ঘানা, সুদান ও অস্ট্রেলিয়াসহ বিভিন্ন দেশের তৃণভূমি অঞ্চলকে সাভানা অঞ্চল বলে।

কিলাবালু নামে একটি উদ্যান এবং একটি পর্বত রয়েছে। কিনাবালু উদ্যান ১৯৬৪ সালে প্রতিষ্ঠিত মালয়েশিয়ার জাতীয় উদ্যান যা ইউনেস্কো কর্তৃক মালয়েশিয়ার প্রথম বিশ্ব ঐতিহ্যবাহী স্থানের মর্যাদা লাভ করেছে।

অপরদিকে, কিনাবালু পর্বত দক্ষিণ-পূর্ব এশিয়ার বোর্নিও দ্বীপে অবস্থিত মালয়েশিয়ার সর্বোচ্চ পর্বত।

পৃথিবীর সর্ববৃহৎ ম্যানগ্রোভ বনাঞ্চল হলো বাংলাদেশের সুন্দরবন।

জলপ্রপাত

৫০. বিশ্বের উচ্চতম জলপ্রপাত কোনটি? [২০২৪২০]

ⓚ নায়াগ্রা ⓛ ভিক্টোরিয়া
ⓜ টুভেল্যু ⓝ অ্যাঞ্জেলা **ঘ**

হ্রদ, খাল, উপত্যকা

খাল

৫৬. ভূমধ্যসাগরকে লোহিত সাগরের সাথে যুক্ত করেছে– [২০২৪২০]

ⓚ পানামা খাল ⓛ সুয়েজ খাল
ⓜ বেরিং প্রণালি ⓝ পক প্রণালি **খ**

✔ **ব্যাখ্যা :** উপরের প্রশ্নের ব্যাখ্যা প্রযোজ্য।

৬৪. লোহিত সাগর কোন দুটি মহাদেশকে আলাদা করেছে? [প্র. নি. প্র. (প্রভাষক) (কলেজ) '২৪]

ⓚ ইউরোপ ও আফ্রিকা ⓛ এশিয়া ও ইউরোপ
ⓜ এশিয়া ও অস্ট্রেলিয়া ⓝ আফ্রিকা ও এশিয়া **ঘ**

✔ **ব্যাখ্যা :** লোহিত সাগর (বা Red Sea) ভারত মহাসাগরের একটি অংশ, যা আফ্রিকা ও এশিয়া মহাদেশকে পৃথক করেছে। লোহিত সাগরের দক্ষিণে বাব এল মান্দেব প্রণালী অবস্থিত। উত্তরে এটি সুয়েজ খালের মাধ্যমে ভূমধ্যসাগরের সাথে সংযুক্ত হয়েছে। এটির লোহিত সাগর নামকরণ এর জলে পরিলক্ষিত রঙ্গের পরিবর্তনের থেকে উদ্ভূত হয়েছে। সাধারণত, লোহিত সাগর একটি তীব্র নীল-সবুজ, জলরাশির সাগর তবে মাঝে মাঝে এটি শেওলাগুলির ব্যাপক পুষ্প দ্বারা ট্রাইকোডেসিয়াম এরিথ্রিয়াম বেষ্টিত, যা মারা গেলে সমুদ্রে লালচে বাদামী বর্ণ ধারণ করে।

হ্রদ

৭২. পৃথিবীর বৃহত্তম হ্রদ 'কাস্পিয়ান সাগর' কোন মহাদেশে অবস্থিত? [২০২৪০৪; ২০২৪০৫]

ⓚ আফ্রিকা ⓛ উত্তর আমেরিকা
ⓜ এশিয়া ⓝ অস্ট্রেলিয়া **গ**

✔ **ব্যাখ্যা :** কাস্পিয়ান সাগর আয়তনে পৃথিবীর বৃহত্তম আবদ্ধ জলাশয়। একে পৃথিবীর বৃহত্তম হ্রদ হিসেবে আখ্যায়িত করা হয়েছে যার আয়তন একটি সম্পূর্ণ সাগরের সমান। এশিয়া মহাদেশে অবস্থিত এ হ্রদটি উত্তরে কাজাখস্তান, পশ্চিমে আজারবাইজান, দক্ষিণে ইরান এবং দক্ষিণ-পূর্বে তুর্কমেনিস্তান ঘিরে আছে।

১১ দ্বীপ

০৪. Golden Island কোথায় অবস্থিত? [২০২৩৬১]

ⓚ মহেশখালী ⓛ ভোলা ⓜ সন্দীপ ⓝ হাতিয়া **ঘ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের গোল্ডেন আইল্যান্ড (Golden Island) নামে পরিচিত হলো নিঝুম দ্বীপ। নিঝুম দ্বীপ বাংলাদেশের একটি ছোট্ট দ্বীপ। এটি নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার অন্তর্গত। ২০০১ সালের ৮ এপ্রিল বাংলাদেশ সরকার পুরো দ্বীপটিকে জাতীয় উদ্যান হিসেবে ঘোষণা করে।
নিঝুম দ্বীপের পূর্ব নাম ছিলো "চর-ওসমান', 'বাউল্লার চর'। আবার কেউ কেউ একে 'ইছামতির চর'ও বলে। এ চরে প্রচুর ইছা মাছ (চিংড়ীর স্থানীয় নাম) পাওয়া যেত বলে একে ইছামতির চরও বলা হত।

১৩. আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের রাজধানী কোনটি?
[প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় ধাপ) '২৪]

ⓚ পুদুচেরি ⓛ দাদরা ⓜ পোর্ট ব্লেয়ার ⓝ সিকিম **গ**

✔ **ব্যাখ্যা :** আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ হলো ভারতের একটি কেন্দ্রশাসিত অঞ্চল। বঙ্গোপসাগর ও আন্দামান সাগরের সংযোগস্থলে এটি অবস্থিত। ভারতের কেন্দ্রশাসিত এই অঞ্চলটির রাজধানী হলো পোর্ট ব্লেয়ার। সেন্টিনেলি নামক একটি বিচ্ছিন্ন আদিবাসী জনগোষ্ঠী আন্দামান দ্বীপপুঞ্জে বসবাস করে।

১৮. কোনটি উপদ্বীপ? [প্র. নি. প্র. (প্রভাষক) (কলেজ) '২৪]

ⓚ জার্মান ⓛ কোরিয়া ⓜ সৌদি আরব ⓝ মিয়ানমার **খ**

✔ **ব্যাখ্যা :** উপদ্বীপ বলতে এক প্রকার ভূ-খণ্ডকে বোঝায়, যার তিন দিক পানি দ্বারা বেষ্টিত কিন্তু অন্য এক পাশ মূল ভূ-খন্ডের সাথে সংযুক্ত থাকে। চারদিকে পানি দ্বারা ঘেরা থাকলে তাকে দ্বীপ বলে। কোরিয়া হলো পূর্ব এশিয়ায় অবস্থিত একটি উপদ্বীপ। কোরিয়া উপদ্বীপ শুধুমাত্র উত্তরে মূল ভূ-খণ্ড চীনের সাথে সংযুক্ত তাছাড়া বাকী তিনদিকে সমুদ্র দ্বারা বেষ্টিত। কোরিয়া উপদ্বীপের পূর্বে জাপান সাগর, পশ্চিমে পিত সাগর (ইয়োলো সী) এবং দক্ষিণে দক্ষিণ চীন সাগর অবস্থিত।

১২ পৃথিবীর প্রান্তীয় স্থান, গুরুত্বপূর্ণ সীমারেখা, বিরোধপূর্ণ ভূখণ্ড

গুরুত্বপূর্ণ সীমারেখা

লাইন অব কন্ট্রোল

০৫. ভারত ও চীনের মধ্যকার সীমান্তরেখার নাম কী? [২০২৩৮৪]

ⓚ ডুরান্ড রেখা ⓛ র‍্যাডক্লিফ রেখা
ⓜ ইন্দো-চীন লাইন ⓝ ম্যাকমোহন রেখা **ঘ**

✔ **ব্যাখ্যা :** উপরের প্রশ্নের ব্যাখ্যা প্রযোজ্য।

ডুরান্ড লাইন

০৮. পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে সীমানা নির্ধারণকারী লাইনকে কি বলা হয়? [২০২৪১০]

ⓚ ম্যাকমোহন লাইন ⓛ ম্যাজিনো লাইন
ⓜ র‍্যাডক্লিফ লাইন ⓝ ডুরান্ড লাইন **ঘ**

বিরোধপূর্ণ অঞ্চল

২৫. সিয়াচেন হিমবাহ (Siachen Glaciar) কোন দুইটি দেশের মধ্যে অবস্থিত? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪: ২০১৯৩৫]

ⓚ ভারত ও চীন ⓛ ভারত ও পাকিস্তান
ⓜ চীন ও পাকিস্তান ⓝ চীন ও নেপাল
ⓞ কোনোটিই নয় **খ**

✔ **ব্যাখ্যা :** সিয়াচেন হিমবাহ ভারত ও পাকিস্তানের মধ্যে বিরাজমান বিরোধপূর্ণ অঞ্চল। এটি পৃথিবীর উচ্চতম যুদ্ধক্ষেত্র।

২৬. 'সিয়াচেন হিমবাহ' কোথায় অবস্থিত? [২০২৩৫৭]

ⓚ কাঠমুন্ডু ⓛ কাশ্মীর ⓜ ভুটান ⓝ হিমাচল **খ**

✔ **ব্যাখ্যা :** সিয়াচেন হিমবাহ (Siachen Glaciar) হিমালয়ের পূর্ব কারাকোরাম পর্বতমালার ভারত-পাকিস্তান নিয়ন্ত্রণ রেখার ঠিক পূর্ব দিকে অবস্থিত। ৭০ কি.মি. দীর্ঘ কারাকোরামের বৃহত্তম ও পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম অমেরুপ্রদেশীয় এই হিমবাহটি ভারতের নিয়ন্ত্রণাধীন। ভারত এখানে পৃথিবীর উচ্চতম হেলিপ্যাডটি নির্মাণ করেছে। সমুদ্রপৃষ্ঠ থেকে ২১,০০০ ফুট উঁচুতে এই হিমবাহেই পৃথিবীর উচ্চতম যুদ্ধক্ষেত্রটি অবস্থিত।

২৮. 'নাগার্নো কারাবাখ' কোন দুটি দেশের করিডোর? [২০২৩৫০]

ⓚ উজবেকিস্তান-আর্মেনিয়া ⓛ আর্মেনিয়া-কাজাকিস্তান
ⓜ উজবেকিস্তান-তাজিকিস্তান ⓝ আর্মেনিয়া-আজারবাইজান **ঘ**

১৩ প্রণালী

জিব্রাল্টার প্রণালী

১০. জিব্রাল্টার প্রণালী কোন দুটি দেশকে বিচ্ছিন্ন করেছে? [২০২২১৮; ২০২৪০১]

ⓚ স্পেন ও মরক্কো ⓛ ইতালি ও তিউনিশিয়া
ⓜ ফ্রান্স ও আলজেরিয়া ⓝ গ্রীস ও তুরস্ক **ক**

বসফরাস প্রণালী

১৫. বসফরাস প্রণালী কোন দুটি সাগরকে সংযুক্ত করেছে? [২০২৩১৭]

ⓚ কৃষ্ণ-মর্মর সাগর ⓛ আটলান্টিক-উত্তর সাগর
ⓜ এডেন-লোহিত সাগর ⓝ চুপচি-বেরিং সাগর **ক**

Phenom Publications

১৪ ভৌগোলিক উপনাম

ভৌগোলিক উপনাম

১৬. পঞ্চম ড্রাগনের দেশ কোনটি? [২০২৩২৫]

ⓚ তাইওয়ান ⓚ থাইল্যান্ড ⓖ সুদান ⓖ ডেনমার্ক **ক**

✔ **ব্যাখ্যা :** তাইওয়ানকে 'পঞ্চম ড্রাগনের' দেশ বলা হয়। অপরদিকে 'চার এশিয়ান টাইগারের' মধ্যেও একটি দেশ হলো তাইওয়ান। 'চার এশিয়ান টাইগার' → সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া, হংকং, তাইওয়ান। তাইওয়ানকে পঞ্চম ড্রাগনের দেশ বলার কারণ এর দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্য। বিংশ শতাব্দির শেষের দিকে তাইওয়ানে উল্লেখযোগ্যভাবে শিল্পায়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি ঘটেছে যার কারণে এক সময়ের কৃষি নির্ভর দেশ হিসেবে পরিচিত তাইওয়ান বর্তমানে বিশ্বব্যাপী হাই-টেক প্রোডাক্ট উৎপাদন ও রপ্তানি করছে। প্রচুর পরিমাণে রপ্তানি আয়, বিদেশী বিনিয়োগ ও দক্ষ কারিগরের কারণে তাইওয়ান বর্তমানে এশিয়ার মধ্যে একটি উন্নত, শক্তিশালী অর্থনৈতিক দেশে রূপান্তরিত হয়েছে।

১৭. কোন দেশকে ক্যাঙ্গারুর দেশ বলা হয়? [২০২৪০২]

ⓚ জাপান ⓚ কানাডা ⓖ নরওয়ে ⓖ অস্ট্রেলিয়া **ঘ**

✔ **ব্যাখ্যা :** অস্ট্রেলিয়াকে 'ক্যাঙ্গারুর দেশ' বলা হয়। ক্যাঙ্গারু অস্ট্রেলিয়ার জাতীয় প্রাণী। এটি কেবল অস্ট্রেলিয়ার মূল ভূখণ্ড, নিউ গিনি এবং এর আশেপাশের দ্বীপগুলিতে, যেমন তাসমানিয়াতে পাওয়া যায়। ক্যাঙ্গারু স্তন্যপায়ী প্রাণী যাদের বাচ্চাগুলি মায়ের পেটের থলিতে থেকে বড় হয়।

১৮. নিচের কোন শহরটিকে বাতাসের শহর বলা হয়? [২০২৪২৯]

ⓚ শিকাগো ⓚ নিউইয়র্ক ⓖ লন্ডন ⓖ ঢাকা
ⓚ কোনটিই নয় **ক**

✔ **ব্যাখ্যা :** যুক্তরাষ্ট্রের শিকাগোকে 'বাতাসের শহর' বলা হয়। এই ডাকনামটি ১৮৬০ এর দশকে উদ্ভূত হয়েছিল বলে মনে করা হয়। যখন শিকাগো বিশ্বমেলার আয়োজক হওয়ার জন্য সিনসিনটি শহরের সাথে প্রতিযোগিতা করছিল। শিকাগোবাসীরা গর্ব করত যে তাদের শহরটি সিনসিনাটির চেয়ে বেশী মহাজাগতিক এবং উত্তেজনাপূর্ণ এবং তারা তাদের শহরের উদ্যমী ও দ্রুত গতির জীবনধারা বর্ণনা করতে 'বাতাস' শব্দটি ব্যবহার করেছিল।

আরেকটি তত্ত্ব হলো যে, ডাকনামটি মিশিগান হ্রদের তীরে শহরের অবস্থান থেকে এসেছে। হ্রদ শহরের মধ্য দিয়ে প্রবল বাতাস বয়ে যেতে পারে, বিশেষ করে বসন্ত ও শরৎকালে, যাইহোক, শিকাগো প্রকৃতপক্ষে মার্কিন যুক্তরাষ্ট্রের অন্যান্য প্রধান শহরগুলির তুলনায় বেশি বায়ু চলাচলের শহর নয়।

'বাতাসের শহরের' পাশাপাশি শিকাগোকে 'উদ্যানের শহর' এবং 'পৃথিবীর কসাইখানা' ও বলা হয়।

২০. হাজার দ্বীপের দেশ বলা হয় কোন দেশকে? [২০২৩২৭]

ⓚ মালয়েশিয়াকে ⓚ আয়ারল্যান্ড
ⓖ আয়ারল্যান্ডকে ⓖ ফিনল্যান্ড **বিদ্র.**

✔ **ব্যাখ্যা :** ইন্দোনেশিয়া 'হাজার দ্বীপের' দেশ বলা হয়।

৩৮. কার্বন প্রভাবমুক্ত প্রথম দেশ কোনটি? [২০২৪০১]

ⓚ জাপান ⓚ চীন ⓖ ভুটান ⓖ কানাডা **গ**

✔ **ব্যাখ্যা :** বিশ্বে কার্বন-ডাই-অক্সাইডের ক্ষতিকর প্রভাবমুক্ত প্রথম দেশ ভুটান। দেশটি যে পরিমাণ কার্বন-ডাই-অক্সাইড নির্গমন করে তার চেয়ে কয়েক গুণ বেশি কার্বন শোষণক্ষম হওয়াতেই এর নেতিবাচক প্রভাব থেকে মুক্ত। ৭২ শতাংশ বনাঞ্চল সমৃদ্ধ দেশটি বার্ষিক ১৫ লাখ টন কার্বন নির্গমন করে। যেখানে তার কার্বন শোষণ ক্ষমতা ৬০ লাখ টন।

Phenom Publications

পৃথিবীর গঠন

১৫ পৃথিবীর বাহ্যিক গঠন

০৫. 'ভূমধ্যসাগরের বাতিঘর' বলা হয় কোন আগ্নেয়গিরিকে? [২০২৩৩২]
ⓚ স্টম্বোলি ⓚ ইটনা ⓖ পাভলভ ⓖ সাপ্তামারিয়া **ক**

✔ **ব্যাখ্যা :** ভূমধ্যসাগরে অবস্থিত লিপারি দ্বীপের স্ট্রম্বোলীকে ভূমধ্যসাগরের আলোকস্তম্ভ বা বাতিঘর বলা হয়। দক্ষিণ ইটালির লিপারি দ্বীপে অবস্থিত স্ট্রম্বোলী আগ্নেয়গিরিকে পৃথিবীর সবচেয়ে সক্রিয় তথা জীবন্ত আগ্নেয়গিরি বলা হয়। কারণ গত প্রায় ২০০০ বছর ধরে এটি ধারাবাহিকভাবে অগ্ন্যুৎপাত ঘটিয়ে চলেছে। এই ক্রমাগত আগ্নেয়গিরি থেকে নির্গত রাভা রাতের আকাশকে আলোকিত করে রাখে, যা অনেক দূর থেকে দেখা যায়। এজন্য একে ভূমধ্যসাগরের বাতিঘর বা Lighthouse of Mediterranean বলা হয়।

১৬ পৃথিবীর অভ্যন্তরীণ গঠন

০৩. ভূ-পৃষ্ঠে সবচেয়ে বেশি পাওয়া যায়– [২০২৩৮০; ২০২৪১০]
ⓚ অক্সিজেন ⓚ নাইট্রোজেন ⓖ হাইড্রোজেন ⓖ কার্বন **ক**

১৯ বায়ুমণ্ডল

বায়ুমণ্ডলের উপাদানসমূহ

০১. পৃথিবীর বায়ুমণ্ডলের প্রধান দুইটি উপাদান হলো– [২০২৩৭১]
ⓚ অক্সিজেন ও নাইট্রোজেন
ⓚ নাইট্রোজেন ও কার্বন ডাইঅক্সাইড
ⓖ অক্সিজেন ও কার্বন ডাইঅক্সাইড
ⓖ অক্সিজেন ও কার্বন মনোক্সাইড **ক**

✔ **ব্যাখ্যা :** পৃথিবীর বায়ুমণ্ডলের প্রধান দুইটি উপাদান হলো অক্সিজেন ও নাইট্রোজেন। পরিমাণের দিক দিয়ে শুষ্ক বাতাসে ৭৮.০৯% নাইট্রোজেন, ২০.৯৫% অক্সিজেন, ০.৯৩% আর্গন, ০.০৩% কার্বন-ডাই-অক্সাইড এবং সামান্য পরিমাণে অন্যান্য গ্যাস থাকে। বাতাসে এছাড়াও পরিবর্তনশীল পরিমাণ জলীয় বাষ্প রয়েছে যার গড় প্রায় ১%।

০৪. বায়ুমণ্ডলে শতকরা কত ভাগ কার্বন-ডাইঅক্সাইড বিদ্যমান? [২০২৩৭২]
ⓚ ০.৩ ⓚ ০.৪১ ⓖ ০.০৩ ⓖ ০.৮০ **গ**

১২. বন-জঙ্গল ধ্বংস করার ফলে বায়ুমণ্ডলে কোন গ্যাসের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে? [শি.নি.প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]
ⓚ CO ⓚ CO_2 ⓖ S_2O ⓖ CFC **খ**

✔ **ব্যাখ্যা :** বন-জঙ্গল ধ্বংস করার ফলে বায়ুমণ্ডলে গ্রিন হাউজ গ্যাসের পরিমাণ বৃদ্ধি পায়। কার্বন-ডাই-অক্সাইড একটি গ্রিনহাউজ গ্যাস। বন-জঙ্গল তথা গাছপালা কাটার কারণে বায়ুমণ্ডলে কার্বন-ডাই-অক্সাইড পরিমাণ বেড়ে যায় কারণ পরিবেশে সাধারণত গাছপালা কার্বন ডাই অক্সাইড শোষণ করে থাকে।

১৮. বায়ুমণ্ডলের মোট শক্তির কত শতাংশ সূর্য থেকে আসে? [২০২৩৮০]
ⓚ 99.97% ⓚ 98% ⓖ 94% ⓖ 90% **ক**

বায়ুমন্ডলীয় স্তর

২১. বায়ুমণ্ডলের যে স্তরে বেতার তরঙ্গ প্রতিফলিত হয়? [২০২৪০৬]
ⓚ স্ট্রাটোস্ফিয়ার ⓚ আয়নোস্ফিয়ার
ⓖ ওজোনস্তর ⓖ ট্রপোস্ফিয়ার **খ**

✔ **ব্যাখ্যা :** বায়ুমণ্ডলের যে স্তরটি বেতার তরঙ্গকে পৃথিবীতে প্রতিফলিত করে তাকে আয়োনোস্ফিয়ার বলে। আয়নোস্ফিয়ার বায়ুমণ্ডলের একটি খুব সক্রিয় অংশ। এটি সূর্য থেকে শোষণ করা শক্তির উপর নির্ভর করে বৃদ্ধি পায় এবং সংকুচিত হয়। এই স্তরটি সৌর বিকিরণ দ্বারা উত্তেজিত হয়ে আয়ন তৈরি করে যার বৈদ্যুতিক চার্জও রয়েছে। এ স্তরে আয়নের আধিক্যের কারণে বেতার তরঙ্গগুলো এ স্তরে প্রতিফলিত হয়ে পৃথিবীতে ফিরে আসে।

২২. উচ্চতা বৃদ্ধির সাথে ট্রপোমণ্ডলে বায়ুর ক্রমহ্রাসমান তাপমাত্রা হলো– [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]
ⓚ ৫.৫° সেলসিয়াম/কিলোমিটার
ⓚ ৬.৫° সেলসিয়াম/কিলোমিটার
ⓖ ৮.৫° সেলসিয়াম/কিলোমিটার
ⓖ ৮.৫° সেলসিয়াম/কিলোমিটার **খ**

✔ **ব্যাখ্যা :** ট্রপোমণ্ডল সবচেয়ে বেশি উত্তপ্ত হয় ভূপৃষ্ঠ থেকে বিকিরিত তাপশক্তির দ্বারা। তাই সাধারণত ট্রপোমণ্ডলের সর্বনিম্ন অংশ উষ্ণ এবং উচ্চতা বৃদ্ধির সাথে সাথে উষ্ণতা ৬.৫° সেন্টিগ্রেড/কি.মি. যা ১০০০ মিটার হারে কমতে থাকে।

বায়ুচাপ

৩৩. আরব মরুভূমিতে প্রবাহিত বায়ুর নাম কি? [২০২৩৬৩]
ⓚ টাইফুন ⓚ সিরোক্কো ⓖ খামসিন ⓖ সাইমুম **ঘ**

✔ **ব্যাখ্যা :** সাইমুম হলো একটি শক্তিশালী, গরম, শুষ্ক, ধুলো-বোঝাই বাতাস যা আরব মরুভূমিতে গ্রীষ্ম ও বসন্তকালে প্রবাহিত হয়। সাইমুম সাধারণত সাহারা, ইসরায়েল,

র্ডান, ইরাক, সিরিয়া এবং আরব উপদ্বীপের মরুভূমিতে য় যাওয়া স্থানীয় বাতাস। সাইমুম শব্দের অর্থ 'বিষ বায়ু' াং এটির এমন নামকরণের কারণ হঠাৎ সাইমুম বাতাসের াপাতে হিট স্ট্রোকের কারণ হতে পারে।

রদিকে আরেকটি আরবীয় মরুভূমির বাতাসের নাম মসিন। খামসিন শুষ্ক, উষ্ণ ও ধুলিময় স্থানীয় এক প্রকার ায়ু প্রবাহ যা দক্ষিণ দিক দিয়ে উত্তর আফ্রিকা ও আরবের মুদ্রিক জলবেষ্টিত উপদ্বীপ অঞ্চলের উপর দিয়ে নিয়মিত াহিত হয়। এই ধুলিময় বায়ু প্রবাহ একবার শুরু হলে াশ দিন পর্যন্ত স্থায়ী হয় বলে আরবের স্থানীয় লোকেরা ক ফিফটি (পঞ্চাশ) নামে আখ্যায়িত করে।

রোক্কো হচ্ছে সাহারা হতে আগত ভূমধ্যসাগরীয় বায়ু, যা ত্তর আফ্রিকা এবং দক্ষিণ ইউরোপের ঘূর্ণিঝড়ের বেগে রূপ তে পারে, বিশেষ করে গ্রীষ্মকালে।

ারের অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর হচ্ছে সাইমুম। রণ এটি আরব মরুভূমির স্থানীয় বায়ুপ্রবাহ এবং বছরের র্ষসময় এটি মরুভূমিতে প্রবাহিত হয়।

৩৫. গর্জনশীল চল্লিশের অবস্থান কোনটি

ⓚ ৪০° দক্ষিণ থেকে ৪৭° (

ⓖ ৪৮° দক্ষিণ থেকে ৫০° (

ⓘ কোনোটিই নয়

✔ **ব্যাখ্যা :** গর্জনশীল চল্লিশা : উ অধিক হওয়ায় দক্ষিণ পশ্চিম প্র পরিবর্তিত হয়। কিন্তু দক্ষিণ গো এ পশ্চিমা বায়ু কোথাও বাধ অবাধে প্রবল বেগে প্রবাহিত এবং প্রচণ্ড শব্দে প্রবাহিত হয় ব পরিচিত। ৪০ ডিগ্রী হতে ৪৭ বায়ুর গতিবেগ সর্বাপেক্ষা বে গর্জনশীল চল্লিশা (Roaring F

আবহাওয়া ও জলবায়ু

২১ আবহাওয়া ও জলবায়ু

আবহাওয়া

০৪. মধুমাস বলা হয় কোন মাসকে? [২০২৪০১]

ক বৈশাখ খ জ্যৈষ্ঠ গ আষাঢ় ঘ শ্রাবণ **খ**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের সংবাদপত্র এবং কিছু আর্থিক প্রতিষ্ঠান জ্যৈষ্ঠ মাসকে 'মধুমাস' হিসেবে পরিচয় করে দিচ্ছে। কিন্তু বাংলা অভিধান অনুযায়ী চৈত্র মাস হচ্ছে মধুমাস। সাহিত্যে যুগ যুগ ধরে এমনটিই ব্যবহার হয়ে আসছে। হঠাৎ করেই জ্যৈষ্ঠ মাসের ফলের সুঘ্রাণে সংবাদপত্রগুলো এটিকে মধুমাস বানিয়ে দিয়েছে। সেই থেকে এখন জ্যৈষ্ঠ মাসই মধুমাস হিসেবে ব্যবহৃত হচ্ছে।

মূলত জ্যৈষ্ঠ মাসে আম, জাম, কাঁঠালসহ একাধিক মিষ্টি ফল পাকে বলেই প্রয়োগকারীরা ধরে নিয়েছেন, মধুমাস মানেই জ্যৈষ্ঠ মাস। অথচ দৌলত উজির বাহরাম খান তার কাব্যে লিখেছেন, 'মধুমাসে উতলা বাতাস, কুহরে পিক, যদি সে কমল শিশিরে দহল কি করিব মধুমাসে।' এখানে তিনি চৈত্র মাসের কথাই বলেছেন। কারণ জ্যৈষ্ঠ মাসে কোকিল ডাকে না। প্রাচীন কবি মুকুন্দরাম চক্রবর্তী চৈত্র মাস অর্থেই মধুমাস শব্দটি ব্যবহার করেছেন, 'মধুমাসে মলয় মারুত মন্দ মন্দ। মালতীর মধুকর পিয়ে মকরন্দ'। এদিকে চন্ডীদাসও চৈত্র মাস বা বসন্তকাল অর্থে মধুমাস শব্দটি ব্যবহার করেছেন, 'মধুমাস আপায়মাধব পরশে।' এখানে আপ্পায় মানে 'গত হয়'। এছাড়া খনার বচনেও মধুমাস বলতে চৈত্র মাসকেই বোঝানো হয়েছে।

'মধুমাসে প্রথম দিনে হয় সেই বার
রবি শোষে মঙ্গলবর্ষে, দুর্ভিক্ষ বুধবার।
সোম শুক্র শুরু আর/ পৃথ্বী সয় না শস্যের ভার।।
পাঁচ শনি পায় মীনে/ শকুনি মাংস না খায় ঘুনে।='

১০. শীতকালে বাংলাদেশের কোনটি সবচেয়ে শীতলতম জেলা?

[শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '১৯]

ক দিনাজপুর খ বগুড়া গ শেরপুর ঘ গাজীপুর **ক**

✔ **ব্যাখ্যা :** বাংলাদেশের সবচেয়ে শীতলতল জেলা ধরা হয় সিলেটকে। আর বাংলাদেশের সবচেয়ে শীতলতম স্থান হলো শ্রীমঙ্গল উপজেলা উপরের প্রশ্নের অপশনগুলোতে সিলেট জেলা না থাকায় অপশনের চারটি জেলার (তথা: দিনাজপুর, বগুড়া, শেরপুর, গাজীপুর) মধ্যে শীতলতম জেলা হচ্ছে দিনাজপুর।

জলবায়ু

১৭. ঋতু পরিবর্তনের সাথে বায়ুর যে দিক পরিবর্তন হয়, তাকে কি বলে? [২০২৪১৩; ২০২৪২১]

ক অয়নবায়ু খ প্রত্যয়ন বায়ু
গ মৌসুমী বায়ু ঘ স্থানীয় বায়ু **গ**

২৩ বৈশ্বিক পরিবেশ পরিবর্তন

০৫. পরিবেশের জন্য ক্ষতিকর গ্যাস কোনটি? [২০২৩৫১]

ক অক্সিজেন খ হাইড্রোজেন
গ কার্বন ডাইঅক্সাইড ঘ নাইট্রোজেন **গ**

১১. 'Green house' is a — [২০২৩৪৮]

ক Green coloured house খ House in the green
গ Gas
ঘ House in which green is grown **ঘ**

✔ **ব্যাখ্যা :** 'Green house' is a house in which green is grown. It's called greenhouse because it's full of green plants. It's full of green plants because it is made of glass or plastic that allows plenty of light inside, thus allowing the plants to grow.

২৪ পরিবেশ বিষয়ক সম্মেলন

০৫. COP-26 এ COP এর মানে কী? [২০২৩২০]

ক কনফারেন্স অব প্যারিস খ কনফারেন্স অব দ্য পাওয়ার
গ কনফারেন্স অব দ্য পার্টিস ঘ কনফারেন্স অব দ্য প্রটোকল **গ**

২৫ পরিবেশ বিষয়ক সংস্থা

০৮. 'গ্রিস পিস' কোন দেশের পরিবেশবাদী গ্রুপ? [২০২৪১৯]

ক নেদারল্যান্ডস খ পোল্যান্ড
গ ফিনল্যান্ড ঘ নিউজিল্যান্ড **ক**

২৬ পরিবেশ বিষয়ক চুক্তি

০১. UN CBD (Convention on Biological Diversity) এর সদর দপ্তর কোন শহরে অবস্থিত? [২০২৩৫৬]

ক মন্ট্রিল খ নাইরোবি গ জেনেভা ঘ প্যারিস **ক**

✔ **ব্যাখ্যা :** UN CBD (Convention on Biological Diversity) হলো একটি বহুপাক্ষিক চুক্তি যা জৈব বৈচিত্র্য সংক্রান্ত/ জীববৈচিত্র কনভেনশন নামে পরিচিত। এর উদ্দেশ্য হলো জৈবিক বৈচিত্র্যের সংরক্ষণ ও টেকসই ব্যবহারের জন্য জাতীয় কৌশলগুলো তৈরি করা।

কনভেনশনটি ৫ জুন ১৯৯২ তারিখে রিও ডি জেনিরোতে (ব্রাজিল) আর্থ সামিটে স্বাক্ষরের জন্য উন্মুক্ত করা হয়েছিল এবং ২৯ ডিসেম্বর ১৯৯৩ সালে কার্যকর হয়। মার্কিন যুক্তরাষ্ট্রই একমাত্র জাতিসংঘের সদস্য রাষ্ট্র যারা এই কনভেনশনটি অনুমোদন করেনি। এর দুইটি সম্পূরক চুক্তি রয়েছে, কার্টাজেনা প্রোটোকল এবং লাগোয়া প্রোটোকল।

জৈব বৈচিত্র্যের কনভেনশনের জৈব নিরাপত্তা সংক্রান্ত কার্টাজেনা প্রোটোকল (Cartagena Protocol on Biosafety to the convention on Biological Diversity) হলো একটি জৈব নিরাপত্তা বিষয়ক আন্তর্জাতিক চুক্তি। এটি ২৯ জানুয়ারি ২০০০-এ CBD এর সম্পূরক চুক্তি হিসেবে গৃহীত হয়েছিল এবং ১১ সেপ্টেম্বর ২০০৩-এ কার্যকর হয়। কার্টাজেনা চুক্তিটি স্থান হলো মন্ট্রিল শহর (কানাডা) যদিও এই চুক্তিটি স্বাক্ষরের জন্য প্রথমে কার্টাজেনা শহর (কলম্বিয়া) নির্ধারিত হয়েছিল এইজন্য এটিকে কার্টাজেনা চুক্তি/ কনভেনশন বলা হয়।

০২. জৈব নিরাপত্তা বিষয়ক (Biosafety to the Convention of Biological Diversity) হচ্ছে– [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক কার্টাগোনা প্রটোকল খ মন্ট্রিল প্রটোকল
গ কিয়াটো প্রটোকল ঘ প্যারিস চুক্তি **ক**

১৩. 'কিয়োটো প্রটোকল' কীসের সাথে সম্পর্কিত? [২০২৩৬৭; ২০২৩৫৭]

ক শান্তি খ বাণিজ্য গ কৃষি ঘ পরিবেশ **ঘ**

✔ **ব্যাখ্যা :** 'কিয়োটো প্রটোকল' পরিবেশের সাথে সম্পর্কিত। এটি একটি বহুরাষ্ট্রীয় আন্তর্জাতিক চুক্তি যা এই চুক্তিতে স্বাক্ষরকারী রাষ্ট্রগুলিকে গ্রীন হাউজ গ্যাস নির্গমন হ্রাসের জন্য দায়বদ্ধ করে। ১৯৯৭ খ্রিস্টাব্দের ১১ই ডিসেম্বর জাপানের কিয়োটো শহরে এই চুক্তি প্রথমে গৃহীত হয় যা পরবর্তীতে ২০০৫ খ্রিস্টাব্দের ১৬ই ফেব্রুয়ারি প্রথম কার্যকরী হয়। বর্তমানে এই চুক্তি দ্বারা ১৯২টি দেশ দায়বদ্ধ রয়েছে।

১৬. সবুজ অর্থনীতি হচ্ছে– [২০২৩৪৫]

ক প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করে অর্থনৈতিক উন্নয়ন
খ উচ্চ ফলনশীল ফসল উৎপাদন
গ লবনাক্ততা মুক্তকরণ
ঘ পরিবেশের মরুকরণ রোধ করা **ক**

✔ **ব্যাখ্যা :** পরিবেশের ক্ষতিসাধন না করে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করে অর্থনৈতিক উন্নয়নই হলো সবুজ অর্থনীতি (Green economy)। সহজভাবে বলতে গেলে, সবুজ অর্থনীতি এমন অর্থনীতিকে বোঝায় যা মানুষের উন্নয়ন নিশ্চিত করবে এবং একই সঙ্গে পরিবেশগত ঝুঁকি কমাবে এবং অভাব দূর করবে।

সবুজ অর্থনীতি শব্দটি সর্বপ্রথম যুক্তরাজ্য সরকারের একটি অগ্রগামী প্রতিবেদনে ১৯৮৯ সালে "সবুজ অর্থনীতির জন্য Blue Print (Pearce, Markandya and Barbier, 1989)" শিরোনামের নেতৃস্থানীয় পরিবেশগত অর্থনীতিবিদদের একটি গ্রুপ দ্বারা ব্যবহার করা হয়েছিল। কার্ল বারকার্টের মতে, সবুজ অর্থনীতি ৬টি খাতের উপর ভিত্তি করে। যেমন :

* নবায়নযোগ্য শক্তি
* জল ব্যবস্থাপনা
* সবুজ ভবন
* বর্জ্য ব্যবস্থাপনা এবং
* টেকসই পরিবহন
* ভূমি ব্যবস্থাপনা।

২৭ প্রাকৃতিক দুর্যোগ

ঘূর্ণিঝড়

০৮. ঘূর্ণিঝড় মিধিলি'র নামকরণ করে– [২০২৩৮৩]

ক ওমান খ মালদ্বীপ গ মালয়েশিয়া ঘ থাইল্যান্ড **খ**

✔ **ব্যাখ্যা :** ঘূর্ণিঝড় 'মিধিলি' বাংলাদেশে ২০২৩ সালের ১৭ই নভেম্বর আঘাত হানে। এটি একটি গ্রীষ্মমণ্ডলীয় ঘূর্ণিঝড় যা বঙ্গোপসাগরে গঠিত হয়। উত্তর ভারত মহাসাগর তথা বঙ্গোপসাগর ও আরব সাগরে সৃষ্টি হওয়া ঘূর্ণিঝড়সমূহের নাম ঠিক করে এই অঞ্চলের ১৩টি দেশ। 'মিধিলি' ঘূর্ণিঝড়টির নাম দিয়েছে মালদ্বীপ। যার অর্থ 'ফলপ্রস কোন বিষয়'। উল্লেখ্য ২০২৪ সালের বাংলাদেশে ২৬ ও ২৭ মে হানা ঘূর্ণিঝড়ের নাম রেমাল যার অর্থ বালি, যেমন আরবি শব্দ এবং এই ঘূর্ণিঝড়টির নামকরণ রয়েছে ওমান।

১২. সিডর (SIDR) শব্দের অর্থ কী? [২০২৩৭২]

ক Cyclone খ Eye গ Ear ঘ Wind **খ**

রেমাল ২০২৪

১৭. ভারত মহাসাগরের ঝড়গুলোর নামকরণ করে কয়টি দেশ? [২০২৩৬৫]

ক ৫টি খ ৮টি গ ৩টি ঘ ৭টি **খ**

✔ **ব্যাখ্যা :** বিশ্ব আবহাওয়া সংস্থার আঞ্চলিক কমিটি প্রতিটি ঝড়ের একটি নাম দিয়ে থাকে। ভারত মহাসাগরের ঝড়গুলোর নামকরণ করে এ সংস্থার আটটি দেশ। দেশগুলো হলো : বাংলাদেশ, ভারত, পাকিস্তান, মায়ানমার, মালদ্বীপ, শ্রীলংকা, থাইল্যান্ড ও ওমান। এ দেশগুলোর প্যানেলকে বলা হয় ডব্লিউ এমও/এসক্যাপ (WMO/ESCAP)। অনেক আগে থেকেই যুক্তরাষ্ট্র বা অস্ট্রেলিয়া অঞ্চলে ঝড়ের নামকরণ করা হলেও, বঙ্গোপসাগর ও আরব সাগরের উপকূলবর্তী দেশগুলোর ঝড়ের নামকরণ শুরু হয় ২০০৪ সাল থেকে।

ভূমিকম্প

২৫. বৈশ্বিক উষ্ণায়নের জন্য ঝুঁকিপূর্ণ নয় কোনটি? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক মরুকরণ খ বন্যা
গ সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি ঘ ভূমিকম্প **ঘ**

✔ **ব্যাখ্যা :** বৈশ্বিক উষ্ণায়নের জন্য ঝুঁকিপূর্ণ নয় ভূমিকম্প। পৃথিবীর অভ্যন্তর ভাগ কোনো কারণে কেঁপে উঠাকে সাধারণভাবে ভূমিকম্প বলে। মূলত ভূ-অভ্যন্তরে কোনো কারণে (তাপ ও চাপের তারতম্যজনিত) দ্রুত বিপুল শক্তি মুক্ত হওয়ায় ভূপৃষ্ঠে যে প্রবল ঝাঁকুনি বা কম্পনের সৃষ্টি হয়, তাকে ভূমিকম্প বলে।

বিশ্বব্যাংক জলবায়ু পরিবর্তনের ফলে ২০০৯ সালে ৫টি ঝুঁকিপূর্ণ দিক (যেমন– মরুকরণ, বন্যা, ঝড়, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং কৃষিক্ষেত্রে অধিকতর অনিশ্চয়তা) চিহ্নিত করেছে এবং এ ৫টি ভাগের একটিতে শীর্ষ ঝুঁকিপূর্ণ অবস্থানসহ ৩টিতে বাংলাদেশের নাম রয়েছে।

২৮. বাংলাদেশে সবচেয়ে কম ভূমিকম্প ঝুঁকিপূর্ণ অঞ্চল কোনটি?
[শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ক উত্তর-পশ্চিম খ দক্ষিণ গ দক্ষিণ-পশ্চিম ঘ মধ্য অঞ্চল **গ**

সুনামি

৩৭. জাপানিজ শব্দ 'সুনামি' এর অর্থ কী? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক বিশালাকৃতির ঢেউ খ সামুদ্রিক ঢেউ
গ জলোচ্ছ্বাস ঘ পোতাশ্রয়ের ঢেউ **ঘ**

✔ **ব্যাখ্যা :** ৩০নং প্রশ্নের ব্যাখ্যা প্রযোজ্য।

অন্যান্য

৪৬. নিচের কোনটি কৃষি আবহাওয়াজনিত আপদ (Hazard)?
[৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক ভূমিকম্প খ ভূমিধস গ সুনামি ঘ খরা **ঘ**

✔ **ব্যাখ্যা :** খরা একটি কৃষি আবহাওয়াজনিতহ আপদ। এটি কোন অঞ্চলের পানির ঘাটতিজনিত সমস্যা ও প্রাকৃতিক দুর্যোগ। আমাদের দেশে উত্তর-পশ্চিমে বরেন্দ্রভূমি অঞ্চল, বিশেষ করে দিনাজপুর, রংপুর, পাবনা, নাটোর, রাজশাহী, বগুড়া, জয়পুরহাট ও নওগাঁ জেলায় খরার ঘন ঘন প্রাদুর্ভাব দেখা যায়।

অনাবৃষ্টির জন্য খরাপীড়িত অঞ্চল উত্তপ্ত হয়ে ওঠার কারণে স্থানীয় জলাশয়গুলো শুকিয়ে যায়, নদী প্রবাহ হ্রাস পায় এবং ভূগর্ভস্থ জলস্তর নিচে নেমে যায়। তীব্র দাবদাহের ফলে মাটির আর্দ্রতা হ্রাস পেয়ে শুকনা মাটিতে পরিণত হয় যার ফলে ফসল উৎপাদন অসম্ভব হয়ে পড়ে। কোনো কোনো অঞ্চলে দীর্ঘকাল খরার কারণে ওই অঞ্চলের ভূমি ক্রমেই বৃক্ষশূন্য হয়ে পড়ে।

২৮ প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা

০৯. বন্যা নিয়ন্ত্রণে সাধারণ ব্যবস্থাপনার অন্তর্ভুক্ত নয় কোনটি?
[৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক নদী খননের মাধ্যমে পানি পরিবহন সক্ষমতা বৃদ্ধি করা
খ নদী শাসন ব্যবস্থা সুনিশ্চিত করা
গ নদীর দুই ধারে বনাঞ্চল সৃষ্টি করা
ঘ বন্যার পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থার উন্নয়ন সাধন করা **ঘ**

✔ **ব্যাখ্যা :** বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা (Flood Control Measures) দুই পন্থায় গ্রহণ করা যেতে পারে–

* সাধারণ ব্যবস্থাপনা (General Management)
* শ্রমসাধ্য ও ব্যয়বহুল প্রকৌশল ব্যবস্থাপনা (Labour intensive and expensive engineering management)

সাধারণ ব্যবস্থাপনার অন্তর্গত পদক্ষেপগুলো হলো–

১. সহজে স্থানান্তরযোগ্য বসতি তৈরি করা;
২. নদীর দুই তীরে ঘনজঙ্গল সৃষ্টি করা;
৩. নদী শাসন ব্যবস্থা সুনিশ্চিৎ করা;
৪. বন্যার পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থার উন্নতি সাধন।

শ্রমসাধ্য ও ব্যয়বহুল প্রকৌশল ব্যবস্থাপনার অন্তর্গত হলো–

১. ড্রেজারের মাধ্যমে নদীর পানির পরিবহন ক্ষমতা বৃদ্ধি করা
২. সন্নিহিত স্থানে জলাধার নির্মাণের মাধ্যমে পানির প্রবাহকে সম্পূর্ণরূপে নিয়ন্ত্রণ করা;
৩. নদীর তীরকে উপকূলবর্তী এলাকার পানির অনুপ্রবেশ বন্ধ করা।

১২. বাংলাদেশের প্রথম ভূ-উপগ্রহ কেন্দ্র কোনটি? [২০২৩২৬]

ক টেকনাফ খ বেতবুনিয়া
গ মহাখালী ঘ কালিয়াংকর **খ**

✔ **ব্যাখ্যা :** আন্তর্জাতিক টেলিযোগাযোগের মাধ্যম হিসেবে যে কেন্দ্র ব্যবহার করা হয়, তাই ভূ-উপকেন্দ্র। বাংলাদেশের ভূ-উপগ্রহ কেন্দ্রের সংখ্যা ৪টি। যথা :

১. রাঙামাটির বেতবুনিয়া (১৯৭৫)
২. গাজীপুরের তালিবাবাগ (১৯৮২)
৩. ঢাকার মহাখালী (১৯৯৫)
৪. সিলেট (১৯৯৭)

বাংলাদেশের সর্বপ্রথম ভূ-উপগ্রহ বেতবুনিয়া (রাঙামাটি মহাকাশে প্রেরিত কোন উপগ্রহ (কৃত্রিম উপগ্রহ) পৃথিবীর যে স্থান হতে নিয়ন্ত্রণ ও পরিচালনা করা হয় তাকে ভূ-উপগ্রহ কেন্দ্র বলে।

. **বাংলাদেশের মহাকাশ গবেষণা এবং দূর অনুধাবন সংস্থাকে সংক্ষেপে কী বলা হয়?** [২০২৪১০]

ক বিটিসিএল খ বঙ্গবন্ধু স্যাটেলাইট
গ এ্যাটোমিক এনার্জি কমিশন ঘ স্পারসো **ঘ**

ব্যাখ্যা : বাংলাদেশ মহাকাশ গবেষণা এবং দূর অনুধাবন সংস্থা = স্পারসো।

SPARRSO = Bangladesh Space Research and Remote Sensing Organization

এটি ১৯৮০ সালে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠানটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন। এর সদর দপ্তর ঢাকার আগারগাঁও অবস্থিত।

. **'Friday For Future' কোন ধরনের আন্দোলন?**
[৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক ধর্মীয় আন্দোলন খ পরিবেশবাদী আন্দোলন

✔ **ব্যাখ্যা :** পরিবেশ বাঁচাতে স্কুলপড়ুয়ারা শুরু করেছে 'ফ্রাইডেস্ ফর ফিউচার" আন্দোলন। পরিবেশ দূষণের বিরুদ্ধে এই আন্দোলনের ঢেউ ছড়িয়ে পড়েছে সারা বিশ্বে। এই আন্দোলনের শুরুটা হয়েছিল সুইডেনে। ২০১৮ সালের গ্রীষ্মে সুইডেনের গ্রেটা থুনবার্গ নামের ১৫ বছর বয়সী এক স্কুলছাত্রী এই আন্দোলনের সূত্রপাত করে। আন্দোলনের মূলনীতি হলো– স্কুলের আগে পরিবেশ। এর কার্যক্রম হলো– স্কুলের শিক্ষার্থীদের জন্য সপ্তাহে ১ দিনের (শুক্রবার) পরিবেশ কর্মসূচি।

২১. ট্রমা সেন্টার কী? [২০২৩৮০]

ক দুর্ঘটনাজনিত কারণে আহতদের চিকিৎসার্থে মহাসড়কের পার্শ্বে নির্মিত চিকিৎসা কেন্দ্র
খ খেলাধুলার উন্নয়নকল্পে নির্মিত প্রশিক্ষণ কেন্দ্র
গ শিশুদের জন্য নির্মিত আনন্দভুবন কেন্দ্র
ঘ বৃদ্ধনারীদের জন্য আশ্রয়কেন্দ্র **ক**

নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন

১ নৈতিকতা

৩৬. জাতীয় শুদ্ধাচার কৌশল নীতিমালা কত সালে পাশ হয়? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক ২০১০ খ ২০১১ গ ২০১২ ঘ ২০১৮ **গ**

৪ রাষ্ট্র

৩১. রাষ্ট্রের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ উপাদান হলো– [শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪]

ক নির্দিষ্ট ভূখণ্ড খ জনসংখ্যা
গ সরকার ঘ সার্বভৌমত্ব **ঘ**

১২. রাষ্ট্রের পঞ্চম স্তম্ভ বলা হয় কোনটিকে? [২০২৪০৭]

ক গণমাধ্যম খ নির্বাহী বিভাগ
গ বিচার বিভাগ ঘ সুশীল সমাজ **ঘ**

৬ বিখ্যাতগ্রন্থ, তত্ত্ব ও উক্তি

১৬০. আন্তর্জাতিক সম্পর্কের কোন তত্ত্বটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের কার্যকরী ভূমিকার বিষয়ে ইতিবাচক ধারণা প্রদান করে? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক উদারবাদ খ বাস্তববাদ
গ মার্কসবাদ ঘ কোনোটিই নয় **খ**

৪০. 'Republic' গ্রন্থটির রচয়িতা কে? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক বার্কলে খ জন লক গ ডেকার্ট ঘ প্লেটো **ঘ**

৩৭. 'দর্শন হচ্ছে ধর্ম ও ধর্ম বিজ্ঞানের মধ্যবর্তী এক অনধিকৃত প্রদেশ'– উক্তিটি কে করেছেন? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক আর. বি. পেরি খ প্লেটো
গ সি. ডি. ব্রড ঘ বার্ট্রান্ড রাসেল **ঘ**

৮৯. 'শারীরিক কার্যকলাপের দ্বারা অর্জিত শিক্ষাই শারীরিক শিক্ষা'– এই সংজ্ঞাটি কার? [২০২৩৮৪]

ক ডিকে ম্যাথিউস খ স্মীথ
গ বি ন্যাশ ঘ ক্লিফটন **ক**

Phenom Publications

Phenom Publications

মানসিক দক্ষতা

সূচিপত্র

১.	ভাষাগত যৌক্তিক বিচার	2133
২.	সমস্যা সমাধান	2159
৩.	বানান ও ভাষা	2173
৪.	যান্ত্রিক দক্ষতা	2178
৫.	স্থানাঙ্ক সম্পর্ক	2180
৬.	সংখ্যাগত দক্ষতা	2184
৭.	বিমূর্ত যুক্তি	2198

Phenom Publications

মানসিক দক্ষতা

১ ভাষাগত যৌক্তিক বিচার (Verbal Reasoning)

সাদৃশ্য (Analogy)

English

৬৩. সেই জুটি নির্বাচন করুন যা 'Children : Pediatrician' জুটির মধ্যে প্রকাশিত সম্পর্কটির মতো একটি সম্পর্ককে সর্বোত্তমভাবে প্রকাশ করে। [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ Adult : Orthopedist
ⓚ Kidney : Nephrologist
ⓖ Females : Gynecologist
ⓖ Skin : Darmatologist **গ**

✔ **ব্যাখ্যা :** Children : Pediatrician = শিশু : শিশুরোগ বিশেষজ্ঞ

একই রকম হলো :

Females : Gynecologist = নারী : নারীরোগ বিশেষজ্ঞ

বাকী অপশনগুলো :

Adult : Orthopedist = বয়স্ক মানুষ : হাড়/ অস্থি রোগ বিশেষজ্ঞ
Kidney : Nephrologist = কিডনি : কিডনি রোগ বিশেষজ্ঞ
Skin : Darmatologist = ত্বক/চর্ম : চর্মরোগ বিশেষজ্ঞ

বৈসাদৃশ্য (Odd one Out)

অন্যান্য

১৬৩. নিচের কোন শব্দটি অন্যদের থেকে আলাদা? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ Kiwi ⓚ Eagle
ⓖ Emu ⓖ Ostrich **খ**

✔ **ব্যাখ্যা :** এখানে অপশনগুলোর মধ্যে–

Kiwi : নিউজিল্যান্ডের স্থানীয় এক জাতীয় পাখি যা উড়তে পারে না।
Emu : অস্ট্রেলিয়ার স্থানীয় এক প্রকার পাখি যা উড়তে পারে না।
Ostriches : সাব সাহারা অঞ্চল অর্থাৎ আফ্রিকায় পাওয়া যায় এমন এক ধরনের পাখি যা উড়তে পারে না।
Eagle : ঈগল পাখি প্রজাতির ভেতর দ্রুত ও অতি উচ্চতায় উড়তে পারা একটি পাখি যা তার ক্ষীপ্রতা ও শিকারী স্বভাবের জন্য সুপরিচিত।

উপরের অপশনগুলোর মধ্যে Eagle অন্যদের থেকে আলাদা।

সম্পর্ক অনুধাবন (Relationship Perception)

২১২. একটি ছবিতে একজন পুরুষের দিকে ইঙ্গিত করে একজন মহিলা বলেন, 'তার ভাইয়ের বাবা আমার দাদার একমাত্র ছেলে।' ছবির পুরুষের সঙ্গে উক্ত মহিলার সম্পর্ক কী? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ মা ⓚ খালা
ⓖ বোন ⓖ কন্যা **গ**

✔ **ব্যাখ্যা :** এখানে,

"তার ভাইয়ের বাবা আমার দাদার একমাত্র ছেলে।"

তার ভাইয়ের বাবা → অর্থাৎ ছবির পুরুষের বাবা


আমার দাদার একমাত্র ছেলে → অর্থাৎ উক্ত মহিলার বাবা

সুতরাং, ছবির পুরুষের বাবা এবং উক্ত মহিলার বাবা একই ব্যক্তি সেহেতু ছবির পুরুষ ও উক্ত মহিলা পরস্পর ভাই-বোন।

২২২. ক ও খ, গ এর সন্তান। গ, ক এর পিতা কিন্তু খ, গ এর ছেলে নয়। খ, গ এর কী হয়? [২০২৩৫৪]

ⓚ বোন ⓚ মেয়ে
ⓖ চাচী ⓖ নাতি **খ**

✔ **সমাধান :**



সাংকেতিক বিন্যাস ও পুনর্বিন্যাস (Coding & Decoding)

২২৬. নিম্নের শব্দগুলো অভিধানে যে ক্রমে আছে সেভাবে সাজান–

1. Protect **2. Pragmatic**
3. Pastel **4. Postal**
5. Pebble

[৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ 43521 ⓚ 35421
ⓖ 34512 ⓖ 43512 **খ**

✔ **ব্যাখ্যা :** অভিধানে অর্থাৎ Dictionary-তে শব্দগুলো ইংরেজি বর্ণমালা ক্রমে সাজানো থাকে যেমন : A → B → C → D → E .....

সেই হিসাবে Protect, Pragmatic, Pastel, Postal, Pebble শব্দগুলো নিম্নোক্তক্রমে অভিধানে সাজানো আছে :

Pastel → Pebble → Postal → Pragmatic → Protect

এখানে, পাঁচটি শব্দের প্রত্যেকটির আদি অক্ষর P; যার কারণে দ্বিতীয় অক্ষর/বর্ণ অনুযায়ী বর্ণানুক্রমে সাজাতে হবে

অর্থাৎ a → e → o → r → r

শেষের দুটি শব্দের (Pragmatic ও Protect) দ্বিতীয় বর্ণ r হওয়ায় তৃতীয় বর্ণ অনুযায়ী বর্ণানুক্রমিকভাবে সাজাতে হবে।

অর্থাৎ, Pra → Pro

a → o

২২৭. যদি E = 10, J = 20, O = 30 এবং T = 40 হয়, তাহলে B + E + S + T = ? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ 71 ⓚ 82 ⓖ 90 ⓖ 92 **ঘ**

✔ **ব্যাখ্যা :** এখানে, E = 10, J = 20, O = 30 এবং T = 40

A B C D E [৫ম বর্ণ E এর মান = 10; অর্থাৎ মান = অবস্থান × 2]

F G H I J [১০ম বর্ণ J এর মান = 20; অর্থাৎ মান = অবস্থান × 2]

K L M N O [১৫ম বর্ণ O এর মান = 30; অর্থাৎ মান = অবস্থান × 2]

P Q R S T [একই রকম]

U V W X Y [একই রকম]

Z

সেই হিসেবে B এর অবস্থান ২য়; সুতরাং B = অবস্থান × 2
= 2 × 2 = 4

E এর মান দেওয়া আছে, E = 10

S এর অবস্থান 19 তম; সুতরাং S = (19 × 2)
= 38

T এর মান দেওয়া আছে

= 4 + 10 + 38 + 40 = 92

৩২৫. একজন মহিলা বলেছেন, 'আপনি যদি আমার নিজের বয়সকে উল্টে দেন তাহলে তা আমার স্বামীর বয়সকে নির্দেশ করে। তিনি আমার থেকে বয়সে বড় এবং আমাদের বয়সের পার্থক্য আমাদের মোট বয়সের যোগফলের এগারো ভাগের একভাগ।' মহিলার বয়স কত? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) 23 বছর খ) 34 বছর

গ) 45 বছর ঘ) কোনোটি নয় **গ**

✔ **ব্যাখ্যা :** এখানে, মহিলার বয়স ৪৫ বছর এবং তার স্বামীর বয়স ৫৪ বছর কেননা ৪৫ < ৫৪

এখানে ৫৪ − ৪৫ = ৯ [স্বামী স্ত্রীর বয়সের পার্থক্য]

আবার, ৪৫ + ৫৪ = ৯৯ এবং $\frac{৯৯}{১১} = ৯$

শর্ত অনুযায়ী, স্বামী ও স্ত্রীর বয়সের পার্থক্য তাদের সেটি বয়সের যোগফলের ১১ ভাগের ১ ভাগের সমান হবে।

অর্থাৎ $৫৪ - ৪৫ = \frac{৪৫ + ৫৪}{১১}$

২ সমস্যা সমাধান (Problem Solving)

বিন্যাসগত অভীক্ষা (Position Test)

৪৩. সুজিতের পূর্বে ১৫ জন দর্শক সিনেমা হলে প্রবেশ করে। সুজিত ও সুজয়ের প্রবেশ সময়ের মধ্যে ৭ জন দর্শক সিনেমা হলে প্রবেশ করে। সিনেমা হলে দর্শক সংখ্যা কত? [২০২৩৪৫]

ক) ২৮ খ) ৩৬

গ) ৪৫

ঘ) দর্শক সংখ্যা বের করা যাবেনা **ঘ**

বিবিধ গাণিতিক সমস্যা

১১৭. একটি সভায় 15 জন লোক রয়েছে এবং তারা সকলেই সভা শেষে একে অপরের সাথে করমর্দন করে। মোট কতটি করমর্দন হবে? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) 210 খ) 105

গ) 225 ঘ) 196 **খ**

✔ **ব্যাখ্যা :** ধরি, একটি সভায় N সংখ্যক লোক রয়েছে এবং তারা সকলেই একে অপরের সাথে করমর্দন করে। সুতরাং তারা নিজেদের ব্যতীত অন্যান্য সকল ব্যক্তির সাথে করমর্দন করবে তাই আমরা পাই [N.(N − 1)] করমর্দন।

কিন্তু এতে আমরা প্রকৃতপক্ষে দুইবার গণনা করেছি। উদাহরণস্বরূপ, ১ম ব্যক্তি ২য় ব্যক্তির সাথে এবং ২য় ব্যক্তি ১ম ব্যক্তির সাথে হাত মেলায় কিন্তু এ দুটি আসলে একই জিনিস তাই চূড়ান্ত সূত্র হলো− $\left[\frac{N.(N-1)}{2}\right]$

এখানে, সভায় 15 জন লোক রয়েছে

সুতরাং সেটি করমর্দন হবে = $\frac{15.(15-1)}{2} = \frac{15.14}{2}$
= 15.7 = 105

১১৮. একটি কমিটিতে পুরুষ এবং মহিলার সংখ্যা একটি অনুপাতে 3 : 2 হলে এবং মহিলা সংখ্যা 25 জন হলে, পুরুষের সংখ্যা কত? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) 30 খ) 35

গ) 40 ঘ) 45 **বি.দ্র.**

✔ **ব্যাখ্যা :** ধরি, কমিটিতে পুরুষের সংখ্যা M

এবং মহিলার সংখ্যা F = 25 জন

প্রশ্নমতে,

M ঃ F = 3 ঃ 2

বা, $\frac{M}{F} = \frac{3}{2}$

বা, $M = \frac{3}{2} \times F$

বা, $M = \frac{3}{2} \times 25$ [F = 25 জন]

বা, $M = \frac{75}{2}$

M = 37.5 জন পুরুষ = বিষয়টি অবাস্তব

প্রশ্নে অনুপাত অথবা মহিলার সংখ্যা ভুল দেওয়া হয়েছে।

১১৯. পাঁচটি ধারাবাহিক পূর্ণসংখ্যার গড় হলো 15। সবচেয়ে বড় পূর্ণসংখ্যা কত? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) 18 খ) 20

গ) 22 ঘ) 24 **বি.দ্র.**

✔ **ব্যাখ্যা :** ধরি, ধারাবাহিক পূর্ণসংখ্যাগুলির প্রথমটি হলো x

প্রশ্নমতে,

Phenom Publications

$$\frac{x + (x+1) + (x+2) + (x+3) + (x+4)}{5} = 15$$

বা, $5x + 10 = 15 \times 5$

বা, $5x + 10 = 75$

বা, $5x = 75 - 10$

বা, $5x = 65$

বা, $x = \frac{65}{5}$

বা, $x = 13$

সুতরাং ধারাবাহিক পূর্ণসংখ্যাগুলোর মধ্যে সবচেয়ে বড় পূর্ণসংখ্যাটি হলো $= (x + 4) = (13 + 4) = 17$

17 সংখ্যাটি অপশনগুলোতে নেই।

৩ বানান ও ভাষা (Spelling & Language)

বানান শুদ্ধিকরণ (Correct Spelling)

English Sentence

০১. সঠিক বানান কোনটি? চিহ্নিত করুন। [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ Consciencious ⓚ Conscienctious
ⓖ Conscientcitious ⓖ Conscientious **ঘ**

✔ **ব্যাখ্যা :** বানানটি হলো Conscientious যার অর্থ : বিবেকী/ বিবেকবান, ন্যায়বান, ন্যায়পরায়ণ, ধর্মবুদ্ধিচালিত।

সমার্থক শব্দ (Synonyms)/শব্দার্থ (Word Meaning)

English Sentence

২০. 'Ubiquitous' শব্দটির সমার্থক শব্দ কোনটি? চিহ্নিত করুন। [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ Scarce ⓚ Abundant
ⓖ Widespread ⓖ Limited **গ**

✔ **ব্যাখ্যা : Ubiquitous শব্দটির অর্থ :** সর্বব্যাপী, সর্বত্র বিদ্যমান

এটির সমার্থক শব্দটি হলো :

Widespread → বিস্তৃত, বহুবিস্তৃত, সুদূরপ্রসারী

অপশনে প্রদত্ত অন্যান্য শব্দগুলির অর্থ :

Scarce → দুর্লভ, দুষ্প্রাপ্য, বিরল।

Abundant → প্রচুর, বহু, অজস্র।

Limited → সীমিত, সীমাবদ্ধ।


৫ স্থানাঙ্ক সম্পর্ক (Space Relation)


দিক নির্ণয় (Direction detection)

০১. একজন লোক উত্তর-পশ্চিম দিকে মুখ করে আছে। সে ঘড়ির কাঁটার দিকে 90° ঘুরে, তারপরে ঘড়ির কাঁটার বিপরীতে 180° ঘুরে এবং তারপর একই দিকে আরো 90° ঘুরে। এখন সে কোন দিকে মুখ করে আছে? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ⓚ দক্ষিণ ⓚ দক্ষিণ-পশ্চিম
ⓖ দক্ষিণ-পূর্ব ⓖ পূর্ব **গ**

✔ **ব্যাখ্যা :**






দূরত্ব নিরূপণ (Distance Finding)

১৬. তালহা উত্তর দিকে 40 মিটার গেল। পরে বামদিকে ঘুরে 30 মিটার গেল। আবার বামদিকে গেল 40 মিটার এবং সবশেষে বামদিকে ঘুরে গেল 40 মিটার। যাত্রাবস্থা থেকে তাঁর সোজাসুজি দূরত্ব কত? [২০২৩৬৪]

ⓚ 30 মিটার ⓚ 40 মিটার
ⓖ 60 মিটার ⓖ 0 মিটার **বিদ্র.**

✔ **সমাধান :**



যাত্রাস্থান থেকে তাঁর সোজাসুজি দূরত্ব $= 40 - 30 = 10$ মিটার

৬ সংখ্যাগত দক্ষতা (Numerical Ability)

সংখ্যাগত গাণিতিক সমস্যা (Numerical Aptitude Problems)


২৫. যদি $2 \times 3 = 812$, $4 \times 5 = -1620$ হয় তবে $6 \times 7 =$ কত? [২০২৪১৭; ২০২৪৩১]

ক) 2428 খ) 2442
গ) 42 ঘ) 1214 **ক**

✔ **সমাধান :** $2 \times 3 = 812$
$4 \times 5 = 1620$

যৌক্তিক সংখ্যা (Logical Number)


১১২. নিম্নের প্রশ্নবোধক চিহ্নে কোন সংখ্যাটি বসবে?




[৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) 80 খ) 114
গ) 108 ঘ) কোনোটিই নয় **গ**

✔ **ব্যাখ্যা :** চিত্রে,




১ম চিত্রে, $4 + 8 = 12$
এবং $9 \times 12 = 108$
সুতরাং ২য় চিত্রে, $5 + 4 = 9$
এবং $12 \times 9 = 108$



১৪৮. সারিটি পূর্ণ করুন : 27, 5, 25, 8, 23, 11, 21 ..... [২০২৪০৯]

ক) 15, 21 খ) 14, 19
গ) 16, 23 ঘ) 12, 19 **খ**

✔ **সমাধান :**



$11 + 3 = 14$
$21 - 2 = 19$

৭ বিমূর্ত যুক্তি (Abstract Reasoning)


চিত্র অনুধাবন (Understanding Figure)

০১. যদি একটি কামান থেকে নিম্নলিখিত ৪টি বস্তুকে অনুভূমিকভাবে নিক্ষেপ করা হয়, তবে কোনটি সবচেয়ে বেশি দূরে উড়ে যাবে? [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) 
খ) 
গ) 
ঘ)  **গ**

✔ **ব্যাখ্যা :** কামান থেকে নিক্ষিপ্ত বস্তুসমূহের মধ্যে সেটিই সবচেয়ে বেশি দূরে উড়ে যাবে যেটির বায়ুতে ঘর্ষণবল কম উৎপন্ন হবে। অপশনে প্রদত্ত বস্তুগুলোর মধ্যে গোলাকার বস্তুটির ঘর্ষণবল বায়ুতে সবচেয়ে কম উৎপন্ন হবে বিধায় এটি সবচেয়ে দূরে উড়ে যাবে। ঘর্ষণবল বেশি হলে সেটি বায়ুতে বেশি বাধাপ্রাপ্ত হবে, যার কারণে সেটি বেশি দূরে যেতে পারবে না। গোলাকার বা ডিম্বাকার আকৃতির বস্তুর পৃষ্ঠ মসৃণ হওয়ায় এগুলি বায়ুতে কম ঘর্ষণের সৃষ্টি করে।


০২. কোন চিত্রটি সিরিজটি সম্পূর্ণ করে?



[৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

ক) 
খ) 
গ) 
ঘ)  **ক**

✔ **ব্যাখ্যা :** এখানে,



প্রতি ধাপে ▨ ব্লকগুলি এক ধাপ করে সরে যাচ্ছে; সুতরাং পঞ্চম ঘরটি হবে।



Phenom Publications